

মুক্ত নিপাত



শ্রীমৎ সাধনানন্দ মহাশ্ববির (বনভত্তে)

সুত্রপিটকের অঙ্গগত
খুদক নিকায়ের

সুত্রনিপাত
(সুত্রনিপাত)
(পালি ও বাংলা)

“যশপূর্ণ বনভাষ্টের” “পরিনির্ধান

। এবং দিগন্তকে প্রথম শ্রদ্ধার্থী স্বরূপ
দান করা হচ্ছে।

শ্রদ্ধাবনত,
শিয়াদংঘ, রাজবন বিহার
ঢাঃ মাঝারি
তা: ৩০৩৮/২০১৮

সম্পাদনায় ৪

শ্রীমৎ সাধনাল্মস মহাস্থবির (বনভষ্টে)

রাজবন বিহার, রাঙ্গামাটি

পার্বত্য চট্টগ্রাম, বাংলাদেশ।

ফোন ৪- ০৩৫১- ৬২১৮৫

E-mail- rajbana@ bttb.net.bd

অনুনায়ক শ্রীমৎ জিনবৎশ মহাস্থবিরের বাণী

এই সুন্তনিপাত গ্রন্থটি সূত্রপিটিকের নানাস্থান হইতে চয়ন করিয়া কোন অরহতোপম মহাজ্ঞানী ভল্লে কর্তৃক সংগৃহীত। উক্ত সূত্রসমূহ সর্বজ্ঞতা জ্ঞানে সমৃদ্ধ ভগবান বুদ্ধেরই ভাষিত বিষয়বস্তু। প্রত্যেক সূত্র বিমুক্তি রসে রসায়িত। যাহাদিগকে উপলক্ষ্য করিয়া সূত্রগুলি ভাষণ করা হইয়াছে, তাহারা ও জ্ঞানী-গুণী ও সম্মানিত ব্যক্তিদের শ্রেণীভূক্ত। তাই তাহারা বুদ্ধের শ্রীমুখ নিঃসৃত এই সূত্রসমূহ শ্রবণ করিয়া মার্গফলান্ডি লাভ করতঃ চিরমুক্তির পথে অগ্রসর হইবার বহু বিষয়ে সমৃদ্ধ এই সূত্রসমূহ একস্থানে সংগ্ৰহ কৰাটা বহু জ্ঞানী-গুণীর কৰ্ম প্রতিভা বলিয়া বুঝিতে হইবে। তাই প্রথমেই বলিয়াছি ‘অরহতোপম’ কোন মহাজ্ঞানী কর্তৃকই সংগৃহীত।

এই সুন্তনিপাত গ্রন্থটি বিমুক্তি পথের পথিক অরহতোপম শ্রীমৎ সাধনানন্দ মহাস্থবির (বনভল্লে) মহোদয় বহু শ্রমস্থীকার করতঃ সপালি বজ্ঞানুবাদ করিয়া বুদ্ধশাসনের মহা উপকার করিয়াছেন। তিনি সারাজীবন খড়গবিষাণ সূত্রের মর্মানুযায়ী জীবন-যাপন করিয়া সেই সাফল্য অর্জন করিয়াছেন তাঁর ফলশুভূতি হইল এই সুন্তনিপাত গ্রন্থের বজ্ঞানুবাদ করণের মহা উদ্দ্যোগ। তাই গ্রন্থের প্রত্যেক সূত্র বিমুক্তি রসে রসায়িত ভাব তিনি বিশেষভাবে অনুভব করিতে সক্ষম হইয়াছেন, কারণ তিনি নিজেই সে পথের পথিক। তাই তিনি দীর্ঘায় লাভ করিয়া জনগণের পুণ্যক্ষেত্রুপে বিরাজমান থাকুন—ইহা আমার কামনা।

এই পুস্তকটি প্রত্যেক ঘরে ঘরে রাখিয়া অবসর কালে পাঠ ও অনুশীলন করিলে পারলৌকিক বহু সম্পদের অধিকারী হইতে পারিবেন। যিনি এই পুস্তক প্রকাশের ব্যয়ভার প্রহণ করিয়াছেন তিনি জ্ঞানী জনগণের ধন্যবাদার্থ; যেহেতু “ধর্মদান সর্ব উৎসৱ সদা রয়” এই মহাবাক্যের সম্পাদক হয় যিনি সম্মর্পণ প্রকাশ করেন। তিনি নিরাময় দীর্ঘায় লাভ করিয়া সুখী হউন।

ইতি/

শ্রীমৎ জিনবৎশ মহাথেরো

মহামুনি মহানন্দ সংঘরাজ

বিহারাধ্যক্ষ

২৯-৬-৮৭ইং

সমর্পণ

বৃন্দত লাভের পর হইতে ভগবান সম্যক সমুদ্ধি পঁয়তালিশ বৎসর যাবৎ
যেই শোকহিতকর ধর্মবাণী উপদেশ দান করিয়াছিলেন তাহা ত্রিপিটক গ্রন্থে
শিখিবদ্ধ করিয়া রাখা হইয়াছে। বর্তমানে গ্রন্থানি মূল ত্রিপিটকের সূত্র
পিটকান্তর্গত “সুভনিপাত” নামক গ্রন্থের পালি-বাংলা প্রকাশ মাত্র।
প্রাচীনকালীয় বৌদ্ধ ভিক্ষু শীলভদ্র অনুদিত সুভনিপাতের বঙ্গানুবাদ ও
প্রকাশিত হইয়াছে। কিন্তু তাঁহার ভাষাশেলী প্রাচীনতম হওয়ার কারণে বর্তমান
অধিকার্থ পাঠকের ধর্মার্থ বোধগম্য হওয়া দুরুহ ব্যাপার। তাহা ছাড়া মূল গ্রন্থের
সহিত তাঁহার অনুবাদিত গ্রন্থের কিছু বৈসাদৃশ্য পরিলক্ষিত হয়। সুতরাং মদীয়
শিয়া শ্রীমৎ নন্দপাল ভিক্ষু বার্মিজ অফ্ফের হইতে মূল পালিভাষা বঙ্গাক্ষরে
পরিবর্তন করতঃ গ্রন্থের মান বৃন্দি করিয়া অনেক উপকার সাধন করিয়াছে।
আর আধুনিক পাঠকদের উপযোগী সংশোধিত ও পরিবর্তিত ভাষায় বইয়ের
গাঢ়লিপি প্রস্তুত করণে শ্রীমৎ প্রজ্ঞালংকার ভিক্ষুও যথেষ্ট সাহায্য করিয়াছে।
তাঁহাদের উত্তরোন্তর শ্রীবৃন্দি কামনা করি।

এই গ্রন্থের মূলার্থ হইল— মুক্তির পথ সন্ধানী জ্ঞানীগণের পথ প্রদর্শন করা।
জ্ঞান ভগবান বুদ্ধের অনেক সারগর্ত ও তত্ত্বমূলক উপদেশ এই গ্রন্থানিতে
দেখিতে পাওয়া যায়। প্রবৃজিত ভিক্ষু অথবা গৃহী যাঁহারা বর্তমান জন্মে মুক্তির
অধিকারী হইতে ইচ্ছুক তাঁহারা এই গ্রন্থ পাঠ করিয়া কিঞ্চিৎ পরিমাণ হইলেও
ধর্মার্থ উপলব্ধি করিতে পারিবেন। যেহেতু এই গ্রন্থে অতি সহজ ও সোজাভাবে
মুক্তিমার্গের উপায় প্রদর্শিত হইয়াছে। এককথায় ধর্মপ্রাণ জনগণের
ইহপ্রকালের পাথেয় সদৃশ গ্রন্থ।

এই গ্রন্থানি প্রকাশনার জন্য শুন্ধ্যাবান অসংখ্যক দাতা সশ্রদ্ধ শুন্ধ্যাদান
দাদান করিয়াছেন। তাঁহাদের সকলের নাম ছাপনো হইল শেষ পৃষ্ঠায়।
কৃতজ্ঞতার সহিত সেই সকল শুন্ধ্যাদান দাতাদের কল্যাণ কামনা করি
তাঁহাদের এই ত্যাগমূলক দান কর্মের ফলে ধর্মজ্ঞান ও ধর্মচক্ষু উৎপন্ন হউক।

বাবু চিন্তোজ্জন চাকমা গ্রন্থের মূল্যবান ভূমিকা লিখিয়া অশেষ উপকার
করিয়াছেন এবং সন্ধর্মের অধিকারী হইয়াছেন।

১। বাবু স্বর্ণেন্দু বিকাশ ২। মিসেস সুলেখা চাকমা ৩। বাবু শৈলজ বিকাশ
চাকমা ৪। মিসেস শান্তা চাকমা।

গ্রন্থানি ছাপাখানায় দিয়াও প্রকাশনার কাজে সাহায্য করিয়া অনেক ধন্যবাদার্হ হইয়াছেন।

বাবু জ্যোতির্ময় চাকমা এই গ্রন্থের প্রথম সংশোধন করিয়া দিয়া যথেষ্ট কষ্ট স্বীকার করিয়াছেন। এই পুণ্যের ফলে তিনিও ধর্মচক্ষু লাভ করুন।

পরিশেষে জনাব সমাসুদ্দিন টুলু সত্ত্বাধীকারী ও প্রেসের কর্মচারীদের কঠোর পরিশ্রম আর অক্লান্ত চেষ্টায় সঠিকভাবে গ্রহ প্রকাশনার দায়িত্ব পালন করায় সবাইকে অনেক ধন্যবাদ জানাইতেছি। গ্রহ প্রকাশনার যথাসাধ্য ত্রুটিহীন সংস্করণ প্রকাশের চেষ্টা করা সঙ্গেও অনেক স্থলে ভুল-ত্রুটি থাকিতে পারে। সহজে পাঠকবৃন্দের কাছে একান্ত অনুরোধ, অনিছাকৃত তু-ত্রুটি ক্ষমা সুন্দর দৃষ্টিতে গ্রহণ করিলে সবার কাছে কৃতজ্ঞ থাকিব।

এই গ্রহ সংস্করণ প্রকাশনার মাধ্যমে যদি সন্দর্ভের কিঞ্চিং উন্নতি ও ধর্মপ্রাণ মুক্তিকামী জনসাধারণের কিয়ৎ পরিমাণ হইলেও ধর্মজ্ঞান উৎপন্ন হইয়া ধর্মচক্ষু লাভ হয় তাহা হইলে শ্রম সার্থক হইয়াছে বলিয়া মনে করিব।

সবে সন্তা সুখিতা ভবত্তু

ইতি/

গ্রন্থকার

১৭-৭-৮৭ ইং

শ্রীমৎ সাধনানন্দ মহামুবির (বনভাণ্ডে)

রাজবন বিহার

উপজেলা : রাঙ্গামাটি

রাঙ্গামাটি পার্বত্য জেলা।

ভূমিকা

নিতান্ত অপাগরতা সত্ত্বেও সবার ক্ষমা লাভের প্রত্যাশায় এই ভূমিকা লেখায় গ্রন্তি হলাম।

এই সদ্গুরুর নাম “সুস্তনিপাত”, যাহা খুদক নিকায়ের’র অন্তর্গত। এই অমূল্য গ্রন্থ তথাগত ভগবান বুদ্ধদের শ্রীমুখ নিঃসৃত ব্যবহারিক দেশনা সম্পর্কিত মূল পালি গ্রন্থ থেকে অনুদিত।

এই অনুবাদ আক্ষরিক অনুবাদ নয়। গ্রন্থকারের সাধনালঘৎ অনুভূতি তথা গুণের আলোকে লিখিত বলে এই গ্রন্থ একটি অমূল্য রত্ন। যে কোন ব্যক্তি এই গ্রন্থের সারবস্তু অনুধাবনের মাধ্যমে নির্বাণ পথ্যাত্মী হ’তে পারেন।

যেহেতু ইহা জনৈক সাধনসিদ্ধ মহামানব কর্তৃক অনুবাদ গ্রন্থ, সেহেতু গ্রন্থকারের সাধন জীবনের কিছু পরিচয় দেওয়া প্রয়োজন মনে করি।

গ্রন্থকার শ্রীশ্রী সাধনালঘৎ মহার্ঘবির (বনভূষ্ণ) নামেই সমধিক পরিচিত। কাঞ্চাই-এর নিকট ‘ধনপাতা’, মাইনী অঞ্চলের ‘দীঘিনালা’, তিনটিলাঙ্গ বন বিহার ও রাজামাটিহু “রাজবন বিহার”- এগুলিই তাঁহার সাধন পীঠ।

প্রথম পীঠ (ধনপাতা) তপস্যার প্রথম ক্ষেত্র যাহা মারের সঙ্গে প্রথম যুদ্ধের ক্ষেত্র, কঠোর সাধনার পুণ্যভূমি। অন্য পীঠগুলি প্রধানতঃ বৌদ্ধধর্ম প্রচার কেন্দ্র। কারণ ইতিমধ্যে তিনি ‘মার’কে পরামর্শ করেন।

৮ই জানুয়ারী ১৯২২ইং পার্বত্য চট্টগ্রাম জেলার মগবান মৌজাহু মোরঘোনায় তাঁর মর্ত্যধামে আবির্ভাব। ১৯৪৯ইং সালে মৃত্তির কামনায় প্রজ্ঞ্যা গ্রহণ করেন চট্টগ্রামের নন্দকানন বৌদ্ধ বিহারে। শ্রদ্ধেয় স্বর্গীয় শুরেশ্পুরাল মুৎসুদি ছিলেন তাঁর শিক্ষাগুরু। ১৯৪৯ইং সালে তিনি ধনপাতাতে ফিরে আসেন এবং কাঞ্চাই হুদ্দের জলে তাঁর বনাশ্রম নিমজ্জিত না হওয়া পর্যন্ত (১৯৬১ইং) ধনপাতাতেই ছিলেন। এরপরেই তিনি মাইনীর দীঘিনালায় চলে থাম। ১৯৭১ সালে চলে আসেন তিনটিলায়। ১৯৭৬ সালে স্থানান্তরিত হন রাজামাটিহু রাজবন বিহারে।

‘ধনপাতায়’ দুর্ভেদ্য বনাশ্রমে তপস্যাকালে তিনি ‘রথীসন্দু শ্রমণ’ নামে পরিচিত ছিলেন এবং তখন থেকেই তাঁর লোকোত্তর সাধনা হেতু তদু অঞ্চলে ধর্মাঞ্জে এক কিংবদন্তীর সৃষ্টি করেন। শুন্দায় অবনত হয় হাজার হাজার পরামার্শী।

বর্তমানে কাষ্টাই, রেংব্যৎ, নাড়াইছড়ি, কাচালং, চেংগী, হরিণা, বরকল থেকে আরম্ভ করে সুদূর নাক্ষয়ছড়ি, থানসি, আলীকদম, ফারুয়া, বাগেরহাট পর্যন্ত তিনি ধর্মের মহাপ্লাবন বহিয়ে দিয়েছেন। আবাল-বৃন্দ-বণিতার মুখে মুখে শুধু একটি নাম- শ্রীশ্রী বনভন্তে।

তাঁর সাধনালঘু লোকোত্তর আচরণ, ত্রিকালের সীমায় কালাতীত খন্দির বহিঃপ্রকাশ, অসংখ্য ভক্তমণ্ডলীর নিকট অবারিত কৃপা বিতরণ, ভক্ত বাঞ্ছা কল্পতরুবৎ সবার কামনা পূরণ, সর্বোপরি কালপাশ ছেদন করে অহর্নিশি লোকোত্তর ভূমিতে অতলস্পন্দনী, সমাধিতে নিমগ্ন থাকা—এসব তাঁর অহত্ত্বের পরিচায়ক, যাঁর আবির্ভাব কোন যুগে এতদ্দুর্ধলে দেখা যায়নি।

অর্ধশতাব্দীর ও বেশীকাল ধরে তাঁর সাধনজীবন বৌদ্ধ নর-নারীদের নয়, অন্য ধর্মাবলম্বীদের অন্তর্জগতেও নিয়ে আসে বৈপ্লবিক ধর্মচেতনা। চিরাচরিত ধর্মাচরণের বদলে প্রবৰ্তন করেন লোকোত্তর সাধনার ধারা। বনভাস্ত্রের অজস্র ভক্ত তাই আজ চায় পঞ্চনীবরণমুক্ত, আর্য অষ্টাঙ্গিক মার্গাবলম্বী চারি আর্যসত্ত্বের উদ্ঘাটনকে; চায় নাম-রূপের প্রকৃত স্বরূপ অবগত হ'য়ে প্রজ্ঞার মাধ্যমে ভবচক্রের বাইরে ধর্মচক্রে অধিষ্ঠান করতে। তাই জনগণের নিকট তিনি পরম ত্রাতা। তিনি স্বেচ্ছাবিহারী; সৃষ্টি-প্রলয়ে সমর্থ। কারণ তিনি স্ফুরি বীজ ধ্বংস ও ভবচক্রের রহস্য তেদ করেছেন। মৃত্যু তাঁর কাছে ক্রীতদাস। বর্তমান সময়ে তিনি সুউচ্চ অধ্যাত্ম ভূমিতে আরূঢ়।

এই গ্রন্থে ২টি গাথাসহ নিম্নোক্ত পাঁচটি বর্গ রয়েছে— উরগ বর্গ, চুলবর্গ, মহাবর্গ, অট্ট বর্গ ও পারায়ণ বর্গ।

এগুলি প্রত্যেকটি অর্থপূর্ণ ও সাধনীয় সারবস্তুতে পরিপূর্ত। এতে বর্ণিত ধর্মানুশাসন যথাযথভাবে প্রতিপালনে যে কেহ অধ্যাত্ম জীবনের চরমে পৌছতে সক্ষম। বর্গগুলির আলোচনায় দেখা যাবে প্রতিটি বর্গই একটি অমূল্য রত্ন।

উরগ বর্গ :

উরগ (সর্প) যেমন স্বীয় নির্মোক অতি সহজে পরিত্যাগে সমর্থ তেমনি জিতেন্দ্রিয় ব্যক্তি অতি সহজে সংসারের মায়াজাল ছিন্ন করতে সমর্থ। যিনি বীতরাগ, তৃক্ষাজয়ী, নিরহংকার, রাগের মূল্যোৎপাটনে সমর্থ, বিচিকিৎসামুক্ত, ভব আসক্তি ও পাপমুক্ত—তিনিই সংসার পারাপার অতিরিক্তে সমর্থ।

পুত্রেই পিতার শোকের কারণ, গোধন গোস্থামীর শোকের কারণ। প্রতারণা মানবের শোকের কারণ। ইহা জেনে ধন, জন ও প্রতারণা পরিত্যাগ কর। সর্বভূতে দয়াশীল, চারি ইর্ষ্যাপথে কামনাশূন্য, সদাতৃষ্ণ হয়ে একাকী বিচরণ কর। তবে জ্ঞানী সাধু ও বয়স্যের সাহচর্য কর। মৈত্রী, উপেক্ষা, করুণা, বিমুক্তি ও মুদিতার আলোচনা কর।

তগবান বুদ্ধ বলেন, তিনি একজন কৃষক। শুন্ধা তার বীজ, প্রজ্ঞা, জোয়াল ও লাঙাল, বিনয় দ্রষ্ট, মন জোয়াল-বন্ধন, শৃঙ্খল ফাল ও পাচন, বীর্য ভারবহনকারী পশু।' ইহা অমৃত প্রসবী ও দুঃখক্ষয়কারী।

সর্বত্র বিজ্ঞেরই জয়, অবিজ্ঞের পরাজয়। অলস, মিথ্যাবদী, সুরাপায়ী ও পরদরী লোকেরাই পরাজিত হয়।

সেই বৃষল, যেই ক্রোধী, হিংসক পাপী, মিথ্যাদৃষ্টিসম্পন্ন, গ্রাম ও নগর ধ্বংসকারী, নরঘাতক, প্রতারক এবং যে মাতাপিতাকে ভরণ-পোষণ করে না। কেহ জন্ম দ্বারা নয় এবং কর্ম দ্বারাই বৃষল বা ব্রাহ্মণ হয়।

অপরিমেয় মৈত্রীপূর্ণ যথালাভে সন্তুষ্ট ও শান্তেন্দ্রিয় হও। অপ্রদত্ত বস্তু গ্রহণ করো না। পরনিষ্ঠা ও অর্থহীন বাক্য ত্যাগ কর। বীতরাগ ও শুন্ধাচারী হও।

ছয় উপাদানে জগতের উৎপত্তি। এই ছয় বস্তুতে আসক্ত হয়ে মানব ক্লিষ্ট হয়। কামগুণ পঞ্চবিধ; মন ষষ্ঠগুণ। এই গুণসমূহে বীতরাগ হয়ে দুঃখমুক্ত হও। শীলবান, প্রজ্ঞাবান ও শৃঙ্খিমান হও।

শুন্ধাই শ্রেষ্ঠবিষ্ট। সত্যই সর্বাপেক্ষা মিষ্ঠবস্তু। প্রজ্ঞা জীবনই শ্রেষ্ঠ জীবন। শুন্ধা ও অপ্রমাদ দ্বারা ভবার্ণব উত্তীর্ণ হও।

সৎ, ধর্ম, অধ্যবসায় ও ত্যাগ-এই চতুর্বিধ ধর্মে দুঃখ নাশ হয়। দেহকে সর্বমলের আধার জেনে বীততৃষ্ণ হও। প্রণয় থেকে ভয় উৎপন্ন হয়। যিনি গৃহ ও মিত্র হারা, অনাস্ত্রব, সমতাবাপন্ন ও সর্ববন্ধনমুক্ত তিনিই মুনি।

চূল বর্গঃ

বুদ্ধ, ধর্ম, সংঘ- এই ত্রিতুলই জগতে সর্বশ্রেষ্ঠ রত্ন। শীল, সমাধি ও প্রজ্ঞা কল্যাণদায়ক। অসৎ কর্মই আমগন্ধ-মাংসভোজন নহে। তাই যিনি সম্দেহপ্রবণ, ছিদ্রাষ্঵েষী, তিনিই অমিত্র।

মূর্খকে নয়, জ্ঞানীকেই সেবা কর। পিতৃ-মাতৃ সেবা, চতুরার্য সত্য

হৃদয়জ্ঞান ও নির্বাণ সাক্ষাৎ কর। এগুলি মঙ্গলদায়ক। এই দেহই রাগ, হিংসা, রতি ও অরতির উৎস।

গৃহ হইতে নিষ্ক্রমণ ও ব্রহ্মচর্যই সর্বোন্নম রত্ন। পূর্বে ত্রিবিধি ব্যাধি ছিল—বাসনা, আহার ও জরা। এখন ৯৮টি ব্যাধিতে সংসার ক্লিষ্ট। নাম-রূপের তৃষ্ণার যুগ—যুগান্তরের স্তোত উচ্ছেদ কর ও আত্মবিদ্যক চিন্মায় রত হও।

মহাবর্গঃ

প্রব্রজ্যাজীবন মুক্ত আকাশবৎ। সংযত হয়ে ভিক্ষা গ্রহণ কর ও প্রধানকে লাভ কর। মারের ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ও ৮ম সেনা হল যথাক্রমে কাম, অরতি, ক্ষুৎ-পিপাসা, তৃষ্ণা, আলস্য-তন্দ্রা, ভীরুতা, বিচিকিৎসা, কুহনা ও জড়তা। এদের জয়ে সুখ প্রাপ্তি ঘটে।

সদা সুবাক্য বলবে, দুর্বীক্য বলবেন না। প্রিয়বাক্য বলবে, অপ্রিয়বাক্য বলবে না। নিজেরও অপরের পীড়াদায়ক বাক্য উচ্চারণ করবে না।

সত্যাই যে সনাতন ধর্ম। সাধু সত্যে, অর্থে ও ধর্মে প্রতিষ্ঠিত। জন্ম-কারণ জ্ঞাত, অকুটিল, শান্ত ব্যক্তিই যজ্ঞচরণ পাবার উপযুক্ত।

আশ্রু ও বাসনাসমূহ বিদিত হয়ে, তাদের উচ্ছেদ করে যিনি গর্ভাশয়ে প্রবেশ করেন না, তিনিই আর্য। আর্যরা পদ্মপত্রে জলবৎ পুণ্য ও পাপ কোনটাতেই লিঙ্গ হন না। তাঁরা সিংহের মত একাকী বিচরণ করেন।

অবিদ্যা, সংক্ষার, তৃষ্ণা ও বিজ্ঞান থেকে দুঃখের উৎপত্তি হয়। রূপ সম্বন্ধে জ্ঞাত ও অরূপলোকে অবস্থানকারী যিনি নিরোধ জ্ঞানের জ্ঞানবান তিনিই মৃত্যুকে জয় করেছেন।

অট্ট বর্গঃ

ভোগত্যাগে তৃষ্ণা বর্জন হয়। পার্থিব বস্তুতে আকৃষ্ট মানবের দৃঃখ অবশ্যম্ভাবী। যিনি বাদানুবাদ ত্যাগ করেন ও মৌন থাকেন তিনিই মুনি।

মুনি দৃষ্ট শুত বা চিন্তিত সকল কিছু থেকে মুক্ত থাকেন। তাঁর গ্রহণ ও নেই, বর্জন ও নেই।

দর্শনশাস্ত্র থেকে নয় বরং আধ্যাত্মিক শাস্তি থেকে শুধু লাভ হয়। নিজকে অন্যের সমান, অপেক্ষাকৃত উন্নত বা হীন মনে করে না। অন্যথায় বিবাদের সৃষ্টি হবে।

স্পর্শ থেকে আনন্দ, অপ্রীতি, ধৰংস ও উৎপত্তিরূপ সংক্ষার উৎপন্ন হয়। স্পর্শের কারণ নাম ও রূপ। রূপের নাশে স্পর্শ নাশ হয়। কন্ধসমূহের নাশই শ্রেষ্ঠ বস্তু।

পরায়ণ বর্ণঃ

অবিদ্যাই মন্ত্রক। বিদ্যার সহিত শুন্দা, শৃতি, সমাধি, সংকল্প ও বীর্যকে যুক্ত করে অবিদ্যাকে ছেদন কর।

সর্বদিকে তৃষ্ণামৌতের প্রবাহ। শৃতি উহার নিবারক, প্রজ্ঞা উহার গতি বৃদ্ধকারক। বিজ্ঞানের রোধ হলে নাম—রূপের নাশ হয়।

সদা শৃতিমান হও ও জগৎকে শৃন্যময়রূপে নিরীক্ষণ কর। তবে মৃত্যুঞ্জয়ী হবে।

উপরোক্ত আলোচনা থেকে ইহা স্পষ্টই প্রতীয়মান হয় যে, এই গ্রন্থে ধর্মদেশনায় বহু অমূল্য রত্ন গ্রাহিত হয়েছে। এই সদ্গুরু সর্বত্র সবার নিকট সমানভাবে আদরণীয় হবে ও দুঃখমুক্তির কারণ হবে এই আমার দৃঢ়বিশ্বাস।

এই গ্রন্থ সবার নিকট লোকোন্তর জীবনের দ্বার উন্মোচিত করক সকল পাঠক—পাঠিকার নির্বাণ লাভের সহায়ক হোক—এই আমার আন্তরিক কামনা।

ইতি।

শ্রী চিত্তরঞ্জন চাকমা

রাজামাটি

২০শে অক্টোবর, ১৯৮৭ সাল।

“বাপু... মন ক'রে...” পরিনির্বান

বিমান ইলামে প্রথম শ্রক্ষার্থকল্প

দান করে হলো।

শ্রদ্ধাবন্ত,

বিষ্ণুব, রাজবন বিহার

বাঃ-ম'তি

তা: ৮০।৩।২৫।১০।

তৃতীয় সংক্রণের কিছু কথা

সর্বজন পূজ্য আর্মানিক অরহত শ্রীমৎ সাধনানন্দ মহাস্থবির (বনভন্তে) মহোদয়ের স্মৃতিতে লিখিত সুত্রপিটকের অন্তর্গত “সুভনিপাত” ধর্মীয় বইটি বিগত ১৯৮৭ খ্রীস্টাব্দ, ২৫৩১ বুদ্ধাব্দে রাজবন বিহার, রাঙ্গামাটি-এর সৌজন্যে প্রথম প্রকাশিত হয়। শ্রদ্ধেয় বনভন্তে কর্তৃক প্রদত্ত ধর্মদেশনাসমূহ চয়ন করলে আমরা জানতে পারি যে- তিনি বহু আয়াস স্থীকার করে “তিনিটি বন বিহারে” অবস্থানকালীন সময় পাঞ্চলিপিটি তৈরী করে রাখেন। তিনি প্রায় সময়ই উপ্লব্ধ করতেন যে তৎকালে লোকেরা দান, শীল সম্বন্ধে উদাসীন ছিল। দানের তাৎপর্য তাদের অজানা ছিল। ১৯৭৩ইং কি ১৯৭৪ ইং সনে অবসর প্রাপ্ত ডেপুটি ম্যাজিস্ট্রেট প্রায়তঃ বাবু জ্যোতির্ময় চাকমা একদিন একটি “উইঙ্গাং” ঝরণা কলম (Fountion pen) দান করেন। তিনি (বনভন্তে) ঐ কলমটি হাতে পাওয়ার পর “সুভনিপাত” বইটির পাঞ্চলিপি লেখার কাজে হাত দেন। বইটি লেখার কাজ শেষ হওয়ার পরও দীর্ঘদিন ঠার কাছে পড়ে থাকে, অবশেষে পূজনীয় ভন্তের নির্দেশে তৎকালীন রাজবন বিহার পরিচালনা কমিটির উদ্যোগে ১৯৮৭ইং সনে পাঞ্চলিপিটি পূর্ণাঙ্গ বই আকারে প্রকাশ লাভ করে। প্রথম সংক্রণে ছাপা বই নিঃশেষিত হওয়ার পরও দীর্ঘদিন পর্যন্ত বইটি পুনঃ মুদ্রণের ব্যবস্থা নেওয়া হয়নি। অবশেষে দিঘীনালা বন বিহারের আবাসিক ভিক্ষু শ্রীমৎ শৃঙ্খলাতিষ্য স্থবির মহোদয় সন্ধর্মপ্রাণ দায়ক-দায়িকাদের অর্থানুকূলে বিগত ১৪ই এপ্রিল, ২০০৫ইং, ১লা বৈশাখ ১৪১২ বঙ্গাব্দ পুনঃ মুদ্রণ করতঃ ২য় সংক্রণ প্রকাশ করেন।

দ্বিতীয় সংক্রণের বইগুলিও অতি অল্প সময়ের মধ্যে নিঃশেষিত হয়ে যায়। সন্ধর্মপ্রাণ দায়ক-দায়িকাদের বইটির প্রতি আগ্রহ অনুভব করতঃ বইটি পুনঃ মুদ্রণের চিন্তা-ভাবনা করতে থাকি। শেষে কমলানগরের সি.এ.ডি.সি. (Chakma Autonomous District Council) মিজোরামের “মিজোরাম চাকমা মহিলা বৌদ্ধ সমিতির” কথা আমার স্মৃতিপটে জেগে উঠে। কারণ কয়েকমাস আগেও আমার মধ্যস্থতায় তারা স্বতঃস্ফূর্তভাবে স্বেচ্ছায় শ্রদ্ধেয় ইন্দ্ৰগুপ্ত ভন্তের লিখিত “বনভন্তের দেশনা” ৬ষ্ঠ খন্ডের ব্যয়ভার বহন করেছিল। অনুপ্রভাবে “সুভনিপাত” বইটি ছাপানোর ব্যাপারেও উক্ত মহিলা সমিতির উপাসিকা মিসেস জ্যোৎস্না চাকমাৰ সাথে টেলিফোনে আলাপে স্বতঃস্ফূর্তভাবে সাড়া দেয় এবং বিগত জানুয়ারী

২০০৬ইঁ সনে বইটি ছাপানোর ব্যয় বাবদ ৫০,০০০/- টাকা আমার অনুকূলে পাঠিয়ে দেয়। কিন্তু ছাপা কাজের যাবতীয় ব্যয় হঠাৎ বৃদ্ধি পাওয়ার কারণে টাকাগুলো হাতে আসার পরও তাৎক্ষণিকভাবে বইটির ছাপা কাজে হাত দেওয়া সম্ভবপর হয়নি। পরবর্তীতে ত্রিপুরাত্ম মনুগাঙ বন বিহারের কয়েকজন উপাসিকা ১৪৫৮/- টাকা শুন্ধ্যাদান দেয় এবং বান্দরবান, রাজামাটি ও খাগড়াছড়ি পার্বত্য জেলার উপাসক-উপাসিকারাও সম্মিলিতভাবে ৫০,২৯৮/- টাকা শুন্ধ্যাদান দিয়া পুণ্যের অংশীদার হয়।

পরিশেষে সুভনিপাত বইটি পুনঃ মুদ্রণের ব্যাপারে শ্রদ্ধেয় শ্রীমৎ সৌরজগত ভিক্ষু, শ্রদ্ধেয় শ্রীমৎ ইন্দ্ৰগুণ স্থবিৰ, শ্রীমৎ বিধুৱ ভিক্ষু এবং ধৰ্মদীপ ভিক্ষু যে অক্লান্ত পরিশ্ৰমের মাধ্যমে পূৰ্ণ সহযোগিতা দিয়েছেন তজ্জন্য ধন্যবাদার্থ এবং চিৰ কৃতজ্ঞতা পাশে আবন্ধ কৰেছেন। তাদের আন্তরিকতাপূৰ্ণ সহযোগিতা না হলে এত অল্প সময়ের মধ্যে বইটি প্রকাশ কৰা সম্ভবপর হতো না। তাছাড়া রাজবন অফসেট প্ৰেসের সংশ্লিষ্ট সকল কৰ্মচাৰীদেৱ জানাই ধন্যবাদ ও প্ৰাণচালা আশীৰ্বাদ। যাদেৱ অৰ্থানুকূলে বুদ্ধেৱ মুখনিঃস্ত বাণীগুলি লিপিবদ্ধ কৱতঃ পুনঃ মুদ্রণেৱ মাধ্যমে সম্বৰ্মণাণ ধৰ্মপিপাসুদেৱ নিকট পৌছে দিতে পেৱেছি আমি তাদেৱকে জানাই আমার আশীৰ্বাদ এবং পূজনীয় বুদ্ধেৱ নিকট তাদেৱ ঐহিক ও পারত্ৰিক মঙ্গল কামনা কৰি এবং অনাগতে তাদেৱ সকলেৱ নিৰ্বাণ লাভেৱ হেতু হোক এই প্ৰাৰ্থনা জানাই।

“সক্বে সন্তা সুখিতা ভবন্তু”

তাৰিখ আঘাতী পূৰ্ণিমা

২৪শে জুনাই, ২০০৬ ইঁ

ধৰ্মদীপ্তি ভিক্ষু

কুণাপুৱ বন বিহার

চিত্ৰসেন পাড়া, বালাঘাটা

বান্দৰবান

সুভিনিপাত প্রকাশনা প্রসঙ্গে

বুদ্ধধর্মের মৌলিক শিক্ষা, যথাযথভাবে অনুশীলন করলে কারোর অধিগতি হওয়ার সম্ভাবনা থাকে না। যেহেতু বুদ্ধধর্মে আর একটি কথা রয়েছে— তা হলো অজর অমর। অজর অমর বলতে পুনঃ পুনঃ দেহ ধারণ না করা অর্থাৎ জন্ম মৃত্যুকে চিরতরে বন্ধ করা বোঝায়।

পৃথিবী, জল, আলো, বাতাস, পশু ও অসংখ্য গ্রহ নক্ষত্র নিয়ে এই বিশাল জীব-বৈচিত্র্য (Bio-Diversity) গড়ে উঠেছে এবং এরই মাঝে অনন্ত জীবের লীলা খেলা চলছে। সংক্ষিপ্তাকারে বলতে গেলে ৩১ (একত্রিশ) লোকভূমির মাঝে এসব বিচিত্র কান্তি-লীলা ঘটছে দুর্বার গতিতে। কুশলকর্মে দেবতা, ব্ৰহ্মা, রাজা-মাহারাজা এবং আরো অধিক পারমীসম্মুখ করলে এমন কি লোকেন্দ্রন জ্ঞানের অধিকারীও হওয়ার যায়। অকুশলকর্মে কেহ নরকে, ভূত, প্রেত, যক্ষ নানা অশৰীরি দেবতা হয়ে থাকে। এসব কর্মাদির ফলে মানুষ দেবত্বে ও ইন্দ্রত্বে পরিণত হয়। এই হলো আসল কর্মের নিদান, যাকে ইংরেজীতে বলা হয় The characteristic of the action বুদ্ধধর্মে এটি হলো মূল শিক্ষা বা নীতি।

এসব নীতি-শিক্ষা নিতে হলে প্রয়োজন প্রকৃত শিক্ষক বা আদর্শ-গুরু। এমন একটি শিক্ষা নিতে হবে, যে শিক্ষার মাধ্যমে জন্ম-মৃত্যুকে চিরতরে বন্ধ করা যায়। তমসায় ঢাকা মানুষের চিন্তে নিয়ত প্রচলিত লোভ, দেষ, মোহ অনলকে নৈর্বাণিক ধর্মের শীতল বারিয়নে ভয় করে দেয় ঐ প্রকৃত আদর্শ-গুরুর মাধ্যমে। আধুনিক ইতিহাসের গতিপথে আমরা যুঁজে পেয়েছি এক অনন্য মহান যুগ পুরুষ, যার নাম দেব মানবের পরম পুজ্য অর্হৎ শ্রা঵কবুদ্ধ ভদ্রত শ্রীমৎ সাধনানন্দ মহাস্থবির (বনভষ্টে) একত্রিশ লোকবিজয়ী রাজ সন্ন্যাসীরূপে রাজমাতা আরতি রায়ের মহাদানে সুপ্রতিষ্ঠিত রাজ্ঞামাতি রাজবন বিহারে ধর্মসন্নেহ অধিষ্ঠিত হয়ে নির্বাণ সুধা বিলিয়ে দিচ্ছেন। তিনি আমাদের মাঝে একজন লোকেন্দ্রন শিক্ষা-গুরু। তাঁর মহান সুলিঙ্গ মুখনিঃসৃত বাণী শুবলে, অনুশীলনে দুর্লভ মানবজীবন সার্থক হয়ে উঠে।

সুভিনিপাত প্রকাশনা প্রসঙ্গে এখানে কিঞ্চিং আলোকপাত করা সমীচিন বোধ করছি যে— মিজোরামের ধর্মীয় সংঘার মধ্যে যেমন— মিজোরাম বৌদ্ধ সমিতি, মিজোরাম চাকমা বৌদ্ধ মহিলা ও বৌদ্ধ বিহেইঙ্গ খুদো সন্দৰ্ভ প্রচার ও প্রসারণার ক্ষেত্রে অত্যন্ত প্রহরীর মত কাজ চালিয়ে যাচ্ছেন। তাদের এসব সুমননশীলতার কর্মকাণ্ড প্রতিনিয়ত শুন্ধ্যা জ্ঞাপন করি। চলতি ২০০৫ইং সনে শুন্ধ্যেয় শ্রীমৎ ইদ্বগুপ্ত স্থবির মহোদয় কর্তৃক সংকলিত “আর্যশ্রা঵ক বনভষ্টের ধর্মদেশনা— সিরিজ-৬” গ্রন্থখানা কমলানগরের বহু গুণগ্রাহী ব্যক্তিভাজনের মুদ্রণের যাবতীয় ব্যয়ভার প্রহণ করে পাঠকের মহলে বিশেষ সুয্যাতি লাভ করেছে সম্মেহ নেই। উক্ত গ্রন্থখানা

প্রকাশনায় সারা কমলানগরবাসী বেশ আনন্দ প্রকাশ করেছে। তাই মহৎ উদ্যোগকে সমন্বিত রাখার প্রয়াসে চাকমা শ্বশাসিত জেলা পরিষদের চারুকলা ও সংস্কৃতি বিভাগের প্রধান কর্মকর্তা বাবু শ্রী দিগম্বর চাকমা মহোদয়ের সহধর্মীনি উপাসিকা শ্রীমতি জ্যোৎস্না চাকমা রাজামাটি রাজবন বিহারের শ্রদ্ধেয় ধর্মদীন্তি ভিন্নুর সাথে যোগাযোগের মাধ্যমে শ্রদ্ধেয় বনভঙ্গে মহোদয়ের স্বহস্তে লিখিত সুন্তনিপাত বইটি পুনঃ মুদ্রণের বিষয় মিজোরাম বৌদ্ধ মহিলা সমিতির নিকট উত্থাপন করলে বইটি পুনঃ মুদ্রণের ব্যয়ভার বহন করতে সম্মত হয়। এ সংবাদটি তাদের নিকট শ্রদ্ধেয় বনভঙ্গের আশীর্বাদে আকাশ থেকে ধূমকেতু খসে পড়ার ন্যায় প্রতীক্ষামান হয় এবং স্বতঃস্ফূর্তভাবে শ্রদ্ধাদানের মাধ্যমে পুণ্যাংশের অংশীদার হয়।

বৌদ্ধ সাহিত্য মতে জানা যায় সুন্তনিপাত প্রচুর খুদক নিকায়ের অন্তর্গত এবং বৌদ্ধ সাহিত্যের মধ্যে এক বিশাল অমূল্য সম্পদ। বৌদ্ধধর্মের যাবতীয় তত্ত্বগুলি জানতে হলে সুন্তনিপাত পাঠ করা সবার জন্য আবশ্যক। সন্তুষ্টবতঃ উক্ত গ্রন্থখানা বৌদ্ধদের ভবিষ্যতে কাজে লাগবে এ কথাটি ভেবে শ্রদ্ধেয় বনভঙ্গে তাঁর স্বহস্তে লিখেছেন। তাই গ্রন্থখানা মুদ্রণের ব্যয়ভার আমরা যখন সর্বান্তকরণে দায়িত্ব গ্রহণ করেছি এবং যারা মুদ্রণের আর্থিক অনুদান সহায়তা প্রদান করেছেন, আমি তাদেরকে প্রণাম, আশীর্বাদ ও সাধুবাদ জানাচ্ছি।

পরিশেষে পরম পূজ্য অর্হৎ শ্রাবকবুদ্ধ দুর্গত মহাপুরুষ শ্রদ্ধেয় বনভঙ্গের পরম আয়ু সহস্র বছর কাল উর্দ্ধে কামনায় তাঁর শ্রীপাদ পদে শ্রদ্ধাবনত শিরে বন্দনা জানাচ্ছি। বনভঙ্গের আশীর্বাদ আমাদের সবার জীবনে মহামঙ্গল ও কল্যাণ বয়ে আনুক এবং এ মহান পুণ্যতীর্থ ভারতের বুকে এক সুপ্রসিদ্ধ ধন-ধান্য পরিপূর্ণ “চাকমা বৌদ্ধ আজ্ঞাচক্র” অচিরেই প্রতিষ্ঠিত হোক। “ধ্যাদানং সরবদানং জিনাতি” এ সত্য বাক্যের ফলে আগামীতে আমাদের আধ্যাতিক জ্ঞান গরিমায় পরিপূর্ণতা লাভ করুক। শ্রদ্ধেয় বনভঙ্গের বাণী ও দেশনাসমূহ গ্রন্থকারে প্রতিনিয়ত ব্যাপক প্রকাশ ঘটুক সবার প্রত্যাশা।

ধ্যাদানং সরবদানং জিনাতি
সবে সন্তা সুখিতা হোতু।

ইতি
শ্রদ্ধাবনত চিন্তে

তারিখঃ— ১১-১১-২০০৫ইং

কমলানগর

শ্রীমতি মশিনা চাকমা (তত্ত্বজ্ঞ্যা)

সভানেত্রী

মিজোরাম চাকমা বৌদ্ধ মহিলা সমিতি
কমলানগর, মিজোরাম, ভারত।

সূচীপত্র

বিষয়

পৃষ্ঠা

১. উরগ বঞ্চ—উরগ বর্গ

১। উরগ সুন্তৎ—উরগ সূত্র	০১
২। ধনিয সুন্তৎ—ধনিয সূত্র	০৫
৩। খগগবিসাণ সুন্তৎ—খড়গবিষাণ সূত্র	০৯
৪। কসিভারদাজ সুন্তৎ—কসিভারদাজ সূত্র	১৭
৫। চুন্দ সুন্তৎ—চুন্দ সূত্র	২২
৬। পরাভব সুন্তৎ—পরাভব সূত্র	২৪
৭। বসল সুন্তৎ—বৃষল সূত্র	২৯
৮। মেত সুন্তৎ—মেত্রী সূত্র	৩৬
৯। হেমবত সুন্তৎ—হেমবত সূত্র	৩৯
১০। আলবক সুন্তৎ—আলবক সূত্র	৪৫
১১। বিজয সুন্তৎ—বিজয সূত্র	৫০
১২। মুনি সুন্তৎ—মুনি সূত্র	৫৩

২. চুল বগ্গ—চুদ্র বর্গ

১। রতন সুন্তৎ—রতন সূত্র	৫৭
২। আমগন্ধ সুন্তৎ—আমগন্ধ সূত্র	৬৬
৩। হিরি সুন্তৎ—হী (লজ্জা) সূত্র	৬৯
৪। মজাল সুন্তৎ—মজাল সূত্র	৭০
৫। সূচিলোম সুন্তৎ—সূচিলোম সূত্র	৭৩
৬। কপিল সুন্তৎ (ধৰ্মচারিয সুন্তৎ)—কপিল সূত্র	৭৬
৭। ত্রাঙ্গণ ধার্মিক সুন্তৎ—ত্রাঙ্গণ ধার্মিক সূত্র	৭৮
৮। ধৰ্ম নাবা সুন্তৎ—নাবা (নৌকা) সূত্র	৮৫
৯। কিংসীল সুন্তৎ—কিংশীল সূত্র	৮৭
১০। উট্টান সুন্তৎ—উথান (জাহ্রত) সূত্র	৮৯
১১। রাহুল সুন্তৎ—রাহুল সূত্র	৯০
১২। নিশ্চোধকপ (বজীস) সুন্তৎ—বজীশ সূত্র	৯২
১৩। সম্মাপরিক্রাজনীয সুন্তৎ—সম্যক্বিচরণ সূত্র	৯৭
১৪। ধার্মিক সুন্তৎ—ধার্মিক সূত্র	১০১

৩. মহাবগ্গ-মহাবর্গ

১। পরবজ্জা সুত্তং-প্রবজ্যা সূত্র	১০৭
২। পধান সুত্তং-পধান সূত্র	১১১
৩। সুভাসিত সুত্তং-সুভাষিত সূত্র	১১৬
৪। পূর্লাস (সুন্দরিক ভারদ্বাজ) সুত্তং-সুন্দরিকভারদ্বাজ সূত্র	১১৭
৫। মাঘ সুত্তং-মাঘ সূত্র	১২৭
৬। সভিয সুত্তং-সভিয সূত্র	১৩৪
৭। সেল সুত্তং-সেল সূত্র	১৪৮
৮। সল্ল সুত্তং-সল্ল সূত্র	১৬২
৯। বাসেট্ট সুত্তং-বাসেট্ট সূত্র	১৬৬
১০। কোকালিক সুত্তং-কোকালিক সূত্র	১৭৯
১১। নালক সুত্তং-নালক সূত্র	১৮৮
১২। দ্বায়তানুপস্মনা সুত্তং-দ্বায়তানুদর্শন সূত্র	১৯৮

৪. অট্টক বগ্গ-অফ্টক বর্গ

১। কাম সুত্তং-কাম সূত্র	২১৮
২। গুহচ্টক সুত্তং-গুহা-অফ্টক সূত্র	২২০
৩। দুট্টচ্টক সুত্তং-দুষ্ট-অফ্টক সূত্র	২২২
৪। সুন্ধচ্টক সুত্তং-শুন্ধ-অফ্টক সূত্র	২২৪
৫। পরমট্টক সুত্তং-পরম-অফ্টক সূত্র	২২৬
৬। জরা সুত্তং-জরা সূত্র	২২৮
৭। তিস্সমেন্দ্রেয সুত্তং-তিস্সমেন্দ্রেয সূত্র	২৩০
৮। পসূর সুত্তং-পসূর সূত্র	২৩২
৯। মাগাঞ্চিয সুত্তং-মাগাঞ্চিয সূত্র	২৩৫
১০। পুরাত্তেদ সুত্তং-পুরাত্তেদ সূত্র	২৩৯
১১। কলহ বিবাদ সুত্তং-কলহ বিবাদ সূত্র	২৪২
১২। চূল বৃহ সুত্তং-চূল বৃহ সূত্র	২৪৬
১৩। মহাবৃহ সুত্তং-মহাবৃহ সূত্র	২৫০

বিষয়	পৃষ্ঠা
১৪। তুবটক সুতৎ-তুবটক সূত্র	২৫৪
১৫। অন্ত দণ্ড সুতৎ-আআদণ্ড সূত্র	২৫৮
১৬। সারিপুত্র সুতৎ-শারিপুত্র সূত্র	২৬২
 ৫. পারায়ন বর্ণ-প্রধান/অন্তিম বর্ণ	
১। বথুগাথা-পরিচায়ক গাথা	২৬৭
২। অজিত মাণব পুচ্ছা-অজিত মানব প্রশ্ন	২৭৬
৩। তিস্সমেন্দ্রেয় মাণব পুচ্ছা-তিস্সমেন্দ্রেয় মানব প্রশ্ন	২৭৮
৪। পুনৰ্ক মাণব পুচ্ছা সুতৎ-পুনৰ্ক মানব প্রশ্ন	২৭৯
৫। মেন্দগৃ মাণব পুচ্ছা-মেন্দগৃ মানব প্রশ্ন	২৮১
৬। ধোতক মাণব পুচ্ছা-ধোতক মানব প্রশ্ন	২৮৪
৭। উপসীব মাণব পুচ্ছা-উপসীব মানব প্রশ্ন	২৮৬
৮। নন্দমাণব পুচ্ছা-নন্দ মানব প্রশ্ন	২৮৮
৯। হেমক-মাণব পুচ্ছা-হেমক মানব প্রশ্ন	২৯১
১০। তোদেয় মাণব পুচ্ছা-তোদেয় মানব প্রশ্ন	২৯২
১১। কম্প-মাণব পুচ্ছা-কম্প মানব প্রশ্ন	২৯৩
১২। জতুকন্নি মাণব পুচ্ছা-জতুকন্নি মানব প্রশ্ন	২৯৪
১৩। ভদ্রবুধ-মাণব পুচ্ছা-ভদ্রবুধ মানব প্রশ্ন	২৯৫
১৪। উদয় মাণব পুচ্ছা-উদয় মানব প্রশ্ন	২৯৬
১৫। পোসাল মাণব পুচ্ছা-পোসাল মানব প্রশ্ন	২৯৮
১৬। মোঘরাজ মাণব পুচ্ছা-মোঘরাজ মানব প্রশ্ন	২৯৯
১৭। পিঙ্গিয় মাণব পুচ্ছা-পিঙ্গিয় মানব প্রশ্ন	৩০০
পারায়নস্থুতি গাথা	৩০১
পারায়ন উৎপত্তি গাথা	৩০১
পারায়নাগীতি গাথা	৩০৩

ନାନା ପାଠ

ପାଳି

- ୧ । ପଠମୋ ମୂଳ ପାଠୋ ।
- ୨ । ସୀ—ସୀହଲ ପୋଥକଂ ।
- ୩ । ଶ୍ୟା—ଶ୍ୟାମ ପୋଥକଂ ।
- ୪ । କଂ—କହ୍ରୋଜ ପୋଥକଂ ।
- ୫ । ଇଂ—ଇଂଲିସ ପୋଥକଂ ।
- ୬ । କ—କେ ସୂଚୀ ସୀଲ ପୋଥକେସୁ ଦିସ୍‌ସମାନ ପାଠୋ ।

ବାଙ୍ଗା

- (ପ୍ରଥମ ମୂଳ ପାଠ) ।
- (ସିଂହଲ ପୁଣ୍ଡକେ) ।
- (ଶ୍ୟାମ ପୁଣ୍ଡକେ) ।
- (କହ୍ରୋଜ ପୁଣ୍ଡକେ) ।
- (ଇଂରେଜୀ ପୁଣ୍ଡକେ) ।
- (କିଛୁ କିଛୁ ମାରମା ପୁଣ୍ଡକେ ଦୃଶ୍ୟମାନ ପାଠ) ।
- ୭ । କ—ସୀ କେ ସୀହଲ ପୋଥକେସୁ ଦିସ୍‌ସମାନ ପାଠୋ ।
(କିଛୁ କିଛୁ ସିଂହଲ ପୁଣ୍ଡକେ ଦୃଶ୍ୟମାନ ପାଠ) ।
- ୮ । ଟ୍ର୍ଟ—ଅଟ୍ର୍ଟକଥା । (ଅର୍ଥକଥା) ।

“নমো তস্স ভগবতো অরহতো সম্মাসযুদ্ধস্স”
“সেই ভগবান অরহত সম্যক্ সযুদ্ধকে নমক্ষার”

সুভিনিপাত

১. উরগ বঞ্চি—উরগ বর্ণ

১। উরগ সূক্তঃ—উরগ সূত্র

১। যো^১ উপত্তিতং বিনেতি কোধৎ, বিসটং সপ্পবিসং ব ওসধেহি^২,
সো ভিক্খু জহাতি ওরপারৎ, উরগো জিগুমিবন্তচৎ^৩ পুরাণৎ। ১

অনুবাদঃ শরীরে সঞ্চারিত সর্পবিষ যেমন ঔষধে ধ্বংস হয়, তেমনি যিনি
উৎপন্ন ক্রোধকে দমন করিতে পারেন; সেই ভিক্ষু সর্পের জীর্ণ পুরাতন খোলস
বর্জনের ন্যায় জন্ম—মৃত্যুর স্নোত পঞ্চক্ষণ্ডরূপ সংসার বর্জনে সক্ষম হন।

২। যো রগমুদচ্ছিদা অসেসং, ভিসপুপ্ফৎ্ব সরোরুহং^৪ বিগ্যহ,
সো ভিক্খু জহাতি ওরপারৎ, উরগো জিগুমিবন্তচৎ পুরাণৎ। ২

অনুবাদঃ সরোবরে উৎপন্ন পদ্মফুল উৎপাটনের ন্যায়, যেই ভিক্ষু লোতের
সম্পূর্ণ বিনাশ সাধন করিয়াছেন; সেই ভিক্ষু সর্পের জীর্ণ পুরাতন খোলস
বর্জনের ন্যায় জন্ম—মৃত্যুর স্নোতরূপ সংসার বর্জনে সক্ষম হন।

৩। যো তণ্হ মুদচ্ছিদা অসেসং, সরিতং সীঘসরৎ বিসোসযিত্তা,
সো ভিক্খু জহাতি ওরপারৎ, উরগো জিগুমিবন্তচৎ পুরাণৎ। ৩

অনুবাদঃ নদীর শীত্যগামী স্নোত সদৃশঃ তৃষ্ণা স্নোতকে যিনি বিশেষভাবে
শোষণ তথা সম্পূর্ণ বিনাশ সাধন করিয়াছেন; সেই ভিক্ষু সর্পের জীর্ণ পুরাতন
খোলস বর্জনের ন্যায় জন্ম—মৃত্যুর স্নোতরূপ সংসার বর্জনে সক্ষম হন।

৪। যো মানমুদৰ্বধী অসেসং, নলসতুং সুদুরকলং মহোঘো,
সো ভিক্খু জহাতি ওরপারৎ, উরগো জিগুমিবন্তচৎ পুরাণৎ। ৪

অনুবাদঃ অতীব দুর্বল নল নির্মিত সেতু যেমন মহাপ্লাবনে সহজে বিনাশ
শ্রান্ত হয়, তেমনি যেই ভিক্ষু মান-অহংকারের সম্পূর্ণ বিনাশ সাধন

^১—মো—বে (স্যা)

^২—ওসধেতি (ক)

^৩—জিগুমিবন্তচৎ (সী— স্যা কৎ— ইৎ) | জিগুমিবা তচৎ?

^৪—সরোরুহং (ক)

করিয়াছেন; সেই ভিক্ষু সর্পের জীর্ণ খোলস বর্জন সদৃশঃ জন্ম-মৃত্যুর মহা স্নোতরূপ এই সংসার বর্জনে সক্ষম হন।

৫। যো নাঞ্জগমা ভবেসু সারং, বিচিনৎ পুপুফমিবা^১ উদুঘরেসু,

সো ভিক্খু জহাতি ওরপারং, উরগো জিগুমিবস্তচৎ পুরাণং। ৫

অনুবাদঃ উড়ুঘর গাছে ফুলের অন্দেষণ যেমন নিরীক্ষ, তেমনি যেই ভিক্ষু সংসারে পুনঃ পুনঃ জন্ম গ্রহণে কোন সার দেখিতে পান না; সেই ভিক্ষু সর্পের জীর্ণ পুরাতন খোলস বর্জন সদৃশঃ জন্ম-মৃত্যুর স্নোতরূপ সংসার বর্জনে সক্ষম হন।

৬। যস্সন্তরতো ন সন্তি কোপা, ইতি ভবাভবতঞ্চ^২ বীতিবত্ত্বো,

সো ভিক্খু জহাতি ওরপারং, উরগো জিগুমিবস্তচৎ পুরাণং। ৬

অনুবাদঃ যেই ভিক্ষু আপন মনের কোপন ভাবকে বিনাশ সাধন করিয়াছেন এবং যাহার ভবাভবে পরিভ্রমণ সমাপ্ত, সেই ভিক্ষু সর্পের জীর্ণ পুরাতন খোলস বর্জন সদৃশঃ জন্ম-মৃত্যুর স্নোতরূপ সংসার বর্জনে সক্ষম হন।

৭। যস্ম বিতক্তা বিধৃপিতা, অজ্ঞতং সুবিকল্পিতা অসেসা,

সো ভিক্খু জহাতি ওরপারং, উরগো জিগুমিবস্তচৎ পুরাণং। ৭

অনুবাদঃ যেই ভিক্ষু আপন চিন্ত বিতক্ত সমূলে বিনাশ সাধন করিয়াছেন, যাহার আধ্যাত্মজ্ঞান সুগঠিত; সেই ভিক্ষু, সর্প যেমন পুরাতন খোলস বর্জন করে, তেমনি জন্ম-মৃত্যুর স্নোতরূপ সংসার বর্জন করেন।

৮। যো নাচসারী ন পচসারী, সক্রং অচগমা ইমং পপঞ্চং,

সো ভিক্খু জহাতি ওরপারং, উরগো জিগুমিবস্তচৎ পুরাণং। ৮

অনুবাদঃ যেই ভিক্ষু সকল প্রপঞ্চ অতিরুম করিয়াছেন, উচ্চাভিলাষীও নহেন, ইন্নাভিলাষীও নহেন; সেই ভিক্ষু, সর্প যেমন পুরাতন খোলস বর্জন করে, তেমনি তিনিও জন্ম-মৃত্যুর স্নোতরূপ সংসার বর্জন করেন।

৯। যো নাচসারী ন পচসারী, সক্রং বিতথমিদন্তি ঐত্তা লোকে,

সো ভিক্খু জহাতি ওরপারং, উরগো জিগুমিবস্তচৎ পুরাণং। ৯

অনুবাদঃ যেই ভিক্ষু সমগ্র পৃথিবীর মিথ্যা অসারতা বিদিত হইয়া, উচ্চাভিলাষীও নহেন, ইন্নাভিলাষীও নহেন; সেই ভিক্ষু, সর্প যেমন পুরাতন খোলস বর্জন করে, তেমনি তিনিও জন্ম-মৃত্যুর স্নোতরূপ সংসার বর্জন করেন।

^১ - পুপুফমিব (বহুসৃ)

^২ - ইতি ভবাভবতঞ্চ (ক)

১০। যো নাচসারী ন পচসারী, সক্ষৎ বিতথমিদন্তি বীতলোভ,

সো ভিক্খু জহাতি ওরপারৎ, উরগো জিগুমিবন্তচৎ পুরাণৎ। ১০

অনুবাদ ৪ যেই ভিক্ষু সমগ্র পৃথিবীর মিথ্যা অসারতা বিদিত হইয়া, বীতলোভ হওতৎ, উচ্চাভিলাষীও নহেন, ইনাভিলাষীও নহেন; সেই ভিক্ষু, সর্প যেমন পুরাতন খোলস বর্জন করে, তেমনি তিনিও জন্ম-মৃত্যুর স্নোতরূপ সংসার বর্জন করেন।

১১। যো নাচসারী ন পচসারী, সক্ষৎ বিতথমিদন্তি বীতরাগো,

সো ভিক্খু জহাতি ওরপারৎ, উরগো জিগুমিবন্তচৎ পুরাণৎ। ১১

অনুবাদ ৫ যেই ভিক্ষু সমগ্র পৃথিবীর মিথ্যা অসারতা বিদিত হইয়া, বীতরাগ হওতৎ, উচ্চাভিলাষীও নহেন, ইনাভিলাষীও নহেন; সেই ভিক্ষু, সর্প যেমন পুরাতন খোলস বর্জন করে, তেমনি তিনিও জন্ম-মৃত্যুর স্নোতরূপ সংসার বর্জন করেন।

১২। যো নাচসারী ন পচসারী, সক্ষৎ বিতথমিদন্তি বীতদোসো,

সো ভিক্খু জহাতি ওরপারৎ, উরগো জিগুমিবন্তচৎ পুরাণৎ। ১২

অনুবাদ ৬ যেই ভিক্ষু সমগ্র পৃথিবীর মিথ্যা অসারতা বিদিত হইয়া, বীতদেষ হওতৎ, উচ্চাভিলাষীও নহেন, ইনাভিলাষীও নহেন; সেই ভিক্ষু, সর্প যেমন পুরাতন খোলস বর্জন করে, তেমনি তিনিও জন্ম-মৃত্যুর স্নোতরূপ সংসার বর্জন করেন।

১৩। যো নাচসারী ন পচসারী, সক্ষৎ বিতথমিদন্তি বীতমোহো,

সো ভিক্খু জহাতি ওরপারৎ, উরগো জিগুমিবন্তচৎ পুরাণৎ। ১৩

অনুবাদ ৭ যেই ভিক্ষু সমগ্র পৃথিবীর মিথ্যা অসারতা বিদিত হইয়া, বীতমোহ হওতৎ, উচ্চাভিলাষীও নহেন, ইনাভিলাষীও নহেন; সেই ভিক্ষু, সর্প যেমন পুরাতন খোলস বর্জন করে; তেমনি তিনিও জন্ম-মৃত্যুর স্নোতরূপ সংসার বর্জন করেন।

১৪। যস্মানুসয়া ন সন্তি কেচি, মূলা চ অকুসলা সমৃহতাসে,

সো ভিক্খু জহাতি ওরপারৎ, উরগো জিগুমিবন্তচৎ পুরাণৎ। ১৪

অনুবাদ ৮ যেই ভিক্ষু অকুশলের মূলোৎপাটন করিয়াছেন, এবৎ সকল প্রকার অনুশয় হইতে মৃত্যু; সেই ভিক্ষু, সর্প যেমন পুরাতন খোলস বর্জন করে, তেমনি তিনিও জন্ম-মৃত্যুর স্নোতরূপ সংসার বর্জন করেন।

১৫। যস্ম দরথজা ন সন্তি কেচি, ওরং আগমনায় পচযাসে,

সো ভিক্খু জহাতি ওরপারং, উরগো জিগুমিবন্ধচৎ পুরাণং। ১৫

অনুবাদ : যেই ভিক্ষু অরহত, পুনজন্ম হইতে মুক্ত; সংসারে আগমনের কোন হেতু নাই; সেই ভিক্ষু, সর্প যেমন পুরাতন খোলস বর্জন করে; তেমনি তিনিও জন্ম-মৃত্যুর স্মৃতরূপ সংসার বর্জন করেন।

১৬। যস্ম বনথজা ন সন্তি কেচি, বিনিবন্ধায় ভবায হেতুকপ্পা,

সো ভিক্খু জহাতি ওরপারং, উরগো জিগুমিবন্ধচৎ পুরাণং। ১৬

অনুবাদ : যেই ভিক্ষু অরহত, ত্রষ্ণ হইতে মুক্ত, সংসারে আবন্ধ হইবার কোন হেতু নাই; সেই ভিক্ষু, সর্প যেমন পুরাতন খোলস বর্জন করে, তেমনি তিনিও জন্ম-মৃত্যুর স্মৃতরূপ সংসার বর্জন করেন।

১৭। যো নীবরণে পহায পঞ্চ, অনিদো তিগুকথংকথো বিসল্লো,

সো ভিক্খু জহাতি ওরপারং, উরগো জিগুমিবন্ধচৎ পুরাণং। ১৭

অনুবাদ : যেই ভিক্ষু পঞ্চনীবরণ পরিত্যাগ করিয়া ক্লেশমুক্ত, সন্দেহ মুক্ত এবং শোক-শল্য অপসৃত করিয়াছেন; সেই ভিক্ষু, সর্প যেমন জীর্ণ পুরাতন খোলস বর্জন করে, তেমনি তিনিও জন্ম-মৃত্যুর স্মৃতরূপ সংসার বর্জন করেন।

উরগ সূত্র সমাপ্ত।

— — — O — — —

২। ধনিয় সুত্তং-ধনিয় সূত্র

১৮। পক্ষেদনো দুর্দ্বিলীরোহমশ্মি, [ইতি ধনিয়ো গোপো]

অনুভূতিৰে মহিয়া সমানবাসো,

ছন্না কুটি আহিতো গিনি, অথ চে পথযসী পবস্স দেব। ১

অনুবাদ : গোপালক ধনিয় বলিলেন,— ‘আমার ভাত রন্ধন ও দুগ্ধ সংগ্রহ করা শেষ হইয়াছে। আমি মহী নদীৰ উপকূলে শ্রী-পুত্ৰ-কন্যাদিৰ সহিত বাস কৱি। আমার ছাদযুক্ত গৃহ এবং প্রজ্জনিত অগ্ৰি আছে। হে মেঘদেব! যদি অভিলাষ হয় এখন বৰ্ষণ কৱ।’

১৯। অক্ষোধনো বিগত থিলোহমশ্মি’, [ইতি ভগবা]

অনুভূতিৰে মহিযে কৱন্তি বাসো,

বিবটা কুটি নিৰ্বুতো গিনি, অথ চে পথযসী পবস্স দেব। ২

অনুবাদ : ভগবান বলিলেন,— ‘আমি ক্রোধমুক্ত এবং রাগ, দেৰ, মোহ বিৱহিত হইয়া, মহী নদীৰ উপকূলে একৱাত্ৰি বাস কৱি। আমার গৃহ অনাঞ্চাদিত এবং অগ্ৰি নিৰ্বাপিত। হে মেঘদেব! যদি অভিলাষ হয় এখন বৰ্ষণ কৱ।

২০। অনৰ্থকমকসা ন বিজ্জবে, [ইতি ধনিয়ো গোপো]

কচে বুল্হতিগে চৱন্তি গাৰো।

বুট্ঠিম্পি সহেযুমাগতৎ, অথ চে পথযসী পস্স দেব। ৩

অনুবাদ : গোপালক ধনিয় বলিলেন,— আমার বাসস্থানে উঁশ-মশা-মাছিৰ কোন উৎপাত নাই। আমার গৱুগুলি নদীৰ উপকূলে উৎপন্ন তৃণে বিচৱণ কৱিতেছে। তাহারা (গৱুগুলি) বৃক্ষ পড়িলেও সহ্য কৱিতে সক্ষম। হে মেঘদেব! যদি অভিলাষ হয় এখন বৰ্ষণ কৱ।

২১। বদ্ধাসি ভিসী সুসঞ্জাতা, [ইতি ভগবা] তিগ্নো পারগতো বিনেয় ওঁঁং,

অঝো ভিসিয়া ন বিজ্জতি, অথ চে পথযসী পবস্স দেব। ৪

অনুবাদ : ভগবান বলিলেন,— ‘আমার তরী উত্তমরূপে প্রস্তুত কৃত। আমি সেই তরীৰ মাধ্যমে সংসার সমুদ্র পাড়ি দিয়াছি (অর্থাৎ নিৰ্বাণে উপনীত হইয়াছি)। এখন আৱ আমার সেই তরীৰ প্ৰয়োজন নাই। হে মেঘদেব! যদি অভিলাষ হয় এখন বৰ্ষণ কৱ।

^১ - বিগত থিলোহমশ্মি (সী- ই)।

২২। গোপী মম অস্সবা অলোলা, [ইতি ধনিয় গোপো]

দীঘরভৎ^১ সংবাসিয়া মনাপা,

তস্সা ন সুণামি কিঞ্চিং পাপৎ, অথ চে পথযসী পবস্স দেব। ৫

অনুবাদ ৪ গোপালক ধনিয় বলিলেন,- ‘আমার গোপী (স্ত্রী) আদেশ পালনকারিনী, অচঞ্চলা ও নির্লোভিনী। আমি অতীব মনোহরা গোপীর সহিত দীর্ঘকাল বসবাস করিয়াছি; অথচ, তাহার কিঞ্চিং পাপ দুঃচিত্রের কথা শুনি নাই। হে মেঘদেব! যদি অভিলাষ হয় এখন বর্ণণ কর।

২৩। চিন্তৎ মম অস্সবৎ বিমুক্তৎ, [ইতি ভগবা] দীঘরভৎ পরিভাবিতৎ সুদৃষ্টৎ,

পাপৎ পন মে ন বিজ্ঞতি, অথ চে পথযসী পবস্স দেব। ৬

অনুবাদ ৪ ভগবান বলিলেন,- ‘আমার চিন্ত বাধ্য, বিমুক্ত এবৎ মৎকর্তৃক দীর্ঘকাল ধরিয়া পরিভাবিত ও সুদৃমিত। অতএব, আমার কিঞ্চিং মাত্রও প্যাপ অকুশল বিদ্যমান নাই। হে মেঘদেব! যদি অভিলাষ হয় এখন বর্ণণ কর।

২৪। অস্ত বেতনভতোহমস্মি, [ইতি ধনিয়ো গোপো]

পুত্রা চ মে সমানিয়া অরোগা।

তেসৎ ন সুনামি কিঞ্চিং পাপৎ, অথ চে পথযসী পবস্স দেব। ৭

অনুবাদ ৪ গোপালক বলিলেন,- ‘আমার স্ব-অর্জিত খাদ্য এবৎ বেতনে পুত্ররা সমভাবে নিরোগী হইয়া জীবন অতিবাহিত করিয়াছে। এয়াবত আমি তাহাদের কিঞ্চিং মাত্রও পাপ দুঃচিত্রের কথা শুনি নাই। হে মেঘদেব! যদি অভিলাষ হয় এখন বর্ণণ কর।

২৫। নাহৎ ভতকোস্মি কস্সচি, [ইতি ভগবা]

নিরিষ্টট্টেন চরামি সবলগোকে,

অথো ভতিয়া ন বিজ্ঞতি, অথ চে পথযসী পবস্স দেব। ৮

অনুবাদ ৪ ভগবান বলিলেন,- ‘আমি কাহারও পরিচারক নই। আমি আমার অর্জিত পুণ্যে সকল লোকে পরিদ্রমণ করি। অপরের অর্জিত পুণ্যের প্রয়োজন আমার নাই। হে মেঘদেব! যদি অভিলাষ হয় এখন বর্ণণ কর।

২৬। অথি বসা অথি ধেনুপা, [ইতি ধনিয়ো গোপো]

গোধরণিয়ো পবেণিয়োপি অথি,

উসভোপি গবম্পতীধ অথি, অথ চে পথযসী পবস্স দেব। ৯

^১ - দীঘরভৎ

অনুবাদ ৪ গোপালক ধনিয় বলিলেন,- ‘আমার গোয়াল আছে, দুর্ঘপায়ী গোশাবক আছে, অল্পবয়স্কা নবীনা গাড়ী আছে এবং গাড়ীদের শাবকও আছে। এমন কি, বলবান বৃষ এবং বৃষদের প্রধানও এখানে আছে। হে মেঘদেব! যদি অভিলাষ হয় এখন বর্ণণ কর।

২৭। নথি বসা নথি ধেনুপা, [ইতি ভগবা] গোধরনিয়ো পবেনিয়েপি নথি,
উসভোপি গবচ্ছতীধ নথি, অথ চে পথযসী পবস্স দেব। ১০

অনুবাদ ৫ ভগবান বলিলেন,- ‘আমার গোয়াল নাই, দুর্ঘপায়ী গোশাবক নাই, অল্প বয়স্কা নবীনা গাড়ী নাই এবং গাড়ীদের শাবকও নাই। এমন কি, বলবান বৃষ এবং বৃষদের প্রধানও এখানে নাই। হে মেঘদেব! যদি অভিলাষ হয় এখন বর্ণণ কর।

২৮। খিলা নিখাতা অসম্পবেধী, [ইতি ধনিয়ো গোপো]
দামা মুক্ষময়া নবা সুস্তানা।

ন হি সক্খিষ্ঠি ধেনুপাপি ছেতুং^১, অথ চে পথযসী পবস্স দেব। ১১

অনুবাদ ৬ গোপালক ধনিয় বলিলেন,- সেই খুটিসমূহ মৎকর্তৃক মাটিতে দৃঢ়ভাবে স্থাপন করা হইয়াছে, এবং গোশাবক সমূহ নব রঞ্জু দ্বারা দৃঢ়ভাবে বস্থন করা হইয়াছে। গোশাবকেরাও তাহা ছিনু করিতে অক্ষম। হে মেঘদেব! যদি অভিলাষ হয় এখন বর্ণণ কর।

২৯। উসভোরিব ছেতুং^২ বন্ধনানি, [ইতি ভগবা]
নাগো পৃতিলতং বা দালয়িত্বাং^৩।

নাহং পুনুপেস্সং গবত্তসেয়ং^৪, অথ চে পথযসী পবস্স দেব। ১২

অনুবাদ ৭ ভগবান বলিলেন,- আমি বলবান ধাঁড়ের ন্যায় বন্ধন ছিনু করিয়াছি; হস্তীর ন্যায় গুলুলতা পদদলিত করিয়াছি। আমি আর গর্তশয়ে প্রবেশ করিব না। হে মেঘদেব! যদি অভিলাষ হয় এখন বর্ণণ কর।

৩০। নিনুঞ্চ থলঞ্চ পূর্বস্তো, মহামেঘো পবস্সি তাবদেব,
সুত্বা দেবস্স বস্সতো, ইমমথং ধনিয়ো অভাসথ। ১৩

^১ - ছেতুং (ক),

^২ - ছেতুং (স্যা-ক)

^৩ - পৃতিলতং পদালয়িত্বা (স্যা-ক)

^৪ - পুনুপেস্সং (সী-স্যা-ক-ই) পুনুপেয়-(ক)।

অনুবাদ : অতঃপর ভগবান এইরূপ বলিবার সাথে সাথে মহামেষ প্রবল বারি বর্ণ করিবার ফলে জলশূন্য নিম্নভূমি পুনরায় জলেতে পূর্ণ হইল। এইরূপ বারি বর্ণণের শব্দ শুনে গোপালক ধনিয় বলিলেন।

৩১। লাভা বত নো অনস্পকা, যে ম্যাং ভগবন্তং অদসাম,

সরণং তৎ উপেম চক্রখুম, স্থা নো হোহি তুবং মহামুনি। ১৪

অনুবাদ : ভগবানের সাক্ষাতে আমাদের যে উপার্জন হইল তা নিতান্ত অঞ্চল নহে। হে চক্রশান! আমরা আপনার শরণে উপনীত হইতেছি। হে মহামুনি! আপনিই আমাদের শান্তা হউন।

৩২। গোপী চ অহংক অস্সবা, ব্রহ্মচরিযং^১ সুগতে চরামসে,

জাতি মরণস্স পারগু^২, দুক্খস্মষ্টকরা ভবামসে। ১৫

অনুবাদ : গোপী এবং আমি, আপনার যথা আদেশ মান্যকারী; আমরা সুগতের নিকটে ব্রহ্মচর্য আচরণ করিব, এবং জন্ম-মৃত্যুকে অতিরুম করিয়া দুঃখের অন্তসাধন করিব।

৩৩। নন্দতি পুণেহি পুত্রিমা, [ইতি মারো পাপিমা] গোমা গোহি তথেব নন্দতি,

উপধী হি নরস্স নন্দনা, ন হি সো নন্দতি যো নিরূপধি। ১৬

অনুবাদ : পাপিষ্ঠ মার আসিয়া বলিল— পুত্রবান ব্যক্তি পুত্র হইতে সন্তোষ অর্জন করে। গান্তী মালিক অনুরূপভাবে গান্তী হইতে সন্তোষ লাভ করিয়া থাকে। উপাধিই (দেহ) সাধারণ মানুষের আনন্দদায়ক; উপাধিহীন সাধারণ মানুষের আনন্দ নাই।

৩৪। সোচতি পুণেহি পুত্রিমা, [ইতি ভগবা] গোপিযো গোহি তথেব সোচতি,

উপধী হি নরস্স সোচনা, ন হি সো সোচতি যো নিরূপধীতি। ১৭

অনুবাদ : ভগবান বলিলেন,— ‘পুত্রবানের পুত্র হইতেই শোক উৎপন্ন হয়। গান্তীর মালিকও অনুরূপভাবে গান্তী হইতে শোক প্রাপ্ত হয়। উপাধিই সকল মানুষকে শোকগ্রস্ত করে; উপাধিহীন মানুষের শোকও নাই।

ধনিয় সূত্র সমাপ্ত।

— — O — —

^১— ব্রহ্মচরিয় (ক)

^২— পারগা (সী-স্যা-কং-ই)

৩। খগ্গবিসাগ সুস্থং-খড়গবিষাণ সুত্র

৩৫। সরেসু ভৃত্যেসু নিধায দন্তং, অবিহেষ্টবৎ অগ্রগ্রওতরম্পি তেসং,
ন পুন্তমিছেয কৃতো সহাযং, একো চরে খগ্গবিসাগকপ্পো । ১

অনুবাদ : সকল প্রাণীর প্রতি দয়াপরবশ হইয়া দণ্ড ত্যাগ করিবে; কাহারও
ক্ষতি সাধন করিবে না। পুত্রও ইচ্ছা করিবে না, সঙ্গী তো কথাই নাই।
খড়গবিষাণ তথা গঙ্গারের ন্যায একাকী বিচরণ করিবে।

৩৬। সংস্কৃজাতস্ম ভবন্তি স্নেহা, স্নেহবৎ দুর্ক্ষমিদং পহোতি,
আদীনবৎ স্নেহজং পেক্খমানো, একো চরে খগ্গবিসাগকপ্পো । ২

অনুবাদ : সংসর্গ হইতে স্নেহ-ভালবাসা উৎপন্ন হয়। আর স্নেহ-ভালবাসা
হইতে দুঃখ উৎপন্ন হয়। স্নেহ-ভালবাসা হইতে উৎপন্ন আদীনব বা উপদ্রব
অবলোকন পূর্বক; খড়গবিষাণ তথা গঙ্গারের ন্যায একাকী বিচরণ করিবে।

৩৭। মিত্রে সুহজ্জে অনুকম্পমানো, হাপেতি অথৎ পটিবৰ্ধচিত্তো,
এতৎ ভবৎ সহবে^১ পেক্খমানো, একো চরে খগ্গবিসাগকপ্পো । ৩

অনুবাদ : সুহৃদয মিত্রদের প্রতি সহানুভূতিশীল হইয়া যখন চিত্ত ভালবাসায
আবন্ধ হয় তখন সে নিজের কল্যাণ ভুলিয়া যায়। মিত্রদের মধ্যে ভয়
অবলোকন পূর্বক; খড়গবিষাণ তথা গঙ্গারের ন্যায একাকী বিচরণ করিবে।

৩৮। বংসো বিসালো যথা বিসত্তো, পুন্তেসু দারেসু চ যা অপেক্খা,
বংসকলীরোব^২ অসংজমানো, একো চরে খগ্গবিসাগকপ্পো । ৪

অনুবাদ : স্ত্রী ও পুত্রের চিন্তা বিপুল সুবিশাল বাঁশের (বৃক্ষের) সদৃশ। তাই
অসংবন্ধ বাঁশের বোঝা মত একাকী খড়গবিষাণ তথা গঙ্গারের ন্যায একাকী
বিচরণ করিবে।

৩৯। মিগো অরঞ্জঞ্মহি যথা অবদেৰা, যেনিছকং গচ্ছতি গোচরায়,
বিঞ্ঞে নরো সেরিতৎ পেক্খমানো, একো চরে খগ্গবিসাগকপ্পো । ৫

অনুবাদ : মৃগ যেমন অরণ্যে বন্ধন মুক্ত অবস্থায আহারের নিমিত্ত যথেচ্ছা
গমন করে, তেমনি জ্ঞানী ব্যক্তিও স্বাধীনতার কথা চিন্তা করিয়া; খড়গবিষাণ
তথা গঙ্গারের ন্যায একাকী বিচরণ করিবে।

^১ - সম্বন্ধবে (ক)

^২ - বংসকলীরোব (সী)। বংসাকলীরোব (স্যা-কৎ-ই)। বংসেকলীরোব (নিদেস)।

৪০। আমন্ত্রনা হোতি সহায়মঙ্গলে, বাসে ঠানে গমনে চারিকায়,

অনভিজ্ঞতং সেরিতৎ পোকখমানো, একো চরে খগ্গবিসাণকপ্পো । ৬

অনুবাদ : বন্ধু-বন্ধবদের মধ্যে আমন্ত্রিত হইয়া অবস্থানকালে, দাঁড়ানে, গমনে, উপবেশনে, পর্যটনে সকল অবস্থাতে লোভহীন হইয়া, স্বাধীনতার কথা চিন্তা করিয়া; খড়গবিষ্যাণ তথা গণ্ডারের ন্যায় একাকী বিচরণ করিবে ।

৪১। খিজ্জা রত্তি হোতি সহায়মঙ্গলে, পুত্রেসু চ বিপুলং হোতি পেমং,

পিয়বিপ্যোগং বিজিগুচ্ছমানো, একো চরে খগ্গবিসাণকপ্পো । ৭

অনুবাদ : বন্ধু-বন্ধবদের সহিত আমোদ-প্রমোদে রত হইলে অনুরাগ উৎপন্ন হয়; পুত্রে বিপুল প্রেমের উৎপত্তি হয়। প্রিয়-বিয়োগ অবধারিত; ইহা জনিয়া, খড়গবিষ্যাণ তথা গণ্ডারের ন্যায় একাকী বিচরণ করিবে ।

৪২। চাতুর্দিসো অপ্পটিয়ো চ হোতি, সমৃস্মানো ইতরীতরেন,

পরিস্ময়নং সহিতা অচ্ছন্নী, একো চরে খগ্গবিসাণকপ্পো । ৮

অনুবাদ : চতুর্দিকে অহিংসাপ্রায়ণ হইয়া, যাহা পায় তাহাতে সন্তুষ্ট হইয়া, বিপাদ উপস্থিত হইলে নিভীক চিত্তে তাহা অতিক্রম করিয়া; খড়গবিষ্যাণ তথা গণ্ডারের ন্যায় একাকী বিচরণ করিবে ।

৪৩। দুস্সজ্ঞাহ পরজিতাপি একে, অথো গহট্টা ঘরমাবসন্তা,

অশ্পোস্মুকো পরপুত্রেসু হুত্তা, একো চরে খগ্গবিসাণকপ্পো । ৯

অনুবাদ : প্রত্রজ্যিতগণ বন্ধু সংগ্রহ করিয়া এবং পরপুত্রে অল্প আগ্রহী গৃহবাসীর মতো খড়গবিষ্যাণ তথা গণ্ডারের ন্যায় একাকী বিচরণ করিবে ।

৪৪। ওরোপয়িত্তা গিহিব্যঞ্জনানি^১ সঞ্চিন্নপত্তো যথা কোবিলারো,

ছেত্তান বীরো শিহি বন্ধনানি, একো চরে খগ্গবিসাণকপ্পো । ১০

অনুবাদ : বীর ব্যক্তি, পাতাহীন কাঞ্চন-বৃক্ষের ন্যায় গৃহীলক্ষণ সমূহ পরিত্যাগ এবং গৃহীবন্ধন সমূহ ছিন্ন করিয়া; খড়গবিষ্যাণ তথা গণ্ডারের ন্যায় একাকী বিচরণ করিবে ।

৪৫। সচে লভেথ নিপকং সহায়ৎ, সম্বিং চরং সাধু বিহারী ধীরং,

অভিভুয় সক্রানি পরিস্মযানি, চরেয় তেন স্তৰনো সতীমা । ১১

অনুবাদ : শৃতিমান ব্যক্তি যদি জ্ঞানী বন্ধু, কিংবা সাধু বিহারী ধীর সঙ্গী লাভ কর; তাহা হইলে সকল প্রকার আপদ-বিপদ অতিক্রম করিয়া সন্তুষ্ট চিত্তে তাঁহার সহিত বিচরণ করিবে ।

^১ গীহিব্যঞ্জনানি (স্যা-কং-ই)

- ৪৬। নো চে লভেথ নিপকৎ সহায়ং, সন্ধিৎ চরৎ সাধু বিহারী ধীরং,
রাজাব রট্টং বিজিতং পহায, একো চরে মাতঙ্গ' রঞ্জেব নাগো । ১২
অনুবাদ ৪ যদি জ্ঞানী বন্ধু, কিংবা সাধু বিহারী ধীর সঙ্গী তিনি লাভ না
কর; তাহা হইলে রাজার বিজিত রাষ্ট্র ত্যাগের ন্যায় এবং অরণ্যে একাহারি
হণ্ডী বিচরণের ন্যায় একাকী বিচরণ করিবে ।
- ৪৭। অন্ধা পসংসাম সহায সম্পদং, সেট্ঠা সমা সেবিতক্বা সহায়া,
এতে অলন্ধা অনবজ্জতোজী, একো চরে খগ্গবিসাগকপ্পো । ১৩
অনুবাদ ৪ সহায় সম্পদ বা মিত্র সম্পদের অবশ্যই প্রশংসা করিব। তাই
নিজের ন্যায় অথবা নিজের চেয়ে শ্রেষ্ঠ মিত্রকে সঙ্গী করা কর্তব্য। যদি তদুপ
মিত্র পাওয়া না যায় তবে উৎকৃষ্ট ভোজী বা নিষ্পাপ জীবন-যাপনে উৎসাহী
হইয়া; খড়গবিষাণ তথা গড়ারের ন্যায় একাকী বিচরণ করিবে ।
- ৪৮। দিষ্মা সুবণ্ণস্স পতস্সরানি, কম্বার পুত্রেন সুনিট্টিতানি,
সংঘটমানানি দুবে ভুজস্মিৎ, একো চরে খগ্গবিসাগকপ্পো । ১৪
অনুবাদ ৪ স্বর্ণকার পুত্র কর্তৃক সুনির্মিত প্রভাস্বর স্বর্ণালংকার দুইখানি একই
থাতে ধারণ করিলে একে অন্যকে আঘাত করে; ইহা দর্শন করিয়া খড়গবিষাণ
তথা গড়ারের ন্যায় একাকী বিচরণ করিবে ।
- ৪৯। এবৎ দুতীয়েন^১ সহা মমস্ম, বাচাভিলাপো অভিসজ্জনা বা,
এতৎ ভয়ং আযতিং পেক্খমানো, একো চরে খগ্গবিসাগকপ্পো । ১৫
অনুবাদ ৪ এইরূপে, আমি দ্বিতীয় অন্য কোন সঙ্গীর সহিত অতি বাক্যালাপ
করিলে অনাগতে বাদ-বিবাদ এবং মনোমালিন্য সৃষ্টি হইতে পারে; এই ভয়
দর্শন করিয়া; খড়গবিষাণ তথা গড়ারের ন্যায় একাকী বিচরণ করিবে ।
- ৫০। কামা হি চিত্রা মধুরা মনোরমা, বিরূপরূপেন মথেন্তি চিন্তং,
আদীনবৎ কামগুণেসু দিষ্মা, একো চরে খগ্গবিসাগকপ্পো । ১৬
অনুবাদ ৪ বিচিত্র, মধুর, মনোহর কামই বিরূপরূপ ধারণ করিয়া চিন্তকে
গীড়িত করে। পঞ্চকামগুণের এই উপদ্রব দর্শন করিয়া; খড়গবিষাণ তথা
গড়ারের ন্যায় একাকী বিচরণ করিবে ।
- ৫১। দ্বিতী চ গন্ডো চ উপদ্বো চ, রোগো চ সলুঞ্চ ভয়ঞ্চ মেতৎ,
এতৎ ভয়ং কামগুণেসু দিষ্মা, একো চরে খগ্গবিসাগকপ্পো । ১৭

^১ - দুতীয়েন (সরবরাথ)

অনুবাদঃ এই পঞ্চকামগুণে দুঃখ, ভয়, উপদ্রব, রোগ, শোক, অমঙ্গল, আপদ-বিপদ, কষ্টক ও বন্ধন বিদ্যমান। তাই এই পঞ্চকামগুণে ভয় দর্শন করিয়া; খড়গবিষাণ তথা গঙ্গারের ন্যায় একাকী বিচরণ করিবে।

৫২। সীতাং উণ্হঞ্চ খুদং পিপাসং, বাতাতপে ডংস সরীসপে^১ চ,

সর্বনিপেতানি অভিসন্তব্ধিত্বা, একো চরে খগ্গবিসাগকপ্পো। ১৮

অনুবাদঃ শীত, উষ্ণ, স্নুধা, পিপাসা, বায়ু, তাপ, ডঁশ, মশা এবং সরীসৃপ এই সকলকে জয় করিয়া; খড়গবিষাণ তথা গঙ্গারের ন্যায় একাকী বিচরণ করিবে।

৫৩। নাগো ব যুথানি বিবজ্জিত্বা, সংজ্ঞাতথম্বো পদুমী উলারো,

যথাভিরন্তং বিহুরং^২ অরঞ্জেং, একো চরে খগ্গবিসাগকপ্পো। ১৯

অনুবাদঃ উৎকৃষ্ট পদুমা বংশজাত বৃহদকায় হন্তী যেমন হন্তীপাল ত্যাগ করে অরণ্যে যথাভিরূচি বিচরণ করিয়া থাকে; তেমনি খড়গবিষাণ তথা গঙ্গারের ন্যায় একাকী বিচরণ করিবে।

৫৪। অট্ঠানতং সজ্জণিকারতস্স, যং ফস্সয়ে^৩ সাময়িকং বিমুক্তিং,

আদিচক্রবন্ধুস্স বচো নিসম্ম, একো চরে খগ্গবিসাগকপ্পো। ২০

অনুবাদঃ এই অবস্থানে সমাজানুরাগী হইয়া সাময়িক বিমুক্তি লাভ করিবার চাইতে, আদিত্য বন্ধু বা সূর্য বৎশে উৎপন্ন বুন্দের বাক্য শ্মরণ করিয়া; খড়গবিষাণ তথা গঙ্গারের ন্যায় একাকী বিচরণ করিবে।

৫৫। দিট্টী বিস্কুনি উপাতিবন্তো, পত্তো নিয়ামং পটিলন্ধমগ্নগো,

উপ্সন্ন-এণ্ণাগোমহি অনঞ্চ-ওনেয়ো, একো চরে খগ্গবিসাগকপ্পো। ২১

অনুবাদঃ নিজের মধ্যে উৎপন্ন জ্ঞানে মিথ্যাদৃষ্টি এবং আমোদ-প্রমোদ দৃশ্যাদি দর্শন হইতে নিজেকে মুক্ত রাখিয়া লক্ষ সম্যক্ মার্গ আত্মজীবনে ধারণ করিয়া; খড়গবিষাণ তথা গঙ্গারের ন্যায় একাকী বিচরণ করিবে।

৫৬। নিলোলুপো নিলুহো নিপিপাসো, নিষ্মক্খো নিষ্মতকসাবমোহো,

নিরাসয়ো^৪ সর্বলোকে ভবিত্বা, একো চরে খগ্গবিসাগকপ্পো। ২২

^১ - ডংসসিরিংসপে (সী- স্যা- কং- ই)

^২ - বিহুরে (সী- ই- নিদেস)

^৩ - ফুস্সয়ে (সা)

^৪ - নিরাসাসো (ক)

অনুবাদ : লোলুপতাহীন, প্রবক্ষনাহীন, ত্রঞ্চাহীন, অশ্বিতাহীন, আত্মাঘাহীন, অজ্ঞানতামুক্ত এবং সকল লোকে আসক্তিহীন হইয়া; খড়গবিষ্যাণ তথা গঙ্গারের ন্যায় একাকী বিচরণ করিবে।

৫৭। পাপং সহাযং পরিবজ্জ্যেথ, অনথদস্সিং বিসমে নিবিট্টং,

সহং ন সেবে পসুতং পমন্তং, একো চরে খণ্গবিসাণকপ্পো। ২৩

অনুবাদ : দুঃখসৃষ্টিকারী, ভেদ সৃষ্টিকারী, পাপমিত্র পরিবর্জন করিবে। আবৎ আত্মপ্রসূত প্রমন্ডতা উপভোগ না করিয়া; খড়গবিষ্যাণ তথা গঙ্গারের ন্যায় একাকী বিচরণ করিবে।

৫৮। বহুস্সুতং ধৰ্মধরং ভজেথ, মিন্তং উলারং পটিভানবন্তং,

অগ্রেয় অথানি বিনেয় কঙ্খং, একো চরে খণ্গবিসাণকপ্পো। ২৪

অনুবাদ : বহুশুত, ধৰ্মধর, বৃদ্ধিমান, মহৎ ও প্রজ্ঞাবান মিত্রের ভজনা কার্যবে। এবং আত্মহিত, আত্মমঙ্গল শিক্ষা করিয়া সকল প্রকার সম্মেহ পরিহার পূর্বক; খড়গবিষ্যাণ তথা গঙ্গারের ন্যায় একাকী বিচরণ করিবে।

৫৯। খিঙ্গং রতিং কামসুধৎও লোকে, অনলঙ্করিত্বা অনপেক্খমানো,

বিভূমনট্টান বিরতো সচ্চবাদী, একো চরে খণ্গবিসাণকপ্পো। ২৫

অনুবাদ : ইহলোকে ক্রীড়ানুরাগ ও কামসুখে বিরাগী হইয়া বিবিধ প্রকার অলঙ্গারে অলঙ্কৃত বিবিধ প্রকার সাজসজ্জাদি বিভূষণ হইতে বিরত এবং সত্যবাদী হইয়া; খড়গবিষ্যাণ তথা গঙ্গারের ন্যায় একাকী বিচরণ করিবে।

৬০। পুন্তঃ দারং পিতৃঃ মাতৃং, ধনানি ধ্বংগ্রানি চ বন্ধবানি^১,

হিত্তান কামানি যথোধিকানি, একো চরে খণ্গবিসাণকপ্পো। ২৬

অনুবাদ : মাতা-পিতা, শ্রী-পুত্র, ধন-ধান্য, বন্ধু-বন্ধবাদি এবং বিবিধ মকার কামনা-বাসনা পরিত্যাগ করিয়া; খড়গবিষ্যাণ তথা গঙ্গারের ন্যায় একাকী বিচরণ করিবে।

৬১। সঙ্গো এসো পরিশ্রমেথ সোখ্যং, অপ্পস্মাদো দুক্খমেথ ভিয়ো,

গলো এসো ইতি গ্রংত্ব মতীমা^২, একো চরে খণ্গবিসাণকপ্পো। ২৭

অনুবাদ : এই মিলন ক্ষণিকসুখ উৎপাদক; অতি অল্প আম্বাদসম্পন্ন এবং অনাগতে দুঃখসৃষ্টিকারী। জ্ঞানী ব্যক্তি ইহা জ্ঞাত হইয়া; খড়গবিষ্যাণ তথা গঙ্গারের ন্যায় একাকী বিচরণ করিবে।

^১ বন্ধবানি চ (ই)

^২ মুঠীমা (ক)

- ৬২। সন্দালয়ত্তান^১ সংযোজনানি, জালং ব ভেত্তা সলিলমুচারী,
অগ্রীব দড়চৎ অনিবশ্মানো, একো চরে খগ্গবিসাণকপ্পো । ২৮
অনুবাদ ৪ জলে বিচরণৰত যৎস্য যেমন জাল ভেদ কৱিয়া পুনঃ জালেৱ
মধ্যে এবং অগ্নি যেমন দগ্ধ স্থানে প্ৰত্যাবৰ্তন কৱে না; তেমনি সকল সংযোজন
বা বন্ধন ছিনু কৱিয়া; খড়গবিষাণ তথা গড়াৱেৱ ন্যায় একাকী বিচৰণ
কৱিবে ।
- ৬৩। ওক্খিন্দচক্যু নচ পাদলোলো, গুভিন্দিযো রক্খিতমানসানো,
অনবস্মৃতো অপরিড্যহমানো, একো চৱে খগ্গবিসাণকপ্পো । ২৯
অনুবাদ ৪ লোলুপতাহীন, অধোচক্ষু, ইন্দ্ৰিয় সমূহে সংযত, অপ্রমত্ত চিন্ত,
বাসনাশূন্য এবং মনস্তাপহীন হইয়া; খড়গবিষাণ তথা গড়াৱেৱ ন্যায় একাকী
বিচৰণ কৱিবে ।
- ৬৪। ওহারযিত্তা গিহিব্যঞ্জনানি, সঞ্চনপত্তো^২ যথা পারিষ্ঠেন্তো,
কাসায়বথো অভিনিকখমিত্তা, একো চৱে খগ্গবিসাণকপ্পো । ৩০
অনুবাদ ৪ ছিনুপত্র পৱিজাত বৃক্ষেৱ ন্যায় সমষ্ট গৃহীঅনুব্যঞ্জন বা লক্ষণ
পৱিত্যাগ কৱিয়া, কাষায়বসন বা চীৱৰ পৱিধান কৱিয়া গৃহ হইতে নিষ্ক্ৰমণ
পূৰ্বক; খড়গবিষাণ তথা গড়াৱেৱ ন্যায় একাকী বিচৰণ কৱিবে ।
- ৬৫। রসেনু গেধৎ অকৱৎ অলোলো, অনওওপোসী সপদানচারী,
কুলে কুলে অপ্পটিবন্ধচিত্তো^৩, একো চৱে খগ্গবিসাণকপ্পো । ৩১
অনুবাদ ৪ আআপোষণকাৰী সাপাদানচারীক ভিক্ষু সুস্থাদু রস বা আহাৰ্য
দ্রব্যেৱ প্ৰতি লোভ উৎপন্ন না কৱিয়া, অলোভ চিন্ত সম্পন্ন হইয়া এবং গৃহী
কুলেৱ প্ৰতি অপ্রতিবন্ধ চিন্ত সম্পন্ন হইয়া; খড়গবিষাণ তথা গড়াৱেৱ ন্যায়
একাকী বিচৰণ কৱিবে ।
- ৬৬। পহায় পঞ্চাবৱণানি চেতসো, উপক্ষিলেসে ব্যপনুজ্জ সৰেৱে,
অনিস্সিতো ছেত্তা^৪ সিনেহদোসং^৫, একো চৱে খগ্গবিসাণকপ্পো । ৩২

^১ – পদালয়ত্তান (ক)
^২ – সঞ্চনপত্তো (স্যা- ই)। পচিনুপত্তো (ক)
^৩ – অপ্পটিবন্ধচিত্তো (ক)
^৪ – ছেত্তা (স্যা- ই- ক)
^৫ – স্নেহদোসং (ক)

অনুবাদ : চিত্তের পঞ্চনীবরণ পরিত্যাগ করিয়া, সকল উপক্রেশ বর্জন করিয়া সকল স্নেহ-মমতা পরিহার পূর্বক অনাসন্ত হইয়া; খড়গবিষ্যাণ তথা গড়ারের ন্যায় একাকী বিচরণ করিবে।

৬৭। বিপিট্টিকত্তান সুখৎ দুকখৎ, পুর্বেব চ সৌমনস্স দোমনস্সৎ,
লন্ধানুপেক্খৎ সমথৎ বিসুম্বৎ, একো চরে খগ্গবিসাণকপ্পো। ৩৩

অনুবাদ : পূর্বের সমস্ত সুখ-দুঃখ এবং সৌমনস্য দৌর্মনস্য বর্জন পূর্বক চিন্ত ছিরতা লাভ করিয়া বিশুদ্ধ, পবিত্র ও অনাসন্তভাব আনয়ন করিয়া; খড়গবিষ্যাণ তথা গড়ারের ন্যায় একাকী বিচরণ করিবে।

৬৮। আরন্ধবীরিযো পরমথপত্তিযা, অলীনচিত্তো অকুসীতবুত্তি,
দলহ নিকমো থামবলূপন্নো, একো চরে খগ্গবিসাণকপ্পো। ৩৪

অনুবাদ : পরমার্থ (নির্বাণ) প্রাপ্তির জন্যে আরন্ধ বীর্যবান হইয়া; অলীনচিত্ত থা অনাসন্ত চিন্ত হইয়া; অপ্রমত্ত ভাবে দৃঢ় পরাক্রমতার সহিত দুর্দমনীয় শক্তি উৎপন্ন করিয়া; খড়গবিষ্যাণ তথা গড়ারের ন্যায় একাকী বিচরণ করিবে।

৬৯। পটিসন্নানং ঝানমরিষ্মানো, ধম্মেসু নিচৎ অনুধামচারী,
আদীনবৎ সম্মিতা ভবেসু, একো চরে খগ্গবিসাণকপ্পো। ৩৫

অনুবাদ : ভবে আদীনব বা উপদ্রব উপলব্ধি করিয়া, সদা-সর্বদা ধর্মানুশাসন অনুযায়ী আত্ম জীবন গঠন পূর্বক নির্জনে ধ্যান-সাধনায় আত্মানিয়োগ করে; খড়গবিষ্যাণ তথা গড়ারের ন্যায় একাকী বিচরণ করিবে।

৭০। তণ্হকখৎৎ পথযমপ্পমত্তো, অনেলমূগো^১ সুতবা সতীমা,
সঙ্গাতধম্মো নিয়তো পধানবা, একো চরে খগ্গবিসাণকপ্পো। ৩৬

অনুবাদ : তৃষ্ণাক্ষয়ে ইচ্ছুক, অপ্রমত্ত, সুমধুর কষ্টধারী, শ্রুতবান, পৃতিমান, ধর্মগবেষক সংযত ও উদামশীল হইয়া; খড়গবিষ্যাণ তথা গড়ারের ন্যায় একাকী বিচরণ করিবে।

৭১। সীহোব সদেসু অসন্তসন্তো, বাতোব জালমহি অসঙ্গমানো,
গদুমৎব তোয়েন অলিপ্পমানো^২, একো চরে খগ্গবিসাণকপ্পো। ৩৭

অনুবাদ : সিংহ যেমন যে কোন শব্দ শ্রবণে ভয়ে কম্পিত হয় না; জালে যেমন বাতাস আবদ্ধ হয় না; পদ্মফুল যেমন জলের সাথে লিপ্ত হয় না; তেমনি খড়গবিষ্যাণ তথা গড়ারের ন্যায় একাকী বিচরণ করিবে।

^১ অনেলমূগো (স্যা-ই-ক)

^২ অলিপ্পমানো (সী-স্যা-ক)

৭২। সীহো যথা দাঠবলী পসয়হ, রাজা মিগানং অভিভুয় চারী,

সেবেথ পন্নানি সেনাসনানি, একো চরে খগ্গবিসাগকপ্পো । ৩৮

অনুবাদ ৪ দন্তশক্তিসম্পন্ন শিংহে যেমন বল প্রয়োগে মৃগদের আয়ত্ত করিয়া রাজারূপে বিচরণ এবং নির্জন, নিরূপদ্রব শয়নাসন উপভোগ করিয়া থাকে; তেমনি, খড়গবিষ্যাণ তথা গঙ্গারের ন্যায় একাকী বিচরণ করিবে ।

৭৩। মেত্তং উপেক্খং করুণং বিমুক্তিং, আসেবমানো মুদিতং কালে,

সর্বেন লোকেন অবিরুদ্ধমানো, একো চরে খগ্গবিসাগকপ্পো । ৩৯

অনুবাদ ৫ মৈত্রী, করুণা, মুদিতা, উপেক্ষা ও বিমুক্তি এই সকল পুনঃ পুনঃ অনুশীলন করিয়া সমস্ত জগতে কাহারো সহিত বিরুন্ধবাদী না হইয়া; খড়গবিষ্যাণ তথা গঙ্গারের ন্যায় একাকী বিচরণ করিবে ।

৭৪। রাগং দোসং পহায মোহং, সন্দালবিত্তান সংযোজনানি,

অসম্ভসং জীবিত সঙ্গয়মহি, একো চরে খগ্গবিসাগকপ্পো । ৪০

অনুবাদ ৬ রাগ, দ্বেষ, মোহ পরিত্যাগ করিয়া সকল সংযোজন বা বন্ধন ছেদন পূর্বক এই নশ্বর জীবনে নিভীক হইয়া; খড়গবিষ্যাণ তথা গঙ্গারের ন্যায় একাকী বিচরণ করিবে ।

৭৫। ভজন্তি সেবন্তি চ কারণথা, নিক্কারণ দুন্নতা অঙ্গ মিতা,

অন্তর্ট্ত পঞ্চঞ্চ অসুচী মনুস্সা, একো চরে খগ্গবিসাগকপ্পো । ৪১

অনুবাদ ৭ পাপিষ্ঠ মানুষেরা স্থার্থবাদী হইয়া, কিছু লাভ করিবার উদ্দেশ্যে ভজনা, সেবা, পরিচর্যা করিয়া থাকে। বর্তমানে উদ্দেশ্যহীন নিত্যে লাভ করা দুর্ভূত। তাই, খড়গবিষ্যাণ তথা গঙ্গারের ন্যায় একাকী বিচরণ করিবে ।

খড়গবিষ্যাণ সূত্র সমাপ্ত ।

— — — O — — —

৪। কসিভারদ্বাজ সুতৎ- কসিভারদ্বাজ সূত্র

এবং মে সুতৎ- একৎ সময়ৎ ভগবা মগধেসু বিহুরতি দক্খিণাগিরিশ্চিং^১ একনালয়ৎ ব্রাহ্মণ গামে। তেন খো পন সময়েন কসিভারদ্বাজস্স ব্রাহ্মণস্স পদ্মমন্তানি নঙ্গলসতানি পযুভানি হোন্তি বপ্পকালে। অথ খো ভগবা পুরুণহ সময়ৎ নিবাসেত্তা পশ্চীবরমাদায যেন কসিভারদ্বাজস্স ব্রাহ্মণস্স কমন্তো তেনুপসজ্ঞমি। তেন খো পন সময়েন কসিভারদ্বাজস্স ব্রাহ্মণস্স পরিবেসনা ঘটতি। অথ খো ভগবা যেন পরিবেসনা তেনুপসজ্ঞমি, উপসজ্ঞমিত্তা একমন্তৎ অট্টাসি।

অনুবাদ ৪ আমি এইুপ শুনিয়াছি- এক সময়ে ভগবান মগধরাজ্যে দক্ষিণ গিরির একনালা নামক ব্রাহ্মণগ্রামে অবস্থান করিতেছিলেন। তখন ব্রাহ্মণ কসিভারদ্বাজের ক্ষেত্রে বীজ বপন সময়ে পাঁচশত লাঙ্গাল নিযুক্ত হইত। অতঃপর, ভগবান চীবর পরিধান করিয়া, পাত্র ও চীবর গ্রহণপূর্বক দিনের শুধুমতাগে কসিভারদ্বাজের কার্যক্ষেত্রে গমন করিলেন। সেই সময় ব্রাহ্মণ কসিভারদ্বাজের খাদ্য পরিবেশন চলিতেছিল। অতঃপর, ভগবান খাদ্য পরিবেশনের স্থানে গিয়া একপার্শ্বে দাঁড়াইলেন।

অদসা খো কসিভারদ্বাজো ব্রাহ্মণো ভগবন্তৎ পিণ্ডায ঠিতৎ। দিষ্মান ভগবন্তৎ এতদবোচ- “অহং খো সমণ কসামি চ বপামি চ, কসিত্তা চ বপিত্তা ভুঞ্জামি। অহিস্পি সমণ, কসুসু চ বপ্পস্সু চ, কর্সিত্তা চ বপিত্তা চ ভুঞ্জস্সু”তি।

অনুবাদ ৫ কসিভারদ্বাজ ব্রাহ্মণ ভগবানকে পিণ্ডের জন্য দাঁড়ানাবস্থায দেখিয়া গৃহাকে বলিলেন-

“হে শ্রমণ, আমি কর্ষণ ও বপন করি। ঐভাবে কর্ষণ ও বপন করিয়া খাদ্য সংগ্রহ করি। শ্রমণ, আপনিও কর্ষণ আৱ বপন করিয়া জীবিকা – নির্বাহে নিযুক্ত ইউন।”

“অহিস্পি খো ব্রাহ্মণ, কসামি চ বপামি চ, কসিত্তা চ বপিত্তা চ ভুঞ্জামীতি”। ম খো পন ময়ৎ^২ পস্সাম ভোতো গোতমস্স যুগং বা নঙ্গালং বা ফালং বা পাচনং বা বলীবদ্দে^৩ বা। অথ চ পন ভগবন্তৎ গোতমো এবমাহ “অহিস্প খো ব্রাহ্মণ কসামি চ বপামি চ, কসিত্তা চ বপিত্তা চ ভুঞ্জামী”তি।

^১ - দক্খিণাগিরিশ্চিং (ক)

^২ - ন খো পন সমণ (স্যা)

^৩ - বলীবদ্দে (সী-ই)

অথ খো কসিভারদ্বাজো ব্রাহ্মণো ভগবত্তৎ গাথায় অজ্ঞাতাসি-

অনুবাদ ৪ : ভগবান বলিলেন- “হে ব্রাহ্মণ, আমিও কর্ষণ আর বপন করিয়া খাদ্য যোগাড় করি।” ব্রাহ্মণ বলিলেন- “কিন্তু আমরা শ্রদ্ধেয় গৌতমের জোয়াল, লাঙ্গাল, ফাল, ঘষ্টি, বলদ কিছুই দেখিতেছি না; অথচ শ্রদ্ধেয় গৌতম বলিলেনঃ- ‘ব্রাহ্মণ, আমিও কর্ষণ আর বপন করিয়া খাদ্য যোগাড় করি।’” তৎপরে কসিভারদ্বাজ ব্রাহ্মণ ভগবানকে নিবেদন করিলেন-

৭৬। কস্সকো পটিজানাসি, ন চ পস্সাম তে কসিং,

কসিং নো পুছিতো ব্ৰহ্মি, যথা জানেমু তে কসিং। ১

অনুবাদ ৫ : ‘কৃষক বলিয়া আপনি জানাইতেছেন, কিন্তু আমরা আপনার কৃষিকার্য দেখিতেছি না; আমাদের জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর দিন, যাহাতে আমরা আপনার কৃষিকার্য জানিতে সক্ষম হই।’

৭৭। সন্ধাবীজং তপো বুট্টি, পঞ্চগ্ৰহং মে যুগনঞ্জালং,

হিৱী ঈসা মনো যোত্তৎ, সতি মে ফালপাচনং। ২

অনুবাদ ৬ : উত্তরে ভগবান বলিলেন- ‘আমার বীজ হইল ‘শুন্দৰা’, ‘সাধনা’ হইল বৃষ্টি, ‘প্ৰজ্ঞা’ যুগ ও লাঙ্গাল, ‘বিনয়’ হইল দৈষ, ‘মন’ আমার জোয়াল-বন্ধনী এবং ‘স্মৃতি’ হইল আমার ফাল ও ঘষ্টি।

৭৮। কায়গুন্তো বচীগুন্তো, আহারে উদরে যতো,

সক্তং করোমি নিদানং, সোৱচং মে পমোচনং। ৩

অনুবাদ ৭ : আমি কায় কর্মে সংযত, বাক্য ব্যয়ে সংযত, এবং তোজনে মাত্রাঙ্গ হইয়া সমস্ত বন্ধন ছেদন করিয়া সত্যে প্রতিষ্ঠিত হই। এবং সংযমই আমার প্রমোচন বা দুঃখমুক্তি।

৭৯। বীরিযং মে ধূৱ ধোৱযহং, যোগক্ষেমাধিবাহনং,

গচ্ছতি অনিবন্ত্তং, যথ গন্তা ন সোচতি। ৪

অনুবাদ ৮ : বীর্যই আমার ভারবাহী বলবান বৃষ যুগলের ন্যায় হয়ে যোগক্ষেম নির্বাণে উপনীত করে। যথায় গমন করিয়া অনুশোচনা, মনস্তাপ ভোগ করিতে হয় না এবং পুনঃ প্রত্যাবৰ্তন করিতে হয় না।

৮০। এবমেসা কসী কট্টা, সা হোতি অমতপ্রফলা,

এতৎ কসিং কসিত্বান, সব দুক্খা পমুচ্ছতী তি। ৫

অনুবাদ ৯ : আমি এইরূপ কৃষিক্ষেত্র কর্ষণ করি, যথায় অসৃতফল উৎপন্ন হয়। যাহারা এতাদৃশ কৃষিক্ষেত্র কর্ষণ করেন তাহারা সকল দুঃখ হ ইতে প্রমুক্ত হন।

অথ খো কসিভারদ্বাজো ব্রাহ্মণো মহত্তিয়া কৎসপাতিয়া পায়সঃ^১ বড়চেত্তা তগবতো উপনামেসি “ভুঞ্জতু ভবৎ গোতমো পায়সং। কস্সকো ভবৎ, যৎ হি শ্ববৎ গোতমো অমতপ্রফলঃ^২ কসিং কসতী”তি ।

অনুবাদ ৪ অতঃপর কসিভারদ্বাজ ব্রাহ্মণ উভ্রম শৰ্ণ পাত্রে পায়স ঢালিয়া তগবানকে বলিলেন- হে পূজনীয় গৌতম! অনুগ্রহ পূর্বক এই পায়স তোজন করুন। পূজনীয় গৌতম হইলেন এমন একজন কৃষক যিনি অমতফল প্রদায়ী দৃষ্টিক্ষেত্র কর্ণণ করেন।

৮১। গাথাভিগীতৎ মে অতোজনেয়ৎ, সম্পস্তৎ ব্রাহ্মণ নেস ধমো,

গাথাভিগীতৎ পনুদন্তি বুদ্ধা, ধন্মে সতী ব্রাহ্মণ বুত্তিরেসা । ৬

অনুবাদ ৫ অতঃপর তগবান বলিলেন- হে ব্রাহ্মণ! গাথাদি আবৃত্তি করিয়া গাহা লাভ হয় তাহা তোজনের উপযুক্ত নহে। সম্যক্ দর্শনকারীর পক্ষে ইহা তোজন করা ধর্ম নয়। বুদ্ধগণ, গাথাদি পাঠ জনিত আহার গ্রহণ করেন না। হে ব্রাহ্মণ! ধর্মচারী ব্যক্তিগণের ইহাই স্বত্বাব ।

৮২। অঞ্চেন চ কেবলিনং মহেসিং, ধীণাসবৎ কুকুচবৃপসন্তৎ,
অনেন পানেন উপট্টহস্সু, খেতৎ হি তৎ পুঞ্চপেক্খস্স হোতী”তি । ৭

অনুবাদ ৬ যিনি সাধনায় উন্নীশ মহামুনি, আসবহীন এবং যাহার কুকুচ বা ঘনন্তপ প্রশংসিত; তাহাকে অন্ন-পানীয় দ্বারা পূজা করুন। কারণ, তাহাই পুণ্যাকাঙ্গীদের একমাত্র উপযুক্ত ক্ষেত্র ।

“অথ কস্স চাহং ভো গোতম ইমং পায়সং দন্তী”তি? ন খাহং তৎ ব্রাহ্মণ পস্সামি সদেবকে লোকে সমারকে সন্তুষ্টকে সস্সমণ ব্রাহ্মণিয়া পজায় সদেবমনুস্সায, যস্স সো পায়সো ভুঞ্গো সম্মা পরিণামং গচ্ছেয়, অঞ্চঞ্চত্র তথাগতস্স বা তথাগত সাবকস্স বা। তেন হি তৎ ব্রাহ্মণ তৎ পায়সং অপ্পহরিতে বা ছজ্জেহি অপ্পাণকে বা উদকে উপিলাপেহী”তি ।

অনুবাদ ৭ অতঃপর ভারদ্বাজ ব্রাহ্মণ বলিলেনঃ- হে পূজনীয় গৌতম! তাহলে এই পায়স কাহাকে দান করিব?

তখন তগবান বলিলেন- হে ব্রাহ্মণ! মনুষ্যলোকে, দেবলোকে, মারলোকে
৮ ত্রক্ষলোকে; বর্তমান শ্রমণ, ব্রাহ্মণকুলে এবং দেব-মানবগণের মধ্যে

^১ পায়সং (সরবরাহ)

^২ অমতপ্রফলমিষ্প (মঃ নিকায়)

তথাগত বা তাঁহার শ্রাবক ব্যতীত এমন কাহাকেও দেখিতেছি না; যে ব্যক্তি এই পায়স ভোজন করিয়া হজম করিতে সক্ষম। হে ব্রাহ্মণ! কাজেই, তৃণহীন মাটিতে পুতিয়া ফেলুন অথবা প্রাণীহীন জলে ঢালিয়া দিন।

অথ খো সো পায়সো উদকে পক্খিত্তে চিচিটায়তি চিটিচিটায়তি সন্ধূপায়তি সম্পূর্ণমপয়তি^১। সেয়থাপি নাম ফালো দিবসং সন্তুষ্টো^২ উদকে পক্খিত্তে চিচিটায়তি চিটিচিটায়তি সন্ধূপায়তি সম্পূর্ণমায়তি, এবমেব সো পায়সো উদকে পক্খিত্তে চিচিটায়তি চিটিচিটায়তি সন্ধূপায়তি সম্পূর্ণমায়তি।

অনুবাদ ৪ অতঃপর কসিভারদ্বাজো ব্রাহ্মণ সেই পায়স প্রাণীহীন জলে ঢালিয়া দিলেন। সাথে সাথে জলে নিষ্কিপ্ত পায়স চিট্ চিট্ শব্দ করিতে লাগিল, ধোয়া নির্গত হইতে লাগিল এবং সেই ধোয়ারাশি চতুর্দিকে পরিব্যঙ্গ হইতে লাগিল। দিনের মধ্যাহ্ন সময়ে প্রথর রৌদ্রে উক্তগু ফাল বা লৌহখণ্ড জলে নিষ্কিপ্ত হইলে যেইভাবে ধোয়ারাশি চতুর্দিকে পরিব্যঙ্গ হয়; তেমনি সেই পায়স জলে নিষ্কিপ্ত হইয়া চিট্ চিট্ শব্দ করিতে লাগিল; ধোয়া নির্গত হইতে লাগিল এবং ধোয়ারাশি চতুর্দিকে পরিব্যঙ্গ হইতে লাগিল।

অথ খো কসিভারদ্বাজো ব্রাহ্মণো সংবিগ্গণো লোমহট্টজাতো যেন ভগবা তেনুপসঞ্জকমি, উপসঞ্জকমিত্বা ভগবতো পাদেনু সিরসা নিপতিত্বা ভগবন্তং এতদবোচ— “অভিক্ষতং ভো গোতম! অভিক্ষতং ভো গোতম! সেয়থাপি ভো গোতম নিকুঞ্জিতং বা উকুজ্জেয়, পটিছন্নং বা বিবরেয়, মূলহস্স বা মগ্গং আচিক্খেয়, অন্ধকারে বা তেল পজ্জোতৎ ধারেয়, চক্খুমন্তো রূপানি দক্খন্তীতি, এবমেবং ভোতা গোতমেন অনেক পরিযায়েন ধন্মো পকাসিতো। এসাহং ভবন্তং গোতমং সরণং গচ্ছামি ধশ্মং শিক্খসংঘং, লতেয়াহং ভোতো গোমতস্স সন্তিকে পরবজ্জং, লতেয়ং উপসম্পদস্তি।

অনুবাদ ৪ অনন্তর কসিভারদ্বাজ ব্রাহ্মণ উদ্দীপিত ও আশ্র্যাভিভূত হইয়া ভগবানের নিকটে গেলেন এবং তাঁহার চরণে প্রণাম করিয়া বলিলেন— আশ্র্য হে গোতম! অস্তুত হে গোতম! যেমন, অধোমুখী পাত্রকে উর্ধ্বমুখী করা হয়; আচ্ছাদিত বস্তুকে উন্মুক্ত করা হয়; পথব্রহ্মকে পথ প্রদর্শন করা হয় এবং চক্ষুশ্বান রূপ দর্শনের নিমিত্ত অন্ধকারে যেমন তেল প্রদীপ ধারণ করা হয়;

^১—সন্ধূমায়তি সম্পূর্ণমায়তি (সা)

^২—দিবসসন্তো (সী—স্যা—কং— ই)

তেমনি মাননীয় গৌতম কর্তৃক অনেক পর্যায়ে ধর্ম প্রকাশিত হইয়াছে। আমি পূজনীয় গৌতমের; তাহার প্রচারিত ধর্মের এবং তাহার শ্রাবক ভিক্ষুসংঘের শরণ গ্রহণ করিতেছি। এখন আমি পূজনীয় গৌতমের নিকটে প্রবৃজ্যা এবং উপসম্পদা প্রার্থনা করিতেছি।

অলখ খো কসিভারদাজো ব্রাহ্মণো ভগবতো সন্তিকে পৰবজ্জৎ, অলখ উপসম্পদৎ। অচিরূপসম্পন্নো খো পনায়স্মা ভারদাজো একো বৃপকট্টো অপ্পমভো আতপী পহিতন্তো বিহৱন্তো নচিৱস্মেব, যস্মথায কুলপুত্রা সম্মদেব আগৱস্মা অনগারিযং পৰবজ্জন্তি, তদনুডুরং ব্ৰহ্মচারিয পৰিযোসানং দিট্টেব ধন্ম্যে সযং অভিগ্রাণ্য সচিকত্তা উপসম্পজ্জ বিহাসি। “যীণা জাতি, বুসিতং ব্ৰহ্মচারিযং, কতং করণীযং, নাপৱং ইথত্তাযা”তি অব্ভগ্রাণ্যাসি। অগ্রাণ্যতরো চ^১ খো পনায়স্মা ভারদাজো অৱহতং অহোসীতি।

অনুবাদ ৪ তৎপরে কসিভারদাজ ব্রাহ্মণ ভগবানের নিকট প্রবৃজ্যা ও উপসম্পদা গ্রহণ করিলেন। নবপ্রবৃজিত আয়ুষ্মান ভারদাজ নিৰ্জনবাসী, অপ্রমত্ত, অত্যুৎসাহী, দৃঢ়প্রতিজ্ঞ হইয়া অতিশীঘ্ৰ সত্যপথান্বেষী কুলপুত্রগণ যেই উদ্দেশ্যে আগার হইতে অনাগারিক প্রবৃজ্যা গ্রহণ কৱেন, সেই অনুত্তর ব্ৰহ্মচাৰ্যেৰ পৰ্যাবসান (নিৰ্বাণ) স্বযং অভিজ্ঞা দ্বাৰা সম্যক্রূপে উপলব্ধি কৱিয়া ইহজীবনেই তাহার পূৰ্ণতা সাধন কৱিলেন।

জন্মেৰ ক্ষয় হইয়াছে, ব্ৰহ্মচাৰ্য কৃতকাৰ্য হইয়াছে, করণীয়কৰ্ম সমাপ্ত হইয়াছে, ইহজীবনে অন্য কোন কৱণীয় কৰ্তব্য নাই'; ইহা বিদিত হইয়া আয়ুষ্মান ভারদাজ অৱহতদেৱ মধ্যে অন্যতম হইলেন।

কসিভারদাজ সূত্র সমাপ্ত।

-----o-----

^১ - অগ্রাণ্যতরো চ খো (সী-ই) অগ্রাণ্যতরো খো (স্যা-কং-ক)

৫। চূল্ড সুভৎ-চূল্ড সূত্র

৮৩। পুষ্টামি মুনিং পদ্মৃতপঞ্চমং (ইতি চুল্ডো কাশ্মার পুষ্টো)

বুদ্ধং ধৰ্মস্সামিং বীততণ্হং,

দ্বিপদুন্তমং^১ সারথীনং পবৱং, কতি লোকে সমণা তদিঙ্গ বুহি । ১

অনুবাদ ৪ কর্মকার পুত্র চূল্ড বলিলেনঃ— মহাপ্রজ্ঞাবান মুনি, ধৰ্মকামী, বীতত্ত্বং, দ্বিপদিগণের মধ্যে উভয় এবং সারথিদের মধ্যে অতি উভয় সারথি বুদ্ধকে জিজ্ঞাসা করিতেছি— জগতে কত প্রকার শ্রমণ আছেন? অনুগ্রহ পূর্বক তাহা বলুন।

৮৪। চতুরো সমণা ন পঞ্চমং^২ থি (চূল্ডাতি ভগবা)

তে তে আবিকরোমি সক্ষি পুট্ঠো,

মগ্গজিনো মগ্গদেসকো চ, মগ্গে জীবতি যো চ মগ্গদূসী । ২

অনুবাদ ৪ ভগবান চূল্ডকে বলিলেনঃ— ‘জগতে চারি প্রকার শ্রমণ আছেন। কিন্তু, পঞ্চম নাই। তুমি যখন আমার সম্মুখে পশ্চ জিজ্ঞাসা করিয়াছ তদ্বেতু তোমার অবগতির জন্য সেই চারি প্রকার কি কি তাহা প্রকাশ ক রিতেছি। যথা— মার্গজিন, মার্গদেশক, মার্গজীবি এবং মার্গদূষী এই চারি প্রকার শ্রমণ বিদ্যমান।

৮৫। কং মগ্গজিনং বদন্তি বুদ্ধা, (ইতি চুল্ডো কাশ্মার পুষ্টো)

মগ্গক্খাযী কথং অতুল্যো হোতি,

মগ্গে জীবতি মে বুহি পুট্ঠো, অথ মে আবিকরোহি মঞ্জদূসিং^৩ । ৩

অনুবাদ ৪ তখন কর্মকার পুত্র বলিলেনঃ— ‘বুদ্ধগণ, কাহাকে মার্গজিন বলেন? মার্গদেশক অতুলনীয় কেন? মার্গজীবি ও মার্গদূষী সম্পর্কেও জিজ্ঞাসা করিতেছি। তাহা আমার নিকট প্রকাশ করুন।

৮৬। যো তিণুকথংকথো কথা বিসল্লো, (চূল্ডাতি ভগবা)

নিক্রানাতিরতো অনানুগিদ্যো,

লোকস্স সদেবকস্স নেতা, তাদিং মগ্গজিনং বদন্তি বুদ্ধা । ৪

অনুবাদ ৪ ভগবান চূল্ডকে বলিলেন— যিনি সন্দেহ মুক্ত, দৃঃখ শল্য অপসৃত; নির্বাণে অভিমিত, লোভহীন দেব-মনুষ্যগোকের নায়ক। বুদ্ধগণ, তাঁহাকেই মার্গজিন বলেন।

^১— দিপদুন্তমং (সী—স্যা—কং—ই)

^২— মগ্গদূসী (ক)

৮৭। পরমং “পরম” ন্তি যোধ এওত্তা, অক্ষাতি বিভজতে ইধেব ধম্মং,

তৎ কঙ্গাছিদং মুনিং অনেজং, দুতিযং ভিক্খুনমাতু মগ্গদেসিং। ৫

অনুবাদ : যিনি এই জগতে সর্বোত্তমকে সর্বোত্তমভাবে জ্ঞাত হইয়া; জগতে সত্যধর্ম বর্ণনা করেন এবং অতি সুন্দরভাবে বিশ্লেষণ করেন; সেই সম্মেহ বিনাশী কামলালসা মুক্তি দ্বিতীয় পর্যায়ের ভিক্ষুকে মার্গদেশক বলা হয়।

৮৮। যো ধম্মপদে সুদেসিতে, মগ্গে জীবতি সঞ্চ্চিতো সতিমা,

অনবজ্জপদানি সেবমানো, ততিযং ভিক্খুনমাতু মগ্গজীবিং। ৬

অনুবাদ : যিনি নির্বাণ ধর্ম অতি সুন্দরভাবে দেশনা করেন এবং যিনি সুসংযত জীবন যাপনকারী, এবং স্মৃতিমান হইয়া উত্তমধর্ম অনুশীলন করেন; সেই তৃতীয় পর্যায়ের ভিক্ষুই মার্গজীবি নামে কথিত হন।

৮৯। ছদনং কতৃতান সুৰুতানং, পক্খন্দী কুলদূসকো পগব্রতো,

মায়াবী অসংগ্রহতো পলাপো, পতিরূপেন চরং স মঞ্চাদূসী। ৭

অনুবাদ : ধার্মিকের বেশে অহংকারী, কুলদূষক বা গৃহীদের শৃন্দা ও ধৰ্মীয় পারবতা নষ্টকারী, চতুর্ভুল, মায়াবী, অসংযত, অতি আলাপচারী এবং অন্যায় প্রদূষ্য আচরণকারী ভিক্ষুই মার্গদূষী বলিয়া অভিহিত হন।

৯০। এতে চ পটিবিঞ্চি যো পহট্ঠো, সুতবা অরিযসাবকো সপঞ্চেণ্ডে,

সক্রে নে’তাদিসাতি’ এওত্তা, ইতি দিষ্মা ন হাপেতি তস্ম সন্ধা।

কথং হি দুট্টেন অসম্পদুট্টং, সুদ্ধং অসুন্দেন সমং করেয্যাতি। ৮

অনুবাদ : যিনি জ্ঞানবান, প্রাজ্ঞ ও শুতবান আর্যশ্রাবক তিনি উক্ত চারি শকার শ্রামণকেও উপলব্ধি করিয়াছেন এবং যে যেই রকম ঠিক সেই রকম শ্বাবে জ্ঞাত হইয়াছেন ও দেখিয়াছেন তাহার শৃন্দা পরিহানি হয় না। তিনি কিমুপে ধার্মিককে অধার্মিকের সহিত এবং শুন্দকে অশুন্দের সহিত সমান শ্রেণীভূক্ত করিবেন?

চূন্দ সূত্র সমাপ্ত।

— — — ০ — — —

সক্রে নে তাদিসাতি (সী-স্যা-ই)

৬। পরাভব সুত্তং-পরাভব সূত্র

এবং মে সুত্তং- একং সমযং ভগবা সাবথিযং বিহুরতি তেজবনে
অনাথপিণ্ডিকস্ম আরামে। অথ খো অঞ্চল্লতৱ দেবতা অভিক্ষণ্টায রত্তিযা
অভিক্ষণ্টাবগ্ন কেবলকপ্পং জেতবনং ওভাসেত্তা যেন ভগবা তেনুপসজ্জনমি,
উপসজ্জনমিত্তা ভগবন্তং অভিবাদেত্তা একমন্তং আচ্ছাপি। একমন্তং ঠিতা খো সা
দেবতা ভগবন্তং গাথায অজ্ঞভাসি-

অনুবাদ : আমি এইরূপ শুনিয়াছিঃ- এক সময়ে ভগবান শ্রাবণী নগরে
অনাথপিণ্ডিকের জেতবন বিহারে অবস্থান করিতেছিলেন। ঐ সময় রাতের
শেষে অপূর্ব সৌন্দর্যশালী এক দেবতা সমন্ত জেতবন আলোকিত করিয়া
ভগবানের নিকটে উপস্থিত হইয়া তাহাকে প্রণামপূর্বক একপার্শ্বে দাঢ়াইলেন।
তৎপরে তিনি ভগবানকে গাথায সম্মোধন করিয়া বলিলেন-

৯১। পরাভবন্তং পুরিসং- মহং পুছাম গোতম^১,

ভবন্তং^২ পুট্ঠুমাগম্য কিং পরাভবতো মুখং?

অনুবাদ : আমরা ভগবান গৌতমের কাছে পুরুষের প্রাজয়ের কারণ কি,
তাহা জিজ্ঞাসা করিবার জন্য আসিয়াছি। অতএব, আমরা জিজ্ঞাসা করিতেছি
হে ভগবান গৌতম পুরুষের প্রাজয়ের কারণ কি ?

৯২। সুবিজানো ভবং হোতি, অবিজানো^৩ পরাভবো,

ধন্মকামো ভবং হোতি, ধন্মদেস্মী পরাভবো ।

অনুবাদ : জ্ঞানী ব্যক্তির জয় এবং অজ্ঞানীর প্রাজয় ঘটে, ধর্মানুরাগী জয়ী
হন কিন্তু ধর্ম হিংসাকারীর প্রাজয় ঘটে।

৯৩। ইতি হেতৎ বিজানাম, পঠমো সো পরাভবো,

দুত্যং ভগবা ব্ৰহ্ম, কিং পরাভবতো মুখং?

অনুবাদ : প্রাজয়ের প্রথম কারণ জ্ঞানলাভ। হে ভগবান! এখন প্রাজয়ের
দ্বিতীয় কারণ কি প্রকাশ করুন।

৯৪। অসন্তস্ম পিয়া হোন্তি, সন্তে ন কুরুতে পিয়ং,

অসতং ধন্মং রোচেতি, তৎ পরাভবতো মুখং।

^১ -গোতম (সী-স্যা)

^২ -ভগবন্ত (ক)

^৩ -দুবিজানো (স্যা-ক)

অনুবাদঃ যাহারা অসৎ ব্যক্তিকে প্রিয় মনে করে; বুদ্ধাদি সৎপুরুষদেরকে প্রিয় মনে করে না; অথচ মিথ্যা ধর্মে বুঁচিশীল হয়, তাহার পরাজয় ঘটিয়া থাকে।

৯৫। ইতি হেতৎ বিজানাম, দুতিয়ো সো পরাভবো,
তত্ত্বিং ভগবা বুহি, কিং পরাভবতো মুখৎ?

অনুবাদঃ পরাজয়ের দ্বিতীয় কারণ জানিলাম। হে ভগবান! এখন পরাজয়ের তৃতীয় কারণ প্রকাশ করুন।

৯৬। নিদাসীলী সভাসীলী, অনুট্ঠাতা চ যো নরো,
অলসো কোধপঞ্চাণো, তৎ পরাভবতো মুখৎ।

অনুবাদঃ যেই ব্যক্তি নিদুশীল, সহচরানুরক্ত, উৎসাহহীন, অলস ও কোধপরায়ণ সেই ব্যক্তির পরাজয় ঘটিয়া থাকে।

৯৭। ইতি হেতৎ বিজানাম, ততিয়ো সো পরাভবো,
চতুর্থৎ ভগবা বুহি, কিং পরাভবতো মুখৎ?

অনুবাদঃ পরাজয়ের তৃতীয় কারণ জানিতে পারিলাম। হে ভগবান! এখন পরাজয়ের চতুর্থ কারণ ব্যক্ত করুন।

৯৮। যো মাত্রং^১ পিতৃং বা, জিমুকং গতযোরূপং,
পতুসন্তো ন ভরতি, তৎ পরাভবতো মুখৎ।

অনুবাদঃ যেই ব্যক্তি ধনবান হইয়াও বৃদ্ধ বিগতযৌবন পিতামাতার ভরণ-শোধন করে না; সেই ব্যক্তির পরাজয় হইয়া থাকে।

৯৯। ইতি হেতৎ বিজানাম, চতুর্থো সো পরাভবো,
পঞ্চমৎ ভগবা বুহি, কিং পরাভবতো মুখৎ?

অনুবাদঃ পরাজয়ের চতুর্থ কারণ জানিতে পারিলাম। হে ভগবান! এখন পরাজয়ের পঞ্চম কারণ কি প্রকাশ করুন।

১০০। যো ব্রাক্ষণং^২ সমণং বা, অঞ্চলং বাপি বনিবৰকং,
মুসাবাদেন বঞ্চেতি, তৎ পরাভবতো মুখৎ।

অনুবাদঃ যেই ব্যক্তি শ্রমণ, ব্রাক্ষণ অথবা অন্য অসহায় লোককে ছিদ্যাবাক্যে প্রতারণা করে, সেই ব্যক্তির পরাজয় ঘটিয়া থাকে।

^১ যো মাত্রং বা (স্যী-স্যা-কং-ই)

^২ যো ব্রাক্ষণ বা (সী-স্যা-কং-ই)

১০১। ইতি হেতৎ বিজানাম, পঞ্চমো সো পরাভবো,
ছট্টমং ভগবা বৃহি, কিং পরাভবতো মুখৎ?

অনুবাদঃ পরাজয়ের পঞ্চম কারণ জানিতে পারিলাম। হে ভগবান! এখন
পরাজয়ের ষষ্ঠ কারণ ব্যক্ত করুন।

১০২। পহুতবিষ্ণো পুরিসো- সহিত্বেও সত্তোজনো,
একো ভুঞ্জতি সাদৃনি- তৎ পরাভবতো মুখৎ।

অনুবাদঃ প্রচুর ধন সম্পন্ন, স্বর্ণলংকার ও উত্তম খাদ্যদ্রব্য পরিপূর্ণ ব্যক্তি
যদি একাই এই সকল উত্তম দ্রব্য পরিভোগ করে, সেই ব্যক্তির পরাজয় হইয়া
থাকে।

১০৩। ইতি হেতৎ বিজানাম, ছট্টমো সো পরাভবো,
সপ্তমং ভগবা বৃহি, কিং পরাভবতো মুখৎ?

অনুবাদঃ পরাজয়ের ষষ্ঠ কারণ জানিতে পারিলাম। হে ভগবান! এখন
পরাজয়ের সপ্তম কারণ কি ব্যক্ত করুন।

১০৪। জাতিথন্দো ধনথন্দো, গোত্থন্দো চ যো নরো,
সঞ্চারিতিং অতিমঞ্চেতি, তৎ পরাভবতো মুখৎ।

অনুবাদঃ জাতির অহঙ্কারী, ধনের অহঙ্কারী, গোত্রের অহঙ্কারী মানুষ
যদি নিজের আন্তর্যাগণকে ঘৃণা করে; তাহা হইলে সেই ব্যক্তি পরাজিত হয়।

১০৫। ইতি হেতৎ বিজানাম, সপ্তমো সো পরাভবো,
অট্টমং ভগবা বৃহি, কিং পরাভবতো মুখৎ?

অনুবাদঃ পরাজয়ের সপ্তম কারণ জানিতে পারিলাম। হে ভগবান! এখন
পরাজয়ের অষ্টম কারণ কি ব্যক্ত করুন।

১০৬। ইথিধুত্তো সুরাধুত্তো, অক্খধুত্তো চ যো নরো,
লন্ধৎ লন্ধৎ বিনাসেতি, তৎ পরাভবতো মুখৎ।

অনুবাদঃ যেই ব্যক্তি নিজের স্ত্রী ছাড়া পরন্তীতেও আসন্ত, নেশাদ্রব্য
সেবনকারী, জুয়াখোর ও পাশাখেলায় অভ্যন্ত হইয়া লন্ধসম্পত্তি বিনাশ সাধন
করে; সেই ব্যক্তির পরাজয় হইয়া থাকে।

১০৭। ইতি হেতৎ বিজানাম, অট্টমো সো পরাভবো,
নবমং ভগবা বৃহি, কিং পরাভবতো মুখৎ?

অনুবাদঃ পরাজয়ের অষ্টম কারণ জানিতে পারিলাম। হে ভগবান! এখন
পরাজয়ের নবম কারণ কি প্রকাশ করুন।

১০৮। সেহি দারেহি অসভুট্টো^১, বেসিয়াসু পদুস্সতি^২,
দুস্সতি পরদারেসু,^৩ তৎ পরাভবতো মুখৎ।

অনুবাদ ৪ যেই পুরুষ নিজের স্ত্রীতে সম্ভুষ্ট না হইয়া বেশ্যা-স্ত্রীলোকের সহিত এবং পরম্পরার সহিত কামসেবা করে; তাহার পরাজয় হইয়া থাকে।

১০৯। ইতি হেতৎ বিজানাম, নবমো সো পরাভবো,
দসমং ভগবা বৃহি, কিং পরাভবতো মুখৎ?

অনুবাদ ৪ পরাজয়ের নবম কারণ জানিতে পারিলাম। হে ভগবান! এখন পরাজয়ের দশম কারণ কি প্রকাশ করুন।

১১০। অতীত ঘোরনো পোসো, আনেতি তিস্ত্রুথনিং,
তস্মা ইস্মা ন সুপ্তি, তৎ পরাভবতো মুখৎ।

অনুবাদ ৪ যেই ব্যক্তি বৃদ্ধকালে যুবতীনারী বিবাহ করে, কিন্তু সেই নারী শ্঵ামীতে তৃণ না হইয়া যখন পরপুরুষের প্রতি আসক্ত হয়; তাহা দেখিয়া বৃদ্ধশ্বামী ঈর্ষ্যানলে দগ্ধ হইয়া সুখে নিদ্রা যাইতে পারে না। ইহা তাহার পরাজয়ের কারণ হইয়া থাকে।

১১১। ইতি হেতৎ বিজানাম, দসমো সো পরাভবো,
একাদসমং ভগবা বৃহি, কিং পরাভবতো মুখৎ?

অনুবাদ ৪ এইরূপে পরাজয়ের দশম কারণ জানিতে পারিলাম। হে ভগবান! এখন পরাজয়ের একাদশ কারণ কি প্রকাশ করুন।

১১২। ইথি সোচ্ছিং বিকিরণিং, পুরিসং বাণ্পি তদিসং,
ইস্মরিযশ্চিং ঠপেতি^৪, তৎ পরাভবতো মুখৎ।

অনুবাদ ৪ মদ্যপানকারিনী, অনর্থক অর্থব্যয়কারী স্ত্রীকে অথবা সেইরূপ শুন্ধকে সম্পত্তির উত্তরাধিকারে নিযুক্ত করিলে; তাহা পরাজয়ের কারণ হইয়া থাকে।

১১৩। ইতি হেতৎ বিজানাম, একাদসমো সো পরাভবো,
দ্বাদসমং ভগবা বৃহি, কিং পরাভবতো মুখৎ?

^১ - দারেহ সম্ভুট্টো (ক)

^২ - পদিস্সতি (সী)

^৩ - দিস্সতি (সী-ই)

^৪ - ঠাপেতি (সী- ই) থপেতি (ক)

অনুবাদঃ পরাজয়ের একাদশ কারণ জানিতে পারিলাম। হে ভগবান! এখন পরাজয়ের দ্বাদশ কারণ কি প্রকাশ করুন।

১১৪। অপ্পতোগো মহাত্মণ্হো, খণ্ডিয়ে জাঘতে কুলে,

সো চ রজ্জং পথ্যতি, তৎ পরাভবতো মুখং।

অনুবাদঃ সামান্য ধনের অধিকারী অথচ মহাত্মণার অধীন ব্যক্তি এবং যেই ব্যক্তি ক্ষত্রিয়বংশে জন্মধারণ করিয়া তৃষ্ণায় বশীভৃত হইয়া অলঞ্চ পরের রাজ্য লাভের ইচ্ছা করে; তাহাও পরাজয়ের কারণ হইয়া থাকে।

১১৫। এতে পরাভবে লোকে, পণ্ডিতো সমবেক্ষিয়,

অরিধো দস্সন সম্পন্নো, স লোকং ভজতে সিবন্তি।

অনুবাদঃ এই জগতে আর্যসত্য দর্শন করিয়া পণ্ডিতব্যক্তি পরাজয়ের এই সকল কারণ পুনঃপুন চিন্তা করিয়া বর্জনীয় বিষয় বর্জন করেন এবং কুশল-কর্মাদি সম্পাদন করেন। ফলে ইহলোকে তিনি পরাজিত না হইয়া; সকলের সম্মানিত ও পৃজিত হন।

পরাভব সূত্র সমাপ্ত।

— — — O — — —

৭। বসল সুত্তং-বৃষল সূত্র

এবং মে সুত্তং- একং সময়ং ভগবা সাবথিযং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্ম আরামে। তথ খো ভগবা পুরোণ্হ সময়ং নিবাসেত্তা পশ্চাচীবরমাদায় সাবথিযং পিণ্ডায় পরিসি। তেন খো পন সময়েন অগ্রগিক ভারদ্বাজস্ম ব্রাহ্মণস্ম নিবেসনে অগ্রগিপজ্জলিতো হোতি আহুতি পংগৃহিত। অথ খো ভগবা সাবথিযং সপদানং পিণ্ডায় চরমানো যেন অগ্রগিকভারদ্বাজস্ম ব্রাহ্মণস্ম নিবেসনং তেনুপসঞ্জকমি। অদসা খো অগ্রগিকভারদ্বাজো ব্রাহ্মণো শুগবন্তং দূরতো'ব আগচ্ছন্তং দিষ্মান ভগবন্তং এতদবোচ- “তত্ত্বে” মুডক! তত্ত্বের সমণক! তত্ত্বের বসলক! তিট্ঠীতি।

অনুবাদ : আমি এইরূপ শুনিয়াছি :

এক সময় ভগবান শ্রাবণ্তী নগরে অনাথপিণ্ডিকের জেতবন বিহারে বাস করিতেছিলেন। একদিন ভগবান পূর্বাহ সময়ে চীবর পরিহিত হইয়া পাত্র ও চীবর লইয়া ভিক্ষার জন্য শ্রাবণ্তী নগরে প্রবেশ করিলেন। তখন অগ্রগিকভারদ্বাজ ব্রাহ্মণের গৃহে জ্বলন্ত আগুনে আহুতি বা পূজার অর্ধ্য দেওয়া হইতেছিল। অতঃপর ভগবান শ্রাবণ্তী নগরে দ্বারে দ্বারে পিণ্ডপাতের জন্য নিচৰণ করিয়া, অগ্রগিকভারদ্বাজ ব্রাহ্মণের গৃহে উপস্থিত হইলেন। অগ্রগিকভারদ্বাজ ব্রাহ্মণ দূর হইতে ভগবানকে আসিতে দেখিয়া বলিলেনঃ— ‘হে মুডিত মন্ত্রক! হে শ্রমণ! হে বৃষল!, সেইখানে দাঁড়াও।’

এবং বুঝে ভগবা অগ্রগিকভারদ্বাজং ব্রাহ্মণং এতদবোচ- জানাসি পন তৃৎ ব্রাহ্মণ, বসলং বা বসল করণে বা ধন্মেতি? ন খো অহং ভো গোতম! জানামি ধসলং বা বসলকরণে বা ধন্মেতি। সাধু মে ভবং গোতমো তথা ধন্মং দেসেতু ধথাহং জানেয়ৎ বসলং বা বসলকরণে বা ধন্মেতি। তেনহি ব্রাহ্মণ! সুণাহি সাধুকং মনসি করোহি ভাসিস্মামীতি। এবত্ত্বাতি খো অগ্রগিকভারদ্বাজো ব্রাহ্মণো ভগবতো পচস্মোসি, ভগবা এতদবোচ-

অনুবাদ : এইরূপ বলিলে ভগবান অগ্রগিকভারদ্বাজ ব্রাহ্মণকে বলিলেনঃ— হে “ব্রাহ্মণ! ইহা তুমি জান কি? কাহাকে বৃষল বা নীচজাতি বলা হয় এবং কি কারণে বৃষল বা নীচজাতি হইয়া থাকে।

‘ অত্ত্বে (স্যা-ক)

না হে শ্রমণ! কে বৃষল বা নীচজাতি এবং কি কারণে বৃষল হয়, তাহা আমি
জানি না। হে গৌতম! আপনি নিজেই উহা আমার কাছে এমনভাবে প্রকাশ
করুন, যাহাতে আমি বৃষল বা নীচজাতি কে তাহা জানিতে পারি এবং কি
কারণে বৃষল বা নীচজাতি হয় তাহাও জানিতে পারি।'

'হে ব্রাহ্মণ! তাহা হইলে শুন, উত্তমরূপে অবধারণ কর, আমি তাহা
বলিতেছি।'

'হ্যাঁ, অতি উত্তমরূপে শুনিব' এই বলিয়া অগ্রগিকভাবান্বাজ ব্রাহ্মণ ভগবানকে
প্রত্যুত্তর দিলেন।

তখন ভগবান এইরূপ বলিলেন-

১১৬। কোথনো উপনাহী চ- পাপমক্ষী চ যো নরো,

বিপন্নদিট্টিং মায়াবী- তৎ জগ্রঞ্জ বসলো ইতি। ১

অনুবাদ : যেই ব্যক্তি ক্রোধাধীন, হিংসুক; যে নিজে পাপ করিয়া তাহা
গোপন করে; যেই ব্যক্তি মিথ্যাদৃষ্টি-পরায়ণ ও মায়াবী; তাহাকেই বৃষল বা
নীচজাতি বলিয়া জানিবে।

১১৭। একজৎ বা দ্বিজং^১ বা'পি, যো'ধ পাণানি বিহিংসতি,

যস্স পাণে দয়া নথি, তৎ জগ্রঞ্জ বসলো ইতি। ২

অনুবাদ : যেই ব্যক্তি এই জগতে একজ (পশু ইত্যাদি) অথবা দ্বিজ (পশ্চী
ম ইত্যাদি) প্রাণীসকলকে হিংসা করে, যে দয়ামায়া শূন্য; তাহাকেও বৃষল বা
নীচজাতি বলিয়া জানিবে।

১১৮। যো হন্তি পরিপুন্ধতি^২, গামানি নিগমানি চ,

নিগঃহকো^৩ সমগ্রঞ্জতো, তৎ জগ্রঞ্জ বসলো ইতি। ৩

অনুবাদ : যেই ব্যক্তি গ্রাম ও নগরসমূহ বিনাশ করে, উহাদের বিরুদ্ধে
চক্রান্ত করে; যে লাক্ষণাকারী ও কুমতলবী, তাহাকে বৃষল বা নীচজাতি বলিয়া
জানিবে।

১১৯। গামে বা যদি বা'রঞ্জেণ, যং পরেসং মমাযিতং,

থেয্যা অদিন্মাদেতি^৪, তৎ জগ্রঞ্জ বসলো ইতি। ৪

^১ - দ্বিজং (ই)

^২ - উপরুম্বেতি (স্যা) উপরুম্বতি (ক)

^৩ - নিগঃহাতকো (?)

^৪ - অদিন্ম আদিযতি (সী- ই)

অনুবাদ ৪ যেই ব্যক্তি গ্রামে কিঞ্চা অরণ্যে অপরের অধিকারভুক্ত ধন-সম্পত্তি চুরি করিয়া আনয়নপূর্বক তাহা নিজে ভোগ করে, তাহাকেও বৃষল বা নীচজাতি বলিয়া জানিবে।

১২০। যো হবে ইগমাদায, চুজ্জমানো পলায়তি,

ন হি তে ইগমৰ্থী'তি, তৎ জঞ্জেণ্ণা বসলো ইতি। ৫

অনুবাদ ৫ যেই ব্যক্তি ধন বা কর্জ গ্রহণ করিয়া তাহা পরিশোধ করিবার শয়ে গোপনে পলাইয়া যায় অথবা খুঁজিতে গেলে বলে- “আমি তোমার কাছে ঝণ্ডী নহি”। তাহাকেও বৃষল বা নীচজাতি বলিয়া জানিবে।

১২১। যো বে কিঞ্চিক্ষকম্যতা, পলুম্বিং বজন্তৎ জনৎ,

হস্তা কিঞ্চিক্ষমাদেতি, তৎ জঞ্জেণ্ণা বসলো ইতি। ৬

অনুবাদ ৬ যেই ব্যক্তি সামান্য পরিমাণ বিষয়-সম্পদও লাভ করিবার ইচ্ছায়, পথে বিচরণকারী ব্যক্তিকে হত্যা করিয়া সামান্য (পরিমাণ) জিনিস কাঁড়িয়া লয়, তাহাকেও বৃষল বা নীচজাতি বলিয়া জানিবে।

১২২। যো অন্তহেতু পরহেতু, ধন হেতু চ^১ যো নরো,

সক্ষিপ্তুট্টো মুসা ব্রুহি, তৎ জঞ্জেণ্ণা বসলো ইতি। ৭

অনুবাদ ৭ যেই ব্যক্তি নিজের জন্য, পরের জন্য কিঞ্চা ধন-সম্পত্তির জন্য লাঞ্ছায়পে জিঙ্গাসিত হইয়া মিথ্যাকথা বলিয়া থাকে; তাহাকেও বৃষল বা নীচজাতি বলিয়া জানিবে।

১২৩। যো এগাতীনৎ বা সবীনৎ বা, দারেসু পটিদিস্সতি,

সাহসা^২ সম্পিয়ায়তি, তৎ জঞ্জেণ্ণা বসলো ইতি। ৮

অনুবাদ ৮ যেই ব্যক্তি আত্মীয় কিঞ্চা বন্ধু-বান্ধবদের স্তীর নিকটে উপস্থিত হইয়া সহসা তাহাদের প্রতি আসন্ত হয়; তাহাকেও বৃষল বা নীচজাতি বলিয়া জানিবে।

১২৪। যো মাতরং বা পিতরং বা, জিনুকং গতযোর্বনৎ,

পহু সন্তো ন ভরতি, তৎ জঞ্জেণ্ণা বসলো ইতি। ৯

অনুবাদ ৯ যেই ব্যক্তি নিজে ধনবান হইয়া বিগত - যৌবন বৃদ্ধ পিতা - মাতাকে পোষণ করে না, তাহাকেও বৃষল বা নীচজাতি বলিয়া জানিবে।

^১ ধন হেতুব (ক)

^২ সহসা (সী- স্যা)

১২৫। যো মাতরং বা পিতরং বা, ভাতরং ভগিনিঃ সমুং,

হস্তি রোসেতি বাচায়, তৎ জঞ্জ্ঞণ বসলো ইতি । ১০

অনুবাদঃ যেই ব্যক্তি মাতা, পিতা, ভাই, বোন অথবা শুশুর-শ্বাশুরিকে দুর্ভাবিত বাক্যে যন্ত্রণা দেয়, তাহাকেও বৃষল বা নীচজাতি বলিয়া জানিবে ।

১২৬। যো অথং পুচ্ছিতো সন্তো, অনথমনুসাসতি,

পটিচ্ছন্নেন মন্ত্রেতি, তৎ জঞ্জ্ঞণ বসলো ইতি । ১১

অনুবাদঃ যেই ব্যক্তি হিতকথা জিজ্ঞাসিত হইয়া অনর্থে অনুশাসন করে, সৎবুদ্ধি নিতে গেলে কু-বুদ্ধি দেয়, অনর্থের জন্য গোপনীয় স্থানে মন্ত্রণ করে; তাহাকেও বৃষল বা নীচজাতি বলিয়া জানিবে ।

১২৭। যো কতৃ পাপকং কম্মং, মা মৎ জঞ্জ্ঞণতি ইচ্ছতি^১,

যো পটিচ্ছন্নকম্মন্তো, তৎ জঞ্জ্ঞণ বসলো ইতি । ১২

অনুবাদঃ যেই ব্যক্তি পাপকাজ করিয়া ‘আমাকে কেহ না জানুক’, এই চিন্তা করিয়া পাপকাজ গোপন করে, অথচ মুখে পবিত্রতা দেখায়; তাহাকেও বৃষল বা নীচজাতি বলিয়া জানিবে ।

১২৮। যো বে পরকুলং গভ্রা, ভুত্তানং^২ সুচিত্তোজনং,

আগতং নপ্তচিপুজ্জতি, তৎ জঞ্জ্ঞণ বসলো ইতি । ১৩

অনুবাদঃ যেই ব্যক্তি পরের বাড়ীতে যাইয়া ভালো খাদ্যদ্রব্যাদি ভোজন করে; অথচ নিজ ঘরে আগত হইলে, সেই সৎকারারীকে উন্ম খাদ্যদ্রব্যাদি পরিবেশন করে না; তাহাকেও বৃষল বা নীচজাতি বলিয়া জানিবে ।

১২৯। যো ব্রাঞ্ছণং বা সমণং বা, অঞ্জ্ঞণং বা^৩ পি বনিক্রকং,

মুসাবাদেন বধেতি, তৎ জঞ্জ্ঞণ বসলো ইতি । ১৪

অনুবাদঃ যেই ব্যক্তি শ্রমণ, ব্রাঞ্ছণ অথবা অন্য দরিদ্র যাচকগণকে মিথ্যাকথা বলিয়া প্রতারণা করে, তাহাকেও বৃষল বা নীচজাতি বলিয়া জানিবে ।

১৩০। যো ব্রাঞ্ছণং বা সমণং বা, ভুক্তকালে উপট্টিতে,

রোচেতি বাচা ন চ দেতি, তৎ জঞ্জ্ঞণ বসলো ইতি । ১৫

^১ - অভিধম্যে পস্সিতকং ।

^২ - ভুত্তা চ (স্যা- ক)

অনুবাদঃ যেই ব্যক্তি খাইবার সময় ত্বাক্ষণ বা শ্রমণ উপস্থিতি দেখিলে তাহাদিগকে কর্কশ কথা বলে, অথচ কিছুই দেয় না; তাহাকেও বৃষ্টল বা নীচজাতি বলিয়া জানিবে।

১৩১। অসতং ঘোধ পত্রুতি, মোহেন পলিগুঠিতো,

কিঞ্চিকথং নিজগীসানো^১, তৎ জঞ্জ্ঞা বসলো ইতি। ১৬

অনুবাদঃ যেই ব্যক্তি অজ্ঞানতাবশতঃ অপরের জিনিসের প্রতি লোভাসন্ত হইয়া তাহা লাভের জন্য মিথ্যার আশ্রয় গ্রহণ করে, তাহাকেও বৃষ্টল বা নীচজাতি বলিয়া জানিবে।

১৩২। যো চতুনং সমুক্তংসে, পরে চ মবজানাতি^২,

নিহীনো সেন মানেন, তৎ জঞ্জ্ঞা বসলো ইতি। ১৭

অনুবাদঃ যেই ব্যক্তি নিজেই নিজের সুখ্যাতি করে, অপরকে যে ঘৃণা করে এবং অহংকারে স্ফীত হয়; তাহাকেও বৃষ্টল বা নীচজাতি বলিয়া জানিবে।

১৩৩। রোসকো কদরিযো চ, পাপিচ্ছা মছরী সঠো,

অহিরিকো অনোন্তপী, তৎ জঞ্জ্ঞা বসলো ইতি। ১৮

অনুবাদঃ যেই ব্যক্তি অত্যন্ত ক্রোধী, স্বার্থপর, পাপীষ্ঠ, মাত্সর্যপরায়ণ, দুষ্ট, পাপকর্ম করিতে লজ্জা ও ভয় যাহার নাই; তাহাকেও বৃষ্টল বা নীচজাতি বলিয়া জানিবে।

১৩৪। যো বুদ্ধং পরিভাসতি, অথ বা তস্ম সাবকং,

পরিবাজং^৩ গহট্টং বা, তৎ জঞ্জ্ঞা বসলো ইতি। ১৯

অনুবাদঃ যেই ব্যক্তি বুদ্ধ অথবা তাঁহার শ্রাবককে এবং পরিব্রাজক অথবা পুরীশোককে তিরক্ষার বা ভৎসনা করে; তাহাকেও বৃষ্টল বা নীচজাতি বলিয়া জানিবে।

১৩৫। যো বে অনরহং^৪ সন্তো, অরহং পটিজানাতি^৫,

চোরো সব্রক্ষাকে লোকে, এসো খো বসলাধমো;

এতে খো বসলা বুন্ত ম্যায়ে তে পকাসিতা। ২০

^১ নিজগীসানো (সী- স্যা- কং- ই)

^২ মবজানতি (সী- স্যা- ই)

^৩ পরিবাজং (ক)। পরিবাজকং (স্যা- কং)

^৪ অনরহা (সী- ই)

^৫ পটিজানতি (সী- স্যা- ই)

অনুবাদঃ যেই ব্যক্তি অরহত না হইয়াও নিজকে অরহত বলিয়া প্রকাশ করে; আবৃক্ষ, দেব-মানব লোকে সে মহাচোর বলিয়া বিবেচিত হয়। সেই ব্যক্তি বৃষলের চাইতেও অধম। এইরূপে আমি তোমাকে বৃষলের কথা প্রকাশ করিলাম।

১৩৬। ন জচ্ছা বসলো হোতি, ন জচ্ছা হোতি ব্রাক্ষণগো,

কম্ভুনা বসলো হোতি, কম্ভুনা হোতি ব্রাক্ষণগো। ২১

অনুবাদঃ জন্মের দ্বারা কেহ বৃষল হয় না, জন্মের দ্বারা কেহ ব্রাক্ষণও হন না; কর্মের দ্বারাই বৃষল হয়, ব্রাক্ষণও কর্মের দ্বারাই হইয়া থাকেন।

১৩৭। তদমি নাপি জানাথ, যথামেদং^১ নিদস্সনং,

চঙ্গল পুত্রো সোপাকো^২ মাতঙ্গো ইতি বিস্মৃতো। ২২

অনুবাদঃ হে ব্রাক্ষণ! যেই নির্দশন আমি দিতেছি ঐ নির্দশনানুসারে তুমি বৃষল-তত্ত্ব জানিয়া লইবে; যেমন- চঙ্গলপুত্র সোপাক “মাতঙ্গ” নামে সকলের কাছে বিখ্যাত হইয়াছিলেন।

১৩৮। সো যসৎ পরমৎ পত্রো^৩, মাতঙ্গোঘৎ সুদুর্গ্রাভৎঃ,

আগছুৎ তস্মসুপট্ঠানং, খন্তিয়া ব্রাক্ষণা বহু। ২৩

অনুবাদঃ তিনি সুদুর্গ্রাভ মাতঙ্গাত্ম এবং পরম যশ কীর্তি লাভ করিয়াছিলেন; এবং অনেক ক্ষত্রিয় ও ব্রাক্ষণপুত্র আসিয়া তাঁহাকে সেবা পরিচর্যা করেছিলেন।

১৩৯। সো দেবযানমারুয়হ, বিরজৎ সো মহাপথৎঃ,

কামরাগৎ বিরাজেত্তা, ব্রহ্মলোকৃপগো অহু;

ন নং জাতি নিবারেসি, ব্রহ্মলোকৃপত্তিয়া। ২৪

অনুবাদঃ তিনি মাতঙ্গ দেবযানে আরোহণপূর্বক পরিশুদ্ধ মহাপথে উন্নীত হইয়া, কামরাগ ত্যাগ করিয়া ব্রহ্মলোকে উপনীত হইয়াছিলেন; জাতি তাঁহাকে ব্রহ্মলোকে উপনীত হওয়ার সময় বাঁধা দিতে পারে নাই।

১৪০। অঞ্জয়কা কুলে জাতা, ব্রাক্ষণ মন্ত্রবন্ধুনো,

তে চ পাপেসু কন্মেসু, অভিণ্হমুপদিস্মসরে। ২৫

অনুবাদঃ কিন্তু দৈবজ্ঞ ব্রাক্ষণবৎশে জন্মগ্রহণ করিয়া মন্ত্রবন্ধু ব্রাক্ষণেরাও প্রায় সময় পাপকর্ম সম্পাদন করিয়া থাকে।

^১ - যথামেদঃ

^২ - সপাকো (?)

^৩ - সো যস্মপরমপত্রো (স্যা- ক)

১৪১। দিট্টেবধম্যে গারহ্যা, সম্পরাযে চ দুগ্গতিঃ,

ন নে জাতি নিবারেতি, দুগ্গত্যা^১ গরহায বা । ২৬

অনুবাদ ৪ যে ব্যক্তি আপন পাপকর্মে দৃষ্টধর্মে বা ইহকালে তীব্র নিষ্ঠাগ্রস্ত হয় এবং মরণের পর দুর্গতিতে জনগ্রহণ করে। তাহাকে তার জাতিত্ব দুর্গতিতে জন্ম এবং তীব্রনিষ্ঠা হইতে রক্ষা করিতে পারে না।

১৪২। ন জচ্ছা বসলো হোতি, ন জচ্ছা হোতি ব্রাক্ষণো,

কম্মুনা বসলো হোতি, কম্মুনা হোতি ব্রাক্ষণো । ২৭

অনুবাদ ৫ জন্মের কারণে কেহ বৃষল বা নীচজাতি হয় না, জন্মের কারণে কেহ ব্রাক্ষণও হন না; কর্মের দ্বারা বৃষল বা নীচজাতি হয়, ব্রাক্ষণও কর্মের দ্বারাই হইয়া থাকেন।

এবং বুদ্ধে অগ্রগিকভারদ্বাজো ব্রাক্ষণো ভগবন্তং এতদবোচ- ‘অভিক্ষতং তো গোতম! অভিক্ষতং তো গোতম! সেয়থাপি তো গোতম! নিক্ষুজ্জিতং বা উক্তুজ্জেব্য, পাটিচ্ছন্নং বা বিবরেব্য, মূলহস্স বা মগ্গং আচিক্খেব্য, অন্ধকারে বা তেলপজ্জেনাত্তং ধারেব্য; চক্খুমন্ত্রো বৃপানি দক্ষিণ্টীতি! এবমেব তোতা গোতমেন অনেক পরিযায়েন ধম্মো পকাসিতো, এসাহং ভগবন্তং গোতমং সরণং গচ্ছামি, ধম্মক্ষণ ভিক্খুসংজ্ঞং, উপাসকং মৎ ভবং গোতমো ধারেতু অজ্ঞতগ্রন্থে পাগুপেতং সরণং গতন্তি।

অনুবাদ ৫ এইরূপ বলিলে অগ্রগিকভারদ্বাজ ব্রাক্ষণ ভগবানকে বলিলেনঃ— হে গৌতম! “খুবই উন্মত্ত! গৌতম! খুবই উন্মত্ত! যেমন হে গৌতম! নিশ্চয়ুখী পাত্র উর্ধ্বমুখী করা হয়, আচ্ছদিত বস্তুকে উন্মুক্ত করা হয়, পথভ্রষ্টকে পথ দেখানো হয়, চক্ষুঘানকে অন্ধকারে রূপ দর্শনের নিমিত্ত যেমন তৈলপ্রদীপ ধারণ করা হয়, তেমনি শ্রদ্ধেব্য গৌতম কর্তৃক বিভিন্ন প্রকারে ধর্ম প্রকাশিত হইয়াছে। আমি মাননীয় গৌতমের, তাহার প্রচারিত ধর্মের এবং ভিক্খুসংঘের শরণ গ্রহণ করিতেছি। পূজনীয় গৌতম! আজ হইতে জীবনের শেষ সময় পর্যন্ত আমাকে আপনার আশ্রিত উপাসক হিসাবে গ্রহণ করুন।”

বৃষল সূত্র সমাপ্ত।

-----o-----

^১- দুগ্গত্যা (সী-স্যা-কং-ই)

৮। মেত্ত সুভ্র-মেত্রী সূত্র

যস্মানুভাবতো যক্খা নেব দস্সেন্তি ভিংসনং,
যম্হি চেবানুয়জ্ঞেন্তো রত্তিং দিব মতন্দিতো ।
সুখং সুপতি সুত্তো চ পাপং কিঞ্চিৎ ন পস্সতি,
এবমাদি গুণোপেতং পরিত্বং তৎ ভগাম হে ।

অনুবাদ ৪ যাহার প্রভাবে যক্ষগণ ভীষণ ভয় দেখাইতে পারে না, সেই মেত্রী পরিত্রাণ দিনরাত আলস্যহীন হইয়া পুনঃপুন ভাবনা করিলে, সুখে নিন্দা যায়; এবং নিন্দিতাবস্থায় কোন পাপস্থপ্ত দেখে না । এইরূপ শ্রেষ্ঠগুণযুক্ত সেই পরিত্রাণ আমরা পাঠ করিতেছি ।

১৪৩। করণীয়মথ কুসলেন যন্তং সন্তং পদং অভিসমেচ,
সক্তো উজু চ সুহুজু^১ চ সুবচো চস্ম মৃদু অনতিমানী । ১

অনুবাদ ৫ যিনি কল্যাণকর করণীয় কুশল কর্ম দ্বারা শান্তিপদ নির্বাণ অধিগত করিতে ইচ্ছুক;-তিনি সরল, অতিসরল, মিষ্টভাষী, মৃদু, ভদ্র-ন্যৰ-মার্জিত এবং অহংকারশূন্য হন ।

১৪৪। সন্তুস্মকো চ সুভরো চ অপ্পকিছো চ সল্লাহুকবৃত্তি,
সন্তিন্দ্রিযো চ নিপকো চ অপ্পগব্বত্তো কুলেসু অননুগিন্ধে । ২

অনুবাদ ৫ তিনি যথালাভে সন্তুষ্ট থাকেন, সুভরণীয় (সুখপোষ্য), অল্পকৃতা (নানা কাজে অলিপ্ত), সংলঘুত্তিসম্পন্ন (নিজ অফেপরিক্ষারে তুষ্ট), ইন্দ্ৰিয়নিচয় শান্ত, চঞ্চলতাহীন, পাপকর্মে লজ্জাশীল এবং গৃহীকুলের প্রতি অনাসক্ত চিন্ত সম্পন্ন হন ।

১৪৫। ন চ খুদ্দং সমাচরে, কিঞ্চিৎ যেন বিশ্বং পরে উপবদ্দেযুং,
সুখিনো বা খেমিনো হোস্তু সবেৰে সত্তা^২ ভবন্তু সুখিত'ত্তা । ৩

অনুবাদ ৫ তিনি এমন কোন ক্ষুদ্র পাপকর্মও করেন না, যাহার জন্য অন্য জ্ঞানীগণ তাহার নিদা করিতে পারেন । সকল জীব সুখী হউক, ভয়হীন বা নিরূপদ্রব হউক এবং কায়িক ও মানসিক সুখে সুখী হউক; নিত্য মনে মনে এইরূপ মেত্রীভাব তিনি পোষণ করেন ।

^১ - সুজু (সী)

^২ - সবেৰে সত্তা (সী- স্যা)

১৪৬। যে কেচি পাণভূতথি তসা বা থাবরা বা অনবসেসা,

দীঘা বা যে ব মহল্লা^১ বা মঞ্জিমা রস্মকাণুকথুলা । ৪

অনুবাদ ৪ যে সকল প্রাণী ভীত বা অভীত, দীর্ঘ, ত্রুষ্ট, বৃহৎ, মধ্যম, সৃষ্ট
অথবা স্তুল সেই সকল প্রাণী ।

১৪৭। দিট্ঠা বা যেব অদিট্ঠা,^২ যে ব^৩ দূরে বসন্তি অবিদূরে,

ভূতা বা সম্ভবেসী ব^৪ সবে সত্ত্বা ভবন্তু সুখিতত্ত্বা । ৫

অনুবাদ ৪ যে সকল প্রাণী দৃশ্য ও অদৃশ্য, যাহারা দূরে বা নিকটে আর
যাহারা জনিয়াছে বা জনিবে; তাহারা সকলেই সুখী হউক ।

১৪৮। ন পরো পরং নিকুরোথ, নাতিমগ্ন্যেথ কথচি নং কিঞ্চিৎ^৫,

ব্যারোসনা পটিঘসগ্ন্যে নাগ্নগ্রমগ্ন্যস্ম দুক্খমিছেয় । ৬

অনুবাদ ৪ তোমরা পরম্পর পরম্পরকে বপ্তনা করিও না । অপর কাহাকেও
কিছুতেই কায়-বাক্য দ্বারা ঘৃণা অবজ্ঞা করিও না এবং ক্রোধ ও হিংসার
বশবত্তী হইয়া অপর কাহারও দুঃখ দুর্দশা ইচ্ছা করিও না ।

১৪৯। মাতা যথা নিযং পুন্তং আযুসা একপুন্তমনুরক্ষে,

এবশ্বি সর্বভূতেসু মানসং ভাবযে অপরিমাণং । ৭

অনুবাদ ৪ মাতা যেমন নিজের গর্ভজাত একমাত্র পুত্রকে আপন জীবন
দিয়াও বিপদ-আপদ হইতে রক্ষা করেন; তেমনি সমষ্টি প্রাণীর প্রতি সীমাহীন
অপরিমেয় মেত্রীভাব উৎপাদন করিবে ।

১৫০। মেওপ্ত সর্বলোকস্মিৎ, মানসং ভাবযে অপরিমাণং,

উন্ধং অধো চ তিরিয়ত্বং, অসম্বাধং অবেরমসপন্তং । ৮

অনুবাদ ৪ এই বিশ্ব ব্রহ্মাণ্ডের সর্বত্র উপরে, নীচে, আড়াআড়িভাবে,
চতুর্পার্শ্বে যে সকল প্রাণীসমূহ আছে, তাহারা বাধাহীন ও শত্রুহীন হউক ।
শীঘ্রচিত্তে সর্বদা এইরূপ অপরিমেয় মেত্রীভাব পোষণ করিবে ।

^১ - মহল্ল (?)

^২ - অদিট্ঠ (!)

^৩ - যে চ (সী- স্যা- কং- ই)

^৪ - ভূতা বা সম্ভবেসী বা (স্যা- কং- ই- ক)

^৫ - নং কিঞ্চিৎ (সী- ই) | নং কিঞ্চিৎ (স্যা) | ন কিঞ্চিৎ (ক)

১৫১। তিট্ঠঠঞ্চরং নিসিন্নো বা সযনো ব^১, যাৰ তস্ম বিগতমিদ্যো^২,
এতৎ সতিৎ অধিট্ঠেয়, ব্ৰহ্মমেতৎ বিহারমিধমাত্তু । ৯

অনুবাদ ৪ দাঁড়ান অবস্থায়, পথ চলিতে, উপবেশনে অথবা শয়নকালে
যতক্ষণ পর্যন্ত নিদ্রা না আসে ততক্ষণ পর্যন্ত আলস্যহীনভাবে স্মৃতিমান হইয়া
মেত্রাচিত্তে অবস্থান কৰাকে ‘ব্ৰহ্মবিহার’ বলা হইয়া থাকে ।

১৫২। দিট্ঠঠঞ্চ অনুপগ্রহম সীলবা দস্মনেন সম্পন্নো;

কামেসু বিনয়^৩ গেধৎ ন হি জাতু গ্ৰত্তসেয়ৎ পুনরেতীতি । ১০

অনুবাদ ৪ শীলবান ও সম্যক্তদৃষ্টিসম্পন্ন অনাগামী ব্যক্তি মিথ্যাপথ ত্যাগ
কৰিয়া, ভোগ লালসা ও কামবাসনা পরিত্যাগ কৰিয়া পুনরায় গৰ্ভাশয়ে
জন্মগ্রহণ কৰিতে আসেন না । অৰ্থাৎ শুন্ধ্যবাস ব্ৰহ্মলোকে উৎপন্ন হইয়া
সেখানেই পরিনির্বাণ লাভ কৰিয়া থাকেন ।

মেত্রী সূত্র সমাপ্ত ।

— — — ০ — — —

^১ - বা (সী- স্যা- কং- ই)

^২ - বিগতমিদ্যো (বহুসু)

^৩ - বিনেয় (সী- স্যা- ই)

৯। হেমবত সুভৎ-হেমবত সূত্র

১৫৩। অজ্ঞ পঞ্চরসো উপোসথো, (ইতি সাতাগিরো যক্খো)

দিবা' রন্তি উপটাঠিতা ।

অনোমনামৎ সখারাং, হন্দ পস্সাম গোতমৎ । ১

অনুবাদ ৪ : সাতাগির যক্ষ বলিলেন, — “আজ পঞ্চদশী উপোসথ দিনে; কি মধুর মনোহর রাত্রি উপস্থিত হইয়াছে। চল আজ প্রসিদ্ধ সর্বজ্ঞ শান্তা শিক্ষক গৌতমকে দেখিব।”

১৫৪। কচি মনো সুপণিহিতো, (ইতি হেমবতো যক্খো)

সবু ভৃতেসু তাদিনো ।

কচি ইট্টে অনিট্টে চ, সঙ্কপ্সস বসীকতা । ২

অনুবাদ ৪ : হেমবত যক্ষ বলিলেন, — “তিনি কি সকল প্রাণীর প্রতি দয়াচিত্ত সম্পন্ন? সুখ-দুঃখে তাঁহার চিন্ত সংকল্প বশীভৃত কি?”

১৫৫। মনো চস্ম সুপণিহিতো, (ইতি সাতাগিরো যক্খো)

সবুভৃতেসু তাদিনো ।

অথো ইট্টে অনিট্টে চ সঙ্কপ্সস বসীকতা । ৩

অনুবাদ ৪ : সাতাগির যক্ষ বলিলেন, — “তিনি নিশ্চয়ই সকল প্রাণীর প্রতি দয়াচিত্তসম্পন্ন এবং সুখ-দুঃখে তাঁহার চিন্ত সংকল্প বশীভৃত।”

১৫৬। কচি অদিনং নাদিযতি, (ইতি হেমবতো যক্খো)

কচি পাণেসু সঞ্জ্ঞতো

কচি আরা পমাদম্হা কচি বানং ন রিঙ্গতি । ৪

অনুবাদ ৪ : হেমবত যক্ষ বলিলেন, — “তিনি যাহা দেওয়া হয় নাই, তিনি কি তাহা গ্রহণ করেন? তিনি প্রাণীদের প্রতি কি অত্যাসংযত? তিনি কি প্রমত্ত হইতে দূরে অবস্থান করেন? তিনি ধ্যান পরিত্যাগ করেন না?

১৫৭। ন সো অদিনং আদিযতি, (ইতি সাতাগিরো যক্খো)

অথো পাণেসু সঞ্জ্ঞতো,

অথো আরা পমাদম্হা, বুদ্ধে বানং ন রিঙ্গতি । ৫

অনুবাদ ৪ : সাতাগির যক্ষ বলিলেন, — “তিনি নিশ্চয়ই যাহা দেওয়া হয় নাই, তাহা গ্রহণ করেন না। প্রাণীদের প্রতি তিনি অত্যাসংযত। তিনি প্রমাদ হইতে দূরে অবস্থান করেন। তিনি সমাধি অপরিত্যক্ত বুদ্ধ।”

^১ - দিব্যা (সী- স্যা- কং- ই)

১৫৮। কচি মুসা ন ভগতি, (ইতি হেমবতো যক্খো) কচি ন ধীণব্যাপ্তথো;
কচি বেভৃতিকং নাহ, কচি সম্ভৎ ন ভাসতি। ৬

অনুবাদ ৪ হেমবত যক্ষ বলিলেন,- “তিনি কি মিথ্যা কথা বলেন না? তিনি
সঠিক কি? অপরকে কি তিনি নিষ্ঠা করেন না? তিনি কি নিরর্থক কথা বলেন
না?

১৫৯। মুসা চ সো ন ভগতি, (ইতি সাতাগিরো যক্খো)
অথো ন ধীণব্যাপ্তথো।

অথো বেভৃতিযং নাহ, মন্ত্রা অথং চ^১ ভাসতি। ৭

অনুবাদ ৫ সাতাগির যক্ষ বলিলেন,- নিশ্চয়ই তিনি মিথ্যা কথা বলেন না।
তিনি কর্মমুক্ত। অপরকে তিনি নিষ্ঠা করেন না। নিরর্থক কথা বলেন না এবং
তিনি চিন্তা করিয়া অর্থপূর্ণ কথা বলিয়া থাকেন।

১৬০। কচি ন রজ্জতি কামেসু, (ইতি হেমবতো যক্খো)
কচি চিত্তং অনাবিলং,

কচি মোহং অতিক্ষেত্রে, কচি ধন্মেসু চক্খুমা। ৮

অনুবাদ ৬ হেমবত যক্ষ বলিলেন,- তিনি কামসু ত্যাগ করিয়াছেন কি?
তাঁহার চিত্ত অনাবিল পরিব্রত কি? তিনি কি অজ্ঞানতা মুক্ত? ধর্মসমূহে কি তিনি
চক্ষুশ্বান?

১৬১। ন সো রজ্জতি কামেসু, (ইতি সাতাগিরো যক্খো)
অথো চিত্তং অনাবিলং।

সরবমোহং অতিক্ষেত্রে, বুদ্ধো ধন্মেসু চক্খুমা। ৯

অনুবাদ ৭ সাতাগির যক্ষ বলিলেন,- “নিশ্চয়ই তিনি কামভোগে আসন্ত
নহেন। তাঁহার মন পরিব্রত। তিনি সকল অজ্ঞানতা অতিক্রম্য হইয়াছেন। বুদ্ধ
সংস্কারধর্মসমূহে চক্ষুশ্বান।”

১৬২। কচি বিজ্ঞায সম্পন্নো, (ইতি হেমবতো যক্খো) কচি সংসুন্ধচারণে,
কচি'স্স আসবা যীগা, কচি নথি পুনৰ্ভবো। ১০

অনুবাদ ৮ হেতবত যক্ষ বলিলেন,- “তিনি বিদ্যাচরণসম্পন্ন কি? তিনি কি
শুন্ধাচরণকারী? তাঁহার আসবসমূহ ক্ষয় হইয়াছে কি? তাঁহার কি পুনর্ভব বা
পুনর্জন্ম নাই?”

^১—অথংসো (সী—ই—ক)

১৬৩। বিজ্ঞায চেব সম্পন্নো, (ইতি সাতাগিরো যক্খো) অথো সংসুদ্ধাচরণো,
সর্ব'স্ম আসবা থীণা, নথি তস্ম পুনব্বত্বো । ১১

অনুবাদ ৪ সাতাগির যক্ষ বলিলেন— “নিক্ষয়ই তিনি বিদ্যাচরণসম্পন্ন,
শুদ্ধাচরণকারী । তাহার সকল আসব ক্ষীণ হইয়াছে এবং পুনর্ভব বা পুনর্জন্ম
তাহার নাই ।”

১৬৪। সম্পন্নং মুনিনো চিত্তং, কম্মুনা ব্যপ্পথেন চ,
বিজ্ঞাচরণসম্পন্নং, ধন্মতো নৎ পসংসতি । ১২

অনুবাদ ৪ মুনি করণীয়কর্ম সম্পাদন করিয়া চিত্তের পূর্ণতা সাধন
করিয়াছেন এবং তিনি বিদ্যাচরণসম্পন্ন তাই তাহার ধর্মকেই আমি প্রশংসা
করি ।

১৬৫। সম্পন্নং মুনিনো চিত্তং, কম্মুনা ব্যপ্পথেন চ,
বিজ্ঞাচরণসম্পন্নং, ধন্মতো অনুমোদনি । ১৩

অনুবাদ ৪ মুনি করণীয়কর্ম সম্পাদন করিয়া চিত্তের পূর্ণতা সাধন
করিয়াছেন এবং তিনি বিদ্যাচরণসম্পন্ন । তাই আমি তাহার ধর্মকে অনুমোদন
করি ।

১৬৬। সম্পন্নং মুনিনো চিত্তং, কম্মুনা ব্যপ্পথেন চ,
বিজ্ঞাচরণসম্পন্নং, হন্দ পস্সাম গোতমং । ১৪

অনুবাদ ৪ মুনি করণীয়কর্ম সম্পাদন করিয়া চিত্তের পূর্ণতা সাধন
করিয়াছেন । চল, সেই বিদ্যাচরণসম্পন্ন গৌতমকে আমরা দেখিব ।

১৬৭। এণি জঙ্গং কিসৎ বীরং^১, অশ্পাহারং অলোলুপং,
মুনিং বনশ্চিৎ ঘাযভং, এহি পস্সাম গোতমং । ১৫

অনুবাদ ৪ হরিণের ন্যায় অঙ্গপ্রত্যঙ্গা, কৃশ, বীর, অঙ্গাহারী, অলোলুপ বনে
ধানরত মুনি সেই গৌতমকে এসো আমরা দর্শন করিব ।

১৬৮। সীহং একচরং নাগং, কামেসু অনপেক্খিনং,

উপসঙ্কম্য পুচ্ছাম, মচুপাসম্পমোচনং । ১৬

অনুবাদ ৪ তোগপরিত্যাগী সিংহের ন্যায় কামভোগে অনাসন্ত একচর নাগ
ও বুদ্ধের কাছে উপস্থিত হইয়া আমরা জিজ্ঞাসা করিব,— মার বন্ধন হইতে
কিভাবে মুক্ত হওয়া যায় ?

^১ বীরং (স্যা)

১৬৯। অক্খাতারং পবত্তারং, সববধমান পারগুৎ,

বুদ্ধং বেরভয়াতীতং ময়ং পুচ্ছাম গোতম । ১৭

অনুবাদঃ ধর্মদেশক, কথনকারী, সকল ধর্ম সমূহে পারদর্শী, শত্রুভয়াতীত সেই গৌতম বুদ্ধকে আমরা জিজ্ঞাসা করিব।

১৭০। কিষ্মিংলোকে সমুপ্পন্নো, (ইতি হেমবতো যক্খো)

কিষ্মিং কুরুতি সম্বৰং^১

কিস্ম লোকো উপাদায়, কিষ্মিং লোকো বিহঞ্চ্ছণ্ণতি । ১৮

অনুবাদঃ হেমবত যক্ষ বলিলেন— কিভাবে জগতের উৎপত্তি হইল? কাহার সহিত উহার ঘনিষ্ঠ সমন্বয়? উহা কিসের প্রতি আসক্ত হয় এবং কিসের কারণে দুঃখপ্রাণ হয়?

১৭১। ছসু^২ লোকো সমুপ্পন্নো, (হেমবতা তি ভগবা) ছসু কুরুতি সম্বৰং,

ছন্মের উপাদায়, ছসু লোকো বিহঞ্চ্ছণ্ণতি । ১৯

অনুবাদঃ ভগবান হেমবতকে বলিলেন,— “হে হেমবত! ছয়টি^৩ জিনিসের সাহায্যে জগতের উৎপত্তি; উহার সহিত ছয়টি জিনিসের ঘনিষ্ঠ সমন্বয় রয়িয়াছে। এই ছয় প্রকার উপাদান বা জিনিসের প্রতি আসক্ত হয় এবং ছয় প্রকার জিনিসের দ্বারা উহা দুঃখপ্রাণ হয়।

১৭২। কতমং তৎ উপাদানং, যথ লোকো বিহঞ্চ্ছণ্ণতি,

নিয়ানং পুচ্ছিতো ব্রহ্ম, কতঃ দুক্খ পমুচ্ছতি^৪ । ২০

অনুবাদঃ “জগতের কষ্টদায়ক সেই উপাদান কি? কিভাবে দুঃখ হইতে মুক্তিলাভ করা যায়— তাহা জিজ্ঞাসা করিতেছি, প্রকাশ করুন।

১৭৩। পঞ্চকামগুণ লোকে, মনোচৃষ্ট পবেদিতা,

এথ ছন্মং বিরাজেত্বা, এবং দুক্খ পমুচ্ছতি । ২১

অনুবাদঃ জগতে কামগুণ পাঁচ প্রকার। উহাদের সহিত মন যষ্ট গুণরূপে প্রবিষ্ট হয়। মানুষ ঐ গুণসমূহে বীতরাগ হইয়া দুঃখ হইতে মুক্তি লাভ করিয়া থাকেন।

^১—সম্বৰং (ক)

^২—ছসু (সী—ই)

^৩—বৃপ, শব্দ, গব্ব, রস, স্পর্শ ও মন।

^৪—পমুচ্ছতি (স্যা)

১৭৪। এতৎ লোকস্ম নিয়ানং, অক্খাতৎ বো যথাতথং,

এতৎ বো অহমক্ষামি, এবৎ দুক্খা পমুচ্ছি । ২২

অনুবাদ ৪ এই জগতের মুক্তি প্রদানকারী উপায় তোমাদের কাছে যথাযথভাবে প্রকাশিত হইয়াছে। ‘এইভাবেই দুঃখ হইতে মুক্তিলাভ করা যায়’ এলিয়া আমি তোমাদের কাছে ব্যক্ত করিতেছি।

১৭৫। কো সু'ধ তরতি ওঘং, কো'ধ তরতি অণ্ববং,

অপ্পতিট্টে অনালম্বে, কো গষ্ঠীরে ন সীদতি । ২৩

অনুবাদ ৫ “এই জগতে কে ওঘ (তৃঞ্চাস্ত্রোত) উত্তীর্ণ হন? কে অর্ধব (তৃঞ্চা-সাগর) পারগত হন? অপ্রতিষ্ঠিত ও অবনম্বনহীন হইয়া কে তৃঞ্চা সাগরের গভীরে ডুবে যায় না?”

১৭৬। সর্বদা শীলসম্পন্নো, পঞ্চেণ্বা সুসমাহিতো,

● অঙ্গুত্ত চিন্তী^১ সতিমা, ওঘং তরতি দুত্তরং । ২৪

অনুবাদ ৫ যিনি সর্বদা শীলসম্পন্ন, প্রজ্ঞাবান, সুসমাহিত, আধ্যাত্মিক চিন্তাকারী, শৃতিমান তিনি দুরতিক্রম্য তৃঞ্চাস্ত্রোত অতিক্রম করেন।

১৭৭। বিরতো কামসঞ্চার্য, সর্ব সংযোজনাতিগো,

কন্দীভব পরিক্রীগো, সো গষ্ঠীরে ন সীদতি । ২৫

অনুবাদ ৫ যিনি কামসংজ্ঞা হইতে বিরত; সকল সংযোজন (বন্ধন) ছেদন করেছেন; এবৎ ভবাসক্তি মুক্ত; তৃঞ্চাসাগরের গভীরে ডুবে যান না।

১৭৮। গষ্ঠীর পঞ্চেণ্বং নিপুণথাদস্সিং, অকিঞ্চনং কামভবে অসন্তং,

তৎ পস্সথ সর্বধি বিপ্পমুক্তং, দিবে পথে কমমানং মহেসিং । ২৬

অনুবাদ ৫ তোমরা গষ্ঠীর, প্রজ্ঞাবান, অর্থ দর্শনে নিপুণ, কামজগতে শূন্ধজন্মের আসন্তিরহিত; সর্বত্র বিমুক্ত, দিব্যপথে বিচরণকারী সেই মহাজ্ঞানীকে দর্শন কর।

১৭৯। অনোমনামং নিপুণথাদস্সিং, পঞ্চেণ্বাদদং কামালয়ে অসন্তং,

তৎ পস্সথ সর্ববিদুং সুমেধং, অরিয়ে পথে কমমানং মহেসিং । ২৭

অনুবাদ ৫ অতুলনীয় সুনামলব্ধ, দক্ষ-অর্থদশী, প্রজ্ঞাদাতা, কামলোকে অনাসন্ত, সর্বজ্ঞ, সুমেধ, আর্যপথে বিচরণকারী সেই মহাজ্ঞানীকে দর্শন কর।

^১ অঙ্গুত্ত সঞ্চেণ্ডী (স্যা- কং- ক)

১৮০। সুদিউঠিং বত নো অজ্জ, সুপ্রভাতৎ সুহৃষ্টিতৎং,

যং অদ্বাম সমুদ্ধং, ওয়তিগুমনাসবং। ২৮

অনুবাদ ৪ আজ আমাদের শুভদর্শন লাভ হইল; আমাদের আজ সুপ্রভাতৎ শুভ প্রাতোথান হইল; কারণ, ত্যগাস্ত্রোত অতিরক্তকারী, আসবমুক্ত সম্বা-
সমুদ্ধকে আমরা দেখিতে পাইলাম।

১৮১। ইমে দসসহসসা যক্খা, ইন্দ্রিয়মন্ত্রো যসস্সিমো,

সর্বে তৎ সরণৎ যষ্টি, তৎ নো সথা অনুভরো। ২৯

অনুবাদ ৫ ঋন্দ্রিয়ক্রিসম্পন্ন, বিখ্যাত এই দশহাজার যক্ষ সবাই আপনাঃ
শরণাশ্রয় গ্রহণ করিল, আপনি আমাদের অনুগ্রহ শান্ত।

১৮২। তে মৰৎ বিচরিস্সাম, গামা গামৎ নগা নগৎং,

নমস্সমানা সমুদ্ধং, ধন্মস্সচ সুধৰ্মতষ্টি। ৩০

অনুবাদ ৫ “সমুদ্ধ এবং ধর্মের উত্তম আচারনীতিকে সম্মান—সৎকা-
করিতে করিতে আমরা গ্রাম হইতে গ্রামান্তরে এবং পর্বত হইতে পর্বতান্তরে
বিচরণ করিব।”

হেমবত সূত্র সমাপ্ত।

— — — O — — —

১০। আলবক সুত্তং-আলবক সূত্র

এবং মে সুত্তং- একং সময়ং ভগবা আলবিযং বিহৱতি আলবকস্স যক্খস্স
ত্বনে। অথ খো আলবকো যক্খো যেন ভগবা তেনুপসজ্জমি, উপসজ্জমিত্বা
ভগবন্তং এতদবোচ-

অনুবাদ : আমি এইরূপ শুনিয়াছিঃ- এক সময় ভগবান আলবী নামক স্থানে
আলবক যক্ষের বাসস্থানে অবস্থান করিতেছিলেন। অতঃপর সেই সময়
আলবক যক্ষ ভগবানের নিকট উপস্থিত হইলেন। উপস্থিত হইয়া ভগবানকে
এইরূপ বলিলেন;-

নিকখম সমণা'তি, 'সাধাবুসো'তি ভগবা নিকখমি; 'পবিস সমণা'তি,
'সাধাবুসো'তি ভগবা পাবিসি।

অনুবাদ : 'শ্রমণ, বাহিরে এস!'

'সাধু' আবুস', বলিয়া ভগবান বাহিরে আসিলেন।

'শ্রমণ, প্রবেশ কর!'

'সাধু, আবুস' বলিয়া ভগবান প্রবেশ করিলেন।

দুষ্টিয়ম্পি খো আলবকো যক্খো ভগবন্তং এতদবোচ-

"নিকখম সমণা"তি। "সাধাবুসো"তি ভগবা নিকখমি।"

"পবিস সমণা"তি, সাধাবুসো"তি ভগবা পাবিসি।"

অনুবাদ : দ্বিতীয়বার আলবক যক্ষ ভগবানকে এইরূপ বলিলেনঃ-

'শ্রমণ, বাহিরে এস!'

'সাধু' আবুস, বলিয়া ভগবান বাহিরে আসিলেন।

'শ্রমণ, প্রবেশ কর!'

'সাধু, আবুস' বলিয়া ভগবান প্রবেশ করিলেন।

তৃষ্ণিয়ম্পি খো আলবকো যক্খো ভগবন্তং এতদবোচ-

"নিকখম সমণা"তি। "সাধাবুসো"তি ভগবা নিকখমি।"

"পাবিস সমণা"তি, সাধাবুসো"তি ভগবা পাবিসি।"

অমুবাদ : তৃতীয়বার আলবক যক্ষ ভগবানকে এইরূপ বলিলেনঃ-

'শ্রমণ, বাহিরে এস!'

আয়ুমান শদের অপদ্রংশ। সাধারণতঃ তিক্ষুদের মধ্যে একে অন্যের সহিত
কাঞ্চাগামে এই শব্দ ব্যবহার করিতে দেখা যায়।

‘সাধু’ আবুস, বলিয়া ভগবান বাহিরে আসিলেন।

‘শ্রমণ! প্রবেশ কর!’

‘সাধু, আবুস’ বলিয়া ভগবান প্রবেশ করিলেন।

চতুর্থমিং খো আলবকো যক্খো ভগবন্তং এতদবোচ-

“নিকখম সমণাতি” ন খাহং আবুসো নিকখমিস্সামি।

“যৎ তে করণীযং তৎ করোহীতি।”

অনুবাদঃ চতুর্থবারও আলবক যক্ষ ভগবানকে এইরূপ বলিলেনঃ—

‘শ্রমণ বাহিরে এস।’

‘আবুস, আমি আর বাহির হইব না, তোমার যাহা ইচ্ছা তাহা করিবে পার।’

“পঞ্চঃ” তৎ সমণ পুচ্ছিস্সামি, সচে মে ন ব্যাকরিস্সমি চিন্তং বা তে খিপিস্সামি, হন্দং বা ফালেস্সামি, পাদেসু বা গহেত্তা পারগজায় খিপিস্সামীতি।

অনুবাদঃ হে ‘শ্রমণ! আমি তোমাকে প্রশ্ন জিজ্ঞাসা করিতে চাই, যাহা প্রশ্নের উত্তর দিতে অক্ষম হও, তাহা হইলে তোমার চিন্তকে উন্নত করিব, কিন্তু তোমার বক্ষঃস্থল ছিড়িয়া ফেলিব অথবা দুই পায়ে ধরিয়া তোমার গজার পরপারে নিষ্কেপ করিব।’

ন খবাহন্তং আবুসো পস্সামি সদেবকে লোকে সমারকে সন্তুষ্টকে সস্সন্তুষ্ট ব্রাক্ষণিয়া পজ্জায সদেবমনুস্সায যো মে চিন্তং বা খিপেয়, হন্দং বা ফালেস্স, পাদেসু বা গহেত্তা পারগজায় খিপেয়, অপি চ তৎং আবুসো পুচ্ছযদাকঙ্গাসীতি।

অনুবাদঃ হে ‘আবুসো’! দেব-নরলোকে, মার ও ব্রহ্মলোকে, বর্তমান শ্রমণ-ব্রাক্ষণকুলে, দেবতা আর মানবগণের মধ্যে এমন কাহাকেও দেখিতে না, যে আমার চিন্তকে উন্নত করিতে পারে, বক্ষঃস্থল ছিড়িয়া ফেলিতে পারে, কিন্তু দুই পায়ে ধরিয়া আমাকে গজার অপরতীরে নিষ্কেপ করিতে পারে। তবুও আবুস, তোমার যাহা ইচ্ছা তাহা জিজ্ঞাসা কর।’

অথ খো আলবকো যক্খো ভগবন্তং গাথায় অঞ্জুতাসিঃ—

অনুবাদঃ অতঃপর, আলবক যক্ষ ভগবানকে গাথায় বলিলেন—

୧୮୩ । କିଂ ସୁଧ ବିନ୍ଦୁ ପୁରିସ୍ସ ସେଟ୍ଠିଂ ? କିଂ ସୁ' ସୁଚିଗ୍ନି ସୁଖମାବହାତି ?

କିଂ ସୁ ହବେ ସାଦୁତରଂ ରସାନଂ ? କଥଂ ଜୀବିଂ ଜୀବିତମାତୁ ସେଟ୍ଠିଥିତି ? ୧

ଅନୁବାଦ : ଏହି ଜଗତେ ପୁରୁଷେର ଶ୍ରେଷ୍ଠ ବିନ୍ଦୁ (ଧନ) କି ? କୋନ ଜିନିସ ଶୁଦ୍ଧରୂପେ ସଂଘରଣ କରିଲେ ସୁଖଜନକ ହ୍ୟ ? ତୃପ୍ତିଦାୟକ ରସେର ମଧ୍ୟେ ଉତ୍କୃଷ୍ଟତର ରସ କି ? କିଭାବେ ଜୀବନ-ୟାପନ କରିଲେ ତାକେ ଶ୍ରେଷ୍ଠ ଜୀବନ ବଲା ହ୍ୟ ?

୧୮୪ । ସନ୍ଧୀ'ଧ ବିନ୍ଦୁ ପୁରିସ୍ସ ସେଟ୍ଠିଂ, ଧମ୍ମୋ ସୁଚିଗ୍ନୋ ସୁଖମାବହାତି,

ସଂକଳନ ହବେ ସାଦୁତରଂ ରସାନଂ, ପଞ୍ଚଏଣ୍ଜିବିଂ ଜୀବିତମାତୁ ସେଟ୍ଠିଥିତି । ୨

ଅନୁବାଦ : ଏହି ଜଗତେ ପୁରୁଷେର ଶ୍ରେଷ୍ଠ ବିନ୍ଦୁ ହଇଲୁ 'ଶନ୍ଦ୍ଵା'; ଧର୍ମ ଶୁଦ୍ଧରଭାବେ ଆଚରଣ କରିଲେ ସୁଖଦାୟକ ହ୍ୟ । ତୃପ୍ତିଦାୟକ ରସେର ମଧ୍ୟେ ଉତ୍କୃଷ୍ଟତର ରସ ହଇଲୁ 'ଶଙ୍କା'; ପ୍ରଜାମୟ ଜୀବନ-ୟାପନ କରିଲେ, ସେଇ ଜୀବନଟି ଶ୍ରେଷ୍ଠ ଜୀବନ ବଲା ହ୍ୟ ।

୧୮୫ । କଥଂସୁ ତରତି ଓସଂ ? କଥଂସୁ ତରତି ଅଶ୍ଵବଂ ?

କଥଂସୁ ଦୁକଥଂ ଅଛେତି ? କଥଂସୁ ପରିଶୁଦ୍ଧତି ? ୩

ଅନୁବାଦ : କିଭାବେ ଓସ (ତୃପ୍ତାମ୍ରୋତ) ଅତିକ୍ରମ କରିତେ ହ୍ୟ ? କିଭାବେ ଅର୍ଥବ (ସଂସାର ସମୁଦ୍ର) ଉତ୍ତରୀର୍ଣ୍ଣ ହଇତେ ହ୍ୟ ? ଦୁଃଖକେ କିଭାବେ ଜୟ କରିତେ ହ୍ୟ ? କିଭାବେ ପାରିଶୁଦ୍ଧତା ଲାଭ କରିତେ ପାରା ଯାଯ ?

୧୮୬ । ସନ୍ଧୀଯ ତରତି ଓସଂ, ଅଶ୍ଵବଂ, ଅଶ୍ଵବଂ,

ବୀରିଯେନ୍ ଦୁକଥଂ ଅଛେତି, ପଞ୍ଚଏଣ୍ଜାୟ ପରିଶୁଦ୍ଧତି । ୪

ଅନୁବାଦ : 'ଶନ୍ଦ୍ଵା ଦ୍ଵାରା ଓସ (ତୃପ୍ତାମ୍ରୋତ) ଅତିକ୍ରମ କରିତେ ହ୍ୟ; ଅଶ୍ଵମାଦ ଦ୍ଵାରା ଅଶ୍ଵବ (ସଂସାର ସମୁଦ୍ର) ଉତ୍ତରୀର୍ଣ୍ଣ ହଇତେ ହ୍ୟ; ଦୁଃଖକେ ବୀର୍ଯ୍ୟର ଦ୍ଵାରା ଜୟ କରିତେ ହ୍ୟ; ଶଶୀର ମାଧ୍ୟମେ ପରିଶୁଦ୍ଧତା ଲାଭ କରିତେ ପାରା ଯାଯ ।

୧୮୭ । କଥଂସୁ ଲଭତେ ପଞ୍ଚଏଣ୍ଜଂ ? କଥଂସୁ ବିନ୍ଦତେ ଧନଂ ?

କଥଂସୁ କିନ୍ତିଂ ପଞ୍ଚେତି ? କଥଂ ମିତାନି ଗର୍ଭତି ?

ଅଶ୍ଵାଲୋକା ପରଂ ଲୋକଂ ? କଥଂ ପେଚ ନ ସୋଚତି ? ୫

ଅନୁବାଦ : କିଭାବେ ପ୍ରଜା ଲାଭ କରା ଯାଯ ? କିଭାବେ ଧନ ସଂଗ୍ରହିତ ହ୍ୟ ? କିଭାବେ କୀର୍ତ୍ତି ପ୍ରାଣ ହୁଏ ଯାଯ ? କିରୂପେ ମିତ୍ରଗଣେର ସାହଚର୍ଯ୍ୟ ଲାଭ କରା ଯାଯ ? କିରୂପ କର୍ମ ସମ୍ପାଦନ କରିଲେ ଇହଲୋକ ହଇତେ ପରଲୋକେ ଗମନ କରିଯା ଅନୁଶୋଚନା କାରଣରେ ହ୍ୟ ନା ?

¹ କିଂସୁ (ସୀ)

² ବୀରିଯେନ୍ (ସୀ- ସ୍ଯା- କଂ- ଇ)

১৮৮। সদহানো অরহতং ধম্মং নিরীক্ষণ পন্থিয়া,

সুস্মসং^১ লভতে পঞ্চপঞ্চ, অপ্পমন্ত্রো বিচক্খণো । ৬

অনুবাদঃ নির্বাণধর্ম লাভ করিবার জন্য অরহত্ত্বের প্রতি শুদ্ধাসম্পন্ন, অপ্রমত্ত, বিচক্ষণ ও ধর্ম শ্রবণে ইচ্ছুক হইলে প্রজ্ঞালাভ করা যায় ।

১৮৯। পতিরূপকারী ধূরবা, উট্ঠাতা বিল্ডতে ধনং,

সচেন কিঞ্চিং পশ্চোতি, দদং মিত্রানি গচ্ছতি । ৭

অনুবাদঃ প্রতিরূপকারী, অধ্যাবসায়ী উৎসাহশীল ব্যক্তি ধন লাভ করেন; সত্ত্বের দ্বারা যশ কীর্তি প্রাপ্ত হওয়া যায় । দানশীলতার দ্বারা নিত্রগণের সাহচর্য লাভ করা যায় ।

১৯০। যস্মেতে চতুরো ধন্মা, সন্ধস্ম ঘরমেসিনো,

সচং ধন্ম্যো^২ ধিতি চাগো, স বে পেচ ন সোচতি

অস্মালোকা পরং লোকং, স বে পেচ ন সোচতি । ৮

অনুবাদঃ সত্য, ধর্ম, অধ্যবসায় ও ত্যাগ— এই চারি প্রকার ধর্ম (শ্বত্বাব) যিনি শুদ্ধার সাথে ধারণ করে গৃহবাস করেন, তাঁহাকে ইহলোকে এবং পরলোকে অনুশোচনা করিতে হয় না ।

১৯১। ইঙ্গ অঞ্চলেপি পুচ্ছস্মু, পুথু সমণ ব্রাহ্মণে,

যদি সচ্ছা দমা চাগা, খন্ত্যা ভীয়ো ন বিজ্ঞতি । ৯

অনুবাদঃ অপর সকল পৃথকজন শ্রমণ আর ব্রাহ্মণকেও জিজ্ঞাসা করিয়া দেখ, এই সংসারে সত্য, সংযম, ত্যাগ ও ক্ষান্তি হইতে শ্রেষ্ঠতর ধর্ম আর অন্য কিছু আছে কিনা ।

১৯২। কথং নু'দানি পুচ্ছেয়ং, পুথু সমণ ব্রাহ্মণে,

যোহং অজ্জ পজানামি, যো অথো সম্পরায়িকো । ১০

অনুবাদঃ সকল পৃথকজন শ্রমণ ও ব্রাহ্মণগণকে আমি কি কারণে আর জিজ্ঞাসা করিব? অনাগত জীবনে যাহা মঙ্গলজনক তাহা আমি আজ জানিতে পারিলাম ।

১৯৩। অথায বত মে বুদ্ধে, বাসায় লবিমাগম্যা,

যোহং^৩ অজ্জ পজানামি, যথ দিনং মহপ্রফলং । ১১

^১ - সুস্মসা (সী- ই)

^২ - দমো (?)

^৩ - সোহং (সী- ই)

অনুবাদ ৩ : আমার অর্থহিতের জন্যই বুদ্ধ আলবীতে আগমন করিয়া অবস্থান করিতেছিলেন; যথায় দান করিলে মহাফল লাভ করা যায়— তাহা আজ আমি জানিতে পারিলাম।

১৯৪। সোহং বিচরিস্সামি, গামা গামং পুরা পুরং,

নমস্সমানো সমুদ্ধৎ, ধন্মস্স চ সুধামত ন্তি। ১২

অনুবাদ ৪ : সমুদ্ধ ও ধর্মের উত্তম আচারনীতিকে সম্মান সংকার করিতে করিতে আমি গ্রাম হইতে গ্রামে এবং নগর হইতে নগরে বিচরণ করিব।

এবং বত্তা আলবকো যক্খো ভগবন্তং এতদবোচ— “অভিক্ষতং ভো গোতম! অভিক্ষতং ভো গোতম! সেয়খাপি ভো গোতম নিরুজ্জিতং বা উকুজ্জেয়, পটচ্ছন্নং বা বিবরেয়, মূলহস্স বা মগ্গং আচিক্খেয়, অন্ধকারে বা তেলপজ্জোতং ধারেয়, চক্খুমন্ত্রো রূপানি দক্ষতা ন্তি। এবমেব ভো গোতমেন অনেক পরিযায়েন ধম্মো পকাসিতো এসাহং ভগবন্তং গোতমং সরণং পচ্ছামি ধন্মস্ত ভিক্খুসঙ্গঞ্চ, উপাসক মং ভবং গোতমো ধারেতু অজ্ঞতঙ্গে পাণুপেতং সরণং গতন্তি।

অনুবাদ ৫ : এইরূপ উক্ত হইলে, আলবক যক্ষ ভগবানকে বলিলেনঃ— হে গৌতম! “খুবই উত্তম, গৌতম! খুবই উত্তম! যেমন, হে গৌতম! নিম্নমুখী পাত্রকে উধর্মুখী করা হয়; আচ্ছান্তি বস্তুকে উন্মুক্ত করা হয়, পথজ্ঞষ্টকে পথ দেখানো হয়, চক্ষুস্মান রূপ দেখিবার নিমিত্ত অন্ধকারে তৈল প্রদীপ ধারণ করা হয়। তেমনি শুদ্ধেয় গৌতম কর্তৃক অনেক প্রকারে ধর্ম প্রকাশিত হইয়াছে। আমি মাননীয় গৌতমের শরণ গ্রহণ করিতেছি। তাহার ধর্মের শরণ গ্রহণ করিতেছি এবং ভিক্খুসঙ্গের শরণ গ্রহণ করিতেছি; আজ হইতে জীবনের শেষকাল পর্যন্ত আমাকে আপনার উপাসক হিসাবে অবধারণ করুন।

আলবক সূত্র সমাপ্ত।

—o—

১১। বিজয় সুত্রঃ- বিজয় সূত্র

১৯৫। চরং বা যদি বা তিট্ঠং, নিসিন্নো উদ বা সযঃ;

সমিঙ্গেতি পসারেতি, এসা কায়স্স ইঞ্জনা । ১

অনুবাদঃ গমনের সময়, উপবেশনের সময়, স্থিতির সময় অথবা শয়নের সময়, কায়ের অঙ্গপ্রত্যজ্ঞকে যে সংকোচন ও প্রসারণ করা হয়; ইহাই দেহের সঞ্চালন।

১৯৬। অট্টিনহারু সংযুক্তো, তচমংসাবলেপনো,

ছবিয়া কায়ো পটিছন্নো, যথাভৃতং ন দিস্সতি । ২

অনুবাদঃ অস্মি ও স্নায়ু সংযুক্ত, চামড়া ও মাংসের প্রলেপন, চর্মের দ্বারা আচ্ছাদিত বলিয়া এই দেহের প্রকৃত স্বত্বাব যথাযথভাবে দেখা যায় না।

১৯৭। অন্তপূরো উদরপূরো, যকনপেলস্স' বথিনো,

হদযস্স পপ্ফাসস্স, বক্স্স পিহকস্স চ । ৩

অনুবাদঃ এই শরীরের ভিতরে অন্ত, উদর, যকৃৎ, মূত্রাশয়, হৃদয়, ফুস্ফুস, বক ও শ্রীহা আছে।

১৯৮। সিঙ্গাণিকায খেলস্স, সেদস্স চ মেদস্স চ,

লোহিতস্স লসিকায, পিত্তস্স চ বসায চ । ৪

অনুবাদঃ এবং সিখনি, লালা, স্বেদ, মেদ, লোহিত, লসিকা, শ্রেষ্ঠা ও চর্বি আছে।

১৯৯। অথস্স নবহি সোতেহি, অসুচী সবতি সক্ষদা,

অক্খিমহা অক্খি গৃথকো, কণ্ঠমহা কণ্ঠগৃথকো । ৫

অনুবাদঃ অতঃপর তাহার নয়টি স্তোত্ পথে, সর্বদা অশুচি স্নাবিত হচ্ছে। যথা— চক্ষু হইতে চক্ষুমল, কর্ণ হইতে কর্ণমল,

২০০। সিঙ্গাণিকা চ নাসতো, মুখেন বমতেকদা;

পিত্তস্মেহপ্ত বমতি, কায়মহা সেদজগ্নিকা । ৬

অনুবাদঃ নাসিকা হইতে সিখনি, মুখ হইতে বমি, পিত্ত ও শ্রেষ্ঠার নিঃসরণ হয় এবং সমন্ত শরীর হইতে স্বেদ জল নিঃসারিত হয়।

২০১। অথস্স সুসিরং সীসং, মথলুজাস্স পূর্ণিতং,

সুভতো নং মঞ্জ্ঞতি বালো, অবিজ্ঞায পূরক্খতো । ৭

১ - অট্টিনহারুহি সংযুক্তো (স্যা- ক)

অনুবাদ : অতৎপর অবিদ্যায় আচ্ছন্ন মূর্খব্যক্তি তাহার মন্তিককোটকে পরিপূর্ণ মগজকে শুভ বলিয়া মনে করে।

১০১। যদা চ সো মতো সেতি, উন্মুমাতো বিনীলকো,

অপবিদ্বেষো সুসানশ্চিঃ, অনপেক্খা হোন্তি এগাতবো । ৮

অনুবাদ : মরিয়া গেলে উহা যখন স্ফীত ও নীলাত রং ধারণ করে, তখন আশানে পরিত্যাগ করা হয়, এভাবে জ্ঞাতীগণ উহাকে উপেক্ষা করিয়া থাকেন।

১০৩। খাদন্তি নং সুবানা^১ চ, সিঙ্গালা^২ চ বকা কীমী,

কাকা গিঙ্গা চ খাদন্তি, যে চেওঁ-এও সন্তি পাণিনো । ৯

অনুবাদ : তখন কুকুর, শৃঙ্গাল, বক, কৃমি, কাক, শকুন ইত্যাদি অন্যান্য জানীরা এই দেহকে ভক্ষণ করিয়া থাকে।

১০৪। সুতান বুন্ধবচনং, ভিক্খু পঞ্চঞ্চাগবা ইধ,

সো খো নং পরিজানাতি, যথাভৃতঞ্চ পস্সতি । ১০

অনুবাদ : এই জগতে জ্ঞানবান ভিক্ষু বুদ্ধের উপদেশ শুনিয়া আপন-দেহ পথে বিশেষভাবে পরিজ্ঞাত হইয়া উহার যথার্থ-রূপ দর্শন করেন।

১০৫। যথা ইদং তথা এতৎ, যথা এতৎ তথা ইদং,

অজ্ঞানঞ্চ বহিন্দ্বা চ, কায়ে ছন্দং বিরাজযে । ১১

অনুবাদ : এই জগতে জ্ঞানবান ভিক্ষু বুদ্ধের উপদেশ শুনিয়া এই দেহ যেইরূপ, এই দেহও সেইরূপ; এভাবে আধ্যাত্মিক এবং বাহ্যিকভাবে উভয় কায়ের প্রতি ছন্দরাগ পরিত্যাগ করেন।

১০৬। ছন্দরাগবিরত্তো সো, ভিক্খু পঞ্চঞ্চাগবা ইধ,

অজ্ঞগা অমতৎ সন্তিঃ, নিবৰ্বানং পদমচুতৎ । ১২

অনুবাদ : এই জগতে ছন্দরাগহীন সেই জ্ঞানবান ভিক্ষু চিরস্থায়ী নির্বাণের অধ্য-শান্তি অচ্যুতপদ লাভ করেন।

১০৭। দ্বিপাদকোয়ং অসুচি, দুষ্টন্দো পরিহীরতি^৩,

নানাকুণ্পপরিপূরো, বিস্সবত্তো ততো ততো । ১৩

^১ সুপানা (ই)

^২ সিঙ্গালা (সী- স্যা- কং- ই)

^৩ দ্বিপাদকোয় (সী- স্যা- কং- ই)

^৪ শরিহারতি (ক)

অনুবাদ ৪ আশ্চর্য! এই যে, দুইখানি পা যুক্ত, এই অশুচি, দুর্গন্ধময়; নানা ময়লাপরিপূর্ণ, বিবিধ জায়গা হইতে অশুচি বাহির-কারক দেহকে অতি যদ্দে পালন করিতে হয়।

২০৮। এতাদিসেন কায়েন, যো মণ্ডেও উন্মেতবে^১,

পরং বা অবজানেয়, কিম্ভুণ্ডেও অদস্সনাতি। ১৪

অনুবাদ ৫ যেই ব্যক্তি এইরূপ কায়বিশিষ্ট হইয়াও নিজকে অতি উন্নত কিঃ বলিয়া অহংকার করে, এবং পরকে অবজ্ঞাসূচক হেয় মনে করে; তাহারে চক্ষুহীন-অন্ধ ছাড়া, আর কি বলা যাইতে পারে?

বিজয় সূত্র সমাপ্ত।

— — — o — — —

^১ – উন্মেতবে (?)

১২। মুনি সুত্তং-মুনি সূত্র

২০৯। সচ্চাতো^১ ভয়ৎ জাতৎ, নিকেতা জাযতে রজো,

অনিকেতমসভ্বৎ, এতৎবে মুনি দস্মনৎ। ১

অনুবাদ : ভালবাসা হইতে ভয় উৎপন্ন হয়, গৃহবাস হইতে রজ (অপবিত্রতা) উৎপন্ন হয়; গৃহহীন এবং আসক্তিহীন জীবন দর্শনই মুনির পরিচয়।

২১০। যো জাতমুচ্ছজ্জ ন রোপযেয়, জাযন্তমস্স নানুপ্রবেচ্ছে,

তমাত্তু একৎ মুনিনৎ চরণ্তৎ, অদ্বক্ষি সো সন্তিপদং মহেসি। ২

অনুবাদ : যিনি জন্মকে উচ্ছেদ করার পর, পুনর্বার আর জন্মবীজ রোপন করেন না, এবং পুনঃজন্মের ইচ্ছা পোষণ করেন না; বিচরণরত মুনিদের মধ্যে তাহাকে প্রকৃত মুনি বলা হয়। সেই মহর্ষি নির্বাণের দর্শন লাভ করিয়া থাকেন।

২১১। সঙ্গায বথুনি পমায^২ বীজৎ, সিনেহমস্স নানুপ্রবেচ্ছে,

স বে মুনী জাতিখ্যন্তদস্সী, তকং পহায ন উপেতি সঙ্গং। ৩

অনুবাদ : বন্ধুসমহের যথার্থ ক্ষয়ধৰ্মীতা দর্শন করিয়া, তৃষ্ণারূপ স্নেহ ও জন্ম বীজের ধৰ্মস সাধন পূর্বক উহাতে যিনি অনুরক্ত হন না; সৃষ্টি ও ক্ষয়ের শেষ সীমা দর্শনকারী মুনি বিতর্ক পরিহার করিয়া উপশান্ত হইয়া থাকেন।

২১২। অঞ্চল্য সক্ষানি নিবেসনানি, অনিকাম্যং অঞ্চল্যতরম্পি তেসং,

স বে মুনী বীতগেধো অগিদ্ধো, নাযুহতী পারগতো হি হোতি। ৪

অনুবাদ : যিনি সকল আবাস (স্থান) বিদিত হইয়া উহাতে নির্লিঙ্গ হইয়াছেন; সেই বীততৃষ্ণ-অলুক্ষ মুনি সকল প্রকার তৃষ্ণা পরিত্যাগ করিয়া পরপারে উপস্থিত হইয়াছেন।

২১৩। সক্ষান্তিভুং সক্ষবিদুং সুমেধৎ, সর্বেসু ধন্মেসু অনুপলিঙ্গং,

সক্ষঙ্গহং তণ্হক্ষযে বিমুক্তং, তং বাপি ধীরা মুনি^৩ বেদযন্তি। ৫

অনুবাদ : সর্বাধিকারী, সর্বজ্ঞ, সুমেধ, সকলধর্মে অনুপলিঙ্গ (নিক্ষলজক), সর্বত্যাগী। তৃষ্ণাক্ষয়ে বিমুক্ত সেই ব্যক্তিকে ধীর বা পদ্ধিতগণ ‘মুনি’ নামে আখ্যায়িত করেন।

^১ – সন্ধবতো (ক)

^২ – পহায (ক- সী- ক)। সমায (ক) পা+যী+ত্বা=পমায, যথা নিস্সাযাতিপদং।

^৩ – মুনিং (সী- ই)

২১৪। পঞ্চ়গ্রাবলং সীলবত্তপপন্নং, সমাহিতৎ বানরতৎ সতীমৎ,

সঙ্গা পমুক্তৎ অখিলং অনাসবৎ, তৎ বাপি ধীরা মুনি বেদযষ্টি । ৬

অনুবাদ ৪ প্রজ্ঞাবলসংযুক্ত, শীলচার সম্পন্ন, সমাহিত চিন্ত, ধ্যানরত, স্মৃতিমান, সংশয় প্রমুক্ত, অখিল (আসবমুক্ত) অনাস্বব ব্যক্তিকে ধীরগণ ‘মুনি’ বলিয়া প্রকাশ করেন।

২১৫। একৎ চরণ্তৎ মুনিমপ্রমত্নৎ, নিষ্ঠাপসংসাসু অবেধমানৎ,

সীহংব সদেসু অসম্ভসন্তৎ, বাতৎব জালমহি অসজ্জমানৎ।

পন্থবং^১ তোযেন অলিপ্পমানৎ^২, নেতারমঞ্চেস'মনঞ্চঞ্চনেয়ৎ,

তৎ বাপি ধীরা মুনি বেদযষ্টি । ৭

অনুবাদ ৫ যিনি অপ্রমত্নভাবে একাই ভ্রমণ করেন, নিষ্ঠা ও প্রশংসায় সমানভাবে ছির থাকেন, সিংহের ন্যায় কোন শব্দেও যিনি ভীত হন না, বাতাসের ন্যায় জালমুক্ত, পদ্মের ন্যায় জলদ্বারা অলিপ্ত, যিনি অন্যজনের অধিনায়ক এবং কাহারও দ্বারা যিনি চালিত হন না, তাঁহাকে ধীরগণ ‘মুনি’ বলিয়া থাকেন।

২১৬। যো উগহণে থত্তোরিবাভিজ্ঞাযতি,

যশ্মীং পরে বাচা পরিযন্তৎ^৩ বদন্তি,

তৎ বীতরাগং সুসমাহিতিন্দ্রিযং, তৎ বাপি ধীরা মুনি বেদযষ্টি । ৮

অনুবাদ ৬ যিনি সুনানতীর্থের স্তন্ত্রের ন্যায়, যিনি যথাৰ্থবাদী নামে প্রসিদ্ধ, সেই বীতরাগ, সুসমাহিত ইন্দ্রিয় ব্যক্তিকে ধীরগণ ‘মুনি’ বলিয়া থাকেন।

২১৭। যো বে ঠিতভো তসরংব উজ্জু, জিগুছতি কম্বেহি পাপকেহি,

বীমংসমানো বিসমৎ সম্ভৎ, তৎ বাপি ধীরা মুনি বেদযষ্টি । ৯

অনুবাদ ৭ যিনি আন্ত্রাসংব্যমী হইয়া এসবের^৪ ন্যায় উজ্জু, ন্যায় অন্যায় চিন্তা করিয়া যিনি পাপবাসনা হইতে বিরত, তিনি ধীরগণ কর্তৃক ‘মুনি’ বলিয়া কথিত হন।

^১ – পন্থমব (সী– স্যা-ই)

^২ – অলিপ্প মানৎ (স্যা- ক)

^৩ – বাচৎপরিযন্তৎ (ক)

^৪ – এসর- তুরি, তত্ত্ববায়ের যন্ত বয়নের মাঝু।

২১৮। যো সঞ্চ্চিতভো ন করেৱি পাপং, দহরো মঞ্জুমো চ মুনি^১ যতভো,
অরোসনেয়ো ন সো রোসেতি^২ কঞ্চি, তৎ বাপি ধীরা মুনি বেদযষ্টি। ১০
অনুবাদঃ যিনি সংযতাআ, পাপকার্য করেন না, সেই আত্মজয়ী নবীন বা
মধ্যবয়ক মুনি, নিজেই অক্রোধী হইয়া অপরকেও যিনি ক্রোধাবিষ্ট করেন না,
ধীর ব্যক্তিরা তাহাকে ‘মুনি’ আখ্যা দিয়া থাকেন।

২১৯। যদগ্গতো মঞ্জুতো সেসতো বা, পিঙ্গ লভেথ পরদন্তুপজীবি,
নালং থুতুং নোপি নিপক্ষ বাদী, তৎ বাপি ধীরা মুনি বেদযষ্টি। ১১

অনুবাদঃ পরদন্তুপজীবি হইয়া যিনি পিঙ্গের উপরাংশ, মধ্যমাংশ বা
শেষাংশ গ্রহণ করেন, এবং দাতার স্তুতি অথবা নিদায় বিরত থাকেন, ধীরগণ
তাহাকে ‘মুনি’ আখ্যা দিয়া থাকেন।

২২০। মুনিং চরন্তং বিরতং মেথুনম্বা, যো যৌবনে নো^৩ পনিবঞ্জতে কৃচি,
মদপ্রমাদা বিরতং বিপ্পমুক্তং, তৎ বাপি ধীরা মুনি বেদযষ্টি। ১২

অনুবাদঃ যে মুনি মৈথুন সেবন হইতে বিরত হইয়া বিচরণ করেন,
যৌবনে যিনি সকল প্রকার শৃঙ্খলাবন্ধ হইতে মুক্ত, মদপ্রমাদ হইতে বিরত,
বিমুক্ত, ধীরগণ তাহাকে ‘মুনি’ নামে অভিহিত করেন।

২২১। অঞ্চল্য লোকং পরমথদস্সিং, ওঘং সমুদ্ধং অতিতরিয তাদিং,
তৎ ছিন্নগন্তং অসিতং অনাসবং, তৎ বাপি ধীরা মুনি বেদযষ্টি। ১৩

অনুবাদঃ লোকজ্ঞ, পরমার্থ দর্শনকারী, তৃষ্ণাস্ত্রোত ও সমুদ্র অতিক্রমকারী,
ছিন্নগন্তি, শাধীন, অনাসব, সেই ব্যক্তিকে জ্ঞানীগণ ‘মুনি’ বলিয়া থাকেন।

২২২। অসমা উভো দূরবিহারবৃত্তিনো, গিহী^৪ দারপোসী, অমমো চ সুৰতো;
পরপাণরোধায গিহী অসঞ্চ্চিতো, নিচং মুনি রক্ষতি পাণিনে^৫ যতো। ১৪

অনুবাদঃ অসমানভাবে জীবিকা নির্বাহকারী দুইজন মানুষ, নানান
প্রভাববিশিষ্ট একজন স্ত্রী পোষণকারী গৃহী, এবং অপরজন স্বার্থহীন ব্যক্তি;
অপরের প্রাণ-বধকারী গৃহী অসংযত হয়; কিন্তু সংযত মুনি নিত্য অপরের প্রাণ
বধকায় নিযুক্ত থাকেন।

^১ - দুরহো চ মঞ্জো চ মুনি (সী- স্যা- কং- ই)

^২ - ন রোসেতি (স্যা)

^৩ - গিহি (ক)

^৪ - পাণিনো (সী)

২২৩। সিথী যথা নীলগীবো^১ বিহঙ্গামো, হংসস্স নোপেতি জবৎ কুদাচনৎ,
 এবৎ গিহী নানুকরোতি ভিক্খুনো,
 মুনিনো বিবিস্তস বনমহি ঘাযতোতি । ১৫
 অনুবাদঃ নীলগীব শিথীপক্ষী যেমন ইঁসের সহিত তুলনীয় হয় না, তেমনি
 এইরূপ গৃহীলোকও কিছুতেই নির্জন বনে ধ্যানরত মুনি বা ভিক্ষুর সমশ্রেণীভুক্ত
 হয় না ।

মুনি সূত্র সমাপ্ত ।
 উরগ বর্গ প্রথম সমাপ্ত ॥

তস্সুদ্ধানৎ

উরগো, ধনিযা, চেব, বিসাণং চ তথা কসি,
 চুন্দো, পরাভুবো চেব বসল, মেত ভাবনা ।
 সাতাগিরো, আলবকো, বিজয়ো চ তথা মুনি,
 দ্বাদসে তানি সুভ্রনি উরগ বগ্গোতি বুচ্ছতী তি ।

— — — o — — —

^১ – নীলগীবো (স্যা)

২. চূল বগৃগ-ক্ষুদ্র বর্গ

১। রতন সুভৎ-রতন সূত্র

উৎপত্তি কথা

ভগবান বুদ্ধের সময় বৈশালী খুবই সমৃদ্ধশালী নগর ছিল। সকল প্রকার উপভোগ্য ও পরিভোগ্য ধনসম্পদে পরিপূর্ণ বৈশালীতে কালের কুটিল গতিতে একদিন অনাবৃত্তি দেখা দিল। ফলে, শস্যক্ষেত্রের নাশ হইয়া দেশে দুর্ভিক্ষের ক্রাল মূর্ত্তি নামিয়া আসিল। সহায় সম্বলহীন অনেক দরিদ্র লোক মরিয়া গেল। অবশেষে এতই বেশী লোক মারা যাইতে লাগিল যে, মৃত দেহের সৎকার করা অসম্ভব হইয়া পড়িল। সেই মরা-পঁচা-গলিত মৃতদেহের অসহ্য দুর্গম্বে নানা প্রকার রোগ সৃষ্টি হইল আর মৃতদেহের ভীষণ দুর্গম্ব পাইয়া প্রেত-পিশাচাদি আসিয়া নগরে আশ্রয় গ্রহণ করিল। কাজেই দুর্ভিক্ষ, রোগ ও অমনুষ্য উৎপাতের ভয়ে ভীত বৈশালীর জনগণ রাজার নিকট উপস্থিত হইয়া নিজেদের অসহ্য দুঃখের কাহিনী বর্ণনা করিল। কিন্তু রাজা তাহাদের দুঃখ দূর করিবার উপায় খুঁজিয়া পাইলেন না। এই বিপদকালে বৈশালীবাসীরা হঠাতে ভগবান বুদ্ধের কথা শ্মরণ করিল। তখন বুদ্ধ রাজগৃহ নগরে অবস্থান করিতেছিলেন।

অতঃপর তাহারা সৈন্যবাহিনীসহ প্রচুর উপটোকন দিয়া দুইজন লিছবি কুমারকে বিস্মার রাজার কাছে পাঠাইয়া দিলেন। কিন্তু রাজা তাহাদের শক্তাবে সম্মতি দিলেন না। ইহাতে উপায়ন্তর না দেখিয়া লিছবি কুমারদ্বয় স্বয়ং পুন্ডের নিকট উপস্থিত হইয়া তাঁহাকে নিমন্ত্রণ করিলেন। বুদ্ধ দেখিতে পাইলেন যে, তিনি বৈশালীতে গমন করিলে ঐ স্থানের অশেষ মঙ্গল সাধিত হইবে। কাজেই তিনি লিছবিদের নিমন্ত্রণ গ্রহণ করিলেন। তারপর বুদ্ধ বৈশালীতে যাত্রা করিলেন। তাঁহার সহিত গমন করিলেন অনেক ভিক্ষুসম্মতি। পূজনীয় আনন্দ স্থবিরও ছিলেন ঐ ভিক্ষুদ্বয়ের মধ্যে। গঙ্গানদী পার হইয়া বুদ্ধ বৈশালী নগরে উপস্থিত হওয়ার সঙ্গে সঙ্গেই সেখানে প্রচুর বৃষ্টিপাত হইতে আরম্ভ করিল। ইহাতে পঁচা-গলিত মৃতদেহসমূহ পানির সহিত পরিক্ষারভাবে জ্ঞাসিয়া গেল; দৃষ্টিত বাতাসও পরিক্ষার হইল। তখন ভগবান আনন্দ স্থবিরের মিকট রতনসূত্র প্রকাশ করিয়া লিছবি রাজকর্মচারীদের সহিত নগরের ভিতর পরিষ্কারণপূর্বক অধিবাসীদের রক্ষাকৰ্ত্ত হিসাবে ঐ সূত্র আবৃত্তি করিতে আদেশ দিলেন। তদনুসারে আনন্দ স্থবির সূত্র আবৃত্তি করিতে নগরপথে ভ্রমণ

করিতে লাগিলেন এবং সাথে বুদ্ধের ব্যবহৃত ভিক্ষাপাত্র হইতে পরিত্র
জল সিদ্ধন করিতে লাগিলেন। আনন্দ শ্ববির সূত্র আবৃত্তি আরম্ভ করিবার সঙ্গে
সঙ্গে নগরাশ্রিত প্রেত-পিশাচাদি অপদেবতাগণ ভয়ে স্থান হইতে পলাইয়া
গেল। মহামারীও উপশম হইল। তারপর নগর পরিভ্রমণ শেষ করিয়া আনন্দ
শ্ববির নগরবাসীদের প্রাণ রক্ষা করিয়া সভা মন্দিরে ফিরিয়া গেলেন। বুদ্ধ
শিয়বর্ণের সহিত স্থানে আনন্দকে অপেক্ষা করিতে ছিলেন। আনন্দ শ্ববির
শিয়সহ বুদ্ধের নিকট উপস্থিত হইলে বুদ্ধ আবার সমবেত জনসাধারণের
সম্মুখে রতনসৃত ঘোষণা করিলেন।

নিদানৎ

পণ্ডিতান্ত্রে পট্টায তথাগতস্স দস পারমিযো, দস উপপারমিযো, দস
পরমৎ-পারমিযোত্তি। সমতিংস পারমিযো পঞ্চমহাপরিচাগে লোকথ-চরিযং
এগ্রাত্মচরিযং বুদ্ধথচরিযন্তি তিস্সো চরিযাযো; পছিমভবে গবভোকঞ্চিঃ
জাতিঃ অভিনিক্ষমনং, পধানচরিযং বোধিপলুক্তে মার-বিজযং সব্বঞ্চ্ছ্রতা
এগানপটিবেধং ধন্মচক্র-পবতনং নবলোকুন্তুর ধন্মেতি, সর্বেপি মে বুদ্ধগুণে
আবজ্জেত্তু বেসালিদাপুরে তিসু পাকারন্তরেসু ত্যাম রাস্তিৎ পরিত্বৎ করন্তো
আহম্মা আনন্দথেরো দিয কারুঞ্চঞ্চ চিত্তং উপট্টাপেত্তু।

অনুবাদ ৪ তৎবান বুদ্ধ প্রণিধান হইতে (অর্থাৎ আমাদের বুদ্ধাঙ্গুর অমরাবতী
নগরে সুমেধ তাপসকালে বুদ্ধ হইবার জন্ম দীপজ্জর বুদ্ধের পদতলে যে দুর
প্রার্থনা করিয়াছিলেন, সেই সময় হইতে) তথাগতের দশপারমিতা (দশ প্রকার
বোধিজ্ঞেন লাভের উপায় কর্মের পূর্ণতা) দশ উপপারমিতা, দশ প্রকার পরমার্থ
পারমিতা (যথা— পুত্র, স্তৰী ও জীবন দান ইত্যাদি) এই দান পারমী, দান উপপারমী
ও দান পরমার্থ পারমী দ্বারা গুণ করিলে ত্রিশপ্রকার পারমিতা। অঙ্গপ্রত্যঙ্গা,
জীবন, ধন রাজ্য ও স্তৰী-পুত্র এই পঞ্চ মহাদান, লোকার্থচর্য্যা (জগতের
হিতাচরণ), জ্ঞাতার্থচর্য্যা (জ্ঞাতিদের হিতাচরণ), বুদ্ধার্থচর্য্যা (বুদ্ধ হড়য়ার জন্ম
সদাচরণ)- এই তিনি প্রকার চর্য্যা, শেষ জন্মে মাতৃগর্ভে প্রবেশ, জন্ম,
অভিনিষ্ঠমণ (সংসার ত্যাগ), প্রধানচর্য্যা (ক্রপশ্চরণ), বোধিপালক্তে মারবিজয় ,
সর্বজ্ঞতা জ্ঞান লাভ, ধর্মচক্র প্রবর্তন, ও নব লোকেন্তুর (স্ত্রোতাপত্তিযাদি চারিন্মাণ
ও চারিফল এবং নির্বাণসহ নয় প্রকার) ধর্মসহ এই সকল বুদ্ধগুণাবলী মনে করিয়া
স্মৃতিসহকারে বৈশালী নগরের প্রাচীরত্রয়ের মধ্যে রাত্রির ত্যামকালে আনন্দ
শ্ববিরের ন্যায় করুণার্থ চিত্তে পরিত্রাণ পাঠ আরম্ভ হইতেছে।

কোটিসত সহস্রেন্দু চক্ৰবালেন্দু দেবতা,
যস্মানম্পটিগ্নহলি যঞ্চ বেসালিয়া পুরে;
রোগামনুস্ম দুৰ্ভিক্ষ সন্তুতভিধৎ ভয়ং,
খিপ্পমন্ত্র ধাপেসি পরিণ্ডতৎ ভগাম হে।

অনুবাদ ৪ : শত-সহস্র-লক্ষ-কোটি চক্ৰবালবাসী দেবতাগণ যেই
পরিত্রাণের আজ্ঞা, আদেশ প্রতিগ্রহণপূর্বক পালন করেন এবং যেই পরিত্রাণের
প্রভাবে বৈশালী নগরে দুর্ভিক্ষ, রোগ ও অমনুষ্য- এই তিনি প্রকার ভয় শীঘ্ৰই
দূরীভূত হইয়াছিল, সেই পরিত্রাণ পাঠ করিতেছি।

২২৪। যানীধ ভূতানি সমাগতানি,
ভুমানি^১ বা যানিব অঙ্গলিক্ষে;
সর্বেব ভূতা সুমনা ভবন্তু,
অথোপি সৰুচ্ছ সুণ্টু ভাসিতৎ। ১

অনুবাদ ৫ ভূমিবাসী বা আকাশবাসী (স্বর্গবাসী) যেই সকল প্রাণীগণ এখানে
সমাগত হইয়াছ, তোমরা সকলেই আনন্দিত হও। অতঃপর আমার কথা
উন্মুক্তপৃষ্ঠে শ্রবণ কর।

২২৫। তস্মা হি ভূতা নিসামেথ সর্বে,
মেন্তৎ করোথ মানুসিয়া পজায়;
দিবা চ রাত্রো চ হরন্তি যে বলিঃ,
তস্মা হি নে রক্তথ অপ্পমন্ত্র। ২

অনুবাদ ৬ : যেহেতু সন্ধর্ম শ্রবণ অতিশয় দুর্লভ। তাই তোমরা সকলে
মনোযোগ দিয়া শ্রবণ কর। মানুষেরা দিনরাত তোমাদিগকে পুণ্যফল প্রদান
করিতেছে। তোমরাও তাহাদের প্রতি মৈত্রীপরায়ণ হইয়া অপ্রমত্তভাবে
তাহাদিগকে রক্ষা কর।

২২৬। যৎ কিঞ্চিৎ বিশ্বৎ ইধ বা হুরং বা,
সগ্গেন্দু বা যৎ রতনৎ পণীতৎ;
ন নো সমৎ অথি তথাগতেন,
ইদম্পি বুদ্ধে রতনৎ পণীতৎ
এতেন সচেন সুবৰ্থি হোতু। ৩

^১ - ভূমানি (ক)

অনুবাদ ৪ ইহলোকে (মনুষ্য লোক) বা নাগসুপর্ণাদি ভবনে যে সমষ্টি
মূল্যবান রত্নাদি যা কিছু বিন্দু বা সম্পত্তি আছে, অথবা স্বর্গে যা কিছু পরম রত্ন
রহিয়াছে, তাহাদের কোনটিই তথাগত বুদ্ধের সমান সমতুল্য নহে। এই
সকল রত্ন হইতে বৃদ্ধি রত্নই শ্রেষ্ঠ। এই সত্যবাক্য দ্বারা জগতের শুভ হোক।

- ২২৭। খৎ বিরাগং অমতং পণীতং,
যদজ্ঞগ্না সক্যমুনি সমাহিতো;
ন তেন ধন্মেন সমাধি কিঞ্চিঃ,
ইদম্পি ধন্মে রতনং পণীতং,
এতেন সচেন সুবিধি হোতু। ৪

অনুবাদ ৫ আর্য-মার্গ-সমাধি দ্বারা সমাহিত চিত্ত শাক্যমুনি বৃদ্ধি লোভ,
দ্বেষ, মোহ ক্ষয় করিয়া বিরাগ ও অনুপম নির্বাগামৃত পান করিয়াছেন বা
সর্বজ্ঞতা জ্ঞান দ্বারা উপলব্ধি করিয়াছেন, বুদ্ধের এই অধিগত ধর্মের তুল্য
অন্য কোন ধর্ম নাই। এই ধর্মরত্নই শ্রেষ্ঠ রত্ন। এই সত্যবাক্যের দ্বারা শুভ
হোক।

- ২২৮। যৎ বৃদ্ধসেচ্টো পরিবণ্যী সুচিঃ,
সমাধি মানস্তরিকঞ্চঞ্চমাহুঃ;
সমাধিনা তেন সমো ন বিজ্ঞতি,
ইদম্পি ধন্মে রতনং পণীতং,
এতেন সচেন সুবিধি হোতু। ৫

অনুবাদ ৬ বৃদ্ধশ্রেষ্ঠ যে শুচি সমাধির প্রশংসা করিয়াছেন, যাহার ফল দূরে
নহে, তাহার সমান অন্য কোন সমাধি বিদ্যমান নাই। এই ধর্মরত্নই শ্রেষ্ঠ
রত্ন। এই সত্যবাক্যের দ্বারা শুভ হোক।

- ২২৯। যে পৃগ্নলা অট্ট সতং পসথা,
চন্দ্রারি এতানি যুগানি হোষ্টি;
তে দক্ষিণেয্যা সুগতস্মস সাবকা,
এতেসু দিন্নানি মহপ্রফলানি।
ইদম্পি সঙ্গে রতনং পণীতং,
এতেন সচেন সুবিধি হোতু। ৬

অনুবাদ ৪ যে অষ্টবিধি আর্যপুদ্বালকে^১ বুদ্ধাদি সৎপুরুষেরা প্রশংসা করিয়াছেন, তাহারা মার্গমৃত ও ফলমৃতে চারিযুগল; সুগতের সেই শ্রাবকগণ দক্ষিণার যোগ্য পাত্র। সেই পুণ্যক্ষেত্রে দান দিলে মহাফল লাভ হয়। সংঘরত্নই শ্রেষ্ঠ রত্ন; এই সত্যবাক্যের দ্বারা শুভ হোক।

২৩০। যে সুপ্রযুক্তা মনসা দল্হেন,
নিকামিনো গোতম সাসনমৃহি;
তে পত্তিপন্তা অমৃতং বিগ্যহ,
লদ্ধা মুধা নিবৃত্তিং ভুঞ্জমান।
ইদম্পি সঙ্গে রতনং পণীতং,
এতেন সচেন সুবাধি হোতু। ৭

অনুবাদ ৫ যাহারা গৌতম বুদ্ধের শাসনে স্থিরচিত্তে অবস্থিত, সেই নিকাম পুরুষগণ অমৃত জলে অবগাহন করিয়া বিনামূল্যে লখ নির্বাণ শান্তি ভোগ করিতেছেন। সংঘরত্নই শ্রেষ্ঠ রত্ন; এই সত্যবাক্যের দ্বারা শুভ হোক।

২৩১। যথিন্দ্রিয়লো পঠবিস্মিতো^২ সিয়া,
চতুর্বৰ্তি বাতেভি অসম্পকম্পিযো;
তথ্যপমং সপ্ত্রিরিসং বদামি,
যে অরিয়সচ্ছানি অবেচ পস্সতি।
ইদম্পি সঙ্গে রতনং পণীতং,
এতেন সচেন সুবাধি হোতু। ৮

অনুবাদ ৫ ভূমিতে দৃঢ়ভাবে প্রোথিত ইন্দ্ৰিয়ল (স্তৰ্ত) যেমন চারিদিকের প্রবল বাতাসেও কমিত হয় না, তেমন যিনি চারি আর্য সত্য যথাৰ্থভাবে দর্শন করিয়াছেন, সেই সৎপুরুষকে ইন্দ্ৰিয়লের ন্যায় বলিতেছি। এই সংঘ রত্নই শ্রেষ্ঠ রত্ন; এই সত্যবাক্যের দ্বারা শুভ হোক।

^১ - (১) যিনি স্বোত্তাপন্তি মার্গে প্রবেশ করিয়াছেন, (২) যিনি উহার ফল লাভ করিয়াছেন, (৩) যিনি সকৃদাগামী মার্গে প্রবেশ করিয়াছেন, (৪) যিনি উহার ফল লাভ করিয়াছেন, (৫) যিনি অনাগামী মার্গে প্রবেশ করিয়াছেন, (৬) যিনি উহার ফল লাভ করিয়াছেন, (৭) যিনি অর্থহত মার্গে প্রবেশ করিয়াছেন এবং (৮) যিনি উহার ফল অর্থাৎ অর্থহত লাভ করিয়াছেন।

^২ - নিবৃত্তি (ক)

" - পঠবিস্মিতো (ক-সী)। পঠবিস্মিতো (ক-সী-স্যা-কং-ই)

২৩২। যে অরিয়সচানি বিভাবযন্তি,
গম্ভীর পঞ্চেন সুদেসিতানি;
কিঞ্চাপি তে হোন্তি ভুস্মপমণ্ডা,
ন তে ভবৎ অট্ঠমং আদিযন্তি।
ইদম্পি সঙ্গে রতনং পণীতং,
এতেন সচেন সুবৰ্থি হোতু। ৯

অনুবাদঃ গভীর প্রজ্ঞাবান ভগবান বুদ্ধ কর্তৃক উত্তমরূপে প্রকাশিত চারি
আর্যসত্য যাহারা সম্যক্রূপে বুঝিতে পারিয়াছেন। তাহারা প্রমাদ বহুল হইলেও
আট্টবারের, অধিক সংসারে জন্ম প্রহণ করেন না। এই সংব রত্নই শ্রেষ্ঠ রত্ন।
এই সত্যবাক্যের দ্বারা তোমাদের শুভ হোক।

২৩৩। সহা'বস্স দস্সন সম্পদায়,^১
ত্যস্সু ধম্মা জহিতা ভবন্তি;
সক্ষাযদিট্টি বিচিকিছি তৎসং,
সীলব্রতং বাণ্পি যদথি কিঞ্চি।
চতুহ'পাযেহি চ বিপ্মমুন্ডো,
ছ চাভিট্ঠানানি^২ অভরো কাতুং।
ইদম্পি সঙ্গে রতনং পণীতং,
এতেন সচেন সুবৰ্থি হোতু। ১০

অনুবাদঃ দর্শন—সম্পদ (স্ত্রোতাপন্নিফল) লাভের সঙ্গে সঙ্গেই যাহাদের
সংকায়দৃষ্টি, শীলব্রত—পরামর্শ ও সংশয়— এই তিনটি আন্ত ধারণা দূরীভূত
হইয়া থাকে। তাহারা চারি অপায় হইতে মুক্ত এবং ছয় প্রকার মহাপাপ কর্ম
সম্পদন করেন না। সংবরত্নের ইহাই শ্রেষ্ঠত্ব। এই সত্যবাক্যের প্রভাবে
তোমাদের মঙ্গল হোক।

২৩৪। কিঞ্চাপি সো কম্ব^৩ করোতি পাপকং,
কায়েন বাচ উদ চেতসা বা।
অভরো^৪ সো তস্স পটিছাদায়,^৫

^১ – সহা'বসদ্সনসম্পদায় (ক)

^২ – ছ চাভিট্ঠানানি (সী—স্যা)

^৩ – কম্বৎ (সী—স্যা—কং—ই)

^৪ – অভরো (বহুসু)

অভক্তা দিচ্ছিপদস্মস বুদ্ধা।
 ইদম্পি সংজ্ঞে রতনৎ পণীতৎ,
 এতেন সচেন সুবর্থি হোতু। ১১

অনুবাদ ৪: শ্রোতাপন্নাদি আর্যগণ কায়—বাক্য—মনের দ্বারা পাপকার্য করেন না। অগত্যা পাপ করিলেও তাহা গোপন রাখিতে পারেন না। কারণ সম্যক্ত্বাদি সম্পন্ন ধ্যান্তির পক্ষে তাহা গোপন করা অসম্ভব বলিয়া উক্ত হইয়া ছে। সংবরত্ত্বের ইহাই শ্রেষ্ঠত্ব; এই সত্যবাক্যের প্রভাবে জগতের শুভ মঙ্গল হট্টক।

২৩৫। বনশ্পগুম্বে যথা^১ ফুস্সিতগ্রগে,
 গিম্বান মাসে পঠমশ্চিং^২ গিম্বে;
 তথ্যপমং ধম্ববরং অদেসযি^৩,
 নির্বাণগামিং পরমং হিতায।
 ইদম্পি বুদ্ধে রতনৎ পণীতৎ,
 এতেন সচেন সুবর্থি হোতু। ১২

অনুবাদ ৪: গ্রীষ্মকালের প্রথম মাসে (চৈত্রমাসে) বনের বৃক্ষলতাদিতে বনজ পুন্ডরাজি প্রস্ফুটিত হইলে যেমন বনভূমি অতিশয় শোভা ধারণ করে, তেমন (শীল, সমাধি ও প্রজ্ঞাপুক্ষের দ্বারা সুশোভিত) নির্বাণদায়ী শ্রেষ্ঠ ধর্মরত্ন ভগবান বুদ্ধ জীবজগতের কল্যাণের জন্য প্রচার করিয়াছেন। বুদ্ধবরত্ত্বের ইহাই শ্রেষ্ঠত্ব। এই সত্যবাক্যে জগতের শুভ মঙ্গল হট্টক।

২৩৬। বরো বরঞ্চঞ্চ বরদো বরাহরো,
 অনুভরো ধম্ববরং অদেসযি;
 ইদম্পি বুদ্ধে রতনৎ পণীতৎ,
 এতেন সচেন সুবর্থি হোতু। ১৩

অনুবাদ ৫: বর (শ্রেষ্ঠ), বরজ্ঞ (নির্বাণজ্ঞ), বরদ (বিমুক্তি শান্তি দাতা), ধরাহর বা সন্ধার্গ নির্দেশকারী ভগবান বুদ্ধ অনুভৱ নৈর্বানিক ধর্ম প্রচার করিয়াছেন। বুদ্ধ-বরত্ত্বের ইহাই শ্রেষ্ঠত্ব। এই সত্যবাক্যে জগতের শুভ মঙ্গল হট্টক।

^১ - পটিছাদায (সী)

^২ - যথা (সী-স্যা)

^৩ - পঠমশ্চি (১)

^৪ - অদেসযী (সী)

২৩৭। থীণং পুরাণং নবং নথি সম্ভবং,
বিরস্তচিত্তা আযতিকে ভবশ্চিঃ;
তে থীগবীজ অবিরূল্হিত্বা,
নিরুত্তি ধীরা যথা'যং^১ পদীপো।
ইদম্পি সঙ্গে রতনং পণীতং,
এতেন সচেন সুবাথি হোতু। ১৪

অনুবাদঃ মার্গ জ্ঞান দ্বারা ক্ষীণস্তুবগণের পুরাতন কর্ম (রাগ, হিংসা, অজ্ঞানতা) ক্ষীণ ও নৃতন কর্ম উৎপত্তির হেতু বিদ্যমান থাকে না; ভবিষ্যত জন্ম গ্রহণের জন্যও তাঁহাদের আসক্তি থাকে না। সেই কর্মবীজ ক্ষয় প্রাপ্ত, অবৃদ্ধি-কর্ম প্রায়ণ ধীরগণ নির্বাপিত প্রদীপের^২ ন্যায় নির্বাণ লাভ করিয়া থাকেন। সংঘ-রত্নের ইহাই শ্রেষ্ঠত্ব। এই সত্যবাক্যে জগতের শুভ মঙ্গল হউক।

২৩৮। যানীধ ভূতানি সমাগতানি,
ভুম্মানি বা যানিব অন্তলিক্খে।
তথাগতং দেবমনুস্স পূজিতং,
বুদ্ধং নমস্সাম সুবাথি হোতু। ১৫

অনুবাদঃ তারপর দেবরাজ ইন্দ্র বলিলেন,— ভূমিবাসী বা আকাশবাসী যেই সকল প্রাণী সমবেত হইয়াছ, এস, সকলে একত্রিতভাবে দেব-মানব পূজিত তথাগত বুদ্ধকে নমস্কার করি। এই নমস্কার কর্মের প্রভাবে সকলের শুভ মঙ্গল হউক।

২৩৯। যানীধ ভূতানি সমাগতানি,
ভুম্মানি বা যানিব অন্তলিক্খে।
তথাগতং দেবমনুস্স পূজিতং,
ধর্মং নমস্সাম সুবাথি হোতু। ১৬

অনুবাদঃ ভূমিবাসী বা আকাশবাসী যেই সকল প্রাণী সমবেত হইয়াছ, এস, সকলে একত্রিতভাবে দেব-মানব পূজিত তথাগতের ধর্মকে নমস্কার করি। এই নমস্কার কর্মের প্রভাবে সকলের শুভ মঙ্গল হউক।

^১— যথ্যং (ক)

^২— যখন সূত্র আবৃত্তি করা হইতেছিল, তখন নগরে অধিষ্ঠাতা দেবতাদের উদ্দেশ্যে প্রদীপ জ্বালিয়ে রাখা হইয়াছিল। সেই ‘অযং বা এই’ প্রদীপের উপমাটি গ্রহণ করিয়া নির্বাণের স্বরূপ উপ্লব্ধ করা হইয়াছে। এ প্রদীপ তৎক্ষণেই নির্বাপিত হইয়াছিল।

২৪০।

যানীধ ভূতানি সমাগতানি,
 ভূম্যানি বা যানিব অন্তলিক্ষে ।
 তথাগতৎ দেবমনুস্ম পূজিতৎ,
 সঙ্গং নমস্সাম সুবাধি হোতু । ১৭

অনুবাদ : ভূমিবাসী বা আকাশবাসী যেই সকল প্রাণী সমবেত হইয়াছ,
 সকলে একত্রিতভাবে দেব- মানব পূজিত তথাগতের শ্রাবক সংঘকে নমস্কার
 করি । এই নমস্কার কর্মের প্রভাবে সকলের শুভ মঙ্গল হটক ।

রতন সূত্র সমাপ্ত ।

— — — O — — —

২। আমগন্ধ সুত্র- আমগন্ধ সূত্র

২৪১। সামাকচিজ্ঞুলকচীনকানি চ, পত্রপ্রফলং মূলফলং গবিপ্রফলং,

ধন্মেন লন্ধৎ সত্যমানা,^১ ন কামকামা অলিকিং ভণন্তি । ১

অনুবাদ : ধর্মতৎ লন্ধৎ সামক, চিজ্ঞুলক, চিনকাদি পত্রফল, মূলফল এবং গবিফলাদি নানাপ্রকার ফলভোজী ব্যক্তি মিথ্যাকামাচার সম্পর্কিত কথা বলিবেন।

২৪২। যদুমানো সুকতৎ সুনিট্ঠিতৎ, পরেহি দিনং প্যতৎ পণীতৎ,

সালীনমন্ত্রং পরিভুজ্ঞমানো, সো ভুজ্ঞসী কস্সপ আমগন্ধৎ । ২

অনুবাদ : “হে কাশ্যপ! যে পরদত্ত সুকৃত, সুসমাপ্ত, উত্তম শালী, তঙ্গুল হইতে প্রস্তুত অনু আহারও পরিভোগ করে, সে আমগন্ধ ভোজী।

২৪৩। “ন আমগন্ধে মম কপ্পতী”তি, ইচ্ছেব তৃৎভাসসি ব্রহ্মবন্ধু;

সালীনমন্ত্রং পরিভুজ্ঞমানো, সকুষ্মমংসেহি সুসংজ্ঞতেহি ।

পুছামি তৎ কস্সপ এতমথৎ, কথৎ পকারো তব আমগন্ধে । ৩

অনুবাদ : তুমি ইচ্ছা করেই নিজেকে ব্রহ্মবন্ধু বলো। এবং আমগন্ধ তোমার পরিভোগ্য নহে বলিয়া থাক। অথচ উত্তমরূপে পাক করা পাথীর মাংস তুমি শালী অনু যোগে পরিভোগ কর। তাই হে কাশ্যপ! তোমাকে জিজ্ঞাসা করিযে, তোমার আমগন্ধ কি প্রকার?

২৪৪। পাণাতিপাতো বধছেদবন্ধনং, থেয়ৎ মুসাবাদো নিকতি বঞ্চনানি চ;

অঞ্জেন কুশ্তৎ পরদার সেবনা, এসামগন্ধে ন হি মংসভোজনৎ । ৪

অনুবাদ : প্রাণীহত্যা, বধ, ছেদন, বন্ধন, চুরি, মিথ্যাকথা, শঠতা, প্রবঞ্চনা, কুৎসৎ অধ্যয়ন, পরদার সেবন- ইহাই আমগন্ধ; মাংস ভোজন (আমগন্ধ) নহে।

২৪৫। যে ইধ কামেসু অসংগ্রহতাজনা, রসেসু গিদ্ধা অসুচিভাবমস্সিতা^৫;

নথিকদিট্টী বিসমা দুরন্মুয়া, এসামগন্ধে ন হি মংসভোজনৎ । ৫

অনুবাদ : এই জগতে যাহারা কামভোগে অসংযত জন; রসাস্বাদে অত্যাসন্ত, অশুচিভাবশ্রিত, নান্তিকবাদী বা মিথ্যাদৃষ্টিক, বিষম বা অমার্গ এবং

^১ - সতমসমানা (সী- ই)। সতমস্সমানা (স্যা- কথ)

^২ - অঞ্জেন কুশ্তৎ (সী- ই)

^৩ - অসুচীকধিস্সিতা (সী- স্যা- কৎ- ই)

দ্রাক্ষ পথানুসারী, তাহারাই আমগন্ধিবাদী বা পচাগন্ধি শ্রেণীভূক্ত হয়। মাংস
ভোজনকারী নহে।

২৪৬। যে লুখসা দারুণা পিট্টিমধ্যসিকা,^১ মিউদুনো নিকুরুণা তিমানিনো;

অদানসীলা ন চ দেন্তি কস্সচি, এসামগন্ধে ন হি মংসভোজনং। ৬

অনুবাদঃ যাহারা নিষ্ঠুর, কর্কশ, পীঠের মাংস খাদক (পেছনে নিষ্পাকারী),
মিত্রদ্রোহী, দয়াহীন, অতি অহংকারী; যাহারা অদানশীল, কাহাকেও কিছুই
দান করে না,— তাহারাই আমগন্ধী; মাংসভোজীরা নহে।

২৪৭। কোধো মদো থষ্টো পচুপট্টাপনা^২ মায়া উসূয়া ভস্সসমুস্সয়ো চ;

মানাতিমানো চ অসব্ডি সহবো, এসামগন্ধে ন হি মংসভোজনং। ৭

অনুবাদঃ ক্রোধী, উন্নত, অহংকারী, অবাধ্য, প্রত্যুথান বা সম্মান পদর্শনে
অনীহা, মায়াবী, ঈর্ষা কারত, অনর্থক নিষ্পাকারী, সম্প্রলাপ বা বাজে
কৃত্তাভাষী, অভিমানী, আত্মপ্রশংসাকারী, অসতের সহিত সহবাসকারী—
তাহারাই আমগন্ধী; মাংস ভোজীরা নহে।

২৪৮। যে পাপসীলা ইণঘাতসূচকা, বোহারকৃটা ইধ পাটিরূপিকা,

নরাধমা যেধ করোন্তি কিবিসং, এসামগন্ধে ন হি মংসভোজনং। ৮

অনুবাদঃ এই জগতে যাহারা পাপকার্যে লিঙ্গ, ঝণ পরিশোধে বিমুখ,
নিষ্পাকারী, মিথ্যা জীবিকাধারী, প্রবঞ্চনাকারী, নরাধম এবং অমঙ্গল
কার্যকারী, তাহারাই আমগন্ধী; মাংস ভোজীরা নহে।

২৪৯। যে ইধ পাণেসু অসঞ্চ্ছতা জনা, পরেসমাদায বিহেসমুয্যুতা;

দুস্সীলা লুম্বা ফরুসা অনাদরা, এসামগন্ধে; ন হি মংসভোজনং। ৯

অনুবাদঃ যাহারা প্রাণীদের প্রতি লোভবশতঃ প্রাণসংহারকারী, বিরুদ্ধচারী,
নিত্য অমঙ্গলাচরণে নিরত থাকেন এবং মৃত্যুর পর অন্ধকারপূর্ণ স্থানে গমন
পূর্বক অধোশির হইয়া নরকে পতিত হইয়া থাকে— তাহারাই আমগন্ধী; মাংস
ভোজীরা নহে।

২৫০। এতেসু গিন্ধা বিরুদ্ধাতি পাতিনো, নিচুযুতা পেচ তমং বজন্তি যে;

পতন্তি সন্তা নিরযং অবধিসিরা, এসামগন্ধে ন হি মংসভোজনং। ১০

অনুবাদঃ উক্ত প্রাণীদের মধ্যে যাহারা লোভাধীন, বিরুদ্ধচারী,

^১— যে লুখরসা দারুণা পরপিট্টিমধ্যসিকা (ক)

^২— পচুট্টাপনা চ (সী— স্যা)

হিংসাপরায়ণ, নিত্য অমঙ্গলাচরণে সংযুক্তমন, মরণের পর যাহারা অন্ধকারপূর্ণ স্থানে গমনপূর্বক অধোশির হইয়া নরকে পতিত হয়,— তাহারাই আমগন্ধী; মাংস তোজীরা নহে।

২৫১। ন মচ্ছমংসান' মানসকস্তং^১ ন নগ্নগিযং ন মুক্তিযং জটাজলুং;
খারাজিনানি নাগ্নগিত্তস্মৃপসেবনা, যে বাপি লোকে অমরা বহু তপা।

মন্ত্রাত্তুতি যঞ্চ্চামুতু পসেবনা, সোধেষ্টি মচ্ছং অবিতিগুকঙ্গং। ১১

অনুবাদঃ মাছ, মাংস হইতে বিরতি, নগ্নতা, মুক্তি, জটাজালধারণ, মল,
অমসৃণ চর্ম, যজ্ঞাগ্নির পূজা, বহু অমর কৃচ্ছাদি, মন্ত্রাত্তুতি, যজ্ঞ, ঝুতু উৎসব,-
এই সকল আচরণ করেও যে মানুষের সন্দেহ দূর হয় নাই, তাহাকে শুন্ধ বলা
যায় না।

২৫২। সাতেসু গুণ্ডো বিদিতিন্দ্রিযো চরে, ধর্মে ঠিতো অজ্জবমদবে রত্তো;

সঙ্গাতিগো সরবদুক্খপ্রহীনো, ন লিপ্পতি^২ দিট্টসুতেসু ধীরো। ১২

অনুবাদঃ ধীর ব্যক্তি শ্রোত্রে গুণ্ডোর হইয়া, ইন্দ্রিয়সমূহ জয় করিয়া বিচরণ
করেন। ধর্মে চ্ছিত, সরল, মৃদু, অনাসক্ত হইয়া সকল দুঃখ প্রহীণ করিয়া তিনি
দৃষ্ট ও শুত বিষয়ে লিঙ্গ হন না।”

২৫৩। ইচ্ছেতমথং ভগবা পুনপুনং, অক্খাসি নং^৩ বেদায় মন্ত্রপারগৃ;

চিত্রাহি গাথাহি মুনী পকাসযি, নিরামগন্ধে অসিতো দুরন্ময়ো। ১৩

অনুবাদঃ ভগবান পুনঃ পুনঃ এই বিষয়ে উপদেশ দান করিলে, মন্ত্রজ্ঞ
ব্রাহ্মণ উহা বিদিত হইলেন। নিষ্কলঙ্ক, অনাসক্ত, দুর্বোধ্য মুনি বিভিন্ন গাথায়
উহা প্রকাশ করিলেন।

২৫৪। সুতান বুদ্ধস্ম সুভাসিতং পদং, নিরামগন্ধং সরবদুক্খপ্রনুদনং;

নীচমনো বন্দি তথাগতস্ম, তথেব পরবজ্জমরোচযিথাতি। ১৪

অনুবাদঃ ভগবান বুদ্ধের সুভাষিত, পরিত্র, সকল প্রকার দুঃখ ধ্বংসকারী
ধর্মোপদেশ শুনিয়া মন্ত্রজ্ঞ ব্রাহ্মণ ভূলুষ্ঠিত হইয়া নতশিরে তথাগতের বন্দনা
করিয়া, সে মৃহুর্তেই প্রবজ্জ্যা গ্রহণের ইচ্ছা প্রকাশ করিলেন।

আমগন্ধ সূত্র সমাপ্ত।

১ - ন মচ্ছমংস ন অনাসকস্তং (সী-অট্ট-মূলপাঠো)। ন মচ্ছমংসানান সকস্তং (স্যা-ক)

২ - যো তেসু(ক)

৩ - ন লিপ্পতি (স্যা-কং-ক)

৪ - তং (সী-ই)

৩। হিরি সুন্ধৎ-ক্রী (লজ্জা) সূত্র

২৫৫। হিরিঃ তরণ্ণং বিজিগুচ্ছমানং, তবাহমশ্চিঃ^১ ইতি ভাসমানং;

স্যহানি কমানি অনাদিযন্তং, নেসো মমন্তি ইতি নং বিজগ্রাণ়। ১

অনুবাদঃ যেই ব্যক্তি লজ্জা ঘৃণা পরিহার করিয়া ‘আমিই তোমার স্থা’ এইরূপ প্রকাশ করেন; এবং ধৈর্য সহকারে কার্য সম্পাদনে বিমুখ হন; সেই ব্যক্তিকে এইরূপ জানিবে “ইনি আমার প্রকৃত স্থা বা কল্যাণকামী নহে।”

২৫৬। অনঘয়ঃ^২ পিয়ং বাচং, যো মিত্তেসু পকুবতি,

অকরোন্তং ভাসমানং, পরিজ্ঞানন্তি পণ্ডিতা। ২

অনুবাদঃ যিনি মিত্রদের প্রতি প্রিয়বচন ব্যবহার করিয়া গোপনে বিরুদ্ধাচরণ করেন, পণ্ডিতগণ তাহাকে অকর্মী কথাবিলাসী হিসেবে জানেন।

২৫৭। ন সো মিত্তো যো সদা অপ্পমত্তো, ভেদাসজ্জী রন্ধমেবানুপস্থিঃ;

যশ্চিক্ষণ সেতি উরসীব পুতো, স বে মিত্তো যো পরেহি অভেজ্জো। ৩

অনুবাদঃ যিনি সর্বদা প্রমাদ বহুল, পরম্পর ভেদকারী এবং পরের দোষাব্বেষণ করেন, তিনি প্রকৃত মিত্র নহেন। মায়ের বুকে স্থিত পুত্রের মতো নির্ভয়ে যাহার সঙ্গে বাস করা যায়, যাহার মিত্রতা অন্যদের দ্বারা পৃথক হয় না, তিনিই একমাত্র প্রকৃত মিত্র।

২৫৮। পামুজ্জকরণং ঠানং, পসংসাবহনং সুখং,

ফলানিসংসো ভাবেতি, বহন্তো পোরিসং ধূরং। ৪

অনুবাদঃ যে ব্যক্তি মানুষের সুখ-দুঃখের দায়িত্ব বহনে সক্ষম, আনন্দ দায়ক, প্রশংসা ও শান্তিময় স্থান (সুগতিভূমি) এবং ফলানিশংস প্রাপ্তির জন্য উপদেশ দাতা হইয়া থাকেন, তিনিই প্রকৃত বন্ধু।

২৫৯। পবিবেক রসং পিতৃ, রসং উপসমস্সচ,

নিদরো হেতি নিপ্পাপো, ধৰ্মপীতি রসং পিবন্তি। ৫

অনুবাদঃ পবিবেক ও উপশমের মধ্যেতা আস্থাদন করিয়া যিনি ধর্মের শীতিরস পানে মগ্ন (থাকেন) তিনি নির্ভয় এবং নিষ্পাপ হন।

ক্রী সূত্র সমাপ্ত।

---o---

^১ - স্থাহমশ্চ (সী- স্যা- কং- ই)

^২ - অনঘয়ঃ (ক)

৪। মঞ্জল সুভৎ-মঞ্জল সূত্র নির্দানৎ

যৎ মঞ্জলং দ্বাদসহি চিন্তিয়িঃসু সদেবকা,
সোথানং নাধিগচ্ছন্তি অট্ঠাতিঃসংশ মঞ্জলং;
দেসিতং দেবদেবেন সর্বপাপ বিনাসনং,
সর্বলোক হিতথায মঞ্জলং তৎ তণাম হে।

অনুবাদ : বার বৎসর যাবৎ দেব-মনুষ্যগণ যে মঞ্জলের বিষয় চিন্তা করিয়াও কিসে মঞ্জল হয় তাহা জানিতে পারেন নাই; সর্ব পাপ বিনাশক সেই আট্টাতিশ প্রকার মঞ্জল দেবাতিদেব বুদ্ধকর্তৃক সকল লোকের হিত-সুখের জন্য দেশিত হইয়াছে। সেই মঞ্জলসমূহ আমরা আবৃত্তি করিতেছি।

সুভৎ

এবৎ মে সুভৎ- একং সময়ং ভগবা সাবধিযং বিহৱতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। অথ খো অঞ্চল্যতরা দেবতা অভিক্ষন্তায রত্তিযা অভিক্ষন্তবণ্ণা কেবলকপ্পং জেতবনং ওভাসেত্তা, যেন ভগবা তেনপসজ্জমি, উপসজ্জমিত্তা ভগবন্তং অভিবাদেত্তা একমন্তং অট্ঠাসি। একমন্তং ঠিতা খো সা দেবতা ভগবন্তং গাথায অজ্ঞাতাসি-

অনুবাদ : আমি এইরূপ শুনিয়াছি- এক সময় ভগবান বুদ্ধ শ্রাবণী নগরের সমীপে জেতবনোদ্যানে অনাথপিণ্ডিকের আরামে (বিহারে) অবস্থান করিতেছিলেন। অতঃপর অন্যতর দেবতা স্বীয় দিব্য দেহ-প্রভায় সমষ্ট জেতবন আলোকিত করিয়া রাত্রির শেষবায়মে যেখানে ভগবান ছিলেন, সেখানে উপস্থিত হইলেন। উপস্থিত হইয়া ভগবানকে অভিবাদন করিয়া একপ্রাণে দাঁড়াইয়া সেই দেবতা ভগবানকে গাথায় বলিলেনঃ-

২৬০। “বহু দেবা মনুস্সা চ, মঞ্জলানি অচিন্ত্যং ,

আকঙ্গামানা সোথানং বুহি মঞ্জলমুত্তমং। ১

অনুবাদ : প্রভু, বহু দেবতা ও মনুষ্য মঞ্জল বিষয়ে চিন্তা করিয়াছিলেন। কিন্তু কেহই তাহা অবগত হইতে পারেন নাই। অতএব, আপনি দেব-মানবের প্রতি অনুকূল্যা করিয়া সেই উত্তম মঞ্জল সমূহ বলুন।

দেবতার প্রার্থনায় ভগবান বুদ্ধ বলিতে লাগিলেন-

২৬১। অসেবনা চ বালানঃ পদ্ধিতানন্ধ সেবনা,

পূজা চ পূজনেয্যানঃ,^১ এতৎ মঙ্গলমুত্তমঃ। ২

অনুবাদঃ মূর্খ লোকের সেবা না করা, জ্ঞানীলোকের সেবা করা ও পূজনীয় ব্যক্তিগণের পূজা করা- এই তিনি প্রকার কর্ম করাই উত্তম মঙ্গল।

২৬২। পতিরূপ দেসবাসো চ পুরো চ কতপুঁএত্তা,

অন্তসম্মাপণীধি^২ চ, এতৎ মঙ্গলমুত্তমঃ। ৩

অনুবাদঃ ধর্মত জীবন-যাপনের উপযোগী প্রতিরূপদেশে বাস করা, পূর্বকৃত পুণ্য প্রভাবে প্রভাবান্বিত থাকা ও নিজেকে সম্যক্ পথে পরিচালিত করা- ইহাই উত্তম মঙ্গল।

২৬৩। বাহুসংকঞ্চ সিপঞ্চ, বিনযো চ সুসিক্ষিতো,

সুভাসিতা চ যা বাচা, এতৎ মঙ্গলমুত্তমঃ। ৪

অনুবাদঃ নানা শাস্ত্রে জ্ঞান লাভ করা, পাপ জীবিকা পরিহার পূর্বক নানাবিধি সৎ শিল্পবিদ্যা শিক্ষা করা; কায়-বাক্য-মনে সংযত ও ধর্ম-বিনয়ে সুশিক্ষিত হওয়া এবং সুভাষিত বাক্য ভাষণ করা- ইহাই উত্তম মঙ্গল।

২৬৪। মাতা-পিতৃ উপট্ঠানঃ, পুত্রদারস্স সংজহো,

অনাকুলা চ কস্তা, এতৎ মঙ্গলমুত্তমঃ। ৫

অনুবাদঃ মাতা-পিতার সেবা করা, স্তী-পুত্রের যথাযথ ভরণ-পোষণ করা; অকুশল কর্ম পরিহার পূর্বক সৎ ব্যবসা-বাণিজ্যের দ্বারা জীবিকা নির্বাহ করা- ইহাই উত্তম মঙ্গল।

২৬৫। দানঞ্চ ধন্মচরিযা চ, এতাত্কানন্ধ সংজহো,

অনবজ্জানি কম্মানি, এতৎ মঙ্গলমুত্তমঃ। ৬

অনুবাদঃ দান দেওয়া ও কায়-মন-বাক্যে ধর্মাচরণ করা, জ্ঞাতীগণের হীত সাধন করা, অবদ্য বা নিষ্পাপ কার্য সম্পাদন করা এবং সম্বর্মে অবিচল থাকা- ইহাই উত্তম মঙ্গল।

২৬৬। অরতী বিরতী পাপা, মজ্জপানা চ সংগ্রহমো,

অশ্পমাদো চ ধন্মেসু, এতৎ মঙ্গলমুত্তমঃ। ৭

অনুবাদঃ কায়িক ও মানসিক পাপে অনাসক্তি, শারীরিক ও বাচনিক পাপে বিরতি, মদ্যপানে সংযম ও অপ্রমত্বাবে পুণ্যকর্ম সম্পাদন করা- ইহাই উত্তম মঙ্গল।

^১ - পূজনীয্যানঃ (সী- স্যা- কং- ই)

^২ - অন্তসম্মাপণীধি (কথচি)

২৬৭। গারবো চ নিবাতো চ, সন্তুষ্টি চ কতঞ্জ্ঞুতা,
কালেন ধৰ্মস্সবনং, ^১ এতৎ মঙ্গলমুন্তমং। ৮

অনুবাদ ৪: গৌবনীয় ব্যক্তিগণের গৌরব করা, তাহাদের প্রতি সম্মান প্রদর্শন করা প্রাপ্ত বিষয়ে সন্তুষ্ট থাকা, উপকারীর উপকার স্বী কার করা ও যথা সময়ে ধর্ম শ্রবণ করা— ইহাই উন্নত মঙ্গল।

২৬৮। খণ্ডি চ সোবচস্সতা, সমগানং দস্সনং,
কালেন ধৰ্মসকচ্ছা, এতৎ মঙ্গলমুন্তমং। ৯

অনুবাদ ৪: জগতের সকল প্রাণীর প্রতি ক্ষমাশীল হওয়া, আদেশ পালনে সুবাধা হওয়া, তৃষ্ণাক্ষয়ী অর্হৎ ও শীলগুণে বিমলিত শ্রমণগণকে দর্শন করা এবং যথাসময়ে সম্পর্মালোচনা করা— ইহাই উন্নত মঙ্গল।

২৬৯। তপো চ ব্রহ্মাচারিয়ন্ত, অরিয়সচান দস্সনং,

নিবানসচিকিরিয়া চ, এতৎ মঙ্গলমুন্তমং। ১০

অনুবাদ ৪ লোভ, হিংসা, অজ্ঞান ইত্যাদি অকৃশল ধর্ম সমূহ ক্ষয় করিতে তপশ্চর্য্যা করা ও কামাদি মৈথুন সেবন হইতে বিরত ব্রহ্মাচার্য পালন করা। চতুর্য-সত্য সমূহ দর্শন করা এবং পরমশান্তি নির্বাণ সাক্ষাৎ করা— ইহাই উন্নত মঙ্গল।

২৭০। ফুটস্তস লোকধন্যেহি চিত্তং যস্সন ক ম্পতি,

অসোকৎ বিরজং খেমং, এতৎ মঙ্গলমুন্তমং। ১১

অনুবাদ ৪ লাভ-অলাভ, যশঃ-অযশঃ, নিদা-প্রশংসা, সুখ-দুঃখ এই আট প্রকার লোকধর্মে কম্পিত না হইয়া অবিচলিত থাকা, প্রিয়জনের বিয়োগে ও অপ্রিয়জনের সংযোগে শোকগ্রস্ত না হওয়া এবং বিরজ বা নির্মল ও মোক্ষমার্গ (নির্বাণ) লাভ করা— ইহাই উন্নত মঙ্গল।

২৭১। এতাদিসানি কঢ়ান সক্রথম পরাজিতা,

সক্রথ সোথিং গচ্ছন্তি, তৎ তেসৎ মঙ্গলমুন্তম'ন্তি।

অনুবাদ ৪ হে দেবপুত্র! এইরূপ মঙ্গলজনক কার্য্যাদি আচারণ, প্রতিপালন, কর্ম সম্পাদন করিয়া দেব-মানবগণ জয়লাভ করে; এবং ইহপর কালেও সর্বত্রেই পরম সুখ-শান্তি লাভ করিয়া থাকে। অতএব ইহাদিগকে শ্রেষ্ঠ মঙ্গল বলিয়া অবধারণ কর।

মঙ্গল সূত্র সমাপ্ত।

---o---

^১ — ধৰ্মস্সবনং (কথাচি) ধৰ্মস্বনং (সী— ক)

৫। সূচিলোম সুত্তং-সূচিলোম সূত্র

এবৎ মে সুত্তং- একৎ সময়ং ভগবা গ্যায়ং বিহৃতি টঙ্কিতমঞ্চে
সূচিলোমস্স যক্খস্স ভবনে। তেন খো পন সময়েন খরো চ যক্খো,
সূচিলোমো চ যক্খো ভগবতো অবিদূরে অতিক্রমণ্তি। অথ খো খরো যক্খো
সূচিলোমং যক্খং এতদবোচ “এসো সমণো”তি। নেসো সমণো, সমণকো
এসো, যাবাহং জানামি^১ “যদি বা সো সমণো,^২ যদি বা সো সমণকো”তি^৩।

অনুবাদ ৪ আমি এইরূপ শুনিয়াছিঃ— এক সময় ভগবান গয়ায় সূচিলোম
যক্ষের ভবনে পাথরমঞ্চে অবস্থান করিতেছিলেন। সেই সময় খর যক্ষ এবৎ
সূচিলোম যক্ষ ভগবানের অবস্থিতি স্থানের নিকট দিয়া গমন করিল। তৎপরে
খর যক্ষ সূচিলোম যক্ষকে বলিল ৪ ‘এই ব্যক্তি কি শ্রমণ?’

“এই ব্যক্তি শ্রমণ নহে, শ্রমণক মাত্র; যাহাই হউক, সে শ্রমণ কিম্বা শ্রমণক
তাহা আমি অনুসন্ধান করিব।”

অথ খো সূচিলোমো যক্খো যেন ভগবা তেনুপসংক্রমি, উপসংক্রমিত্বা
ভগবতো কাযং উপনামেসি। অথ খো ভগবা কাযং অপনামেসি। অথ খো
সূচিলোমো যক্খো ভগবত্তং এতদবোচ— “ভায়সি মং সমণা”তি। “ন খ্বাহং তং
আবুসো ভায়ামি, অপি চ তে সমফস্সো পাপকো”তি।

অনুবাদ ৪ অতৎপর সূচিলোম যক্ষ যেখানে ভগবান ছিলেন সেইখানে
উপস্থিত হইয়া তাহার এত নিকটে গমন করিল যে, তাহার দেহ ভগবানের
দেহকে স্পর্শ করিল। তখন ভগবান সরিয়া গেলেন। ইহার পর সূচিলোম যক্ষ
ভগবানকে বলিল।

“শ্রমণ, তুমি আমাকে ভয় করিতেছ?”

“বন্ধু, আমি তোমাকে ভয় করি না, কিন্তু আমাকে স্পর্শ করা তোমার
পক্ষে পাপজনক।

পঞ্চাহং তৎ সমণ পুচ্ছস্সামি। সচে মে ন ব্যাকরিস্সসি, চিত্তং বা তে
থিপিস্সামি, হৃদয়ং বা তে ফালেস্সামি, পাদেসু বা গহেত্বা পারগজ্ঞায
থিপিস্সামীতি।

^১ – যাব জানামি (সী- ই)

^২ – যদি বা সমণো (স্যা)

^৩ – যদি বা সমণকোতি (সী- স্যা- ই)

অনুবাদ ৪ “শ্রমণ! আমি তোমাকে প্রশ্ন জিজ্ঞাসা করিব, তুমি যদি উভয় না দাও, তাহা হইলে তোমার চিন্তকে উন্মত্ত করিব, অথবা তোমার হৃদয় ছিড়িয়া ফেলিব কিংবা দুই পায়ে ধরিয়া তোমাকে নদীর অপর তীরে নিষ্কেপ করিব।”

ন খাহং তৎ আবুসো পস্সামি সদেবকে লোকে সমারকে সন্তুষ্টকে সম্মতশৰ্মণব্রাহ্মণিয়া পজ্ঞায় সদেব মনুস্সায় যো মে চিন্তং বা খিপেয়, হৃদয়ং বা ফালেয়, পাদেসু বা গহেতু পারগজ্ঞায় খিপেয়। অপি চ তৎ আবুসো পুচ্ছযদাকঙ্গসীতি। অথ খো সূচিলোমো যক্খো ভগবন্তং গাথায় অজ্ঞভাসি-

অনুবাদ ৫ “আবুস, দেব ও মনুষ্যলোকে, মার ও ব্রহ্মলোকে, বর্তমান শ্রমণ ও ব্রাহ্মণকুলে, দেব ও মানবগণের মধ্যে এমন কাহাকেও দেখিতেছি না, যে আমার চিন্তকে উন্মত্ত করিতে পারে, আমার হৃদয় ছিড়িয়া ফেলিতে পারে কিঞ্চিৎ আমার পায়ে ধরিয়া আমাকে নদীর অপর তীরে নিষ্কেপ করিতে পারে। তবুও, আবুস, যাহা ইচ্ছা তুমি জিজ্ঞাসা করিতে পার।”

তৎপরে সূচিলোম যক্ষ ভগবানকে গাথার সাহায্যে এরূপ ব্যক্ত করিল,-
২৭২। রাগো চ দোসো চ কুতোনিদানা, অরতী রতী লোমহৎসো কুতোজা ?

কুতো সমুট্ঠায় মনোবিতক্তা, কুমারকা ধজ্জমিবোস্সজন্তি । ১

অনুবাদ ৬ রাগ (কামাসন্তি) ও হিংসার মূল কোথায়? অরতি (বিরক্তিভাব), রতি (আসন্তি) এবং ভয় কোথায় হইতে উৎপন্ন? কোথা হইতে মনোবিতর্ক সমুহ উৎপন্ন হইয়া মানুষকে উত্তেজিত করে? বালক দ্বারা যেমন কা ক উত্ত্যাক্ত হয়।”
২৭৩। রাগো চ দোসো চ ইতোনিদানা, অরতী রতি লোমহৎসো ইতোজা,

ইতো সমুট্ঠায় মনোবিতক্তা, কুমারকা ধজ্জমিবোস্সজন্তি । ২

অনুবাদ ৭ এই মন হইতে রাগ ও হিংসার উৎপন্নি। রতি, অরতি, ভয় ও এই মন হইতে উৎপন্ন হয়। এই মন হইতে মনোবিতর্কাদি উৎপন্ন হইয়া মানুষকে উত্তেজিত করে বা দুঃখ দিয়া থাকে; বালকের দ্বারা যেমন কা ক উত্ত্যাক্ত হইয়া থাকে।

২৭৪। স্নেহজা অন্তস্তৃতা, নিশ্চোধস্সেব খন্দজা,

পুরু বিসন্তা কামেসু, মালুবাব বিততাবনে । ৩

অনুবাদ ৮ নিশ্চোধ বৃক্ষে যেমন, কাঞ্জাদি গজায় সেৱুপ তৃঝণ্ডি ও সীয়চিঠে উৎপন্ন হয়। মালুবালতা যেইরূপ বিস্তৃত বনাঞ্চলকে ঢাকিয়া রাখে; তদূপ প্রবল আসন্তি পরায়ণ কামভোগী পৃথকজন বা অন্ধ ব্যক্তিদেরকেও তৃঝণ্ডয় জড়াইয়া রাখে।

২৭৫। যে নং পজানন্তি যতোনিদানৎ, তে নং বিনোদেন্তি সুণোহি যক্খ,
তে দুর্গুরং ওঘমিমৎ তরন্তি, অতিশ্নপুবৎ অপুনব্রতবাযা”তি । ৪

অনুবাদ ৪ হে যক্ষ! শ্রবণ কর, যাহারা ত্রঞ্চার উৎপত্তির স্থান সম্পূর্ণরূপে
জানিতে পারেন, তাহারা উহা দূরীভূত করেন; এবং পূর্বে অনতিক্রান্ত এই
দুঃসাধ্য ত্রঞ্চাস্তোতকে অতিক্রম করিয়া পুনর্জন্মকে ক্ষয় করিয়া থাকেন।

সূচিলোম সূত্র সমাপ্ত ।

—o—

୬। କପିଲ ସୁତ୍ତ (ଧର୍ମଚରିୟ ସୁତ୍ତ)–କପିଲ ସୂତ୍ର

୨୭୬ । ଧର୍ମଚରିୟଃ ବ୍ରକ୍ଷଚରିୟ, ଏତଦାହୁ ବସୁତ୍ତମ୍,

ପରଜିତୋପି ଚେ ହେତି, ଅଗାରା ଅନଗାରିୟଃ । ୧

ଅନୁବାଦ : ଆଗାର ହିତେ ଅନଗାରିକତାବେ ପ୍ରବର୍ଜିତ ବ୍ୟକ୍ତିର ଏକମାତ୍ର ସତ୍ୟଧର୍ମ ଆଚରଣ ଏବଂ ତ୍ରଖାର୍ଯ୍ୟ ଆଚରଣଇ ଏ ଜଗତେ ସବ ଚାଇତେ ଉତ୍ତମ ।

୨୭୭ । ସୋ ଚେ ମୁଖରଜୀତିକୋ, ବିହେସାଭିରତୋ ମଗୋ,

ଜୀବିତଂ ତସ୍ମ ପାପିଯୋ, ରଜଂ ବଡ଼ତେ ଅତନୋ । ୨

ଅନୁବାଦ : ଯଦି ମେ ବାଚାଲ ସ୍ଵଭାବେର ହୟ ଓ ପଶୁର ନ୍ୟାୟ ହିଂସାୟ ନିରତ ଥାକେ, ତାହା ହିଲେ ତାହାର ଜୀବନ ଅତ୍ୟନ୍ତ ପାପମ୍ୟ ହୟ ଏବଂ ମେ ନିଜେଇ ନିଜେର କଳୁଷତା ବୃଦ୍ଧି କରେ ଥାକେ ।

୨୭୮ । କଳହାଭିରତୋ ଭିକ୍ଷୁ, ମୋହ ଧମ୍ମେନ ଆସୁତୋ,

ଅକ୍ଖାତମ୍ପି ନ ଜାନାତି, ଧନ୍ୟଂ ବୁଦ୍ଧେନ ଦେସିତଂ । ୩

ଅନୁବାଦ : କଳହାଭିରତ, ମୋହ ଧର୍ମେ ଆବୃତ ଭିକ୍ଷୁ ଭଗବାନ ବୁଦ୍ଧେର ପ୍ରଚାରିତ ଓ ଉପଦିଷ୍ଟ ଧର୍ମକେ ଜାନତେ ପାରେନ ନା ।

୨୭୯ । ବିହେସଂ ଭାବିତଭାନଂ, ଅବିଜ୍ଞାୟ ପୁରକ୍ଷତୋ,

ସଂକଳନେଂ ନ ଜାନାତି, ମନ୍ୟଂ ନିରୟଗାମିନଂ । ୪

ଅନୁବାଦ : ନିଜେର ଭାବିତ ଆଆର (ଚିନ୍ତର) ଅନିଷ୍ଟ ସାଧନ କରିଯା, ଅବିଦ୍ୟାର ଦ୍ୱାରା ପରିଚାଲିତ ହିଁଯା ସଂକ୍ରେଶଇ (ପାପଇ) ଯେ ନିରଯେ ଗମନେର ମାର୍ଗ (ପଥ), ତାହା ତିନି ଜାନିତେ ପାରେନ ନା ।

୨୮୦ । ବିନିପାତଂ ସମାପନ୍ନୋ, ଗବ୍ଭା ଗବ୍ଭଂ ତମା ତମଂ,

ସ ବେ ତାଦିସକୋ ଭିକ୍ଷୁ, ପେଚ ଦୁକ୍ଖଂ ନିଗଛତି । ୫

ଅନୁବାଦ : ଦୁର୍ଗତି ଲାଭ କରିଯା, ଗର୍ତ୍ତ ହିତେ ଗର୍ଭାନ୍ତରେ ଏବଂ ଅନ୍ତକାର ହିତେ ଅନ୍ତକାରେ ଧାବିତ ହିଁଯା ସେଇ ଭିକ୍ଷୁ ମରଣେର ପର ଅବଶ୍ୟାଇ ଦୁଃଖପୂର୍ଣ୍ଣ ସ୍ଥାନେ ନିଷ୍କଷ୍ଟ ହନ ।

୨୮୧ । ଗୃଥକୁପୋ ଯଥା ଅସ୍ମ, ସମ୍ପୁଣ୍ଣୋ ଗଣବସ୍ସିକୋ,

ଯୋ ଚ ଏବରୂପୋ ଅସ୍ମ, ଦୁର୍ଖିସୋଧୋ ହି ସାଜାଗୋ । ୬

ଅନୁବାଦ : ଯିନି ବହୁ ବ୍ସର ଯାବ୍ ମଲପୂର୍ଣ୍ଣ କୃପେର ଦୁର୍ଗନ୍ଧେର ନ୍ୟାୟ ପାପ କାର୍ଯ୍ୟ ରତ, ତିନି ଏହିରୂପ ଅନ୍ୟାୟ କାର୍ଯ୍ୟ ରୂପ ଦୁର୍ଗନ୍ଧ ତ୍ୟାଗେର ମାଧ୍ୟମେ ପରିଶୁନ୍ଧ ହିତେ ପାରେନ ନା ।

২৮২। যৎ এবৃপৎ জানাথ, তিক্খবো গেহনিস্সিতৎ,
পাপিছৎ পাপসংকল্পৎ, পাপ আচার গোচরৎ। ৭

অনুবাদ ৪ হে ভিক্ষুগণ! যাহাকে তোমরা গৃহস্থ জীবনের আশ্রিত, পাপেছা
ও পাপসংকল্প পরায়ণ, পাপাচার প্রকৃতিসম্পন্ন বলিয়া জানিবে,

২৮৩। সবে সমঘাত হৃত্তান, অভিনিবজ্জিযাথ^১ নৎ,
কারণ্ডবৎ^২ নিন্দ্বমথ, কসমুং অপকস্মথ^৩। ৮

অনুবাদ ৪ সকলেই একত্রে মিলিত হইয়া তাহাকে বিশেষভাবে বর্জন
করিবে। তুচ্ছ জিনিস ও আবর্জনা নিক্ষেপের ন্যায় তাহাকে পরিত্যাগ করিবে।

২৮৪। ততো পলাপে^৪ বাহেথ, অস্সমণে সমণমানিনে,
নিন্দ্বমিত্তান পাপিছে, পাপ আচার গোচরে। ৯

অনুবাদ ৪ তারপর, পাপেছার অধীন, পাপাচারগোচর-সম্পন্নকে বিতাড়িত
করিয়া, শ্রমণ না হইয়াও যাহারা আপনাদিগকে শ্রমণ মনে করে, তাহাদিগকে
ধূলি-ময়লার ন্যায় বর্জন করিবে।

২৮৫। সুন্ধা সুন্ধেহি সংবাসৎ, কপ্পযব্যহো পতিস্সতা,
ততো সমঘান নিপকা, দুক্খস্সন্তৎ করিস্সথাতি। ১০

অনুবাদ ৪ শুন্ধ সহবাসে শুন্ধিলাভ করিয়া, প্রয়োজনানুরূপ শৃতিমান
হইয়া, সবাই একত্রিত ও জ্ঞানবান হইয়া দুঃখের অন্তসাধন করিবে।

কপিল সূত্র^৫ সমাপ্ত।

— — — o — — —

^১ – অভিনিবজ্জিযাথ (সী- ই)

^২ – কারণ্ডব (স্যা- ক)

^৩ – অপকস্মথ (সী- স্যা- ক)

^৪ – পলাপে (ক)

^৫ – কপিল সুত্রং (টঠ)

৭। ব্রাহ্মণ ধর্মিক সুতং-ব্রাহ্মণ ধার্মিক সুত্র

এবং মে সুতং- একৎ সময়ং ভগবা সাবথিযং বিহুতি জেতবনে অনাথপিণ্ডিকস্ম আরামে। অথ খো সমহুলা কোসনকা ব্রাহ্মণ মহাসালা জিগ্না দুড়া মহলুকা অদ্বগত বরো অনুপ্সত্তা যেন ভগবা তেনুপসজ্জনমিংসু, উপসজ্জনমিত্তা ভগবত্তা সদ্বিঃ সম্যোদিংসু, সম্যোদনীয়ং কথং সারণীয়ং ধীতিসারেচ্ছা একমন্ত্রং নিসিন্ন খো তে ব্রাহ্মণ মহাসালা ভগবত্তং এতদবোচুং “সন্দিস্মস্তি নু খো ভো গোতম এতরহি ব্রাহ্মণা পোরাণানং ব্রাহ্মণানং ব্রাহ্মণ ধন্যে”তি? “ন খো ব্রাহ্মণা সন্দিস্মস্তি এতরহি ব্রাহ্মণা পোরাণানং ব্রাহ্মণানং ব্রাহ্মণ ধন্যে”তি। সাধু নো ভবং গোতমো পোরাণানং ব্রাহ্মণানং ব্রাহ্মণধন্যং ভাস্তু। সচে ভোতো গোতমস্ম অগ্রহৃতি। তেন হি ব্রাহ্মণা সুণাথ সাধুকৎ মনসি করোথ ভাসিস্মামীতি। “এবং ভো”তি খো তে ব্রাহ্মণ মহাসালা ভগবত্তো পচ্চস্মোসুং। ভগবা এতদবোচ-

অনুবাদ ৪ আমি এইরূপ শুনিয়াছিঃ- এক সময়ে ভগবান শ্রা঵ণ্তীর জেতবনে অনাথপিণ্ডিকের আরামে বাস করিতেছিলেন। ঐ সময়ে কোশলের কিছু ধনাড়া ব্রাহ্মণ জয়াগ্রহ, বৃন্দ- বার্দক্যের শেষ অবস্থা প্রাপ্ত অবস্থায় ব্রাহ্মণ ভগবানের নিকট উপস্থিত হইয়া, তাঁহাকে অভিবাদনাত্তে, তাঁহার সহিত মধুর আনন্দদায়ক বাক্যালাপের পর এক পার্শ্বে আসন গ্রহণ করিলেন। তারপরে ঐ ধনী ব্রাহ্মণগণ ভগবানকে বলিলেনঃ- “হে গৌতম! বর্তমান দিনের ব্রাহ্মণগণ কি প্রাচীন ব্রাহ্মণদের নিয়ম অনুসরণ করিয়া থাকেন?”

‘না, হে ব্রাহ্মণগণ! বর্তমান দিনের ব্রাহ্মণেরা প্রাচীন ব্রাহ্মণদের নিয়ম অনুসরণ করেন না।’

ব্রাহ্মণেরা বলিলেন,- মাননীয় গৌতম, যদি বিশেষ কোন অসুবিধা না থাকে তাহা হইলে আমাদের নিকট প্রাচীন ব্রাহ্মণদের নিয়ম বর্ণনা করুন।’

ভগবান বলিলেন,- ‘ব্রাহ্মণগণ! তাহা হইলে শ্রবণ কর, উত্তমরূপে মনোনিবেশ কর, আমি বলিতেছি।’

‘হা, ভবৎ গৌতম! বলিয়া সেই ব্রাহ্মণ মহাশালগণ ভগবানকে প্রত্যুত্তর জানাইলেন। ভগবান এইরূপ বলিলেন,-

১৮৬। “ইসযো পুরুক্ষ আসুং, সঞ্চ্চত্ত্ব তপস্নিনো,

পঞ্চ কামগুণে হিত্তা, অভ্যন্থমচারিসুং। ১

অনুবাদ ৪ পূর্বকালের ঝুঁঁধিরা সংযতাত্মা ও তপস্থী ছিলেন। তাঁহারা পুরুষ
কামগুণ ত্যাগ করিয়া নিজের মঙ্গলের অন্বেষণে রত থাকিতেন।

২৮৭। ন পসূ ব্রাহ্মণানা'সুং ন হিরণ্যগ্রন্থ ন ধানিয়ৎ,

সজ্ঞাযুধনথ্রণ্যাসুং, ব্রহ্মং নিধিমপালযুং। ২

অনুবাদ ৫ ব্রাহ্মণদের গবাদি পশু ছিল না, হিরণ্য বা ধান্যও ছিল না;
সাধনাই ছিল তাঁহাদের ধনধান্য। তাঁহারা সব চেয়ে উচ্চম নিধিকে অতি যত্নে
পালন করিতেন।

২৮৮। যৎ নেসং পকতৎ আসি, দ্বারভস্তৎ উপট্রিতৎ,

সম্বাপকতমেসানৎ, দাতবে তদমণ্ডিসুং। ৩

অনুবাদ ৬ যেই ভাত তাঁহাদের জন্য তৈয়ার করা হইত সেই ভাত দরজায়
স্থাপন করা হইলে; তাঁহারা ঐ শৃঙ্খার দ্বারা তৈরীকৃত ভাত দান করিবার
উপযুক্ত বলিয়া মনে করিতেন।

২৮৯। নানারভেদে বথেহি, সঘনেহাবসথেহি চ,

ফীতা জনপদা রাট্ঠা, তে নমস্সিংসু ব্রাহ্মণে। ৪

অনুবাদ ৭ বিভিন্ন প্রদেশ ও সারা রাষ্ট্র হইতে ধনবানেরা নানাৰ্থ রঞ্জিত
কাপড় শয়োপকরণ এবং বাসস্থান দ্বারা ব্রাহ্মণদের পূজা করিতেন।

২৯০। অবজ্ঞা ব্রাহ্মণা আসুং, অজেয্যা ধন্মৰক্ষিতা,

ন নে কোচি নিবারেসি, কুলদ্বারেসু সক্বসো। ৫

অনুবাদ ৮ ব্রাহ্মণেরা প্রাণী বধ করিতেন না, তাঁহারা অজেয় ও ধর্ম দ্বারা
রক্ষিত ছিলেন। যেখানে-সেখানে তাঁহাদের জন্য সকল ঘরের দরজা খোলা
থাকিত।

২৯১। অট্টচন্তলীসং বস্সানি, (কোমার) ব্রহ্মচরিয়ৎ চরিংসু তে,

বিজ্ঞাচরণ পরিয়েট্টিং, অচুৰুং ব্রাহ্মণ পুরে। ৬

অনুবাদ ৯ তাঁহারা আটচল্লিশ বৎসর পর্যন্ত কৌমার ব্রহ্মচর্য পালন করিতেন।
পূর্বকালের ব্রাহ্মণেরা বিদ্যা ও আদর্শ আচরণের অন্বেষণে নিযুক্ত থাকিতেন।

২৯২। ন ব্রাহ্মণা অঞ্চলমগমুং, মণি ভরিয়ৎ কিণিংসু তে,

সম্প্রয়েনেব সংবাসং, সজ্জন্তা সমরোচযুং। ৭

অনুবাদ ১০ ব্রাহ্মণগণ পৃথক জাতি হইতে বিবাহ করিতেন না; তাঁহারা
স্তৰ্য্যাও ক্রয় করিতেন না। মিলনের পর একে অন্যে পীতিবন্ধ হইয়া
একসঙ্গে বাস করাই তাঁহাদের বুঢ়ি ছিল।

২৯৩। অঞ্চলিক তমহা সময়া, উত্তুবেরমণিং পতি,

অনুবাদঃ খতুকাল শেষের কাছাকাছি সময় ব্যতীত অন্য কোন সময়

ব্রাহ্মণেরা মেথুনধর্মে নিযুক্ত হইতেন না।

২৯৪। ব্রহ্মচরিয়ং সীলপঃ, অজ্জবং মদবং তপং,

সোরচং অবিহিংসপঃ, খণ্ডিপাপি অবগ্নযুং। ৯

অনুবাদঃ তাঁহারা ব্রহ্মচর্য, শীল, সরলতা, নম্রতা, তপ, কোমলতা, অবিহিংসা (করুণা), ও ক্ষাণ্ঠির প্রশংসা করিতেন।

২৯৫। যো নেসং পরমো আসি, ব্রহ্মা দল্হ পরকমো,

স বাপি মেথুনং ধম্মং, সুপিনত্তেপি নাগমা। ১০

অনুবাদঃ তাঁহাদের মধ্যে শ্রেষ্ঠ দৃঢ়প্রাকুরমশালী ব্রাহ্মণ স্বপ্নেও মেথুনধর্মের সেবা করিতেন না।

২৯৬। তস্স বন্তমনুসিক্খন্তা, ইধেকে বিএংগ্রুজাতিকা,

ব্রহ্মচরিয়ং সীলপঃ খণ্ডিপাপি অবগ্নযুং। ১১

অনুবাদঃ এই জগতে কোন কোন জ্ঞানবান লোক তাঁহাদের আচরণ অনুকরণ করিয়া ব্রহ্মচর্য, শীল এবং ক্ষাণ্ঠির প্রশংসা করিতেন।

২৯৭। তঙ্গুলং স্যনং বথং, সপ্তিতেলপঃ যাচিয়,

ধম্মেন সমোধানেত্তা, ততো যঞ্চেমকপ্যুং। ১২

অনুবাদঃ ভিক্ষা দ্বারা লব্দ তঙ্গুল, শয্যা, বস্ত্র, ঘৃত ও তৈল দ্বারা তাঁহারা যজ্ঞ সম্পাদন করিতেন। (যজ্ঞানুষ্ঠানকালে কখনই তাঁহারা গো হত্যা করিতেন না)।

২৯৮। উপট্রিতশ্চিং যঞ্চেমস্মিৎ, নাস্সু গাবো হনিংসু তে,

যথা মাতা পিতা ভাতা, অঞ্চেঞ্চে বাপি চ এতকা।

গাবো নো পরমা মিত্তা, যাসু জাযন্তি ওসধা। ১৩

অনুবাদঃ যজ্ঞসময়ে উপস্থিত হইয়া তাঁহারা গো হত্যা করিতেন না। যেমন মাতা, পিতা, ভাই এবং অন্যান্য আতীয়ের ন্যায় গরুজাতি আমাদের পরম মিত্র স্বরূপ। এবং উহাদের নিকট হইতে ঔষধের সৃষ্টি হয়।

২৯৯। অনুদা বলদা চেতা, বণ্ণদা সুখদা তথা,^১

এতমথবসং এত্তা, নাস্সু গাবো হনিংসু তে। ১৪

¹ - সুখদা চ তা (ক)

অনুবাদ ৪ উহারা (গুরুজাতি) অনু, বল, বর্ণ ও সুখদানকারী; ইহার অর্থ
মুখিতে পারিয়া তাঁহারা (ব্রাহ্মণেরা) কখনই গোহত্যা করিতেন না।

৩০০। সুখুমালা মহাকায়, বণ্ণবস্ত্রে যসস্সিনো,
ব্রাহ্মণ সেহি ধম্মেহি, কিছাকিছেসু উস্সুকা;
যাব লোকে অবত্তিসু, সুখমোধিথ্যঃ পজা। ১৫

অনুবাদ ৪ তাঁহারা সুকুমার, মহাকায়, বর্ণবান, যশস্বী ও স্বভাবতৎ ব্রাহ্মণ
ছিলেন; তাঁহারা নিজ নিজ কর্তব্য পালনে আগ্রহপূর্ণ ছিলেন। যতদিন এই উচ্চ
আদর্শধারী ব্রাহ্মণগণ জগতে বর্তমান (জীবিত) ছিলেন, ততদিন এই জাতি
সুখসমৃদ্ধ ছিল।

৩০১। তেসং আসি বিপল্লাসো, দিষ্মান অণুত্তো অণুং,
রাজিনো চ বিযাকারং, নারিযো সমলজ্জতা। ১৬

অনুবাদ ৪ তাঁহাদের বিপল্লাস (অবনতি) দেখা দিল। আন্তে আন্তে, রাজাদের
ধনসম্পত্তি, সমলংকৃত নারী,

৩০২। রথে চাজঞ্চেসংযুতে সুকতে চিন্তসিবনে,
নিবেসনে নিবেসে চ; বিভক্তে ভাগসো মিতে। ১৭

অনুবাদ ৪ উচ্চ জাতীয় অশৃ যোজিত রথ, সুদর্শনীয় সূচিশিল্প শোভিত
শ্যামাসন, পৃথক পৃথকভাবে বিভক্ত পরিমিত দালান ও বাসগৃহ,

৩০৩। গোমউল পরিবৃল্হং, নারীবরগণাযুতং,
উলারং মানুসং তোগং, অভিজ্ঞাযিঃসু ব্রাহ্মণ। ১৮

অনুবাদ ৪ গোমউল পরিবেষ্টিত, রূপবতী নারীগণ সমন্বিত অসীম মানবীয়
শূখ দেখিয়া ব্রাহ্মণেরা লোকপরবশ হইলেন।

৩০৪। তে তথ মন্তে গচ্ছত্বা, ওকাকং তদুপাগমুং,
পতৃতধন ধঞ্জেগাসি, যজস্সু বহু তে বিস্তং; যজস্সু বহু তে ধনং। ১৯

অনুবাদ ৪ তারপর তাঁহারা এই বিষয়ে মন্ত্র রচনা করিয়া ওকাকের কাছে
গমন করিয়া বলিলেন : “আপনি প্রচুর ধন ধান্যের মালিক, বিপুল সম্পত্তি
যজে উৎসর্গ করুন, অফুরন্ত ধন যজ্ঞানুষ্ঠানে নিয়োজিত করুন।”

৩০৫। ততো চ রাজা সঞ্চেত্নে, ব্রাহ্মণেহি রথেসভো;
অস্সমেধং পুরিসমেধং, সম্মাপাসং বাজপেয়ং নিরগ্গলং;
এতে যাগে যজিত্বান, ব্রাহ্মণান মদা ধনং। ২০

অনুবাদঃ তারপর রাজা রথপতি ব্রাহ্মণদের নিকট হইতে আদেশ লাভ করিয়া অশুমেধ, নরমেধ, সম্পাসাস ও বাজপেয় নামক যজ্ঞ অবাধে সম্পন্ন করিয়া ব্রাহ্মণদিগকে প্রচুর ধনরত্ন দান করিলেনঃ-

৩০৬। গাবো স্বনং বথং, নারিযো সমলজ্জকতা,

রথে চাজ় এওস্যুত্তে, সুকতে চিন্তিকরনে। ২১

অনুবাদঃ গাভী, শয্যাসন, বস্ত্র, অলংকৃতা নারী, উচ্চজাতীয় অশ্বযোজিত রথ, সুদর্শনীয় সূচিশিল্প শোভিত কুস্তল,

৩০৭। নিবেসনানি রম্মানি, সুবিভূতানি ভাগসো,

নানা ধ্রওঁওস্স পূরেত্তা, ব্রাহ্মণা'নমদা ধনৎ। ২২

অনুবাদঃ পৃথক পৃথক ভাগে সুবিভক্ত রঘুনায় দালান সমৃহ; উহা নানারকম শস্যে পূর্ণ করিয়া ঐ সমষ্ট ধন ব্রাহ্মণদিগকে দান করিলেন।

৩০৮। তে চ তথ ধনং লন্ধা, সন্নিধিং সমরোচযুৎ,

তেসং ইচ্ছাবতিগ্নানৎ, ভিয়ো তণ্হা পবড্চথ।

তে তথ মন্ত্রে গহেত্তা, ওক্তাকং পুনমুপাগমুৎ। ২৩

অনুবাদঃ এইরূপে তাঁহারা ধন লাভ করিয়া উহা জমা করিবার ইচ্ছা করিলেন, কামনার অধীন হইয়া তাঁহাদের তৃক্ষণ অধিকতর বৃদ্ধি হইল, এই বিষয়ে মন্ত্র রচনা করিয়া তাঁহারা আবার ওক্তাকের কাছে যাইয়া বলিলেনঃ-

৩০৯। যথা আপো চ পথবী চ, হিরঁওঁধন ধানিযৎ,

এবং গাবো মনুস্সানৎ, পরিক্থারো সো হি পাণিনৎ;

যজস্সু বহু তে বিত্তৎ, যজস্সু বহু তে ধনৎ। ২৪

অনুবাদঃ যেমন জল, পৃথিবী, হিরণ্য, ধনধান্য মানুষের দরকারী, গরুও তদুপ, কারণ ইহা প্রাণীদের প্রয়োজনীয় জিনিস; আপনার বিশাল সম্পত্তি যত্তে উৎসর্গ করুন, প্রচুর ধন যজ্ঞে নিয়োজিত করুন।

৩১০। ততো চ রাজা সওঁওস্তো, ব্রাহ্মণেহি রথেসভো,

নেকা সতসহস্সিযো, গাবো যঁওঁও অঘাতযি। ২৫

অনুবাদঃ তারপর ব্রাহ্মণদের দ্বারা আদেশ প্রাপ্ত হইয়া রথপতি রাজা যত্তে অনেক শতসহস্ত গরু বধ করিলেন।

৩১১। ন পাদা ন বিসাগেন, নাস্সু হিংসন্তি কেনচি,

গাবো এলকসমানা, সোর'তা কুস্তুহনা।

তা বিসাগে গহেত্তান, রাজা সম্মেন ঘাতযি। ২৬

অনুবাদ ৪ গুরুজাতি পায়ের দ্বারা কিস্তা শৃঙ্গ দ্বারা কাহাকেও আঘাত করেনা, তাহারা ছাগের ন্যায়; তাহাদের নিকট হইতে কুস্তি পূর্ণ দুধ পাওয়া যায়,-
জ্ঞেরপূর্বক শৃঙ্গে ধরিয়া রাজা উহাদিগকে অন্তের সাহায্যে হত্যা করাইলেন।

৩১২। ততো দেবা পিতরোঁ চ^১, ইন্দো অসুররক্খিতা,

অধম্যো ইতি পক্ষন্দুং, যৎ সথৎ নিপত্তি গবে। ২৭

অনুবাদ ৫ ইহাতে দেবতাগণ, পিতৃপুরুষেরা, ইন্দু, অসুর ও রাক্ষসেরা
'অধর্ম অনুষ্ঠিত হইল' বলিয়া উচ্ছঃস্বরে শোক প্রকাশ করিলেন, কারণ
গোজাতির উপর অস্ত্র নিপত্তিত হইয়াছে।

৩১৩। তয়ো রোগা পুরে আসুং, ইচ্ছা অনসনৎ জরা,

পসুনঞ্চ সমারস্তা, অট্টানুবৃত্তিমাগমং। ২৮

অনুবাদ ৬ পূর্বে তিন প্রকার রোগ ছিলঃ ইচ্ছা, অনশন এবং জরা; পশুবধের
সময় হইতে আটানুবৃত্তি প্রকার রোগের আগমন হইল।

৩১৪। এসো অধম্যো দন্ডানৎ, ওকন্তো পুরাণো অহু,

অদৃসিকাযো হিএ়েগ্রন্তি, ধম্যা ধৎসন্তি^২ যাজকা। ২৯

অনুবাদ ৭ দণ্ডের কারণে হিংসার যেই অধর্ম আমাদের মধ্যে আসিয়াছে
তাহা পুরাতন। দোষহীন প্রাণীর জীবন বধ করে, যাজকেরা ধর্মকে ধ্বংস
করিতেছে।

৩১৫। এবমেসো অণুধম্যো, পোরাণো বিএ়েগ্রগ্রহিতো,

যথ এদিসকং পস্সতি, যাজকং গরহতী^৩ জনো। ৩০

অনুবাদ ৮ এইভাবে পুরাতন হীনধর্ম, জ্ঞানী কর্তৃক নিন্দিত হয়; এবং
যেখানে এতাদৃশ পুরাতন হীনধর্ম দেখা যায়, সেখানে যাজকই নিন্দিত হয়।

৩১৬। এবং ধন্মেন বিয়াপন্নে, বিভিন্না সুদবেস্সিকা,

পুরু বিভিন্না খন্তিযা, পতিং ভরিয়া বমএ়েগ্রথ। ৩১

অনুবাদ ৯ এইভাবে ধর্ম নষ্ট হইলে শৃঙ্গ ও বৈশ্যদের মধ্যে বিবাদ উৎপন্ন
হইল, ক্ষত্রিয়গণ নানাভাবে বিভক্ত হইল, স্তৰী স্বামীকে ঘৃণা করিল।

৩১৭। খন্তিযা ব্রহ্মবন্ধু চ, যে চএ়েগ্রে গোকুরক্খিতা,

জাতিবাদং নিরাকৃতা^৪ কামানৎ (বসমন্তাগুণ্ঠি) বসমাগমং। ৩২

^১ ততো চ দেবা পিতরো (সী- স্যা)

^২ ধৎসন্তি (সী- ই)

^৩ গরহী (ক)

অনুবাদ ৪ ক্ষত্রিয় ও ব্রাহ্মণেরা এবং গোত্র রক্ষাকারী অন্যান্য জনগণ জাতিবাদকে অবহেলা করিয়া ইন্দ্রিয় সুখভোগে রত হইলেন।

এবং বুতে তে ব্রাহ্মণ মহাসালা, ভগবন্তং এতদবোচুং “অভিক্ষতং ভো গোতম! অভিক্ষতং ভো গোতম! সেয়থাপি ভো গোতম নিকুঞ্জিতং বা উকুজ্জেয়, পটিচ্ছন্নং বা বিবরেয়, মৃলহস্ত বা মগ্নং আচিক্খেয়, অনৰ্ধকারে বা তেলপজ্জেতাতং ধারেয়, চক্খুমন্তো রূপানি দক্খিণী ত্তি। এবমেবং ভোতা গোতমেন অনেক পরিযায়েন ধন্মো পকাসিতো। এসাহং ভগবন্তং গোতমং সরণং গচ্ছামি, ধন্মং ভিক্খুসংজ্ঞপ্তঃ। লভেয় ময়ং উপাসকে নো ভবং গোতমো ধারেতু অজ্ঞতগ্রগে পাগুপ্তে সরণং গতে ত্তি।

অনুবাদ ৫ ভগবান এইবৃপ্ত বলিলে, সেই ব্রাহ্মণ মহাশালগণ তাঁহাকে বলিলেনঃ— ‘আচর্য, হে গৌতম! অস্তুত হে গৌতম! যেমন হে গৌতম! অধোঃমুখ পাত্রকে উর্ধ্বমুখ করা হয়, আচ্ছাদিত বন্ধুকে উন্মুক্ত করা হয়, পথভ্রষ্টকে পথ দেখানো হয়, চক্ষুশ্মান রূপ দর্শনের নিমিত্ত তৈলপদীপ ধারণ করা হয়, তেমনি মাননীয় গৌতম কর্তৃক নানা প্রকারে ধর্ম প্রকাশিত হইয়াছে। আমরা শ্রদ্ধেয় গৌতমের, তাঁহার প্রচারিত ধর্মের এবং ভিক্ষুসঙ্গের শরণ গ্রহণ করিতেছি; পূজনীয় গৌতম! আজ হইতে জীবনের শেষ সময় পর্যন্ত আমাদিগকে আপনার শরণাগত উপাসক হিসাবে গ্রহণ করুন।’

ব্রাহ্মণ ধার্মিক সূত্র সমাপ্ত।

— — — O — — —

^১ - নিরৎকৃতা (বহুসূ)

৮। ধন্য নাবা সুন্দং-নাবা (নৌকা) সূত্র

৩১৮। যশ্যা হি ধন্মং পুরিসো বিজ্ঞেণ্ণা, ইন্দ্ৰে নং দেবতা পূজযেয়;

সো পৃজিতো তম্যি পসন্নচিত্তো, বহুস্সুতো পাতুকরোতি ধন্মং। ১

অনুবাদ : মানুষ যাহার কাছে ধর্ম শিক্ষা করে, দেবগণ যেমন ইন্দ্ৰের পূজা করেন, ঠিক তেমনভাবে মানুষ শিক্ষককে পূজা করেন। পূজা লাভ করিয়া, পূজাদানকারীগণের প্রতি প্রসন্ন হইয়া, বহুশুত শিক্ষক ধর্ম প্রকাশ করেন।

৩১৯। তদটিকত্ত্বান নিসম্য ধীরো, ধন্মানুধন্মং পটিপজ্জমানো,

বিএঞ্জ্ঞ বিভাবী নিপুণো চ হোতি, যো তাদিসং ভজতি অপ্পমন্তো। ২

অনুবাদ : যেই মেধাবী বিচারশীলতার সাথে ধর্মানুধর্ম অনুশীলনে রত সে ব্যক্তি বিজ্ঞ, প্রতিভাদীণ্ণ ও দক্ষ হইয়া থাকেন।

৩২০। খুদঞ্চ বালং উপসেবমানো, অনাগতথঞ্চ উসূয়কঞ্চ;

ইথেব ধন্মং অবিভাবিত্তা, অবিত্তিগুরুকঙ্গো মরণং উপেতি। ৩

অনুবাদ : যেই ব্যক্তি তুচ্ছ, নির্বোধ, অর্থ অজ্ঞাত এবং ঈর্য্যাধীনের সেবাপ্রায়ণ হয়, এই জগতে সেই ব্যক্তি ধর্ম বুঝিতে না পারিয়া, সন্দেহযুক্ত মনে মৃত্যু মুখে পড়িত হয়।

৩২১। যথা নরো আপগ'মোতরিত্তা, মহোদকং সলিলং সীঘসোতৎং,

সো বুহমানো অনুসোতগামী, কিংসো পরে সক্খতি তারযেতুং। ৪

অনুবাদ : যে মানুষ গভীর তীব্র স্ত্রোত নদীতে নামিয়া প্রোতের অনুকূলে ভাসিয়া যায়,— কি উপায়ে সে পরকে উদ্ধার করিতে সক্ষম হইবে?

৩২২। তথেব ধন্মং অবিভাবিত্তা, বহুস্সুতানং অনিসাময়'থৎঃ;

স্যং অজানং অবিত্তিগুরুকঙ্গো, কিংসো পরে সক্খতি নিষ্পত্তেতুং। ৫

অনুবাদ : সেইরূপ ধর্ম উপলব্ধি না করিয়া বহুশুতদের ব্যাধ্যা না শুনিয়া, নিজেই মূর্খ এবং সন্দেহ প্রায়ণ হইয়া কি উপায়ে সে অন্যজনকে প্রবৃদ্ধ করিবে?

৩২৩। যথাপি নাবং দলহমারুহিত্তা, ফিযেন^১ রিতেন সমজিত্তো,

সো তারযে তথ বহুপি অঞ্চেণ, তত্ত্বপ্যঞ্চেণ কুসলো মুতীতা^২। ৬

^১ - পিযেন (সী- স্যা)

^২ - মুতীতা (স্যা- ক)

অনুবাদ ৪ : যেমন উপায় কৌশলী দক্ষ, মতিমান মানুষ দৃঢ়তাবে নৌকায় আরোহণ করিয়া দাঁড় ও হালের সাহায্যে সে নিজেকে এবং অপর অনেক ব্যক্তিকে পার করিয়া দিতে সক্ষম হন।

৩২৪ । এবস্মিয়ো বেদগৃ ভাবিতন্তো, বহুস্মৃতো হোতি অবেধ ধন্মো;

সো খো পরে নিজ্ঞপয়ে পজানৎ, সোতাবধানৃপনিসৃপন্নে । ৭

অনুবাদ ৫ : তেমনি যিনি বেদজ্ঞ, ভাবিতাত্ত্বা, বহুশুত, ভয়হীন, তিনি তাহাদিগকেই উত্তরণ করিতে সক্ষম হন; যাহারা শুনিতে আগ্রহী এবং মনোনিবেশ সম্পন্ন হয়।

৩২৫ । তস্মা হবে সপ্তপুরিসং ভজেথ, মেধাবিনক্ষেব বহুস্মৃতঃও;

অএঞ্চায় অথৎ পটিপজ্জমানো,

বিএঞ্চাত ধন্মো স সুখং^১ লভেথাতি । ৮

অনুবাদ ৬ : কাজেই সৎপুরুষ, মেধাবী ও বহুশুত ব্যক্তিগণের সঙ্গে বাস করিতে চেষ্টা করুন, অর্হত্ত্বের অর্থ জ্ঞাতা এবং ধর্মবিজ্ঞাত ব্যক্তিরাই সুখ লাভ করিতে পারিবেন।

নাবা সূত্র সমাপ্ত ।

-----o----

^১ - সো সুখং (সী)

৯। কিংসীল সুভৎ-কিংশীল সূত্র

৩২৬। কিংসীলো কিংসমাচারো, কানি কম্বানি ব্রহ্মৎ,

নরো সম্বা নিবিট্টসুস, উত্তমথত্ব পাপুণে । ১

অনুবাদ : কোন শীল, কোন আচরণ এবং কোন কর্ম সম্পাদন করিলে মানুষ যথার্থভাবে প্রতিষ্ঠিত হইয়া সর্বশ্রেষ্ঠ মঙ্গল লাভ করিতে পারে বলে প্রকাশ করেন ?

৩২৭। বুড়াপচারী অনুসূয়কো সিয়া, কালঞ্চঞ্চ^১ চস্স গৱুনং^২ দস্সনায

ধম্মৎ কথৎ এরযিতৎ খণঞ্চঞ্চ, সুগেয় সকচ সুভাসিতানি । ২

অনুবাদ : যিনি বৃদ্ধের পরিচর্যাকারী, ঈর্ষা পরায়ণ নহে, গুরুদর্শনে যিনি কালাকাল জ্ঞান সম্পন্ন, এবং যথাসময়ে ধর্মালাপকারী, তিনি অতি উত্তমরূপে সুভাষিত বাক্য শ্রবণ করিতে পারেন ।

৩২৮। কালেন গচ্ছে গৱুনং সকাসৎ, থষ্টং নিরংকৃতাং^৩ নিবাতবুত্তি,

অথৎ ধম্মৎ সংযমৎ ব্রহ্মচরিযৎ, অনুস্সরে চেব সমাচরে চ । ৩

অনুবাদ : যিনি যথাকালে গুরুর সকাশে গমন করেন, যিনি ষ্঵েচ্ছাচারীতা ও স্বার্থপরতা নিঃশেষে পরিত্যাগ করিয়া কর্তব্য পরায়ণ হন; তিনি অর্থ, ধর্ম, সংযম ও ব্রহ্মচর্য অনুশীলন এবং আচরণ করেন ।

৩২৯। ধম্মারামো ধম্মরতো, ধম্মে ঠিতো ধম্মবিনিজ্ঞয়ঞ্চঞ্চ,

নেবাচরে ধম্মসন্দোসবাদৎ, তচ্ছেহি নীয়েথ সুভাসিতেহি । ৪

অনুবাদ : ধর্মের অনুশীলনে আনন্দ অনুভবকারী, ধর্ম অনুশীলনে রত; ধর্মে অবস্থানকারী, ধর্ম-সম্বন্ধীয় বিবাদ মীমাংসায দক্ষ; ধর্মে সন্দেহ বা কলঙ্ক হয় এমন আচরণ না করা, এবং সত্যনিষ্ঠ সুভাষিত বাক্য ভাষণ করা উচিত ।

৩৩০। হস্সং চ জপ্তং পরিদেবৎ পদোসৎ, মাযাকৃতৎ কুহনং গিন্ধি মানৎ,

সারস্তং কক্ষসং কসাবত্ব মুচ্ছং^৪, হিত্তা চরে বীতমদো ঠিতত্তো । ৫

অনুবাদ : যিনি হাস্য, জল্লনা, পরিদেবন, প্রদুষ্ট, মাযাকর্ম, প্রবণ্ণনা, শোভ, অহংকার, সারস্ত (বন্ধমূল ক্রোধ), কর্কশ কথা, কটুকথা, অজ্ঞানতা

^১ - কালঞ্চঞ্চ (সী- স্যা)

^২ - গৱুনং (সী)

^৩ - নিরাকৃতা (?)

^৪ - সারস্ত কক্ষসকসাবমুচ্ছং (স্যা- ই)

ইত্যাদি পরিহার করিয়া বীতমদ ও স্থিত চিন্ত হইয়া বিচরণ করেন।

৩৩১। বিএংএগত সারানি সুভাসিতানি, সুতক্ষণ বিএংএগত সমাধিসারং,

ন তস্ম পঞ্জে চ সুতক্ষণ বড়চতি, যো সাহসো হোতি নরো পমতো। ৬

অনুবাদ : যিনি কেবল সুভাষিত বাক্য সমূহের মাধ্যমেই সার (নির্বাণ) কে জ্ঞাত হন, এবং ফেলে শুন্তির মাধ্যমেই জ্ঞাত হন সমাধিসারকে; সেই ব্যক্তি সহসা প্রমত্ত ব্যক্তিকে পরিগত হন। কারণ, তাহার শুন্তি ও প্রজ্ঞা শ্রীবৃন্দি লাভ করেন।

৩৩২। ধর্মে চ যে অরিয়পবেদিতে রতা, অনুত্তরা তে বচসা মনসা কম্মুনা চ,

তে সন্তি সোরচ সমাধি সঠিতা, সুতস্ম পঞ্জেগায চ সারমচ্ছৃঙ্খলি। ৭

অনুবাদ : যাহারা আর্যপবেদিত ধর্মে রত, তাহারা বচনে, মননে এবং কর্মে শ্রেষ্ঠত্ব লাভ করেন। শান্তি, কোমলতা ও সমাধিতে প্রতিষ্ঠা লাভ করিয়া, তাঁহারা শুন্তি আর প্রজ্ঞার সার পাইয়া থাকেন।

কিংশীল সূত্র সমাপ্ত।

-----o-----

১০। উট্ঠান সুস্তং-উথান (জাগ্রত) সূত্র

৩৩৩। উট্ঠিত্ব নিসীদথ, কো অথো সুপিতেন বো,

আতুরানএ়হি কা নিদা, সল্লবিদ্ধান বুপ্তৎ। ১

অনুবাদ : উট্ট, উপবেশন কর, ঘুমিয়া থেকে তোমাদের কি লাভ ? যাহারা আতুর, শল্যবিদ্ধ এবং জ্বালা-যন্ত্রণায় কাতর তাহাদের পক্ষে কি নির্দ্বা যাওয়া সম্ভব হয় ?

৩৩৪। উট্ঠিত্ব নিসীদথ, দলহং সিক্খথ সম্ভিয়া,

মা বো পমন্তে বিএ়-এগ্রায, মচুরাজা অমোহযিথ বসানুগো। ২

অনুবাদ : উথিত হও, উপবেশন কর, শান্তির জন্য দৃঢ়সংকল্পের সহিত শিক্ষা কর; তোমাদিগকে প্রমত্ব বলিয়া জ্ঞাত হইয়া, মৃত্যুরাজ যেন মোহিত করিয়া নিজের অধীন না করে।

৩৩৫। যাব দেবা মনুস্সাচ, সিতা তিট্টান্তি অথিকা;

তরথেতং বিসম্ভিকং, খণো বো^১ মা উপচগা।

খণাতীতা হি সোচম্ভি, নিরয়ম্ভি সমপিতা। ৩

অনুবাদ : হে দেবমনুষ্যগণ ! সতত কল্যাণকাঞ্জী হইয়া স্থিত হও; এবং এই তৃঞ্খাকে তোমরা অতিক্রম কর; যেন সময় চলিয়া না যায়। কারণ যাহারা সময়কে চলিয়া যাইতে দেয়, তাহারা নরকে পড়িয়া অনুশোচনা করিয়া থাকে।

৩৩৬। পমাদো রঞ্জা পমাদো, পমাদানুপত্তিতো রঞ্জো,

অপ্মাদেন বিজ্জায, অৰুহে^২ সল্লমত্তনোতি। ৪

অনুবাদ : প্রমাদই প্রমাদের ময়লা। সমস্ত পাপ ময়লা প্রমাদ হইতেই উৎপন্ন। তাই অপ্রমাদ আর বিদ্যার মাধ্যমে অপবিত্র আত্মার উৎপাটন করিবেন।

উথান সূত্র সমাপ্ত।

— — — — —

^১ - খণো বৈ (ই- ক)

^২ - অৰুহে (স্যা- ই) অৰুহে (ক- টঁ)

১১। রাত্তুল সুভৎ-রাত্তুল সূত্র

৩৩৭। কচি অভিষ্হ সংবাসা, নাবজানাসি পদ্ধিতৎ,

উক্তাধারো মনুস্মানৎ, কচি অপচিতো তথ্য। ১

অনুবাদঃ “অভিন্ন সংবাসে অবস্থান করিয়া পদ্ধিতকে অবজ্ঞা কর কি? যিনি মানবগণের জ্ঞানালোক বর্তীকা, তাঁহাকে তুমি সম্মান কর কি?”

৩৩৮। নাহং অভিষ্হসংবাসা, অবজানামি পদ্ধিতৎ,

উক্তাধারো মনুস্মানৎ, নিচৎ অপচিতো তথ্য। ২

অনুবাদঃ “অভিন্ন সংবাসে অবস্থান করিয়া আমি পদ্ধিতকে অবজ্ঞা করি না। যিনি মানবগণের জ্ঞানালোক বর্তীকা, আমি নিত্য তাঁহার পূজা-সম্মান করি।”

৩৩৯। পঞ্চকামগুণে হিত্তা, পিয়রূপে মনোরমে,

সন্দ্বায় ঘরা নিকম্ম, দুক্খস্মস্তকরো ভব। ৩

অনুবাদঃ ‘প্রিয়রূপ ও মনোরম পঞ্চকামগুণ ত্যাগ করিয়া, শুন্দ্বার সহিত হর হইতে অভিনিষ্ঠিত করিয়া; দুঃখের ক্ষয় সাধন কর।

৩৪০। মিত্তে ভজস্মু কল্যাণে, পন্থও স্যনাসনৎ,

বিবিত্তং অপ্পনিগ়ঘোসং, মত্তেওঁ হোতি ভোজনে। ৪

অনুবাদঃ কল্যাণ মিত্রের ভজনা করিবে, দূরে অবস্থিত জনমানবহীন নির্জন শয়নাসন গ্রহণ করিবে, এবং ভোজনে মাত্রাঞ্জ হইবে।

৩৪১। চীবরে পিঙ্কপাতে চ, পচ্চয়ে স্যনাসনে,

এতেসু তগ্নং মাকাসি, মা লোকং পুনরাগমি। ৫

অনুবাদঃ চীবর, পিঙ্কপাত, উষধ-প্রত্যয় এবং শয়নাসন ইত্যাদির প্রতি কামনা তৃণা উৎপন্ন করিও না; এবং পুনর্বার সংসারে (পুনরায়) আসিও না।

৩৪২। সংবুতো পাতিমোক্খস্থিৎ, ইন্দ্রিয়েসু চ পঞ্চসু,

সতি কায়গতা ত্যথু, নিবিদাবহুলো ভব। ৬

অনুবাদঃ প্রাতিমোক্ষে এবং পঞ্চেন্দ্রিয়ে সংবুত হও, কায়গতানুশৃতির দ্বারা দেহের স্বরূপ দর্শন কর এবং জগতের প্রতি নির্বেদবহুল বা বৈরাগ্যবহুল হও।

৩৪৩। নিমিত্তং পরিবজ্জেহি, সুভৎ রাগপসঞ্চহিতৎ,

অসুভায চিত্তং ভাবেহি, একগংগং সুসমাহিতৎ। ৭

^১ - ডিক্ষা করিয়া লাভ করা খাদ্য।

অনুবাদ ৪: রাগ-সংযুক্ত শুভ নিমিত্ত পরিত্যাগ কর এবং একাগ্র ও সুসমাহিত হইয়া অশুভ ভাবনায় চিন্তাকে নিয়োজিত কর।

৩৪৪। অনিমিত্তঞ্চ তাৰেহি, মানানুসয়'মুজ্জহ,

ততো মানাভিসময়া, উপসন্তো চরিস্সমীতি। ৯

অনুবাদ ৫: অনিমিত্ত ভাবনায় নিযুক্ত হও এবং মানানুশয় পরিহার কর; অতঃপর অহংকারের স্বরূপ যথার্থরূপে উপলব্ধি করিয়া উপশান্ত বা সংযত হইয়া বিচরণ করিবে।

ইথং সুদং ভগবা আয়ম্বন্তং রাতুলং ইমাহি গাথাহি অভিগ্নহং ওবদতীতি।

অনুবাদ ৬: ভগবান এইভাবে আয়ুষ্মান রাতুলকে এই সকল গাথার মাধ্যমে ধার বার উপদেশ দিলেন।

রাতুল সূত্র সমাপ্ত।

—o—

୧୨। ନିଗ୍ରୋଧକମ୍ପ (ବଜୀସ) ସୁଭ୍ରଂ-ବଜୀଶ ସୂତ୍ର

ଏବଂ ମେ ସୁଭ୍ରଂ- ଏକଂ ସମୟଃ ଭଗବା ଆଲବିଷ୍ୟଃ ବିହରତି ଅଙ୍ଗାଳବେ ଚେତିଯେ । ତେନ ଖୋ ପନ ସମୟେନ ଆୟସ୍ମତୋ ବଜୀସସ୍ମ୍ଭ ଉପଜ୍ଞାୟୋ ନିଗ୍ରୋଧକମ୍ପୋ ନାମ ଥେରୋ ଅଙ୍ଗାଳବେ ଚେତିଯେ ଅଚିର ପରିନିର୍ବୁତୋ ହେତି । ଅଥ ଖୋ ଆୟସ୍ମତୋ ବଜୀସସ୍ମ୍ଭ ରହୋଗତ୍ସମ୍ଭ ପଚିସଲ୍ଲୀନସ୍ମ୍ଭ ଏବଂ ଚେତ୍ସୋ ପରିବିତକୋ ଉଦ୍ଦପାଦି “ପରିନିର୍ବୁତୋ ନୁ ଖୋ ମେ ଉପଜ୍ଞାୟୋ, ଉଦାହୁ ନୋ ପରିନିର୍ବୁତୋ”ତି । ଅଥ ଖୋ ଆୟସ୍ମା ବଜୀସୋ ସାଯଣହସମୟଃ ପଚିସଲ୍ଲାନା ବୁଟ୍ଟିତୋ ଯେନ ଭଗବା ତେନୁପସଙ୍ଗକମି, ଉପସଙ୍ଗକମିତ୍ତା ଭଗବନ୍ତଃ ଅଭିବାଦେତ୍ତା ଏକମନ୍ତଃ ନିସିଦ୍ଧି, ଏକମନ୍ତଃ ନିସିନ୍ନୋ ଖୋ ଆୟସ୍ମା ବଜୀସୋ ଭଗବନ୍ତଃ ଏତଦବୋଚ- “ଇଥ ମୟହଃ ଭନ୍ତେ ରହୋଗତ୍ସମ୍ଭ ପଚିସଲ୍ଲୀନସ୍ମ୍ଭ ଏବଂ ଚେତ୍ସୋ ପରିବିତକୋ ଉଦ୍ଦପାଦି । ପରିନିର୍ବୁତୋ ନୁ ଖୋ ମେ ଉପଜ୍ଞାୟୋ, ଉଦାହୁ ନୋ ପରିନିର୍ବୁତୋ”ତି” । ଅଥ ଖୋ ଆୟସ୍ମା ବଜୀସୋ ଉଠ୍ଠାୟାସନା ଏକଂସଂ ଚୀବରଂ କଢ଼ା ଯେନ ଭଗବା ତେନଙ୍ଗଲିଂ ପଗମେତ୍ତା ଭଗବନ୍ତଃ ଗଥାୟ ଅଞ୍ଜଲାତ୍ସି-

ଅନୁବାଦ : ଅମି ଏଇରୂପ ଶୁନିଯାଛିୟ- ଏକ ସମୟ ଭଗବାନ ଆଲବିତେ ଅର୍ଗାଳବ ଚିତ୍ୟେ ଅବସ୍ଥାନ କରିତେଛିଲେନ । ସେଇ ସମୟ ଆୟୁଷ୍ମାନ ବଜୀସର ଉପାଧ୍ୟାୟ ନିଗ୍ରୋଧକମ୍ପ ନାମକ ଛୁବିର ଅର୍ଗାଳବ ଚିତ୍ୟେ ପରିନିର୍ବାଣ ଲାଭ କରିଯାଛିଲେନ । ଅତଃପର, ଆୟୁଷ୍ମାନ ବଜୀସ ସଥନ ନିର୍ଜନେ ଧ୍ୟାନମନ୍ତ୍ର ଛିଲେନ, ତଥନ ତାହାର ମନେ ଏହି ପରିବିତର୍କେର ଉତ୍ଥନ ହଇଲଃ “ଆମାର ଉପାଧ୍ୟାୟ ପୁନର୍ଜନ୍ମ ହଇତେ କି ମୁକ୍ତ ? ନା, କି ମୁକ୍ତ ନହେନ ?” ତୃପରେ ଆୟୁଷ୍ମାନ ବଜୀସ ସାଯାହୁ ସମୟେ ବିଶ୍ଵାମ ହୁନ ହଇତେ ଉଠିଯା ସେଥାନେ ଭଗବାନକେ ଅଭିବାଦନ କରିଯା ଏକପାର୍ଶ୍ଵ ବସିଲେନ । ଏକପାର୍ଶ୍ଵ ଉପବିଷ୍ଟ ଅବସ୍ଥାଯ ଆୟୁଷ୍ମାନ ବଜୀସ ଭଗବାନକେ ଏଇରୂପ ବଲିଲେନଃ “ଭନ୍ତେ ! ଆମି ସଥନ ନିର୍ଜନେ ଧ୍ୟାନମନ୍ତ୍ର ଛିଲାମ, ତଥନ ଆମାର ମନେ ଏଇରୂପ ଚିନ୍ତ ପରିବିତର୍କ ଉତ୍ଥନ ହଇଲ, ‘ଆମାର ଉପାଧ୍ୟାୟ ପୁନର୍ଜନ୍ମ ହଇତେ ମୁକ୍ତ କି, ନା, କି ମୁକ୍ତ ନହେନ ?’ ଅତଃପର ଆୟୁଷ୍ମାନ ବଜୀସ ଆସନ ହଇତେ ଉଠିଯା ପରିହିତ ଚୀବର ଏକାଂଶ କରିଯା କୃତାଙ୍ଗଲୀ ହଇଯା ପ୍ରଣାମ କରିଯା ଭଗବାନକେ ଗଥାୟ ବ୍ୟକ୍ତ କରିଲେନଃ-

୩୪୫ । “ପୁଛ୍ଚମି^୧ ସଥାରମନୋମପ୍ରେୟଃ୩୧, ଦିଟ୍ଟଠେବେଧମ୍ଭେ ଯୋ ବିଚିକିଛାନଃ ଛେଡ଼ା ।
ଅଗ୍ରଗାଳବେ କାଲମକାସି ଭିକ୍ଷୁ, ଏଣାତୋ ସସ୍ତ୍ରୀ ଅଭିନିର୍ବୁତତୋ । ।

^୧ - ପୁଛ୍ଚମ (ସୀ- ସ୍ଯା- ଇ)

অনুবাদ ৪। এই জগতে যিনি সকল সম্বেদ ছেদন করিয়াছেন, মহাপ্রজ্ঞাবান শাস্তাকে জিজ্ঞাসা করিতেছি;- বিখ্যাত, যশস্বী, শান্ত-মন একজন ভিক্ষু অগ্রণবে কালগত হইয়াছেন।

৩৪৬। নিগোধকপ্পো ইতি তস্ম নামৎ, তথা কতৎ ভগবা ব্রাহ্মণস্ম;

সো তৎ নমস্মৎ অচরি মৃত্যুপেক্খো, আরন্ধবীরিযো দল্হধম্মদস্মী । ২

অনুবাদ ৫। তাঁহার নাম নিগোধকপ্প; হে ভগবান! ব্রাহ্মণের ঐ নাম আপনারই প্রদত্ত। তিনি আরন্ধ বীর্য ও দৃঢ় ধর্মদশী হইয়া মৃত্যুর আগ পর্যন্ত আপনার পূজা করিতে করিতে বিচরণ করিতেছিলেন।

৩৪৭। তৎ সাবকৎ সক্য' ময়ম্পি সবেব, অঞ্চল্যাতুমিছাম সমষ্টিচক্খু;

সমবট্টিতা নো সবনায সোতা, তুবৎ নো সথা তৃমনুভরোসি । ৩

অনুবাদ ৬। হে শাক্য! হে সর্বজ্ঞ! আমরা সবাই সেই শ্রাবকের বিষয় জানিতে ইচ্ছা করি, শুনিবার জন্য আমরা শ্রোতারা প্রস্তুত। আপনিই আমাদের অনুস্মর শাস্তা।

৩৪৮। ছিন্দেব নো বিচিকিছং বুহি মেতৎ, পরিনিব্রূতৎ বেদয ভূরিপঞ্চঞ্চ,

মঞ্জুব' নো ভাস সমষ্টিচক্খু, সঙ্গোব দেবান সহস্মনেতো । ৪

অনুবাদ ৭। হে মহাজ্ঞানী! আমাদের সম্বেদ দূর করুন, তাঁহার পরিনির্বাণের অভিজ্ঞতা প্রকাশ করুন; হে সর্বদশী! দেবগণের মধ্যে সহস্রাচক্ষু ইন্দ্রের ন্যায় আমাদের মধ্যে ঐ বিষয় ঘোষণা করুন।

৩৪৯। যে কেচি গহ্ব ইধ মোহমঙ্গা, অঞ্চল্যাগপকখা বিচিকিছঠানা,

তথাগতৎ পত্তা ন তে ভবন্তি চক্খুৎ হি এতৎ পরমৎ নরানৎ । ৫

অনুবাদ ৮। এই জগতে যেই যেই গ্রহিসমূহ যাহা মোহমাণ্ডী, অজ্ঞানতা শৃঙ্খিকারী, সম্বেদ উৎপন্নকারী- তথাগতের কাছে ঐ সকল গ্রহি অভিত্তি নাই, ফিনি মানবগণের দিব্যচক্ষুস্বরূপ।

৩৫০। নো চে হি জাতু পুরিসো কিলেসে, বাতো যথা অব্বত্যনৎ বিহানে,

তমোবস্ম নিবুতো সকলগোকো, ন জোতিমন্ত্রোপি নরা তপেযুৎ । ৬

অনুবাদ ৯। নিবিড় মেঘমন্ডল যেমন বাতাসের দ্বারা বিতাড়িত হয়, মানুষও শামি সেইরূপ সম্পূর্ণভাবে পাপকে বিতাড়িত না করে, তাহা হইলে সমষ্ট জগৎ

^১ সক (সী- স্যা- ই)

^২ মঞ্জু চ (স্যা- ক)

ঁাধারে আচ্ছাদিত হয়। তখন জ্যোতিষান ব্যক্তিরা ও আলো দান করিতে পারেন না।

৩৫১। ধীরা চ পজ্জাতকরা ভবন্তি, তৎ তৎ অহং বীরং^১ তথেব মণ্ডেং,

বিপস্সিনং জানমুপাগমমহং^২, পরিসাসু নো আবিকরোহি কপং। ৭

অনুবাদ ৪ ধীর ব্যক্তিগণ আলোক বিতরণকারী। অতএব, সেই সেই ধীরকে আমি তাহাই মনে করি। আমরা বিদর্শনজ্ঞান জানিতে আপনার নিকটে আসিয়াছি। আমাদের পরিষদের মধ্যে বিদর্শনজ্ঞানের স্বরূপ প্রকাশ করুন।

অনুবাদ : অতঃপর ভগবান জটিল কেনিয়কে ঐ সকল গাথার সাহায্যে তাঁর দান অনুমোদন কৱিয়া আসন হইতে উঠিয়া চলিয়া গেলেন। তৎপরে আযুশ্মান সেল, পৱিষদ সহ নিৰ্জনবাসী, অপ্রমত্ত, উৎসাহপূৰ্ণ, দৃঢ়প্রতিষ্ঠ হইয়া অতিশীঘ্ৰ সত্যপথ অবলম্বনকারী কুলপুত্ৰগণ যে সম্পদ লাভের জন্য আগার হইতে অনাগারিক প্ৰবৃজ্যার আশ্রয় প্ৰহণ কৱেন; সেই অনুত্তৰ ব্ৰহ্মাচৰ্য নিজেই জানিয়া ও উপলব্ধি কৱিয়া ইহজীবনেই উহার পূৰ্ণতা সাধন কৱিলেন। “জন্মেৰ ক্ষয় হইয়াছে, ব্ৰহ্মাচৰ্য সম্পাদিত হইয়াছে, কৰ্ম শেষ হইয়াছে, এই জীবনে কৱণীয় কৰ্ম আৱ নাই”; ইহা জানিয়া আযুশ্মান সেল সপৱিষদ অৰ্হত্ব লাভ কৱিলেন।

অথ খো আবস্মা সেলো সপৱিসো যেন ভগবা তেনপুসংকমি, উপসংকমিত্বা একংসং চীবৱং কত্তা যেন ভগবা তেনঙ্গলিং পণামেত্বা ভগবন্তং গাথায অজ্ঞাতাসি-

অনুবাদ : তৎপরে আযুশ্মান সেল পৱিষদগণেৰ সহিত ভগবানেৰ কাছে উপস্থিত হইয়া পৱিহিত চীবৱ একাংশ কৱিয়া প্ৰণামপূৰ্বক সেখানে ভগবানকে গাথায নিবেদন কৱিলেন,-

৫৭৫। “যং তং সরণমাগমহ^১, ইতো অট্ঠমি চক্রম,
সন্ত রাত্রেন ভগবা, দন্তমহ তব সাসনে। ২৩

অনুবাদ : হে চক্রশান! আজ হইতে আট দিন পূর্বে আপনার শরণ গ্রহণ
করিয়াছি। হে প্রভু ভগবান! সপ্তম রাত্রের মধ্যে আমরা আপনার শাসনে বিনীত
হইয়াছি।

৫৭৬। তুবং বুদ্ধ্যো তুবং স্থা, তুবং মারাভিত্ত মুনি,
তুবং অনুসয়ে ছেত্তা, তিণ্ণো তারেসী মং পজং। ২৪

অনুবাদ : আপনি বুদ্ধ, আপনি শিষ্কক, আপনি মারবিজয়ী মুনি। অনুশয়
(হীনসংক্ষার) সমূহ ছেদন করিয়া আপনি উত্তীর্ণ হইয়াছেন এবং বর্তমান মানব
জাতিকে উদ্ধার করিতেছেন।

৫৭৭। উপধী তে সমত্তিক্ষ্মা, আসবা তে পদালিতা,
সীহোসি^২ অনুপাদানো, পহীনভযতেরবো। ২৫

অনুবাদ : আপনি উপধিসমূহ অতিক্রম করিয়াছেন, আসবসমূহ বিনষ্ট
করিয়াছেন, আপনি সিংহ, উপাদান রহিত, আপনি ভয়হীন ও ত্রাসহীন।

৫৭৮। ভিক্খবো তিসতা ইমে, তিট্টলি পঞ্জলীকতা,
পাদে বীর পসারেহি, নাগা বন্দন্ত সথুনো”তি। ২৬

অনুবাদ : এই তিনশত ভিক্ষু অঞ্জলিপ্রণামপূর্বক দাঁড়াইয়াছেন। হে বীর!
পাদ প্রসারিত করুন, নাগগণ শান্তাকে বন্দনা করুক।

সেল সূত্র সমাপ্ত।

—o—

^১ - মাগু(সী- স্যা- ক)

^২ - সীহোব

৮। সন্তু সুভৎ-সন্তু সুত্র

৫৭৯। অনিমিত্ত মনঞ্চ-এগতৎ, মচানং ইধ জীবিতৎ,

কসিরঞ্চ পরিত্বঞ্চ, তখন দুকখেন সংযুতৎ। ১

অনুবাদ : এই জগতের মানবজীবন অনিমিত্ত (প্রয়োজন বর্জিত), অবিদিত, যন্ত্রণাদায়ক, অল্পকাল টিকিয়া থাকে এবং দুঃখমিশ্রিত।

৫৮০। ন হি সো উপক্রমো অথি, যেন জাতা ন মিয়রে,

জরাঙ্গি পতৃ মরণং, এবং ধৰ্মা হি পাণিনো। ২

অনুবাদ : যাহারা জন্মিয়াছে তাহাদের এমন কোন উপায় নাই, যাহা দ্বারা তাহারা মরণ হইতে পরিত্রাণ পাইতে পারে। জরার পর মৃত্যু, ইহাই প্রাণীর ধর্ম।

৫৮১। ফলানমিব পকানং, পাতো পতনতো^১ ভযং,

এবং জাতানং মচানং, নিচৎ মরণতো ভযং। ৩

অনুবাদ : পাকা ফলের বেইরূপ শীষ্ট পতন ভয়, সেইরূপ জাতধর্মী জীবগণেরও সবসময় মরণ ভয়।

৫৮২। যথাপি কুস্তকারসুস্ম, কতা মন্ত্রিকভাজনা,

সর্বে ভেদনপরিযন্তা^২, এবং মচানং জীবিতৎ। ৪

অনুবাদ : কুস্তকারের তৈয়ারকরা সকল প্রকার মাটির পাত্র যেমন ভাঙ্গিয়া ধৰ্মস প্রাণ হয়, যানুষের জীবনও সেইরূপ।

৫৮৩। দহরা চ মহন্তা চ, যে বালা যে চ পদ্ধিতা,

সর্বে মচুবসং যন্তি, সর্বে মচুপরাযণা। ৫

অনুবাদ : তরুণ ও বয়স্ক, মূর্খ ও পণ্ডিত, সকলেই মৃত্যুবশে গমন করে, সবাই মৃত্যু পরায়ণ।

৫৮৪। তেসং মচুপরেতানং, গচ্ছতৎ পরলোকতো,

ন পিতা তাযতো পুনৰ্তৎ, এগাতী বা পন এগতকে। ৬

অনুবাদ : মরণের গ্রাসে পতিত হইয়া পরলোকগতদের মধ্যে পিতা পুত্রকে ত্রাণ করিতে পারেন না; আত্মায়েরা জ্ঞাতি কুটুম্বগণকে রক্ষা করিতে অসমর্থ।

^১ - পপততো (সী-ই-টঠ)

^২ - ভেদপরিযন্তা (স্যা)

৫৮৫। পেক্খতৎযেব এগাতীনং, পস্স লালপতৎ পুথু,

একমেকোব মচানং, গোবঞ্জে বিয নীযতি । ৭

অনুবাদ ৪ দেখুন, গভীর বিলাপরত জ্ঞাতিদের চোখের সামনে মানবগণের মধ্য হইতে এক একজন করিয়া হরণ করা হইতেছে; যেমন গরুকে হত্যা করিবার জায়গায় লইয়া যাওয়া হয় ।

৫৮৬। এবম্বত্তাহতো লোকো, মচুনা চ জরায চ,

তম্মা ধীরা ন সোচন্তি, বিদিত্বা লোকপরিযাযং । ৮

অনুবাদ ৫ এইভাবে সংসার মরণ ও জরায জড়িত । সেই কারণে জ্ঞানীরা লোকপর্যায় বিদিত হইয়া অনুশোচনা করেন না ।

৫৮৭। যস্ম মংং ন জানাসি, আগাতস্ম গতস্মস বা,

উভো অন্তে অসম্পস্মসং, নিরথৎ পরিদেবসি । ৯

অনুবাদ ৬ যাহার আগমন ও গমনের মার্গ (পথ) তোমার জানা নাই; যাহার বিচরণের উভয় অন্তই তোমার দর্শনের বাহিরে; তাহার জন্য তোমার শোক নিরর্থক ।

৫৮৮। পরিদেবযমানো চে, কিঞ্চিদথৎ উদ্বৰহে,

সম্মূলহো হিংসমত্তানং, কথিরা চে নৎ বিচক্খণো । ১০

অনুবাদ ৭ বিলাপ পরাযণ অজ্ঞানী ব্যক্তিরা যদি এই স্থহিংস কষ্ট দ্বারা কিঞ্চিং মাত্রও লাভবান হয়, তাহা হইলে বুদ্ধিমান ব্যক্তি ঐরূপ করিতে পারেন ।

৫৮৯। ন হি বুধেন সোকেন, সন্তিৎ পশ্পোতি চেতসো,

তিয়স্মসুপ্রজ্ঞতে দুক্খৎ, সরীর চুপহঞ্চঞ্চতি । ১১

অনুবাদ ৮ ক্রন্দন ও শোকের দ্বারা মনের শান্তি লাভ না হইয়া বরং উহাতে দুঃখের বৃদ্ধি হয় এবং শরীর পীড়িত হইয়া পড়ে ।

৫৯০। কিসো বিবগ্নো ভবতি, হিংসমত্তানমত্তনা,

ন তেন পেতা পালেন্তি, নিরথা পরিদেবনা । ১২

অনুবাদ ৯ জীবিতগণ নিজের সাহায্যে নিজকে হিংসা বশতঃ আঘাত করিবার ফলে শরীর কৃশ ও বিবর্ণ হয়; তবুও মৃত্যুক্তি পুনর্জীবিত হয় না। তাই এই পরিদেবন (বিলাপ) অর্থহীন ।

৫৯১। সোকমপজহং জন্ম, ভিয়ে দুর্খৎ নিগচ্ছতি,

অনুখুনত্তো কালঙ্কতৎ^১ সোকস্ম বসমন্তগৃ। ১৩

অনুবাদ : যে ব্যক্তি শোক বর্জন করে না, তাহার দুঃখ বাড়িয়া যায়। কালগত ব্যক্তির জন্য বিলাপ করিয়া সে শোকাধীন হয়।

৫৯২। অগ্রেণপি পস্ম গমিনে, যথাক্ষমুপগে নরে,

মচুনো বসমাগম্য, ফন্দভেবিধ পাণিনো। ১৪

অনুবাদ : লোকান্তরিত হইয়া কর্মানুযায়ী গতিলাভী মানুষের প্রতি অবলোকন করুন! জীবগণ এই পৃথিবীতে মরণের ক্ষমতাধীন হইয়া ভয়ের দ্বারা কঁপিত।

৫৯৩। যেন যেন হি মগ্নেগ্নি, ততো তৎ হোতি অগ্নেগ্নথা,

এতাদিসো বিনাভাবো, পস্ম লোকস্ম পরিযাযং। ১৫

অনুবাদ : মানুষের আশানুরূপ কামনা সিদ্ধি না হইয়া তদ্বিপরীত হইয়া থাকে। দেখুন, এই রূপ রৈশ্যভাবই লোকপর্যায় বা সংসারের নিয়ম।

৫৯৪। অপি বস্মসতৎ জীবে, ভিয়ে বা পন মাণবো,

ঞ্চিতসংঘা বিনা হোতি, জহতি ইধ জীবিতৎ। ১৬

অনুবাদ : শত বৎসর কিয়া তাহার অধিক বাঁচিয়া থাকিলেও মানুষ সরশেষে জ্ঞাতিবর্গ হইতে পৃথক হইয়া এই সংসারে জীবন ত্যাগ করিবে।

৫৯৫। তস্মা অরহতো সুত্তা, বিনেয় পরিদেবিতৎ

পেতৎ কালঙ্কতৎ দিস্মা, নেসো লব্ধা ময়া হুতি। ১৭

অনুবাদ : কাজেই অরহতের কথা শুনিয়া কালগতগণের জন্যে বিলাপ বন্ধ করুন। কারণ এই বিলাপে ‘পুনরায়’ তাহাকে দর্শন করা আমাদের পক্ষে সম্ভব নহে।

৫৯৬। যথা সরণমাদিতৎ বারিনা পরিনিবৰয়ে^২, এবম্পি ধীরো সপ্ত্রেণে,

পদ্ধিতো কুসলো নরো; খিপ্মুপতিতৎ সোকৎ, বাতো তৃলংব ধ্বংসয়ে। ১৮

অনুবাদ : জলের আশ্রয়ে যেইরূপ জলন্ত আগুন নির্বাপিত হয়; সেইরূপ ধীর, প্রজ্ঞাবান, পদ্ধিত, দক্ষ মানুষ; তুলা যেমন বাতাসের দ্বারা উড়িয়া যায়, তেমনি উৎপন্ন শোক অতি শীঘ্ৰ দূর করিবেন।

^১ - কালকতৎ (সী- স্যা)

^২ - পরিনিবুতো (সী- ক)

৫৯৭। পরিদেবং পজ্জপঞ্চ, দোমনস্সং অওনো,
অওনো সুখমেসানো, অববহে সন্তমনো । ১৯

অনুবাদঃ যিনি আত্মসুখ অন্঵েষণকারী, তিনি নিজের বিলাপ পরিদেবন
এবং দুঃখ দৌর্যনস্য রূপ আত্মশর উৎপাটিত করিবেন।

৫৯৮। অব্রুলহসল্লো অসিতো, সন্তিং পশ্পুয় চেতসো,
সবসোকং অতিক্ষ্ণো, অসোকো হোতি নিবুতোতি । ২০

অনুবাদঃ যিনি দূরীকৃত শর বাসনা মুক্ত, চিত্তের শান্তি লাভ তিনি সকল
রকম শোক অতিক্রম করিয়া অশোক ও নির্বাপিত হইয়া শান্ত হইবেন।

সন্ত সূত্র সমাপ্ত ।

-----o-----

৯। বাসেট্ট সুভৎ-বাসেট্ট সূত্র

এবং মে সুতৎ- একং সময়ং ভগবা ইচ্ছানঙ্গলে বিহুরতি ইচ্ছানঙ্গলবন
সঙ্গে। তেন খো পন সময়েন সংশ্লুলা অভিএও়েগাতা অভিএও়েগাতা
ব্রাক্ষণমহাসালা ইচ্ছানঙ্গলে পটিবসন্তি সেষাথিদৎ- চজ্জী ব্রাক্ষণো, তারুকখো
ব্রাক্ষণো, পোকখরসাতি ব্রাক্ষণো, জাণুস্সোণি^১ ব্রাক্ষণো, তোদেয়ো ব্রাক্ষণো,
অও়ে়ে়ে চ অভিএও়েগাতা অভিএও়েগাতা ব্রাক্ষণমহাসালা। অথ খো বাসেট্ট
ভারদ্বাজানৎ মাণবানৎ জঙ্গাবিহারৎ অনুচক্ষমন্তানৎ অনুবিচরন্তানৎ^২ অযমন্তরঃ
কথা উদপাদি “কথৎ ভো ব্রাক্ষণো হোতী”তি।

অনুবাদ ৪ আমি এইরূপ শুনিয়াছি- এক সময়ে ভগবান ইচ্ছানঙ্গল বনে
ইচ্ছানঙ্গল নামক জায়গায় বাস করিতেছিলেন। তখন অনেক খ্যাতনামা
ধনবান ব্রাক্ষণ ইচ্ছানঙ্গলে বাস করিতেছিলেন, যথা- চজ্জী ব্রাক্ষণ, তারুকখ
ব্রাক্ষণ, পোকখরসাতি ব্রাক্ষণ, জাণুস্সোণি ব্রাক্ষণ, তোদেয়ো ব্রাক্ষণ এবং
অন্যান্য সুবিখ্যাত ধনী ব্রাক্ষণ মহাসালগণ। একদিন বাসেট্ট এবং ভারদ্বাজ
নামক দুইজন যুবক যখন পারচারী করিতেছিলেন তখন তাহাদের মধ্যে
এইরূপ কথা উৎপন্ন হইল- “কিভাবে ব্রাক্ষণ হওয়া যায়?”

ভারদ্বাজো মাণবো এবমাহ “যতো খো তো উভতো সুজাতো হোতি
মাতিতো চ পিতিতো চ সংসুম্বগহণিকো যাব সত্ত্বা পিতামহবুগা অক্খিতো
অনুপকুট্ঠো জাতিবাদেন, এন্তাবতা খো ভো ব্রাক্ষণো হোতী”তি।

অনুবাদ ৫ যুবক ভারদ্বাজ বলিলেন,- “যাহার জাতি (জন্ম) পিতা ও মাতা
উভয়কুল হইতে গৌরবান্বিত, যাহার উপরিচ্ছগণ সপ্তম পুরুষ পর্যন্ত পরিত্ব গর্ভে
উৎপন্ন, যাহার কুলপ্রথা দোধধীন ও অনিন্দনীয়, এইরূপ লোকই ব্রাক্ষণ।”

বাসেট্ট মাণবো এবমাহ- “যতো খো ভো সীলবা চ হোতি বতসম্পন্নো^৩
চ, এন্তাবতা খো ভো ব্রাক্ষণো হোতী”তি। নেব খো অসক্ষি ভারদ্বাজো মাণবো
বাসেট্টৎ মাণবৎ সও়ে়েগাপেতুৎ, ন পন অসক্ষি বাসেট্টো মাণবো ভারদ্বাজৎ
মাণবৎ সও়ে়েগাপেতুৎ।

^১ - জাণুসোণি (ক)।

^২ - অনুচক্ষম মানানৎ অনুবিচরমানানৎ (সী- ই)

^৩ - বতসম্পন্নো (সী- স্যা)

অনুবাদঃ যুবক বাসেট্ট তখন এইরূপ বলিলেন,- “যিনি শীলবান ও ব্রতসম্পন্ন, তিনিই ব্রাহ্মণ।” যুবক ভারদ্বাজ বাসেট্টকে স্বমতে আনিতে সক্ষম হইলেন না, যুবক বাসেট্টও ভারদ্বাজকে স্বমতে আনিতে সক্ষম হইলেন না।

অথ খো বাসেট্টো মাণবো ভারদ্বাজং মাণবং আমন্ত্রেসি “অযং খো ভো^১ ভারদ্বাজ সমগ্নে গোতমো সক্যপুত্রো সক্যকুলা পরবজিতো ইচ্ছানজালে বিহুরতি ইচ্ছানজগল বনসভে, তৎ খো পন ভবন্তৎ গোতমং এবং কল্যাণো কিত্তিসদো অব্ভুঘাতো ইতিপি সো ভগবা অরহং সম্মাসনুদ্বেষ্য স্থা বিজ্ঞাচরণসম্পন্নো সুগতো লোকবিদৃ অনুত্তরো পুরিসদশ্মসারথি স্থথা দেবমনুস্সানং বুদ্ধে ভগবা^২তি। আযাম ভো ভারদ্বাজ যেন সমগ্নে গোতমো তেনুপসংজ্ঞকমিত্তা সমন্তৎ গোতমং এতমথৎ পুছিস্সাম, যথা নো সমগ্নে গোতমো ব্যাকরিস্সতি, তথা নং ধারেস্সামা”তি। “এবং ভো”তি খো ভারদ্বাজো মাণবো বাসেট্টস্স মাণবস্স পচস্সোসি।

অনুবাদঃ অতঃপর বাসেট্ট যুবক ভারদ্বাজকে সহোধন করিয়া বলিলেন,- “হে ভারদ্বাজ! শাক্যপুত্র শ্রমণ গৌতম শাক্যকুল হইতে প্রবৃজ্যা গ্রহণ করিয়া ইচ্ছানজাল বনস্ত, ইচ্ছানজালে অবস্থান করিতেছেন। সেই মাননীয় গৌতমের এইরূপ কল্যাণ কীর্তিশব্দ প্রচারিত হইয়াছে, “ইনি সেই ভগবান, অরহত, সম্যক্সম্মুদ্ধ, বিদ্যাচরণসম্পন্ন, সুগত, লোকবিদ অনুত্তর পুরুষ-দমনকারী সারথি, দেব-মানবের শিষ্ফক, বুদ্ধ এবং ভগবান।”

হে ভারদ্বাজ! এস, যেখানে শ্রমণ গৌতম আছে সেখানে যাই, সেখানে যাইয়া শ্রমণ গৌতমকে ইহার অর্থ জিজ্ঞাসা করিব। তিনি যাহা ব্যাখ্যা করিবেন আমরা তাহাই গ্রহণ করিব।” “তাহাই হটক” বলিয়া যুবক ভারদ্বাজ যুবক বাসেট্টকে প্রতিশ্রুতি দিলেন।

অথ খো বাসেট্টভারদ্বাজা মাণবা যেন ভগবা তেনুপসংজ্ঞকমিত্তু, উপসংজ্ঞকমিত্তা ভগবতা সম্বিধ সম্মোদিংসু, সম্মোদনীয়ং কথং সারণীয়ং বীতিসারেন্তা একমন্তৎ নিসীদিংসু, একমন্তৎ নিসিন্নো খো বাসেট্টো মাণবো ভগবন্তৎ গাথাহি অজ্ঞভাসি-

অনুবাদঃ অনন্তর বাসেট্ট ও ভারদ্বাজ যুবকদ্বয় ভগবানের কাছে উপস্থিত হইয়া ভগবানের সহিত মধুর ও চিন্তের আনন্দদায়ক কথাবার্তা আলাপ

^১ - অযং ভো (সী- স্যা- ক)। অযং খো (ই)

আলোচনার পর একপার্শ্বে উপবেশন করিলেন। একপার্শ্বে বসিয়া যুবক
বাসেট্ট ভগবানকে গাথার সাহায্যে নিবেদন করিলেন।

৫৯৯। অনুওঁগ্রাত পটিওঁগ্রাতা, তেবিজ্ঞ মযমশুভো,

অহং পোক্খর সাতিস্স, তারুক্খস্সাযং মাণবো । ১

অনুবাদ ৪ আমরা উভয়ে ত্রিবেদজ্ঞরূপে পরিচিত ও সম্মত। আমি পোক্খর
সাতির শিষ্য এবং এই যুবক তারুক্খের শিষ্য।

৬০০। তেবিজ্ঞানং যদক্খাতং, তত্ত্ব কেবলিনো'শ্চসে,

পদকশ্ম বেয়াকরণা, জস্পে আচরিযসাদিসা । ২

অনুবাদ ৫ ত্রিবেদ সমন্বে বিজ্ঞদের দ্বারা যাহা প্রকাশিত তাহা সমষ্টই
আমাদের জানা। আমরা আলভকারিক ও বৈয়াকরণিক। আবৃতি সমন্বে আমরা
আচার্য সদৃশ।

৬০১। তেসং নো জাতিবাদশ্মিঃ, বিবাদো অথি গোতম,

জাতিযা ব্রাক্ষণো হোতি, ভারদ্বাজো ইতি ভাসতি;

অহংক কমুনা^১ বুমি, এবং জানাহি চক্খুম । ৩

অনুবাদ ৬ হে গৌতম! আমাদের মধ্যে জাতিবাদ সমন্বে বিবাদ সৃষ্টি
হইয়াছে। ভারদ্বাজ বলিতেছেন— জাতি দ্বারাই ব্রাক্ষণ হয়; কিন্তু আমার মতে
কর্মদ্বারাই ব্রাক্ষণ হয়। হে চক্ষুয্যাম! ইহাই আমার নিবেদন।

৬০২। তে ন সক্রোম সওঁগ্রাপেতুং, অঞ্চেঁমঞ্চেঁ মযং উভো,

ভবন্তং পুর্টুমাগম্হা, সমুদ্ধং ইতি বিস্মৃতং । ৪

অনুবাদ ৭ আমরা একে অন্যকে স্বতে আনিতে সক্ষম না হইয়া, উভয়ে আপনার
কাছে জিজ্ঞাসা করিবার জন্য আসিয়াছি। কারণ আপনি সমুদ্ধরূপে বিশুত।

৬০৩। চন্দং যথা ব্যাতীতং, পেচ পঞ্জলিকা জনা,

বন্দমানা নমস্সন্তি, এবং লোকশ্মি গোতমং । ৫

অনুবাদ ৮ মানুষেরা যেমন হাত জোড় করিয়া পূর্ণচন্দ্রের বন্দনা ও পূজা
করে; তেমনি জগতে গৌতমেরও পূজা করে।

৬০৪। চক্খুঁলোকে সমুপন্নং, মযং পুচ্ছাম গোতমং,

জাতিযা ব্রাক্ষণো হোতি, উদাহু ভবন্তি কমুনা ।

অজ্ঞানতং নো পুরুহি, যথা জানেমু ব্রাক্ষণং । ৬

^১ - কমুনা (সী- ই) এবমুপরিপি।

অনুবাদ ৪ জগতের চক্রুপে অবির্ত্ত গৌতমকে আমরা জিজ্ঞাসা করিতেছি; ‘জন্মের দ্বারা কি ব্রাহ্মণ হয়? কিস্থা কর্মের দ্বারা হয়?’ আমরা জানি না; আমাদের নিকট প্রকাশ করুন, ‘ব্রাহ্মণ কাহাকে বলে?’ তাহা যেন সম্যক্তভাবে জানিতে পারি।

৬০৫। তেসৎ বো অহং ব্যক্তিস্সৎ,

(বাসেট্টাতি ভগবা) অনুপুরং যথাতথং;

জাতি বিভজ্ঞাং পাণানং অঞ্চলমঞ্চঞ্চা হি জাতিযো । ৭

অনুবাদ ৫ ভগবান বাসেট্টকে বলিলেন;- ‘আমি তোমাদের নিকট যথাযথভাবে প্রাণীদের জাতি বিভক্তি ব্যাখ্যা করিব, কারণ জাতি বহুপ্রকার।

৬০৬। তিগ্রুক্খেপি জানাথ, ন চাপি পটিজানরে,

লিঙ্গাং জাতিমযং তেসৎ, অঞ্চলমঞ্চঞ্চা হি জাতিযো । ৮

অনুবাদ ৬ ত্রৃণবৃক্ষাদি তোমাদের জানা যদিও তাহারা স্বভাব প্রকাশ করে না, তবুও তাহাদের পরম্পরের লক্ষণসমূহ জাতি হইতে উৎপন্ন। এইভাবে তাহাদেরও জাতি অনেক প্রকার।

৬০৭। ততো কীটে পটজ্ঞে চ, যাব কুষ্ঠ কিপিগ্নিকে,

লিঙ্গাং জাতিমযং তেসৎ, অঞ্চলমঞ্চঞ্চা হি জাতিযো । ৯

অনুবাদ ৭ তারপর কীট-পতঙ্গ ও পিপিলিকাদি উহাদের পরম্পরের চিহ্নসমূহ জাতি হইতে উৎপন্ন তাই তাহাদের জাতি বহুপ্রকার।

৬০৮। চতুর্পদেপি জানাথ, খুদকে চ মহল্লকে,

লিঙ্গাং জাতিমযং তেসৎ, অঞ্চলমঞ্চঞ্চা হি জাতিযো । ১০

অনুবাদ ৮ চতুর্পদ প্রাণীদের সম্বন্ধে ও তোমাদের জানা আছে, ক্ষুদ্র অথবা মহৎ- ভেদে তাহাদের পরম্পর লক্ষণসমূহও জাতি হইতে উৎপন্ন। তাই তাহাদের জাতিও বহুপ্রকার।

৬০৯। পাদুদরেপি জানাথ, উরগে দীঘপিট্টিকে,

লিঙ্গাং জাতিমযং তেসৎ, অঞ্চলমঞ্চঞ্চা হি জাতিযো । ১১

অনুবাদ ১০ সরীসূপ ও দীর্ঘপৃষ্ঠ সর্পও তোমাদের জানা উহাদের পরম্পরের চিহ্ন-সমূহ জাতি-উৎপন্ন করে এবং তাহাদের জাতি বহুপ্রকার।

৬১০। ততো মচ্ছেপি জানাথ, ওদকে বারিগোচরে,

লিঙ্গাং জাতিমযং তেসৎ, অঞ্চলমঞ্চঞ্চা হি জাতিযো । ১২

অনুবাদ ৪ অতঃপর জলচর মাছও তোমাদের জানা উহাদের পরম্পরের চিহ্নসমূহ জাতি হইতে উৎপন্ন এবং তাহাদের জাতি ও বহুপ্রকার।

৬১১। ততো পক্ষ্যৌপি জানাথ, পত্রযানে বিহঙ্গমে,

লিঙ্গং জাতিময়ং তেসৎ, অঞ্চলমঞ্চেণ হি জাতিযো । ১৩

অনুবাদ ৫ তারপরে পত্র্যান বিহঙ্গম পাখীরাও তোমাদের জানা । উহাদের পরম্পরের চিহ্নসমূহ জাতি-উৎপন্ন করে এবং তাহাদের জাতি ও বহুপ্রকার।

৬১২। যথা এতাসু জাতীসু, লিঙ্গং জাতিময়ং পৃথু,

এবং মথি মনুস্সেসু, লিঙ্গং জাতিময়ং পৃথু । ১৪

অনুবাদ ৬ উহাদের পরম্পর (জাতি) চিহ্নসমূহ জাতি-উৎপন্ন করে এবং তাহারা ও বহু প্রকার। কিন্তু মানুষের সেইরূপ নহে।

৬১৩। ন কেসেহি ন সীসেন, ন কণ্ঠেহি ন অক্খিভি,

ন মুখেন ন নাসায, ন ওট্টেহি ভমৃহি বা । ১৫

অনুবাদ ৭ তাহাদের কেশ, মাথা, কর্ণ, আঁখি, মুখ, নাসিকা, ওষ্ঠ, ভু,

৬১৪। ন গীবায ন অংসেহি, ন উদরেন ন পিট্টিয়া,

ন সোণিয়া ন উরসা, ন সহাধে ন মেথুনে^১ । ১৬

অনুবাদ ৮ গ্রীবা, অংস, উদর, পৃষ্ঠ, কটিদেশ, উরু, গুহ্যেন্দ্রিয়, মেথুন, ইন্দ্রিয়, শৈল, ন হথেহি ন পাদেহি, নাঙ্গুলীহি নখেহি বা,

ন জঙ্ঘাহি ন উরুহি ন বগ্নেন সরেন বা;

লিঙ্গং জাতিময়ং নেব, যথা অঞ্চেণসু জাতিসু । ১৭

অনুবাদ ৯ হন্ত, পদ, আঙ্গুল, নখ, জঙ্ঘা, উরু, বর্ণ, শ্঵র, ইত্যাদি সংযুক্ত চিহ্নসমূহ, অন্যান্য প্রাণীদের যেইরূপ হইয়া থাকে তদুপ কোন জাতি উৎপন্ন করে না।

৬১৬। পচত্তৎ সরীরেসু^২ মনুস্সেব্রেতং ন বিজ্ঞতি,

বোকারঞ্চ মনুস্সেসু, সমঞ্চেণ্য পুরুষতি । ১৮

অনুবাদ ১০ শরীরসম্পন্ন অন্য প্রাণীদের মধ্যে পার্থক্য আছে, কিন্তু মানুষের মধ্যে ঐ পার্থক্য দেখা যায় না। মানুষের মধ্যে যে পার্থক্য তাহা আরোপিত নাম মাত্র।

^১ - ন সহাধা ন মেথুনা (স্যা-ক)

^২ - পচত্তৎ সসরীরেসু (সী-ই)

৬১৭। যো হি কোচি মনুস্সেসু, গোরক্খং উপজীবতি,

এবং বাসেট্ট জানাহি, কস্সকো সো ন ব্রাহ্মণো । ১৯

অনুবাদ ৪ কারণ মানুষের মধ্যে যাহারা গোপালন দ্বারা জীবিকা নির্বাহ করে, হে বাসেট্ট! তাহাদের এইরূপ জানিবে যে- তাহারা কৃষক, ব্রাহ্মণ নহে।

৬১৮। যো হি কোচি মনুস্সেসু; পুথুসিপ্পেন জীবতি,

এবং বাসেট্ট জানাহি, সিপ্পিকো সো ন ব্রাহ্মণো । ২০

অনুবাদ ৫ মানুষের মধ্যে যাহারা নানাপ্রকার শিঙ্গ দ্বারা জীবিকা অর্জন করে, হে বাসেট্ট! তাহাদের এইরূপ জানিবে যে- তাহারা শিঙ্গী, ব্রাহ্মণ নহে।

৬১৯। যো হি কোচি মনুস্সেসু বোহারং উপজীবতি,

এবং বাসেট্ট জানাহি, বাণিজো সো ন ব্রাহ্মণো । ২১

অনুবাদ ৫ মানুষের মধ্যে যাহারা ব্যবসায়ে নিযুক্ত হইয়া জীবিকা নির্বাহ করে, হে বাসেট্ট! তাহাদের এইরূপ জানিবে যে- তাহারা বণিক, ব্রাহ্মণ নহে।

৬২০। যো হি কোচি মনুস্সেসু পরপেস্সেন জীবতি,

এবং বাসেট্ট জানাহি, পেস্সিকো^১ সো ন ব্রাহ্মণো । ২২

অনুবাদ ৫ মানুষের মধ্যে যাহারা পরপরিচর্যা দ্বারা জীবিকা নির্বাহ করে, হে বাসেট্ট! তাহাদের এইরূপ জানিবে যে- তাহারা পরিচারক (ভৃত্য), ব্রাহ্মণ নহে।

৬২১। যো হি কোচি মনুস্সেসু, অদিন্নং উপজীবতি,

এবং বাসেট্ট জানাহি, চোরো এসো ন ব্রাহ্মণো । ২৩

অনুবাদ ৫ মানুষের মধ্যে চুরি করিয়া যাহারা জীবিকার্জন করে, হে বাসেট্ট! তাহাদের এইরূপ জানিবে যে- তাহারা চোর, ব্রাহ্মণ নহে।

৬২২। যো হি কোচি মনুস্সেসু, ইস্সথং উপজীবতি,

এবং বাসেট্ট জানাহি, যোধাজীবো ন ব্রাহ্মণো । ২৪

অনুবাদ ৫ মানুষের মধ্যে যাহারা ধনু তথা অন্ত ধারণ করিয়া জীবিকা নির্বাহ করে, হে বাসেট্ট! তাহাদের এইরূপ জানিবে যে- মানুষের মধ্যে তাহারা যুদ্ধজীবি, ব্রাহ্মণ নহে।

^১ - পেস্সকো (ক)

৬২৩। যো হি কোচি মনুস্সেসু, পোরোহিচেন জীবতি,

এবং বাসেট্ট জানাহি, যাজকো এসো ন ব্রাক্ষণো । ২৫

অনুবাদঃ মানুষের মধ্যে যাহারা পুরোহিতের ধর্ম বা কার্য করিয়া জীবিকা নির্বাহ করে, হে বাসেট্ট! তাহাদের এইরূপ জানিবে যে— তাহারা যাজক, ব্রাক্ষণ নহে।

৬২৪। যো হি কোচি মনুস্সেসু, গামং রট্টঠঃ ভুজ্জতি,

এবং বাসেট্ট জানাহি, রাজা এসো ন ব্রাক্ষণো । ২৬

অনুবাদঃ মানুষের মধ্যে গ্রাম, রাষ্ট্র প্রভৃতি যাহার অধিকারে, হে বাসেট্ট! তাহাদের এইরূপ জানিবে যে— তিনি রাজা, ব্রাক্ষণ নহেন।

৬২৫। ন চাহং ব্রাক্ষণং বুমি, যোনিজং মতিসম্মতং,

ভোবাদি নাম সো হোতি, সচে হোতি সকিঞ্চনো;

অকিঞ্চনং অনাদানং, তমহং বুমি ব্রাক্ষণং । ২৭

অনুবাদঃ জন্মের জন্য কিংবা মাতা বিশেষের গভৰ্ত্তে উৎপত্তির জন্য আমি কাহাকেও ব্রাক্ষণ বলি না। সেই ব্রাক্ষণ ভোবাদি^১ হইতে পারে, সে ধনবান ও হইতে পারে। কিন্তু যাহার কোন কিছুই নাই, যিনি অনাসঙ্গ, তাঁহাকেই আমি ব্রাক্ষণ বলিব।

৬২৬। সব সংযোজনং ছেত্তা, যো বে ন পরিত্স্মতি,

সঙ্গাতিগং বিসংযুক্তং, তমহং বুমি ব্রাক্ষণং । ২৮

অনুবাদঃ যিনি সমস্ত সংযোজন ছিন্ন করিয়া ত্রাসহীন হইয়াছেন, বন্ধন মোচন করিয়া যিনি বিসংযুক্ত অর্থাৎ মুক্ত হইয়াছেন, তাঁহাকেই আমি ব্রাক্ষণ বলিব।

৬২৭। ছেত্তা নদ্ধিং বরতত্ত্বং, সম্মানং সহনুক্তমং,

উক্খিত্পনিদং বুদ্ধং, তমহং বুমি ব্রাক্ষণং । ২৯

অনুবাদঃ বন্ধনী ও রজ্জু আর তৎসৰ্পশুষ্ট বিষয়ে জড়িত সকল বন্ধন ছিন্ন করিয়া যিনি সমস্ত বাঁধার ক্ষয় করিয়াছেন, যিনি বুদ্ধ, তাঁহাকেই আমি ব্রাক্ষণ বলিব।

৬২৮। অক্ষোসং বধবন্ধত্বং অদুট্টো যো তিতিক্ষতি,

থন্তীবলং বলানীকং, তমহং বুমি ব্রাক্ষণং । ৩০

^১ জাতি দ্বারা গবিত ব্রাক্ষণ, যিনি প্রকৃত ব্রাক্ষণের গুণ সম্পন্ন নহেন, (যে অন্যকে ‘তো’ শব্দের দ্বারা সম্বোধন করেন।)

অনুবাদঃ নিজেই নির্দোষ হইয়া যিনি দুর্বাক্য, বধ ও বন্ধন সহ্য করিতে
প্রস্তুত, ক্ষাণ্ঠিবলহী যাহার সৈন্য, তাঁহাকে আমি ব্রাহ্মণ বলিব।

৬২৯। অকোধনং বতবন্তং, শীলবন্তং অনুস্সদং,

দন্তং অন্তিমসারীরং, তমহং বুমি ব্রাহ্মণং। ৩১

অনুবাদঃ যিনি অক্রোধী, ব্রতবান, শীলবান, তৃষ্ণাহীন, দান্ত, অন্তিম
দেহধারী, তাঁহাকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৩০। বারি পোক্খরপত্তেব, আরঞ্জেরিব সাসপো,

যো ন লিঙ্গতি কামেসু, তমহং বুমি ব্রাহ্মণং। ৩২

অনুবাদঃ যিনি পদ্ম পাতার জলবিন্দুর ন্যায়, কিঞ্চা সূচের-আগায় স্থিত
সরিষা বীজের ন্যায় ইন্দ্রিয় সুখে লিঙ্গ হন না, তাঁহাকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৩১। যো দুক্খস্স পজানাতি, ইধেব খয়মতনো,

পন্নভারং বিসংযুক্তং, তমহং বুমি ব্রাহ্মণং। ৩৩

অনুবাদঃ এই জগতেই যিনি নিজের দুঃখের শেষ জানিতে পারিয়াছেন,
সেই ভারমুক্ত বিসংযুক্ত বাস্তিকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৩২। গন্তীর পঞ্চ-এওং মেধাবিং, মঘামঘাস্স কোবিদং,

উন্তমথমনুপ্তন্তং, তমহং বুমি ব্রাহ্মণং। ৩৪

অনুবাদঃ যিনি গভীর প্রজ্ঞাবান, মেধাবী, মার্গামার্গ যাহার জানা, যিনি
উন্তমার্থ লাভী, তাঁহাকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৩৩। অসংস্ট্রং গহট্টেহি, অনাগারেহি চৃত্যং,

অনোকসারিমপিচ্ছং, তমহং বুমি ব্রাহ্মণং। ৩৫

অনুবাদঃ যিনি গৃহস্ত ও অনাগারিক উভয়ের সহিত অসংশ্লিষ্ট, যিনি
অনালয়চারী এবং অল্প অভাবযুক্ত, তাঁহাকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৩৪। নিধায দণ্ডং ভূতেসু, তসেসু থাবরেসু চ,

যো ন হন্তি ন ঘাতেতি, তমহং বুমি ব্রাহ্মণং। ৩৬

অনুবাদঃ দুর্বল ও সবল উভয় প্রকার প্রাণীর প্রতিই যিনি হিংসাহীন, যিনি
প্রাণীবধ হইতে বিরত এবং কাহাকেও আঘাত করেন না, তাঁহাকেই আমি
ব্রাহ্মণ বলিব।

৬৩৫। অবিরুদ্ধং বিরুদ্ধেসু, অন্তদণ্ডেসু নিবুতং,

সাদানেসু অনাদানং, তমহং বুমি ব্রাহ্মণং। ৩৭

অনুবাদ ৪ বিরুদ্ধাচরণকারীর প্রতি যিনি বিপরীত চিন্তা করিয়া মলিনবদন নহেন, যিনি দুশ্চরিত্রের প্রতি শান্ত, আসঙ্গদের মধ্যে যিনি অনাসঙ্গ, তাহাকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৩৬। যস্স রাগো চ দোসো চ, মানো মক্খো চ পাতিতো,

সাসপোরিব আরঘা, তমহং বুমি ব্রাহ্মণঃ। ৩৮

অনুবাদ ৫ সূচের আগা হইতে সরিয়ার ন্যায় যাহার রাগ, হিংসা, অহজকার; পরের গুণ নাশ করা স্বত্বাব যাহার পতিত হইয়াছে, তাহাকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৩৭। অকক্ষসং বিশ্বেণাপনিঃ, গিরং সচ্ছমুদীরযে,

যায় নাভিসজে কিঞ্চিৎ, তমহং বুমি ব্রাহ্মণঃ। ৩৯

অনুবাদ ৫ যে কথা অকক্ষ, উপদেশপূর্ণ, যাহা সত্য, যাহার দ্বারা কেহ রাগাহিত হয় না, ঐরূপ কথার ভাষণকারীকে আমি ব্রাহ্মণ বলিব।

৬৩৮। যো'ধ দীঘং ব রস্সং বা, অণুং থৃলং সুভাসুতং,

লোকে অদিন্নং নাদিযতি, তমহং বুমি ব্রাহ্মণঃ। ৪০

অনুবাদ ৫ দীর্ঘ হউক বা হৃষ্ট হউক, সূক্ষ্ম হউক বা স্তুল হউক, শুভ হউক অথবা অশুভ হউক; যাহা দেওয়া হয় নাই, তাহা যিনি গ্রহণ করেন না; তাহাকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৩৯। আসা যস্স ন বিজ্জন্তি, অশ্চিং লোকে পরম্হি চ,

নিরাসাসং বিসংযুতং, তমহং বুমি ব্রাহ্মণঃ। ৪১

অনুবাদ ৫ ইহকাল ও পরকালের জন্য যাহার আশা বিদ্যমান নাই, যিনি কামনাহীন ও বিসংযুক্ত, তাহাকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৪০। যস্সালিয়া ন বিজ্জন্তি, অঞ্চল্য অকথংকথী,

অমতোগধমনুপ্সতং, তমহং বুমি ব্রাহ্মণঃ। ৪২

অনুবাদ ৫ যাহার বাসনা নাই, উচ্চতর জ্ঞানের দ্বারা যিনি সন্দেহমুক্ত হইয়াছেন, যিনি গভীর অমৃতে প্রবেশ করিয়াছেন, তাহাকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৪১। যো'ধ পুঞ্চেন্দ্ব পাপঞ্চ, উভো সঙ্গা'মুপচ্ছগা,

অসোকং বিরজং সুদ্ধং, তমহং বুমি ব্রাহ্মণঃ। ৪৩

অনুবাদ ৫ এই জগতে যিনি পুণ্য ও পাপ উভয় প্রকার বন্ধন অতিক্রম করিয়াছেন, যিনি অশোক, বিরজ ও শুদ্ধ; তাহাকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৪২। চন্দ্ৰং বিমলং সুন্ধৎ, বিষ্ণুমন্মালিঃ,

নদীভব পরিক্ষীণং, তমহং বৃমি ব্রাহ্মণং। ৪৪

অনুবাদঃ যিনি চন্দ্ৰের মত বিমল, শুন্ধ, বিষ্ণুমন্মালিঃ, অনালিঃ, যাহার নদীভব পরিক্ষীণ হইয়াছে অর্থাৎ যে কোন প্রকার আনন্দে উৎসাহহীন, তাহাকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৪৩। যো'মং পলিপথং দুষ্টাং, সংসারং মোহমচ্ছগা,

তিণো পারজ্ঞতো বাযী, অনেজো অকথংকথী;

অনুপাদায নিকুতো, তমহং বৃমি ব্রাহ্মণং। ৪৫

অনুবাদঃ যিনি এই পলিপথ (কদম্পূর্ণ), দুর্গম সংসার ও অজ্ঞানতা অতিক্রম করিয়াছেন, যিনি উত্তীর্ণ ও পরপারে পৌছিয়াছেন, যিনি ধ্যাননিরত, ইচ্ছাহীন, সন্দেহমুক্ত, উপাদানহীন এবং নিবৃত; তাহাকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৪৪। যো'ধ কামে পহন্তান, অনাগারো পরিক্ষজে,

কামভব পরিক্ষীণং, তমহং বৃমি ব্রাহ্মণং। ৪৬

অনুবাদঃ এই সংসারে যিনি কাম ভোগ ত্যাগ করিয়া অনাগারিক প্রবৃজ্যা অবলম্বনপূর্বক বিচরণ করেন; কামত্যঘা ত্যাগী; তাহাকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৪৫। যো'ধ তণ্হং পহন্তান, অনাগারো পরিক্ষজে,

তণ্হাভব পরিক্ষীণং, তমহং বৃমি ব্রাহ্মণং। ৪৭

অনুবাদঃ এই সংসারে তৃঞ্চা ত্যাগ করিয়া যিনি অনাগারিক প্রবৃজ্যা অবলম্বনপূর্বক বিচরণ করেন; তৃঞ্চাভব পরিক্ষীণ (তৃঞ্চাত্যাগী), তাহাকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৪৬। হিত্তা মানুসকং যোগং, দিবৰং যোগং উপচ্ছগা,

সক্রযোগ বিসংযুতং, তমহং বৃমি ব্রাহ্মণং। ৪৮

অনুবাদঃ মানবীয় আসক্তি ত্যাগ করিয়া যিনি দিব্য আসক্তি অতিক্রম করিয়াছেন, যিনি সকল আসক্তি বিসংযুক্ত; তাহাকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৪৭। হিত্তা রতিঞ্চ অরতিঞ্চ, সীতিভূতং নিরূপধিৎং,

সক্রলোকাভিভূং বীরং, তমহং বৃমি ব্রাহ্মণং। ৪৯

অনুবাদঃ রতি (আনন্দ) ও অরতি (বিরক্তিকরভাব) ত্যাগ করিয়া যিনি প্রতারণাহীন হইয়াছেন, যিনি সমস্ত জগতের অধিপতি; সেই বীরকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৪৮। চুতিৎং যো বেদি^১ সক্তানৎ, উপপত্তিষ্ঠ সরসো,

অসন্তৎ সুগতং বুদ্ধৎ, তমহং বুমি ব্রাহ্মণৎ। ৫০

অনুবাদঃ যিনি সত্ত্বগণের চুতিৎ ও উৎপত্তি সমন্তই পরিপূর্ণরূপে জানিতে পারেন, যিনি অনাসন্ত, সুগত, বুদ্ধ, তাহাকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৪৯। যস্ম গতিং ন জানন্তি, দেবা গন্ধবরমানুসা,

খীণাসবং অরহন্তৎ, তমহং বুমি ব্রাহ্মণৎ। ৫১

অনুবাদঃ যাহার গতি দেবতা, গন্ধব ও মানুষেরা জানিতে পারে না, সেই ক্ষীণাসব অরহতকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৫০। যস্ম পুরে চ পচ্ছা চ, মঞ্জে চ নথি কিঞ্চনৎ,

অকিঞ্চনৎ অনাদানৎ, তমহং বুমি ব্রাহ্মণৎ। ৫২

অনুবাদঃ পূর্বে, পশ্চাতে অথবা মধ্যে যাহার কিছুই নাই, সেই কামনাহীন অনাসন্ত ব্যক্তিকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৫১। উসভৎ পবরং বীরং, মহেসিং বিজিতবিনৎ,

অনেজং নহাতকং বুদ্ধৎ, তমহং বুমি ব্রাহ্মণৎ। ৫৩

অনুবাদঃ যিনি শ্রেষ্ঠ, পবর, বীর, মহর্ষি, বিজয়ী, বীততৃষ্ণ, স্নাতক এবং বুদ্ধ; তাহাকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৫২। পুরুষেনিবাসং যো বেদি, সংশাপায়ঃ পস্সতি,

অথো জাতিক্থং পত্তো, তমহং বুমি ব্রাহ্মণৎ। ৫৪

অনুবাদঃ যিনি পূর্বজন্মজ্ঞান প্রাপ্ত, শ্রঙ্গ ও অপায় যিনি দর্শন করিয়াছেন, যাহার জন্মক্ষয় হইয়াছে, তাহাকেই আমি ব্রাহ্মণ বলিব।

৬৫৩। সমগ্রেও হেসা লোকস্মিৎ, নাম গোত্তৎ পকশ্পিতৎ,

সমৃচ্ছা সমুদাগতৎ, তথ তথ পকশ্পিতৎ। ৫৫

অনুবাদঃ কারণ এই সংসারে যে নাম ও গোত্র প্রকল্পিত হয় তাহা সংজ্ঞা মাত্র। পৃথক পৃথক জায়গায় যাহা কল্পনা করা হইয়াছে তাহা সাধারণ সম্ভতি হইতে উৎপন্ন।

৬৫৪। দীঘরত্নমনুসঘিতৎ, দিট্ঠিগতমজানতৎ,

অজানন্তা নো^২ প্রবন্ধিতি; “জাতিয়া হোতি ব্রাহ্মণো।” ৫৬

^১ - যো'বেতি (?) ইতিবুন্তকে অট্টকথ্যা সংবলনা পস্সিতকা।

^২ - অজানন্তা তে (ট্ট)

অনুবাদ ৪ জ্ঞানহীনদের দৃষ্টিগত অজ্ঞানতা, দীর্ঘকাল যাবৎ অনুশাসিত হইয়া আসিতেছে। অজ্ঞানা ব্যক্তিরা ইহা বলিয়া থাকে যে; “জাতি” বা জন্মাদ্বারা ব্রাহ্মণ হয়”।

৬৫৫। ন জচ্ছা ব্রাহ্মণো হোতি, ন জচ্ছা হোতি অব্রাহ্মণো;

কম্মুনা ব্রাহ্মণো হোতি, কম্মুনা হোতি অব্রাহ্মণো । ৫৭

অনুবাদ ৫ জন্মাদ্বারা কেহ ব্রাহ্মণ হয় না, জন্মাদ্বারা কেহ অব্রাহ্মণ হয় না। কর্মদ্বারা ব্রাহ্মণ হয়, কর্মদ্বারাই অব্রাহ্মণ হয়।

৬৫৬। কস্সকো কম্মুনা হোতি, সিপ্পিকো হোতি কম্মুনা;

বাণিজো কম্মুনা হোতি, পেস্সিকো হোতি কম্মুনা । ৫৮

অনুবাদ ৬ মানুষ কর্মদ্বারা কৃষক হয়, কর্মদ্বারা শিল্পী হয়; কর্মদ্বারা মানুষ বণিক এবং কর্মদ্বারাই চাকর হইয়া থাকে।

৬৫৭। চোরোপি কম্মুনা হোতি, যোধাজীবোপি কম্মুনা,

যাজকো কম্মুনা হোতি, রাজাপি হোতি কম্মুনা । ৫৯

অনুবাদ ৭ চোরও কর্মদ্বারা হয়, যুদ্ধজীবীও কর্মদ্বারা হয়; কর্মদ্বারা যাজক হন এবং রাজাও কর্মদ্বারাই হইয়া থাকেন।

৬৫৮। এবমেতুৎ যথাভৃতৎ, কম্মং পস্সন্তি পদ্ধিতা,

পটিচসমুপ্পাদদস্সাম, কম্বিপাক কোবিদা । ৬০

অনুবাদ ৮ এই জন্য, প্রতীত্যসমৃৎপাদ (কার্য-কারণ) দর্শনকারী ও কর্মফলের জ্ঞানলাভী পদ্ধিতেরা কর্মকে যথাযথভাবে দর্শন করিয়া থাকেন।

৬৫৯। কম্মুনা বন্তি লোকো, কম্মুনা বন্তি পজা,

কম্ব নিবন্ধনা সত্তা, রথস্সাগীব যাযতো । ৬১

অনুবাদ ৯ কর্মের দ্বারা জগতের প্রবর্তন, কর্মের দ্বারাই মানব জন্মের সূচি; চলন্ত রথের কলীকাবন্ধ চাকার মত সন্তুগণ কর্মেই আবন্ধ।

৬৬০। তপেন ব্রহ্মচরিয়েন, সংগ্রহমেন দমেন চ,

এতেন ব্রাহ্মণো হোতি, এতৎ ব্রাহ্মণমুত্তমঃ । ৬২

অনুবাদ ১০ তপ, ব্রহ্মচর্য, সংহয় ও দম (মিতাচার)- ইহা দ্বারাই মানুষ ব্রাহ্মণ হয়, এই মানুষই উত্তম ব্রাহ্মণ।

৬৬১। তীহি বিজ্ঞাহি সম্পন্নো, সন্তো থীণপুনব্লভবো,

এবং বাসেট্ট জানাহি, ব্রহ্মা সকো বিজানতন্তি । ৬৩

অনুবাদ ৪ যিনি তিনি প্রকার বিদ্যাসম্পন্ন, শান্ত, পুনর্জন্মহীন- তিনি ব্রহ্মা ও শক্রের সমান। হে বাসেট্ট! এইভাবেই তুমি জানিয়া লইবে।”

এবং বুল্লে বাসেট্টভারদ্বাজা মাণবা ভগবন্তং এতদবোচুং “অভিক্ষতং ভো গোতম! অভিক্ষতং ভো গোতম! সেয়থাপি ভো গোতম, নিকুজিতং বা উক্রজ্ঞেয়, পটিচ্ছন্নং, অন্ধকারে বা বিবরেয়, মূলহস্স বা মগ্গং আচিক্খেয়, অন্ধকারে বা তেল পজ্জোতৎ ধারেয় ‘চক্খুমন্তো বৃপানি দক্ষত্বী’তি এবমেতৎ ভোতা গোতমেন অনেক পরিযায়েন ধন্মো পকাসিতো। এতে যথা ভগবন্ত সরণং গচ্ছামি ধম্মঞ্চ তিক্খুসংঘঞ্চ। উপাসকে নো ভবৎ গোতমো ধারেতু অজ্জতংশে পাণুপেতে^১ সরণং গতে”তি।

অনুবাদ ৫ এইরূপ বলা হইলে বাসেট্ট ও ভারদ্বাজ যুবকদ্বয় ভগবানকে এইরূপ বলিলেন,- “আশ্চর্য, গৌতম, খুবই আশ্চর্য! যেমন হে গৌতম, উৎপাটিত দ্রব্য পুনঃপ্রতিষ্ঠা করা হয়, আচ্ছাদিত বস্তু প্রকাশিত করা হয়, মৃখ ব্যক্তিকে পথ দেখানো হয়, চক্ষুশানের দর্শনের নিমিত্ত তৈল প্রদীপ ধারণ করা হয়, তেমনি প্রতু গৌতম বিবিধ প্রকারে ধর্ম প্রকাশিত করিয়াছেন। আমরা শ্রদ্ধেয় গৌতমের, তাঁহার প্রকাশিত ধর্মের এবং ভিক্ষুসংঘের আশ্রয় গ্রহণ করিতেছি; পূজনীয় গৌতম আজ হইতে জীবনের শেষ মুহূর্তকাল পর্যন্ত আমাদিগকে আপনার আশ্রিত উপাসক হিসাবে গ্রহণ করুন।

বাসেট্ট সূত্র সমাপ্ত।

-----o-----

^১ - পাণুপেতৎ

১০। কোকালিক সুস্তং-কোকালিক সূত্র

এবং মে সুতং- একং সমযং ভগবা সাবথিযং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। অথ খো কোকালিকো ভিক্খু যেন ভগবা তেনুপসজ্জকমি, উপসজ্জকমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি। একমন্তং নিসিন্নো খো কোকালিকো ভিক্খু ভগবন্তং এতদবোচ- “পাপিছা ভন্তে সারিপুত্রমোঘল্লানা পাপিকানং ইচ্ছানং বসং গতা”তি।

এবং বুদ্ধে ভগবা কোকালিকং ভিক্খুং এতদবোচ- “মা হেবং, কোকালিক, মা হেবং, কোকালিক। পসাদেহি কোকালিক সারিপুত্রমোঘল্লানেসু চিন্তং, পেসলা সারিপুত্রমোঘল্লানা”তি।

অনুবাদ ৪ আমি এইরূপ শুনিয়াছি- এক সময়ে ভগবান শ্রাবণ্তী নগরে অনাথপিণ্ডিকের জেতবন বিহারে অবস্থান করিতেছিলেন। সেই সময় কোকালিক ভিক্ষু ভগবানের কাছে যাইয়া তাঁহাকে অভিবাদন করিয়া একপার্শ্বে বসিলেন। অতঃপর একপার্শ্বে বসিয়া কোকালিক ভিক্ষু ভগবানকে এইরূপ বলিলেন,- “প্রভু, সারিপুত্র ও মৌকালায়ন পাপেছাসম্পন্ন, তাঁহারা পাপেছার বশবত্তী হইয়াছে।” এইরূপ উক্ত হইলে ভগবান কোকালিক ভিক্ষুকে এইরূপ বলিলেন,- কোকালিক! কখনই সেইরূপ নহে, কখনই সেইরূপ নহে, হে কোকালিক! সারিপুত্র ও মৌকালায়নের প্রতি প্রসন্ন হও, তাঁহারা প্রিয়শীল।”

দুতিয়স্মি খো কোকালিকো ভিক্খু ভগবন্তং এতদবোচ- “কিঞ্চাপি মে ভন্তে ভগবা সন্ধাযিকো পচ্যিকো। অথ খো পাপিছাব সারিপুত্র মোঘল্লানা পাপিকানং ইচ্ছানং বসং গতা”তি।

দুতিয়স্মি খো ভগবা কোকালিকং ভিক্খুং এতদবোচ- “মা হেবং, কোকালিক, মা হেবং, কোকালিক। পসাদেহি কোকালিক, সারিপুত্র মোঘল্লানেসু চিন্তং, পেসলা সারিপুত্র মোঘল্লানা”তি।

অনুবাদ ৫ দ্বিতীয়বারও কোকালিক ভিক্ষু ভগবানকে এইরূপ বলিলেন,- “হে ভগবান! যদিও আপনি আমার নিকট শুন্ধ্বার পাত্র ও প্রত্যয়োপযুক্ত; তবুও সারিপুত্র ও মৌকালায়ন পাপেছাসম্পন্ন। তাঁহারা পাপেছার বশবত্তী হইয়াছেন।”

দ্বিতীয়বারও ভগবান কোকালিক ভিক্ষুকে এইরূপ বলিলেন,- “কখনই সেইরূপ নহে, কখনই সেইরূপ নহে। হে কোকালিক! সারিপুত্র ও মৌকালায়নের প্রতি প্রসন্ন (বা সুখী) হও। তাঁহারা প্রিয়শীল।”

ততিয়স্মি খো কোকালিকো ভিক্খু ভগবন্তং এতদবোচ- “কিঞ্চাপি মে
ভন্তে ভগবা সম্বাযিকো পচ্যিকো। অথ খো পাপিচ্ছাব সারিপুত্র মোঘল্লানা
পাপিকানং ইচ্ছানং বসং গতা”তি।

ততিয়স্মি খো ভগবা কোকালিকং ভিক্খুং এতদবোচ- “মা হেবং,
কোকালিক, মা হেবং, কোকালিক। পসাদেহি কোকালিক, সারিপুত্র
মোঘল্লানেসু চিত্তং, পেসলা সারিপুত্র মোঘল্লানা”তি।

অনুবাদ ৪ তৃতীয়বারও কোকালিক ভিক্ষু ভগবানকে এইরূপ বলিলেন,-
“হে ভগবান! যদিও আপনি আমার নিকট শুন্ধার পাত্র ও প্রত্যয়োপযুক্ত; তবুও
সারিপুত্র ও মৌদ্ধালায়ন পাপেছাসম্পন্ন। তাঁহারা পাপেছার বশবত্তী
হইয়াছেন।”

তৃতীয়বারও ভগবান কোকালিক ভিক্ষুকে এইরূপ বলিলেন,- “হে
কোকালিক! কখনই সেইরূপ নহে, কখনই সেইরূপ নহে। হে কোকালিক!
সারিপুত্র ও মৌদ্ধালায়নের প্রতি প্রসন্ন (বা সুখী) হও। তাঁহারা প্রিয়শীল।”

অথ খো কোকালিকো ভিক্খু উট্ঠাপাসনা ভগবন্তং অভিবাদেত্বা পদক্ষিনং
কৃত্বা পক্ষামি। অচিরঃক্ষণস্মস চ কোকালিকস্মস ভিক্খুনো সাসপমত্তাহি
পিলকানি সরো কায়ো ফুটো^১ অহোসি, সাসপমত্তিযো হৃত্বা মুঘমত্তিযো
অহেসুং, মুঘমত্তিযো হৃত্বা কলায়মত্তিযো অহেসুং, কলায়মত্তিযো হৃত্বা
কোলট্ঠিমত্তিযো অহেসুং, কোলট্ঠি মত্তিযো হৃত্বা কোলমত্তিযো অহেসুং,
কোলমত্তিযো হৃত্বা আমলকমত্তিযো অহেসুং, আমলকমত্তিযো হৃত্বা
বেলুবসলাটুকমত্তিযো অহেসুং, বেলুবসলাটুকমত্তিযো হৃত্বা বিলুমত্তিযো
অহেসুং, বিলুমত্তিযো হৃত্বা পতিজিঃসু, পুৰুষ লোহিতঃ পগ্ধারিঃসু। অথ খো
কোকালিকো ভিক্খু তেনেবাবাধেন কালমকাসি, কালজ্ঞতো চ কোকালিকো
ভিক্খু পদুমং নিরয়ং উপপজ্জি সারিপুত্র মোঘল্লানেসু চিত্তং আঘাতেত্বা।

অনুবাদ ৫ অতঃপর কোকালিক ভিক্ষু আসন হইতে উঠিয়া ভগবানকে
অভিবাদন ও প্রদক্ষিণপূর্বক প্রস্থান করিলেন। কোকালিক ভিক্ষু প্রস্থানের
কিছুক্ষণ পরেই তাঁহার সমন্তকায় সরিষা পরিমাণ বিষ-ব্রণে পূর্ণ হইল; উহা
সরিষা পরিমাণ হইতে মুগ পরিমাণ হইল; মুগ পরিমাণ হইতে কলায় পরিমাণ
হইল; কলায় পরিমাণ হইতে কুলবীজ পরিমাণ হইল; কুলবীজ পরিমাণ হইতে

^১ - ফুটো (স্যা)

কুলফল পরিমাণ হইল; কুলফল পরিমাণ হইতে আমলকী পরিমাণ হইল; আমলকী পরিমাণ হইতে কাঁচা বেল পরিমাণ হইল; কাঁচা বেল পরিমাণ হইতে পাকা বেল পরিমাণ হইল: পাকা বেলফল পরিমাণ হইয়া ফাটিয়া গেল, পুঁজ ও রস্ত বাহির হইল। তৎপরে কোকালিক ভিক্ষু ঐ রোগের দ্বারাই মরিয়া গেলেন। মরণের পর তিনি পদুম নরকে উৎপন্ন হইলেন। কারণ তিনি সারিপুত্র ও মৌদ্রিকায়নের প্রতি শত্রুতাচরণ করিয়াছিলেন।

অথ খো ব্রহ্মা সহস্রতি অভিক্রত্তায রত্তিযা অভিক্রত্তবণ্ণো কেবলকপং জেতবনং ওভাসেত্তা যেন তগবা তেনুপসজ্জমি উপসজ্জমিত্তা ভগবন্তং অভিবাদেত্তা একমন্তং অট্ঠাসি, একমন্তং ঠিতো খো ব্রহ্মাসহস্রতি ভগবন্তং এতদবোচ— “কোকালিকো ভন্তে ভিক্খু কালজ্ঞতো, কালজ্ঞতো চ কোকালিকো ভিক্খু পদুমং নিরযং উপ্পন্নো সারিপুত্রমোঘ্নানেসু চিত্তং আঘাতেত্তা”তি। ইদমবোচ ব্রহ্মা সহস্রতি, ইদং বৃত্তা ভগবন্তং অভিবাদেত্তা পদক্ষিণং কৃত্বা তথেবন্তরধাযি।

অনুবাদ ৪ তৎপরে অপূর্ব সৌন্দর্যশালী সহস্রতি ব্রহ্মা রাতের শেষ প্রহরে সমস্ত জেতবন আলোকিত করিয়া ভগবানের নিকট আগমন করিয়া তাঁহাকে অভিবাদনপূর্বক একপার্শ্বে দাঁড়াইলেন। পরে সহস্রতি ব্রহ্মা ভগবানকে এইরূপ বলিলেন,— “প্রভু, কোকালিক ভিক্ষু কালগত; সারিপুত্র ও মৌদ্রিকায়নের প্রতি প্রদুষ্টচিত্তে শত্রুতাচরণ করিয়া তিনি মরণের পর পদুম নরকে উৎপন্ন হইয়াছেন।” সহস্রতি ব্রহ্মা এইরূপ বলিয়া ভগবানকে অভিবাদন ও প্রদক্ষিণ করিয়া তথায়ই অন্তর্ধান হইলেন।

অথ খো ভগবা তস্মা রত্তিযা অচ্যেন ভিক্খু আমন্তেসি “ইমং ভিক্খবে রত্তিং ব্রহ্মা সহস্রতি অভিক্রত্তায রত্তিযা অভিক্রত্তবণ্ণো কেবলকপং জেতবনং ওভাসেত্তা যেন তগবা তেনুপসজ্জমি, উপসজ্জমিত্তা ভগবন্তং অভিবাদেত্তা একমন্তং অট্ঠাসি, একমন্তং ঠিতো খো ব্রহ্মা সহস্রতি ভগবন্তং এতদবোচ— “কোকালিকো ভন্তে ভিক্খু কালজ্ঞতো, কালজ্ঞতো চ ভন্তে কোকালিকো ভিক্খু পদুমং নিরযং উপ্পন্নো সারিপুত্র মোঘ্নানেসু চিত্তং আঘাতেত্তা”তি। ইদমবোচ ভিক্খবে ব্রহ্মা সহস্রতি, ইদং বৃত্তা মং পদক্ষিণং কৃত্বা তথেবন্তরধাযী”তি।

অনুবাদ ৫ অনন্তর সেই রাত্রি চলিয়া গেলে ভগবান ভিক্ষুদিগকে ডাকিলেন, “হে ভিক্ষুগণ! রাতের শেষে অপূর্ব সৌন্দর্যশালী সহস্রতি ব্রহ্মা সমস্ত জেতবন

আলোকিত করিয়া আমার কাছে আগমন করিয়া আমাকে অভিবাদন পূর্বক একপার্শ্বে দাঁড়াইলেন। পরে সহস্পতি বৃক্ষা আমাকে এইরূপ বলিলেন,— “প্রভু, কোকালিক ভিক্ষু কালগত হইয়াছেন। সারিপুত্র ও মৌকালায়নের প্রতি প্রদুষ্ট চিত্তে শত্রুতাচরণের ফলে তিনি মরণের পর পদুম নরকে উৎপন্ন হইয়াছেন।” সহস্পতি বৃক্ষা এইরূপ বলিলেন। ইহা বলিয়া আমাকে অভিবাদন ও প্রদক্ষিণপূর্বক সেখানেই তিনি অন্তর্ধান হইলেন।

এবং বুন্দে অগ্রগতরো ভিক্খু ভগবন্তং এতদবোচ— “কীবদ্ধীঘৎ নু খো ভন্তে পদুমে নিরয়ে আযুপ্মাণ”তি। দীঘৎ খো ভিক্খু পদুমে নিরয়ে আযুপ্মাণং, তৎ ন সুকরং সঙ্গাতুং, “এন্তকানি বস্সানি” ইতি বা “এন্তকানি বস্সসতানি” “ইতি বা এন্তকানি বস্সসহস্সানি” ইতি বা এন্তকানি বস্সসতসহস্সানি” ইতি বাতি। সক্তা পন ভন্তে উপমা^১ কাতুষ্ঠি। “সক্তা ভিক্খু”তি ভগবা অবোচ—

অনুবাদঃ এই রকম উক্ত হইলে অন্য একজন ভিক্ষু ভগবানকে এইরূপ জিজ্ঞাসা করিলেন,— “প্রভু! পদুম নরকে জীবনের ছিতি আযুকাল কত পরিমাণ দীর্ঘ?” হে ভিক্ষুগণ! পদুম নরকে জীবনের অবস্থানকাল— দীর্ঘ এত বৎসর কিম্বা এতশত বৎসর কিম্বা এতহাজার বৎসর কিম্বা এত লক্ষ বৎসর, ইহা বলিয়া নির্ণয় করা যায় না।” “কিন্তু ভন্তে, উপমা দেওয়া সম্ভব হয় কি?” “হ্যাঁ, তাহা সম্ভব” এই উত্তর দিয়া ভগবান বলিলেন,—

সেয়থাপি ভিক্খু বীসতিখারিকো কোসলকো তিলবাহো, ততো পুরিসো বস্সসতস্স বস্সসতস্স অচ্যৱেন একমেকং তিলং উদ্ধৰেয়। খিপ্পতরং খো সো ভিক্খু বীসতিখারিকো কোসলকো তিলবাহো ইমিনা উপক্রমেন পরিক্র্যং পরিযাদানং গচ্ছেয়, ন ত্বেব একো অব্যুদো নিরযো। সেয়থাপি ভিক্খু বীসতি অব্যুদা নিরযা, এবমেকো নিরব্যুদো নিরযো। সেয়থাপি ভিক্খু বীসতি অব্যা নিরযা, এবমেকো অহহো নিরযো। সেয়থাপি ভিক্খু বীসতি অহহা নিরযা, এবমেকো অটটো নিরযো। সেয়থাপি ভিক্খু বীসতি অটটা নিরযা, এবমেকো কুমুদো নিরযো। সেয়থাপি ভিক্খু বীসতি কুমুদা নিরযা, এবমেকো সোগন্ধিকো নিরযো। সেয়থাপি ভিক্খু বীসতি সোগন্ধিকা নিরযা, এবমেকো

^১— উপমং (সী-স্যা-ক) এন্তকানি বস্স সহস্সানি ইতি বাতি।

উপ্পলকো নিরযো, সেয়থাপি ভিক্খু বীসতি উপ্পলকা নিরযা, এবমেকো পুঁজীকো নিরযো। সেয়থাপি ভিক্খু বীসতি পুঁজীকা নিরযা, এবমেকো পদুমো নিরযো। পদুমং খো পন ভিক্খু নিরযং কোকালিকো ভিক্খু উপমন্নো সারিপুত্র মোঁশল্লানেমু চিত্তৎ আঘাতেত্তা”তি, ইদমবোচ ভগবা, ইদং বঢ়ান সুগতো, অথাপরং এতদবোচ স্থা—

অনুবাদ ৪ “যেমন- একটি বিশ্বতি খারি তিলভার বিশিষ্ট কোশলক হইতে কোন ব্যক্তি যদি প্রতি একশত বৎসর অন্তর অন্তর করিযা এক একটি তিল সরাইয়া ফেলায়, তাহা হইলে সমস্ত তিল সরাইয়া ফেলিতে যে সময় লাগিবে ত্রি সময় অপেক্ষা বেশী একটি অব্যুদ নরকে অবস্থানের কাল। তেমন, হে ভিক্ষু! এইরূপ বিশ্বতি অব্যুদ নরক একটি নিরব্যুদ নরকের সমান। তেমন বিশ্বতি অবব নরক একটি অহহ নরকের সমান। তেমন বিশ্বতি অহহ নরক একটি অটট নরকের সমান। তেমন বিশ্বতি অটট নরক একটি কুমুদ নরকের সমান। তেমন বিশ্বতি সোগনধিক নরকের সমান। তেমন বিশ্বতি উপ্পলক নরক একটি পুঁজীক নরকের সমান। তেমন হে ভিক্ষু! বিশ্বতি পুঁজীক নরক একটি পদুম নরকের সমান সারিপুত্র ও মৌকালায়নের প্রতি পদুষ্টচিত্তে শত্রুতাচরণের ফলে কোকালিক ভিক্ষু সেই পদুম নরকে উৎপন্ন হইয়াছে।”

ভগবান এইরূপ বলিলেন। ইহা বলিয়া সুগত শাস্তা পুনরায় এইরূপ বলিলেন, ৬৬২। পুরিসস্ম হি জাতস্ম, কুঠারী^১ জাযতে মুখে,

যায ছিন্দতি অন্তানং বালো দুর্ভাসিতং ভগৎ। ১

অনুবাদ ৪ মানুষ জনগ্রহণ করিলে মুখে কুঠারের উৎপত্তি হয়, যাহার সাহায্যে দুর্বাক্য বলিয়া মৃৰ্খ ব্যক্তি নিজের ক্ষতি সাধন করে। ৬৬৩। যো নিন্দিযং পসংসতি, তৎ বা নিন্দতি যো পসংসিয়ো;

বিচিনাতি মুখেন সো কলিং, কলিনা তেন সুখং ন বিন্দতি। ২

অনুবাদ ৪ যে ব্যক্তি নিন্দনীয়ের প্রশংসা করে এবং প্রশংসনীয়ের নিন্দা করে, সে ব্যক্তি মুখের দ্বারা পাপ সংগ্রহ করে; এবং এ পাপের কারণে সে সুখ দাত করে না।

^১ - কুঠারী (ক)

৬৬৪। অপ্রমত্তো অবৎ কলি, যো অক্খেসু ধনপরাজযো;

সরবস্সাপি সহাপি অত্তনা, অযমেব মহত্তরো^১ কলি,
যো সুগতে^২ সু মনং পদোসয়ে । ৩

অনুবাদ ৪ পাশা খেলায় ধন, প্রাণ ও সম্পত্তির ক্ষতি হইলেও উহার পাপ
অন্তর্মাত্র হয়। কিন্তু সুগতদের প্রতি খারাপ মনোভাব পোষণ করিলে খুবই
গুরুতর পাপ হয়।

৬৬৫। সতৎ সহস্সানং বিরক্তুদানং, ছত্তিঃসতি পঞ্চং চ অব্যুদানি,^৩

যমরিয়গরহী নিরয়ৎ উপেতি, বাচৎ মনঞ্চ পণিধায পাপকৎ । ৪

অনুবাদ ৫ শত-সহস্র নিরক্তুদের ছত্রিশ ও পাঁচ অব্যুদে গতি লাভ হয়।
আর্দের নিম্না করিয়া, কথা এবং মন পাপে নিযুক্ত করিয়া, নরকে গমন করে।

৬৬৬। অভূতবাদী নিরয়ৎ উপেতি, যো বাপি কঢ়া ন করোমিচাহ;

উভোপি তে পেচ সমা ভবন্তি, নিহীনকন্মা মনুজা পরথ । ৫

অনুবাদ ৬ মিথ্যাবাদী লোক নরকে গমন করে। যে লোক কর্ম করিয়া তাহা
শীকার করে না, সেও নরকে গমন করে। উভয়ে মরণের পর^৪ একই প্রকার
গতি লাভ করে। তাহারা পরলোকে হীনকর্মা মানব।

৬৬৭। যো অপ্পদুট্টস্স নরস্স দুস্সতি, সুন্দস্স পোসস্স অনঙ্গণস্স;

তমেব বালং পচেতি পাপং, সুখুমো রংজো পটিবাতৎব খিত্তো । ৬

যে ব্যক্তি নির্দোষ, শুন্ধ, নিষ্পাপ পুরুষের বিরুদ্ধে শত্রুতাচরণ করে,
বাতাসের দিকে ছড়ানো শুন্দ্র ধূলিকণার ন্যায় পাপ তাহাকে প্রত্যাঘাত করে।

৬৬৮। যো লোভগুণে অনুযুত্তো, সো বচসা পরিভাসতি অঞ্চেণ্ডে;

অসম্বো কদরিযো অবদঞ্চঞ্চ, মছরি পেসুণিযং^৫ অনুযুত্তো । ৭

অনুবাদ ৮ যে ব্যক্তি লোভগুণে অনুযুক্ত সে কথার দ্বারা অন্যজনের নিম্না
করে। সে শুন্ধাহীন, কদর্য, বদান্যতাশূন্য, মাংসর্য পরায়ণ ও পৈশুন্যযুক্ত।

৬৬৯। মুখদুঃখ বিভূত অনরিয, ভূনহু^৬ পাপক দুক্টকারি;

পুরিসন্ত কলী অবজাত, মা বহুভাণিধ নেরযিকোসি । ৮

^১ - মহত্তরো (সী)

^২ - অব্যুদানং (ক)

^৩ - পেসুণিয়শ্চিৎ (বহুসু)

^৪ - ভূনহত (স্যা- ক)

অনুবাদ : হে অগ্রিয়বাদী! যিথ্যাবাদী, অনার্য, ভুণহত্যাকারী, দুষ্ট, দুষ্কৃতকারী, পুরুষাধম, পাপী, হীনজন্মা মানব! এই জগতে বাচাল হইও না; নরকে যাইবে।

৬৭০। রজমাকিরসী অহিতায, সন্তে গরহসি কিবিসকারী;

বহুনি দুচ্ছরিতানি চরিত্বা, গচ্ছসি খো পপতৎ চিররন্তৎ। ৯

অনুবাদ : তোমার রজ নিক্ষেপে অমঙ্গলের উৎপত্তি হয়, তুমি সাধুর নিষ্ঠা করিয়া অপরাধী হও, বহু দুচ্ছরিত্রাচরণ করিয়া দীর্ঘদিনের জন্য তুমি নিরয় প্রপাতে গমন কর।

৬৭১। ন হি নস্সতি কস্সচি কমৎ, এতি হতৎ লভতেব সুবামি;

দুক্খৎ মন্দো পরলোকে, অন্তনি পস্সতি কিবিসকারী। ১০

অনুবাদ : কাহারও কর্ম কখনো নাশ হয় না; কর্ত্তার সহিত উহার মিলন হইবেই। তোমার নিকট উহা ফিরিয়া আসিবেই। অঙ্গান পাপী পরকালে নিজের অমঙ্গল দর্শন করিবে।

৬৭২। অযোসজ্জুসমাহত্ত্বানৎ, তিণ্হাধারৎ অময়সূলমুপেতি;

অথ তন্ত অযোগুল সন্নিভৎ, ভোজনমথি তথা গতিরূপং। ১১

অনুবাদ : যে স্থানে গেলে লৌহ-মুদ্গর দ্বারা আহত হইতে হয়, সেই স্থানে যাইবে, তীক্ষ্ণধার লৌহশূলে অর্পিত হইবে, পরে গরম লৌহ গোলকের মত উত্তপ্ত আহার প্রয়োজনীয় খাদ্যাবৃপ্তে লাভ করিবে।

৬৭৩। ন হি বহু বদন্তি বদন্তা, নাভিজবন্তি ন তাণমুপেতি;

অঙ্গারে সন্ততে সযন্তি^১, গিনিসম্পজ্জলিতৎ পবিসন্তি। ১২

অনুবাদ : সেখানে সন্তোষজনক কথা বলা হয় না; সে জায়গায় অধিবাসীরা যাহারা বিভেদ সৃষ্টিকারী বাক্যভাষী, তাহারা রক্ষা পায় না। জৃপ্তি কয়লার বিছানায় তাহারা শয়ন করে, এবং প্রজ্ঞালিত আগুনের গোলায় প্রবেশ করে।

৬৭৪। জালেন চ ওনাহিথান, তথ ইন্তি অযোমযকৃটেতি^২;

অন্ধব তিমিসমাযন্তি, তৎ বিততৎ হি যথা মহিকাযো। ১৩

অনুবাদ : সেখানে তাহাদিগকে জালের দ্বারা ঢাকিয়া লোহদণ্ডের আঘাতে মারিয়া ফেলা হয়। তাহারা ঘোর অন্ধকারে প্রবেশ করে। কারণ, মহাপৃথিবীর মত ঐ অন্ধকার ছড়াইয়া আছে।

^১ - সেন্তি (সী- স্যা- ই)

^২ - অযোমযকৃটেহি (সী- স্যা- ই)

৬৭৫। অথ লোহময় পন কুষ্ঠিৎ, গিনিসম্পজ্জলিতৎ পবিসন্তি;

পচন্তি হি তাসু চিরন্তৎ, অগ্নিসমাসু^১ সমুপ্পিলবাতে। ১৪

অনুবাদ ৪ তারপর তাহারা লৌহময় কুষ্ঠি ও ঝুলন্ত আগুনের গোলায় প্রবেশ করে। তাহারা উপরে ও নীচে উৎক্ষিপ্ত ও নিক্ষিপ্ত হইয়া বহুকাল সেখানে সিদ্ধ হয়।

৬৭৬। অথ পুরলোহিত মিস্সে, তথ কিং পচন্তি কিবিসকারী;

য়ং যং দিসকৎ^২ অধিসেতি, তথ কিন্তিসতি সম্মুসমানো। ১৫

অনুবাদ ৫ অতঃপর পাপী পুঁজ ও রক্তের মিশ্রণে সিদ্ধ হয়; যেখানেই অবস্থান করুক না কেন, সেখানেই সে সংস্পর্শজনিত পৃতিতে পরিণত হয়।

৬৭৭। পুলবাবসথে সলিলস্মৃৎ, তথ কিং পচন্তি কিবিসকারী;

গন্তু ন হি তীরমপথি, সরবসমা হি সমন্তকপন্ত্রা। ১৬

অনুবাদ ৬ পাপী কৃমিপূর্ণ জলে সিদ্ধ হয়; সেখানে তীরে উঠিবার সুযোগ নাই। তথায় পাত্রগুলি সমান আকার বিশিষ্ট।

৬৭৮। অসিপত্রবনং পন তিশ্বৎ, তৎ পবিসন্তি সমুচ্ছিদগতা;

জিব্হৎ বলিসেন গহেত্বা, আরজয়ারজয়া বিহনন্তি। ১৭

অনুবাদ ৭ তাহারা পুনরায় ছিন্নশরীর হইয়া ধারাল তৃণ ও অসিপত্র বনে প্রবেশ করে। তখন জিহ্বা বড়শীবন্ধ ও মুদ্রারাহত হইয়া তাহারা তথায় আহত হয়।

৬৭৯। অথ বেতরণিং পন দুষ্টৎ, তিশ্বৎ ধারযুরধারমুপেন্তি;

তথ মন্দা পপতন্তি, পাপকরা পাপানি করিত্বা। ১৮

অনুবাদ ৮ তারপর তাহারা দুর্গম, তীক্ষ্ণধার, ক্ষুরধার প্রবাহসম্পন্ন বৈতরণী নদীতে প্রবেশ করে। পাপকার্য করিয়া মৃৰ্খ পাপীরা সেখানে পতিত হয়।

৬৮০। খাদন্তি হি তথ বুদন্তে, সামা সরলা কাকোলগণাচ;

সোণা সিঙ্গালা^৩ পটিগিন্ধা^৪, কুললা বাযসা চ^৫ বিতুদন্তি। ১৯

^১ - গিনিসমামসু (ক)

^২ - দিসতৎ (সী- স্যা- ই)

^৩ - সিঙ্গালা (সী- ই)

^৪ - পটিগিজ্জা (স্যা- ই)

^৫ - কললা চ বাযসা (?)

অনুবাদ : সেখানে কালবর্ণ নানা প্রকার কাকেরা সেই রোদনকারীদিগকে আহার করে। এবং তাহাদিগকে ক্ষুধার্ত কুকুর, শিয়াল, শকুন ও কাকেরা ক্ষত-বিক্ষত করে।

৬৮১। কিছা বত্যং ইধ বুস্তি, যং জনো ফুসতি^১ কিবিসকারী;

তম্মা ইধ জীবিতসেসে, কিছকরো সিয়া নরো ন চপ্পমজ্জে। ২০

অনুবাদ : এই জায়গায় পাপীর জীবন সত্যিই দুঃখপূর্ণ। সুতরাং এই পৃথিবীতে মানুষ বাকী জীবন সৎকর্মে নিয়েজিত করিবে, ঘূমে-মগ্ন হইয়া থাকিবে না।

৬৮২। তে গণিতা বিদুহি তিলবাহা, যে পদুমে নিরয়ে উপনীতা;

নহুতানি হি কোটিযো পঞ্চ তবন্তি, দ্বাদস কোটিসতানি পুনঞ্চঞ্চে^২। ২১

অনুবাদ : জ্ঞানীয়া পদুম নিরয়ে লইয়া যাওয়া তিলভার হিসাব করিয়াছেন।

উহা পাঁচকোটি দশসহস্রাধিক; এবং তদুপরি বারশত কোটি।

৬৮৩। যাব দুখ্য^৩ নিরয়া ইধ বুভা, তথপি তাব চিরং বসিতৰুং;

তম্মা সুচিপেসল, সাধুগুণেসু, বাচৎ মনৎ সততৎ^৪ পরিরক্খেতি। ২২

অনুবাদ : এ যাবত যেই নরক-দুঃখ বলা হইল, সেইরূপ দুঃখ তোগ করিয়া দীর্ঘদিন ধরিয়া নরকে বাস করিতে হইবে। অতএব, শুন্ধ, সদাচারী ও সংগুণীদের সর্বদা বাক্য ও মনের পবিত্রতা রক্ষা করিবে।”

কোকালিক সূত্র সমাপ্ত।

— — — ০ — — —

১ - পস্সতি (সী- স্যা- ই)

২ - পনঞ্চঞ্চে (ক)

৩ - দুক্খা (সী- স্যা)। দুক্খ (ই- ক)

৪ - পক্তৎ (স্যা)

১১। নালক সুভৎ—নালক সূত্র

৬৮৪। আনন্দজাতে তিদসগণে পতীতে, সক্রঞ্চ ইন্দং সুচিবসনে চ দেবে;

দুস্সং গহেত্তা অতিরিক্ত থোমযন্তে, অসিতো ইসি অন্দস দিবাবিহারে। ১

অনুবাদ : অসিত ঋষি তাবতিংশ ভবনের দেবরাজ ইন্দ্র ও শুচিবস্ত্রধারী দেবগণকে আনন্দপূর্ণ ও প্রফুল্লচিত্তে দিবা বিহার করিতে দেখিলেন। পোষাক পরিধানপূর্বক সেই দেবগণ সম্মানের সহিত তাঁহারা ইন্দ্রের আত্যন্তিক গুণগান গাহিতেছিলেন।

৬৮৫। দিষ্মান দেবে মুদিতমনে উদঘে,

চিত্তিৎ করিত্তান ইদমবোচ^১ তথ;

কিং দেবসংঘো অতিরিক্ত কল্যানূপো,

দুস্সং গহেত্তা রমযথ^২ কিং পটিচ। ২

অনুবাদ : প্রফুল্লচিত্ত ও সম্মানিত দেবগণকে দেখিয়া তিনি তাঁহাদিগকে এইরূপ বলিলেন, “দেবগণ, কি জন্য অত্যধিক হর্ষাবিষ্ট? কি কারণে দেবসংঘ বহু দেলাইতেছেন?

৬৮৬। যদাপি আসী অসুরেহি সঙ্গমো, জয়ো সুরানং অসুরা পরাজিতা;

তদপি নেতাদিসো লোমহংসনো, কিমব্বুতৎ দট্টু মরু পমোদিতা। ৩

অনুবাদ : দেবগণ যখন অসুরদের সহিত সংগ্রামে জয়লাভ করিয়াছিলেন এবং অসুরগণ পরাজিত হইয়াছিল; তখনও এইরকম আনন্দেোৎসব অনুষ্ঠিত হয় নাই। কি আশ্চর্যজনক ঘটনা দেবগণকে এইরূপ আনন্দিত করিয়াছে?

৬৮৭। সেলেন্তি গাযন্তি চ বাদযন্তি চ,

ভূজানি ফোটেন্তি^৩ চ নচযন্তি চ;

পুছামি বোহং মেরুমুদ্ধবাসিনে, ধূনাথ মে সংসযং খিপ্প মারিসা। ৪

অনুবাদ : কি হেতু এত হর্ঘধনি, গীত, বাদ্য, করতালি ও নাচগান হইতেছে? “হে সুমেরু পর্বতবাসী দেবগণ! আমি জিজ্ঞসা করিতেছি, অতিসন্তুর আমার সন্দেহ অপসারণ কর।”

^১ - করিত্তা ইদমবোচাসি (সী)

^২ - ভমযথ (সী)

^৩ - পোঠেন্তি (সী- ই)। পোথেন্তি (ক)

৬৮৮। সো বোধিসত্ত্বে রাতনবরো অতুলো,
মনুস্সলোকে হিতসুখথায়^১ জাতো;
সক্যান গামে জনপদে লুম্বিনেয়ে,
তেনমহ তুট্টা অতিরিব কল্যাণপা। ৫

অনুবাদ : “রত্নশ্রেষ্ঠ সেই তুলনাইন বোধিসত্ত্ব জগতের মঙ্গল ও সুখের জন্য মানবলোকে লুম্বিনী জনপদে শাক্যদের গ্রামে জনগ্রহণ করিয়াছেন। সেই জন্য আমরা সমৃষ্ট ও আনন্দিত।

৬৮৯। সো সর্বসত্ত্বত্ত্বমো অঞ্চপুরালো, নরাসত্ত্বে সর্বপজ্ঞানমুত্তমো;
বক্ষেস্সত্ত্বে চক্রমিসিদ্ধযে বনে, নদংব সীহো বলবা মিগাভিত্ত। ৬

অনুবাদ : তিনি সকল প্রাণীর মধ্যে শ্রেষ্ঠ, অঞ্চপুরাল, মানবগণের প্রভু, জ্ঞানবানদের মধ্যে সর্বশ্রেষ্ঠ হইবেন। তিনি ঋষি প্রব্রজ্যা গ্রহণ করিয়া বনে বিচরণকারী বলবান মৃগাধিরাজ সিংহের ন্যায় গর্জন করিয়া (ধর্ম) চক্রের প্রবর্তন করিবেন।”

৬৯০। তৎসদং সুত্তা তুরিতমবসরী সো,
সুদেৰাদনস্স তদ ভৰণং উপাবিসি^২;
নিসজ্জ তথ ইদমবোচাসি সক্যে,
কুহিং কুমারো অহস্মি দট্টুকামো। ৭

অনুবাদ : সেই শব্দ শুনিয়া তিনি তুষিত স্বর্গ হইতে অবতরণ করিয়া শুন্দ্রোধনের গৃহে গমন করিলেন। তিনি সেখানে উপবেশন করিয়া শাক্যগণকে বলিলেন,- “কুমার কোথায়? আমি তাঁহাকে দেখিতে ইচ্ছা করি।”

৬৯১। ততো কুমারং জলিতমিব সুবণ্ণং, উকামুখেব সুকুসল^৩ সম্পহট্টং;
দদ্দল্মানং^৪ সিরিয়া অনোমবণ্ণং,
দস্সেসু পুন্তং অসিতব্যস্স সক্যা। ৮

^১ - হিতসুখতায (সী- স্যা- ই)

^২ - উপাগামি (ই- সী)

^৩ - সুকুসলেন সম্পহট্টং (ক)

^৪ - দদ্দল্মানং (ক)

অনুবাদ ৪ তারপর শাক্যগণ অসিত নামক ঋষিকে দক্ষ স্বর্ণকার দ্বারা জ্বালামুখে প্রহারকৃত জ্বলন্ত সোনার ন্যায় শ্রীশোভিত সুদূর বর্ণ দেহবিশিষ্ট পুত্রকে দেখাইলেন।

৬৯২। দিষ্ঠা কুমারং সিখিমিব পজ্জলন্তং, তারাসভং নভসিগমং বিসুদ্ধং;

সূরিযং তপন্তং সরদরিব্বৃত্তমুণ্ডং, আনন্দজাতো বিপুলমূলথ পীতিং। ৯

অনুবাদ ৫ জ্বলন্ত আগুনের ন্যায়, আকাশচারী নির্মল তারকাশ্রেষ্ঠের ন্যায়, শরতের মেঘমুক্ত দীপ্তিমান সূর্যের ন্যায় কুমারকে দেখিয়া তিনি বিপুল আনন্দ ও প্রীতি লাভ করিলেন।

৬৯৩। অনেকসাথেও সহস্রমণ্ডলং, ছত্রং ময়ু ধারেযুমন্তলিক্খে;

সুবণ্ণদণ্ডা বীতিপত্রন্তি চামরা, ন দিস্মৰে চামরছত্তগাহকা। ১০

অনুবাদ ৬ দেবগণ আকাশে শাখাবহুল ও হাজার মণ্ডলযুক্ত ছাতা ধারণ করিলেন, সোনার দণ্ড বিশিষ্ট চামরী পুছের ব্যজন (পাথা) করিলেন, কিন্তু চামর ব্যজনকারী ও ছাতা ধারীরা অদৃশ্য রহিলেন।

৬৯৪। দিষ্ঠা জটী কণ্ঠসিরিবহযো ইসি, সুবণ্ণনিক্খৎ বিষ পঞ্চকম্বলে;

সেতন্ত্র ছত্রং ধরিযন্ত' মুদ্রনি, উদঘাটিত্তো সুমনো পটিষ্ঠাহে। ১১

অনুবাদ ৭ জটাধারী কালোশ্বী নামীয় ঋষি স্বর্ণমোহর তুল্য শ্বেত পীত বর্ণের কম্বল এবং মন্ত্রকোপরি গৃহীত শ্বেতছত্র দেখিয়া গৌরবাহিত ও প্রীত হইয়া তাঁহাকে গ্রহণ করিলেন।

৬৯৫। পটিষ্ঠাহেতু পন সক্যপুজ্ঞাবং, জিগীসতো^১ লক্খণ মন্তপারগৃ;

পসন্নচিত্তো গিরমব্বুদ্বীরযি, “অনুত্তরা” যং দিপদানমুন্তমো^২। ১২

অনুবাদ ৮ কুমার গ্রহণাভিলাষী লক্ষণ শাস্ত্রে পারঙ্গাম মন্ত্রজ্ঞ ঋষি শাক্যপুত্রকে গ্রহণ করিয়া আনন্দিত মনে বলিলেন,— “ইনি শ্রেষ্ঠতম, উচ্চম মানব।”

৬৯৬। অথতনো গমনমনুস্সরত্তো, অকল্যবৃপ্তো গলযতি অস্মুকানি;

দিষ্ঠান সক্যা ইসিমবোচুং বুদ্ধন্তং,

“নো চে কুমারে ভবিস্সতি অন্তরাযো”। ১৩

অনুবাদ ৯ পরে নিজের মৃত্যু সন্নিকট চিন্তা করিয়া তিনি দুঃখে চোখের জল

^১ – ধারিযন্ত (স্যা)। ধারযন্ত (সী-ক)

^২ – জিগীসতো(ক)

^৩ – দিপদানমুন্তমো (সী- স্যা- ই)

ଫେଲିଲେନ । ଝୟିକେ ରୋଦନ କରିତେ ଦେଖିଯା ଶାକ୍ୟରୀ ଜିଞ୍ଜାସା କରିଲେନ,
କୁମାରେର କୋନ ଅମଙ୍ଗଳ ହଇବେ କିନା ?

୬୯୭ । ଦିନ୍ସାନ ସକ୍ଷେ ଇସିମରୋଚ ଅକଳ୍ୟେ, ନାହଂ କୁମାରେ ଅହିତମନୁସ୍ରାମି;

ନ ଚାପିମସ୍ସ ଭବିସ୍ସତି ଅନ୍ତରାଯୋ,
ନ ଓରକା'ୟଂ ଅଧିମାନସା^୧ ତଥାଥ । ୧୪

ଅନୁବାଦ : ଝୟି ଶାକ୍ୟଗଣକେ ଶୋକାକୁଳ ଦେଖିଯା ବଲିଲେନ;— “ଆମି କୁମାରେର
କୋନ ଅମଙ୍ଗଳ ଦେଖିତେଛି ନା, ତୀହାର ପଥେ କୋନ ବୀଧାଓ ନାହିଁ । ଇନି ହୀନପ୍ରାଣୀ
ନହେନ, ଭୟହୀନ ହୋ ।

୬୯୮ । ସମ୍ମୋଧିଯଙ୍ଗଂ ଫୁସିମ୍ସତା'ୟଂ କୁମାରୋ,

ସୋ ଧର୍ମଚକ୍ରଂ ପରମବିସୁଦ୍ଧଦମ୍ସୀ;
ବନ୍ତେସ୍ସତା'ୟଂ ବହୁଜନହିତାନୁକମ୍ପୀ,
ବିଥାରିକ'ସ୍ସ ଭବିସ୍ସତି ବ୍ରନ୍ଦଚରିଯଂ । ୧୫

ଅନୁବାଦ : ଏହି କୁମାର ବୁନ୍ଦତ୍ତେର ସର୍ବୋଚ୍ଚ ଶିଖରେ ଉଠିବେନ । ତିନି ଶ୍ରେଷ୍ଠ
ପବିତ୍ରଦଶୀ, ବହୁଜନେର ମଙ୍ଗଳାର୍ଥେ ଦୟାପରବଶ ହଇଯା ତିନି ଧର୍ମଚକ୍ରେର ପ୍ରବର୍ତ୍ତନ
କରିବେନ । ତୀହାର ଶାସନ ଅନେକ ବିଷ୍ଟାର ଲାଭ କରିବେ ।

୬୯୯ । ମମନ୍ତ୍ର ଆୟୁ ନ ଚିରମିଧାବସେସୋ, ଅଥଭ୍ରାମେ ଭବିସ୍ସତି କାଳକିରିଯା;

ସୋହଂ ନ ମୋସ୍ସଂ^୨ ଅସମଧୂରସ୍ସ ଧର୍ମଂ,
ତେନମ୍ହି ଅଟ୍ଟଠୋ ବ୍ୟନଂଗତୋ ଅଘାଵୀ । ୧୬

ଅନୁବାଦ : ଆମାର ଇହଜନ୍ମେର ଆୟୁ ଶୀଘ୍ରଇ ଶେଷ ହଇବେ, ଇତିମଧ୍ୟେ ଆମାର ମୃତ୍ୟୁ
ହଇବେ । ଯିନି ତୁଳନାହୀନ ବଲସମ୍ପନ୍ନ ଆମି ତୀହାର ଧର୍ମ ଶୁନିତେ ପାଇବ ନା । ସେଇ
କାରଣେ ଆମି ପୀଡ଼ିତ, ପାପହମ୍ମ ଓ ଦୁଃଖୀତ ।

୭୦୦ । ସୋ ସାକିଯାନ୍ ବିପୁଲଂ ଜନେତ୍ରା ପୀତିଂ, ଅନ୍ତେପୂରମହା ନିନ୍ଗମା^୩ ବ୍ରନ୍ଦଚାରୀ;
ସୋ ଭାଗିନ୍ୟେୟଂ ସୟଂ ଅନୁକମ୍ପମାନୋ, ସମାଦପେସି ଅସମଧୂରସ୍ସ ଧର୍ମେ । ୧୭

ଅନୁବାଦ : ଶାକ୍ୟଦିଗକେ ବିପୁଲ ସନ୍ତୋଷ ଦାନ କରିବାର ପର, ମଧ୍ୟ ନଗର ହିତେ
ବାହିର ହଇଯା ତିନି ବ୍ରନ୍ଦଚର୍ଯ୍ୟ ପାଲନ କରିତେ ଲାଗିଲେନ । ନିଜେର ଭାଗିନୀର ପ୍ରତି
ଅନୁକମ୍ପା କରିଯା ତିନି ତୀହାକେ ଅତୁଳନୀୟ ଶକ୍ତି ସମ୍ପନ୍ନେର ଧର୍ମ ଗ୍ରହଣେ ଉତ୍ସାହିତ
କରିଲେନ ।

^୧ - ଅଧିମନସା (ସୀ- ସ୍ୟା)

^୨ - ସୁସ୍ସ (ସୀ- ସ୍ୟା)

^୩ - ନିରଗମା (ସୀ- ସ୍ୟା) । ନିଗମା (କ- ସୀ) ନିରଗମ (ଇ)

৭০১। বুদ্ধেতি ঘোসং যদ^১ পরতো সুণাসি,
“সম্মোধিপত্রো বিবরতি ধৰ্মমঞ্জং”;
গন্তান তথ সমযং পরিপুছ্যমানো^২,
চরস্মু তশ্মিং ভগবতি ব্ৰহ্মাচৱিযং। ১৮

অনুবাদ ৪ অনাজনের নিকট হইতে যখন ‘বুদ্ধ’ এই কথা শুনিবে, (কিম্বা) ‘সম্মোধি লাভ কৱিয়া যিনি শ্রেষ্ঠধৰ্ম পালন কৱেন’, তখন নিজেই তার অন্বেষণ কৱিয়া সেখানে গমন পূৰ্বক সেই ভগবানের নিকট ব্ৰহ্মচৰ্য পালন কৱিবে।

৭০২। তেনানুসিট্টো হিতমনেন তাদিনা, অনাগতে পৰমবিসুদ্ধদস্সিনা;
সো নালকো উপচিত পুঞ্জঞ্জসঞ্জযো,
জিনং পতিক্খং^৩ পৰিবসি রক্ষিতিম্বিযো। ১৯

অনুবাদ ৪ ভবিষ্যতে শ্রেষ্ঠ বিমলদশী তাহার মতন মঙ্গলাকাঙ্গী দ্বাৰা আদেশিত হইয়া পুণ্যবান নালক ইন্দ্ৰিয়সমূহ সংযত কৱিয়া জিনের অপেক্ষায় বাস কৱিতে লাগিলেন।

৭০৩। সুত্থান ঘোসং জিনবৰচক্বন্তনে, গন্তান দিষ্মা ইসিনিসভং পসন্নো,
মোনেয় সেট্ঠং মুনিপবৱং অপুছি,
সমাগতে অসিতাব্হয়স্স সাসনেতি। ২০
বথুগাথা নিট্টিতা।

অনুবাদ ৪ জিনের দ্বাৰা শ্রেষ্ঠ ধৰ্মচক্র প্ৰবৰ্তনের সংবাদ শুনিয়া তিনি তৎসমীপে গমন কৱিলেন। ঋষি শ্রেষ্ঠকে দেখিয়া তিনি আনন্দিত মনে তাহাকে শ্রেষ্ঠ মুনিধৰ্ম সম্বন্ধে জিজ্ঞাসা কৱিলেন। তখন অসিত ঋষি কৃত্ক বৰ্ণিত নৈবাৰ্থিক শাসনের সময় উপস্থিত হইয়াছিল।

বন্ধু গাথা সমাপ্ত।

৭০৪। অঞ্জঞাতমেতং বচনং, অসিতস্স যথাতথং,
তৎ তৎগোতম পুছামি, সকৰধশ্মান পারগুৎ। ২১

অনুবাদ ৪ অসিতের এই কথা সত্যৱৃপ্তে প্ৰতিফলিত হইল। সেই কাৰণে, হে গৌতম! আপনাকে জিজ্ঞাসা কৱিতেছি, সকল ধৰ্ম আপনার জানা আছে কি?

^১ - যদি (স্যা- ক)

^২ - সযং পুরিপুছ্যমানো (সী- স্যা)

^৩ - পতি+ইক্খং=পতিক্খং

৭০৫। অনগারিয়ুপেতস্ম, ভিক্খাচরিযং জিগীসতো,

মুনি প্রবুদ্ধি মে পুটঠো, মোনেয়ং উভমং পদং। ২২

অনুবাদঃ হে মুনি, আমি গৃহত্যাগী এবং ভিক্ষু জীবন-যাপনে ইচ্ছুক, আমি জিজ্ঞাসা করিতেছি, যাহা পরমপদ সেই মুনিধর্ম প্রকাশ করুন। ”

৭০৬। মোনেয়ং তে উপঞ্জিষ্মসং, (ইতি ভগবা),

দুর্করং দুরভিসম্ভবং; হন্দ তে নং পবক্থামি,

সম্ভস্মু দলঃহো ভব। ২৩

অনুবাদঃ ভগবান বলিলেন,- “মুনিধর্ম তোমার কাছে প্রকাশ করিব। উহা কঠিন; সহজে লাভ করা যায় না। এস, তোমার কাছে উহা ব্যাখ্যা করিব। মনোযোগী হও, শান্ত হও।

৭০৭। সমান ভাগং কুবেৰথ, গামে অকুটঠবন্দিতং,

মনোপদোসং রকখেয়, সম্ভো অনুগ্রহো চরে। ২৪

অনুবাদঃ মনের অচলাবস্থার পুনঃ পুনঃ আলোচনা কর। লোকালয়ে উহা নিন্দিতও হয় প্রশংসিতও হয়। মনকে খারাপ করিবে না, শান্ত ও নত্ব হইয়া বিচরণ করিবে।

৭০৮। উচ্চাবচা নিছ্বরষ্টি, দায়ে অগ্নিস্থূপমা,

নারিযো মুনিং পলোভেষ্টি, তাসু তং মা পলোভয়ং। ২৫

অনুবাদঃ বনে আগুনের শিখার মত অনেক প্রকার জিনিস দেখা যায়। নারীগণ মুনিকে খুবই প্রলোভন দেখায়। উহারা তোমাকে যেন প্রলোভন দেখাইতে না পারে।

৭০৯। বিরতো মেথুনা ধন্মা, হিত্তা কামে পরোপরে^১,

অবিরুদ্ধো অসারভো, পাণেসু তসথাবরে। ২৬

অনুবাদঃ মৈঘুনধর্ম সেবন হইতে বিরত হইবে। সকল প্রকার ইন্দ্রিয়সুখ পরিত্যাগ করিবে। দুর্বল ও বলবান উভয় প্রকার প্রাণীর প্রতিই হিংসাহীন ও অনাস্তু হইবে।

৭১০। যথা অহং তথা এতে, যথা এতে তথা অহং,

অন্তানং উপমং কৃতা, ন হনেয় ন ঘাতয়ে। ২৭

অনুবাদঃ যেমন আমি তেমন ইহারা, যেমন ইহারা তেমন আমি; এইভাবে

^১ - পরোবর্ণে (সী- ই)। বরাবরে (স্যা)

নিজেকে উপমা করিয়া কাহাকেও হত্যা করিবে না, কিম্বা আঘাত করিবে না।
পরকেও উৎসাহিত করিবে না।

৭১১। হিতা ইচ্ছাপ্রাপ্তি লোভক্ষণ, যথ সন্তো পুরুজ্জনো,

চক্ষুমা পটিপজ্জেয়, তরেয় নরকং ইমং। ২৮

অনুবাদ : সাধারণ মানুষ যেই বিষয়ে আসক্ত, সেই ইচ্ছা (কামনা) ও লোভ
পরিহার করিয়া চক্ষুশ্মান (যথাৰ্থদৰ্শী) হইবে, ফলে এই নরক উত্তীর্ণ (পার)
হইয়া যাইবে।

৭১২। উন্দূরো মিতাহারো, অপ্রিচ্ছস্স অলোলুপো,

সদা' ইচ্ছায নিছাতো, অনিছো হোতি নিবৃত্তো। ২৯

অনুবাদ : অপূর্ণ পেট, মিত ডোজী, সামান্য অভাবযুক্ত ও লোভহীন হইবে।
যাহার কামনা শাস্ত হইয়াছে, তিনি তৃষ্ণাহীন হইয়া সুখী হইবেন।

৭১৩। স পিণ্ডচারং চরিত্তা, বন্মন্তমতিহারযে,

উপট্রঠিতো বুক্খমূলশ্চিং, আসনূপগতো মুনি। ৩০

অনুবাদ : মুনি ভিক্ষা শেষে বনাঞ্চে গমন করিয়া গাছের নীচে হাজির হইয়া
বসিয়া থাকিবেন।

৭১৪। স ঝানপসুতো ধীরো, বনন্তে রমিতো সিয়া,

ঝায়েথ বুক্খমূলশ্চিং, অভানমভিতোসবং। ৩১

অনুবাদ : ধ্যানে নিযুক্ত জ্ঞানবান মুনি বনাঞ্চে আনন্দ উপভোগ করিবেন,
বৃক্ষমূলে ধ্যানরত হইয়া আপনার সুখের বিধান করিবেন।

৭১৫। ততো' রত্যা বিবসানে, গামন্তমভিহারযে,

অব্রহানং নাভিনন্দেয়, অভিহারঞ্চ গামতো। ৩২

অনুবাদ : তারপর রাত্রির শেষে তিনি গ্রামাঞ্চে গমন করিবেন। নিমন্ত্রণে
কিঞ্চা গ্রাম হইতে সংগৃহীত জিনিসে তিনি আনন্দিত হইবেন না।

৭১৬। ন মুনী গামমাগ্ন্য, কুলেন্দু সহসা চরে,

ঘাসেসনং ছিন্নকথো, ন বাচং পযুত্তং ভণে। ৩৩

অনুবাদ : মুনি গ্রামে আসিয়া দুর্গতিতে গৃহীদের বাড়ীতে যাইবেন না;
নীরবে খাদ্যদ্রব্য সংগ্রহ করিবেন, সম্বন্ধহীন কথা বলিবেন না।

^১ - স বে (ই)

^২ - বিবসনে (সী- স্যা- ই)

৭১৭। অলখৎ যদিদং সাধু, নালখৎ কুসলৎ ইতি,

উভয়েননেব সো তাদী, বুক্খংবুপনিবস্ততি^১। ৩৪

অনুবাদ ৪ : ‘যাহা পাওয়া গেল তাহা উত্তম; কিছুই পাওয়া গেল না— তাহাও উত্তম। উভয়ের বেলায় এইরূপ দুচিন্তাহীন হইয়া বৃক্ষমূলে তিনি ফিরিয়া আসিবেন।

৭১৮। স পত্রপাণি বিচরণ্তো, অমূগো মূগসমতো,

অশ্পৎ দানৎ ন হীলেয়, দাতারৎ নাবজ্ঞানিয়। ৩৫

অনুবাদ ৪ ডিক্ষাপাত্র হাতে করিয়া ভ্রম করিবার সময়ে বোবা না হইয়াও বোবারূপে পরিচিত হইবেন, দানীয়বস্তু অল্প হইলেও তিনি উহা নিন্দা করিবেন না, দায়কের সম্মান নষ্ট করিবেন না।

৭১৯। উচ্চাবচা হি পটিপদা, সমণেন পকাসিতা,

ন পারৎ দিগুণৎ যন্তি নযিদং একগুণৎ মুতৎ। ৩৬

অনুবাদ ৪ : শ্রমণের দ্বারা নানা প্রকার সাধন মার্গ^২ প্রকাশিত হয়, কিন্তু পরপার তথা নির্বাণে দুইবার উক্তীর্ণ হওয়ারও দরকার নাই; যদিও গমন মার্গ কেবল একটি মাত্র নহে।

৭২০। যস্ম চ বিসতা নথি, ছিন্নসোতস্স ভিক্খুনো,

কিঞ্চাকিঞ্চপ্রহীনস্স, পরিলাহো ন বিজ্ঞতি। ৩৭

অনুবাদ ৪ : যাহার তৃষ্ণা নাই, যে ভিক্ষু ছিন্নপ্রবাহ, যিনি সকল প্রকার কর্ম ত্যাগ করিয়াছেন, তিনি পরিদাহ-দুঃখ হইতে মুক্ত।

৭২১। মোনেয়ৎ তে উপঞ্জিস্সং, (ভগবা) খুরধারূপমো ভবে,

জিব্হায তালুমাহচ, উদরে সঞ্চাঙ্গতো সিয়। ৩৮

অনুবাদ ৪ ভগবান বলিলেন,— “মুনিরধর্ম তোমার নিকট প্রকাশ করিব, যাহা সংসারে ক্ষুরধার সম, জিহ্বা দ্বারা তালু স্পর্শ করিয়া উদর সম্বন্ধে সংযত হইবে।

৭২২। অলীনচিত্তো চ সিয়, ন চাপি বহু চিন্ত্যে,

নিরামগন্মেৰা অসিতো, ব্ৰহ্মচারিয় পৰায়ণো। ৩৯

^১ - বুক্খংবুপতিবস্ততি (ক)। বুক্খংবু উপাতিবিস্ততি (স্যা)

অনুবাদ ৭ : হে ব্রাহ্মণ! তিনি সমুন্দ, সকল বিষয়ে পরিপূর্ণতা প্রাপ্ত, সমষ্ট জ্ঞান-বলসম্পন্ন, সকলধর্মে চক্ষুম্যান; সকলকর্ম ক্ষয়প্রাপ্ত এবং উপধিক্ষয়ে বিমুক্ত।

৯৯৯। বুদ্ধো সো ভগবা লোকে, ধন্মং দেসেতি চক্খুমা,

তৎ তৎ গন্ত্বান পুচ্ছস্সু, সো তে তৎ ব্যাকরিস্সতি। ১৮

অনুবাদ ৮ : জগতে তিনি বুদ্ধ, ভগবান, সেই চক্ষুম্যান ধর্মের উপদেশ দান করেন। তুমি তাহার কাছে যাইয়া জিজ্ঞাসা কর। তিনি তোমার প্রশ্নের উত্তর দিবেন।

১০০০। সমুদ্ধোতি বচো সুত্তা, উদঙ্গো বাবরী অহু,

সোকস্স তনুকো আসি, পীতিপ্ত বিপুলং লভি। ১৯

অনুবাদ ৯ : ‘সমুন্দ’ এই কথা শুনিয়া বাবরী আনন্দিত হইলেন। তাহার শোকেরহ্রাস হইল। তিনি বিপুল প্রীতি লাভ করিলেন।

^১ - মুন্দং মুন্দাধিপাতো চ, জিনানং হেত (সী- স্যা- ই)

^২ - পুখবিমঙ্গলে (সী- ই)

১০০১। সো বাবরী অন্তমনো উদঞ্জো, তৎ দেবতৎ পুচ্ছতি বেদজাতো,
কতমম্হি গামে নিগমম্হি বা পন, কতমম্হি বা জনপদে লোকনাথো
যথ গন্ত্বান পস্সেমু^১, সমুদ্ধৎ দিপদুত্তমং^২। ২০

অনুবাদঃ হঞ্চ, উল্লিখিত বাবরী ভাবাবেগে এই দেবতাকে জিজ্ঞাসা
করিলেন— “কোন গ্রামে, নগরে বা জনপদে লোকনাথের অবস্থিতি; যেখানে
গিয়া আমরা নরোত্তম সমুদ্ধের পূজা করিতে সক্ষম হইব?”

১০০২। সাবিধিংকোসল মন্দিরে জিনো, পহুত পঞ্চেণে বরভূরিমেধসো;

সো সক্যপুত্রো বিধুরো অনাসবো, মূর্ধাধিপাতস্স বিদৃ নরাসভো। ২১

অনুবাদঃ জিন (বিজয়ী) শ্রাবণ্তী নগরের কোশল-মন্দিরে অবস্থান
করিতেছেন। তিনি প্রভৃত প্রজ্ঞাশালী, শ্রেষ্ঠ, অগাধ মেধাসম্পন্ন, শাক্যপুত্র,
অপ্রতিম, অনাস্ত্র, নরশ্রেষ্ঠ, মূর্ধাধিপাতের জ্ঞান সম্পন্ন।

১০০৩। ততো আমন্ত্যী সিস্সে, ব্রাক্ষণে মন্ত্পারগে,

“এথ মাণবা অক্খিস্সৎ, সুণাথ বচনৎ মম। ২২

অনুবাদঃ তৎপরে সেই মন্ত্রজ্ঞ ব্রাক্ষণ বাবরী শিষ্যগণকে সম্মোধন করিয়া
বলিলেন, “বৎসগণ! এস, আমার বক্তব্য আছে, আমার বাক্য শ্রবণ করঃ-

১০০৪। যস্সেসো দুর্লভো লোকে, পাতুভাবো অভিগ্রহসো,

শ্঵াঙ্গ লোকম্হি উপন্নো, সমুদ্ধে ইতি বিস্সুতো

খিপ্পং গন্ত্বান সাবিধিং, পস্সব্রহো দিপদুত্তমং”। ২৩

অনুবাদঃ জগতে যাহার পুনঃপুন দর্শন দুর্লভ, বর্তমানে তিনি ‘সমুদ্ধ’রূপে
বিশুত। অবিলম্বে শ্রাবণ্তী গমন পূর্বক নরোত্তমকে দর্শন কর।”

১০০৫। কথং চরাহি জানেমু, দিষ্মা বুদ্ধেৰাতি ব্রাক্ষণ,

অজানতৎ নো পৰুহি, যথা জানেমু তৎ মযং। ২৪

অনুবাদঃ হে ব্রাক্ষণ! তাহা হইলে তাঁহাকে দেখিয়া তিনি যে ‘বুদ্ধ’ তাহা
কিরূপে জানিব? আমরা তাঁহাকে জানি না, যেরূপে জানিতে পারি তাহা প্রকাশ
করুন।

১০০৬। আগতানি হি মন্ত্সু, মহাপুরিস লক্খণা,

দ্বিত্তিংসানি চঁ ব্যাক্খাতা, সমন্তা অনুপুরসো। ২৫

^১ - গন্ত্বান নমস্সেমু (সী- স্যা- ই)

^২ - দিপদুত্তমং (সী- স্যা- ই)

^৩ - দ্বিত্তিংসা চ (সী- স্যা- ই)। দ্বিত্তিংসানি (?)

অনুবাদঃ মন্ত্রসমূহে মহাপুরুষের লক্ষণ সকল দৃষ্ট হয়। সর্বমোট বিশ্রি
লক্ষণ আনন্দপূর্বিকভাবে ব্যক্ত হইয়াছে।

১০০৭। যস্মেতে হেণ্টি গতেসু, মহাপুরিস লক্খণা,

দ্বেয়েব তস্ম গতিযো, ততিযা হি ন বিজ্ঞতি। ২৬

অনুবাদঃ যাঁহার গায়ে এই সকল মহাপুরুষ লক্ষণ বিদ্যমান, তাঁহার মাত্র
দুই গতি, তৃতীয় নাইঃ

১০০৮। সচে অগারং আবসতি^১, বিজেয় পথবিং ইমৎ,

অদক্ষেন অসথেন, ধন্মেন মনুসাসতি। ২৭

অনুবাদঃ যদি তিনি গৃহবাসী হন, তাহা হইলে দণ্ডহীন ও অস্ত্রহীন হইয়া
পৃথিবী জয় করিবেন, ধর্মানুসারে (রাজ্য) শাসন করিবেন।

১০০৯। সচে চ সো পৰজতি, অগারা অনাগারিযং,

বিবট্রচ্ছদো^২ সমুদ্রে, অরহা ভবতি অনুগ্রহো। ২৮

অনুবাদঃ তিনি যদি গৃহত্যাগপূর্বক প্রব্রজ্যা অবলহন করেন, তিনি
আবরণমুক্ত সমুদ্ধি, অতুলনীয় অরহত হইবেন।

১০১০। জাতিং গোক্তক লক্খণং, মন্ত্রে সিস্মে পুনাপরে,

মুন্দং মুন্দাধিপাতঞ্চ, মনসায়েব পুছথ। ২৯

অনুবাদঃ আমার জাতি, গোত্র ও লক্ষণ, মন্ত্র এবং অপরাপর শিষ্যগণ
সমন্বে আর মাথা ও মাথাছেদের বিষয়ে মনে মনে জিজ্ঞাসা করিও।

১০১১। অনাবরণদস্মাবী যদি বুদ্ধে ভবিস্সতি,

মনসা পুছিতে পঞ্চে, বাচায বিস্সজেস্সতি। ৩০

অনুবাদঃ বুদ্ধ যদি আবরণমুক্ত দিব্যদৃষ্টি সম্পন্ন হন, মন দ্বারা জিজ্ঞাসিত
প্রশ্নের উত্তর তিনি বাক্য দ্বারা দিবেন।

১০১২। বাবরিস্ম বচো সুত্তা, সিস্মা সোলস ব্রাহ্মণা,

অজিতো তিস্মমেত্যো, পুণকো অথ মেন্তগু। ৩১

অনুবাদঃ বাবরীর বাক্য শুনিয়া তাঁহার ঘোলজন ব্রাহ্মণ শিষ্য— অজিত,
তিস্ম মেত্যে, পুণক তৎপরে মেন্তগু,

^১— অঞ্চাবসতি (ক)

^২— বিবট্রচ্ছদো (সী)।

১০১৩। ধোতকো উপসীবো চ, নল্দো চ অথ হেমকো,

তোদেয়-কশ্পা দুতযো, জতুকণ্ণী চ পদ্ধিতো । ৩২

অনুবাদ ৪ ধোতক, উপসীব ও নল্দ তৎপরে হেমক, তোদেয়, আর কশ্প নামধারী দুইজন এবং পদ্ধিত জতুকণ্ণী,

১০১৪। ভদ্রাবুধো উদযো চ, পোসালো চাপি ব্রান্খগো,

মোঘরাজা চ মেধাবী, পিঙ্গিযো চ মহাইসি । ৩৩

অনুবাদ ৫ ভদ্রাবুধ, উদয়, ব্রান্খণ পোসাল, মেধাবী মোঘরাজা এবং মহাইসি পিঙ্গিয়,-

১০১৫। পচেক গণিনো সক্বে, সর্বলোকস্স বিস্মৃতো,

আবী ঝানরতা ধীরা, পুরবাসনবাসিতা । ৩৪

অনুবাদ ৬ প্রত্যেকেই গণাচার্য, সর্বলোক বিশ্রুত, ধ্যানী, ধ্যানরত, জ্ঞানী, পূর্বসুরুতি ভেগী;

১০১৬। বাবরিং অভিবাদেত্তা, কঙ্গা চ নং পদক্ষিণং,

জটাজিনধরা সরে, পক্ষামুং উন্নরামুখা । ৩৫

অনুবাদ ৭ ঐ সকল জটাজিনধারী ব্রান্খণ বাবরীকে অভিবাদন ও প্রদক্ষিণ পূর্বক উন্নর মুখ হইয়া প্রস্থান করিলেন ।

১০১৭। অলকস্স পতিট্ঠানং, পুরিমাহিস্সতিং^১ তদা,

উজ্জেনিক্ষণপি গোনন্ধং, বেদিসং বনসব্রহ্মং । ৩৬

অনুবাদ ৮ প্রথমে অলকের প্রতিষ্ঠান, পরে মাহিস্সতি, এবং উজ্জেনি, গোনন্ধ, বেদিস, বনসব্রহ্ম ।

১০১৮। কোসমিঞ্চাপি সাকেতং, সাবথিঞ্চ পুরুষমং,

সেতব্যং কপিলবংশুং, কুসিনারং মন্দিরং । ৩৭

অনুবাদ ৯ কোসমি, সাকেত, পুরিশ্রেষ্ঠ শ্রাবণ্তী, সেতব্য, কপিলবস্তু এবং কুসিনারা মন্দির,

১০১৯। পাবঞ্চ ভোগনগরং, বেসালিং মাগধং পুরং,

পাসাগকং চেতিযঞ্চ, রমণীয়ং মনোরমং । ৩৮

অনুবাদ ১০ সম্মুদ্ধশালী পাবা নগর, মাগধপুর বৈশালী অতিক্রম করিয়া তাঁহারা রমণীয় মনোরম পাষাণ চৈত্যে উপনীত হইলেন ।

^১ - পুরিমাহিস্সতিং(সী- ই)। পুরং মাহিস্সতিং(স্যা)

১০২০। তসিতোবুদকং সীতং, মহালাভং বাণিজো,

ছাযং ঘন্মাভিতত্ত্বে, তুরিতা পর্বতমারুহং। ৩৯

অনুবাদ : শীতল জল প্রাথী তৃষিতের ন্যায়, মহালাভাথী বণিকের ন্যায়, ছায়াধী ঘর্মাভিতত্ত্বের ন্যায় তাঁহারা তুরিতে পর্বতারোহণ করিলেন।

১০২১। ভগবা তম্হি সময়ে, ভিক্ষুসংঘ পুরক্ষত্তো,

ভিক্খুনং ধন্মং দেসেতি, সীহোব নদতী বনে। ৪০

অনুবাদ : সেই সময়ে ভগবান সিংহের ন্যায় ভিক্ষুগণকে ধর্মোপদেশ দিতেছিলেন।

১০২২। অজিতো অদস বুন্ধং, সতরংসিংহং ভাণুমং,

চন্দং যথা পন্নুরসে, পারিপূরিং উপাগতং। ৪১

অনুবাদ : অজিত পঞ্চদশীর পূর্ণচন্দ্রের ন্যায়, জ্যোতির্ময় বীতরশ্মি বুন্ধকে দেখিলেন।

১০২৩। অথস্স গতে দিশ্বান, পরিপূরন্ধ ব্যঞ্জনং,

একমন্তং ঠিতো হট্টো, মনোপ্রাঞ্ছে অপুচ্ছথ। ৪২

অনুবাদ : তৎপরে তাঁহার অঙ্গে পরিপূর্ণ লক্ষণসমূহ দেখিয়া একপ্রান্তে স্থির হইয়া আনন্দিত চিত্তে মনে মনে প্রশ্ন করিলেনঃ

১০২৪। আদিক জন্মনং^১ বুহি, গোতং^২ বুহি সলক্খণং^৩,

মন্ত্রে পারমিং^৪ বুহি কতি বাচেতি ব্রাহ্মণো। ৪৩

অনুবাদ : “গণনাপূর্বক (তাঁহার) জন্ম গোত্র ও লক্ষণসমূহ প্রকাশ করুন, কোন কোন মন্ত্রে (তিনি) পূর্ণতাপ্রাপ্ত, কতগুলি মন্ত্র তিনি আবৃত্তি করেন, এই সকল প্রকাশ করুন।”

১০২৫। বীসং বস্সমতং আযু, সো চ গোত্তেন বাবরী,

তীশিস্স লক্খণা গতে, তিণুং বেদান পারগৃ। ৪৪

অনুবাদ : ভগবানঃ— “তাঁহার আযু একশত বিশ বৎসর, তাঁহার গোত্রের নাম বাবরী, তাঁহার দেহে তিনি লক্ষণ বিদ্যমান, তিনি ত্রিবেদজ্ঞ।

১০২৬। লক্খণে ইতিহাসে চ, সনিষ্ঠুসকেটুভে,

পঞ্চসতানি বাচেতি, সধম্যে পারমিং গতো। ৪৫

^১ - বীতরংসিংহ (স্যা)। সতরংসীব (ক)। পীতরংসীব (নিদেস)

^২ - জন্মনং (ক)

^৩ - বুহিস্স লক্খণং (নিদেস)

অনুবাদঃ নিঘন্ট ও কেটুভের^১ সহিত লক্ষণ ও ইতিহাসে তিনি পাঁচশত
আবৃত্তি করেন, স্বধর্মে তিনি পূর্ণতাপ্রাপ্ত।

১০২৭। লক্খণানং পবিচয়ং বাবরিস্স নবুত্তম,

কঙ্গচিদ^২ পকাসেহি, মা নো কঙ্গাযিতৎ অহু। ৪৬

অনুবাদঃ অজিতঃ— (স্বগত) “হে নরোত্তম, তৃষ্ণা বিজয়ী, বাবরীর
লক্ষণসমূহ সুপ্রকাশিত করুন, যাহাতে আমাদের সংশয় দূর হয়।”

১০২৮। মুখং জিব্হায ছাদেতি, উণ্মস তমুকস্তরে,

কোসোহিতৎ বথগুয়হং, এবং জানাহি মাণব। ৪৭

অনুবাদঃ ভগবানঃ— “তিনি জিহ্বা দ্বারা মুখ আচ্ছাদিত করেন, তাহার
ভূযুগলের মধ্যস্থলে কেশ, তাহার গুহ্যেন্দ্রিয় কোষরক্ষিত, হে যুবক, ইহাই
আমার উত্তর।”

১০২৯। পুচ্ছঞ্চহি কিঞ্চিৎ অসুণ্ডে, সুত্তা পঞ্চহে বিযাকতে,

বিচিন্তেতি জনো সরো, বেদজাতো কতঞ্জলি। ৪৮

অনুবাদঃ ভগবান কোন প্রশ্ন করিলেন না, কেবলমাত্র প্রশ্নের উত্তর
করিলেন, ইহাতে জনগণ প্রীতিপূর্ণ ও কৃতাঞ্জলি হইয়া চিন্তা করিলঃ

১০৩০। কো নু দেরো বা ব্রহ্মা বা, ইন্দো বাপি সুজস্পতি,

মনসা পুচ্ছিতে পঞ্চহে, কমেতৎ পটিভাসতি। ৪৯

অনুবাদঃ মনে মনে যিনি এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করিয়াছেন, তিনি কি-
দেবতা কিম্বা ব্রহ্মা অথবা কি সুজাপতি ইন্দ্র? এই বাক্য কাহার প্রশ্নের উত্তর?

১০৩১। মুদ্ধং মুদ্ধাধিপাতকং, বাবরী পরিপুচ্ছিতি,

তৎ ব্যাকরোহি ভগবা, কঙ্গার্থবিনয় নো ইসে। ৫০

অনুবাদঃ অজিত বলিলেন— “বাবরী মাথা এবং মাথা ছেদের বিষয় প্রশ্ন
করিয়াছেন, হে ভগবান, উহা প্রকাশ করুন; হে ঋষি! আমাদের সন্দেহ
অপনোদন করুন।”

১০৩২। অবিজ্ঞা মুদ্ধাতি জানাহি, বিজ্ঞা মুদ্ধাধিপাতিনী,

সন্দ্বা সতি সমাধীহি, ছন্দবীরিয়েন সংযুতা। ৫১

^১ বৈদিক অনুষ্ঠানি পদ্ধতি।

^২ — তণ্ছচিদ (বহুসু)

অনুবাদ : তগবান বলিলেনঃ ‘অবিদ্যাহি মাথা, ইহা অবগত হও, বিদ্যা
মাথাছেদনকারী; যখন উহা শুন্ধা, স্মৃতি, সমাধি, সংকল্প ও বীর্যের সহিত
সংযুক্ত হয়।

১০৩৩। ততো বেদেন মহতা, সম্মিতান মাণবো,
একৎসং অজিনং কত্তা, পাদেসু সিরসা পতি। ৫২

অনুবাদ : তৎপরে যুবক গভীর আনন্দে শান্তিচিত্তে একাংশ অজিনাবৃত
করিয়া ভগবানের চরণে নতশির হইলেন।

১০৩৪। বাবরী ব্রাহ্মণো ভোতো, সহ সিস্মেহি মারিস,
উদয়াচিত্তো সুমনো, পাদে বন্দতি চক্ষুম। ৫৩

অনুবাদ : “হে পূজনীয়! ব্রাহ্মণ বাবরী আপনার শিয়বর্গের সহিত উদগ্রাচিত্ত
ও সুমন হইয়া— হে চক্ষুশ্মান, নিজের পাদ বন্দনা করিতেছেন।”

১০৩৫। সুখিতো বাবরী হোতু, সহ সিস্মেহি ব্রাহ্মণো,
তৃপ্তাপি সুখিতো হোহি, চিরং জীবাহি মাণব। ৫৪

অনুবাদ : ভগবান বলিলেনঃ— “ব্রাহ্মণ বাবরী সশিষ্যে সুখী হউন! তুমিও
সুখী হও, হে তরুণ, তুমি দীর্ঘজীবি হও!

১০৩৬। বাবরিস্ম চ তুহং বা, সর্বেসং সর্বসংস্যৎ,
কতাবকাসা পুচ্ছব্রহ্ম, যঁ কিঞ্চি মনসিচ্ছথ। ৫৫

অনুবাদ : বাবরীর আর তোমার সকলের সর্ব সংশয় সম্বন্ধে এই অবসরে
ইচ্ছামত জিজ্ঞাসা কর।”

১০৩৭। সমুদ্রেন কতোকা সো নিসীদিত্তান পঞ্জলী,

অজিতো পঠমং পঞ্চহং, তথ পুচ্ছ তথাগতৎ। ৫৬

অনুবাদ : সমুদ্রের অনুমতি লাভ করিয়া কৃতাঞ্জলিপুটে উপবিষ্ট হইয়া
অজিত সেই সময় তথাগতকে প্রথম প্রশ্ন জিজ্ঞাসা করিলেন।

পরিচায়ক গাথা সমাপ্ত।

---o---

২। অজিত মাণব পুচ্ছা-অজিত মানব প্রশ্ন

১০৩৮। কেনস্সু নিবুতো লোকো, (ইচ্ছাযশ্মা অজিতো)

কেনস্সু নপ্পকাসতি;

কিস্সাভিলেপনং বৃহি, কিস্সু তস্স মহব্ভয়ং। ১

অনুবাদঃ আযুশ্মান অজিত বলিলেন— “জগৎ কিসের দ্বারা আবরিত? কি নিমিত্ত উহা উজ্জ্বলতাহীন? আপনার মতে উহার আবিলতা কি? উহার মহাভয় কি?”

১০৩৯। অবিজ্ঞায নিবুতো লোকো, (অজিতাতি ভগবা)

বেবিচ্ছা পমাদা নপ্পকাসতি;

জ্ঞাপ্তিলেপনং বৃহি, দুক্খমস্স মহব্ভয়ং। ২

অনুবাদঃ ভগবান অজিতকে বলিলেনঃ— ‘হে অজিত, জগৎ অবিদ্যা দ্বারা আবরিত, লোভের নিমিত্ত উহা উজ্জ্বলতাহীন, বাসনা উহার আবিলতা এবং দুঃখ উহার মহাভয়।’

১০৪০। সর্বত্তি সর্বধি সোতা, (ইচ্ছাযশ্মা অজিতো)

সোতানং কিং নিবারণং;

সোতানং সংবরং বৃহি, কেন সোতা পিধিয়রে? ৩

অনুবাদঃ আযুশ্মান অজিত বলিলেনঃ— সর্বদিকে স্নোতের (ত্যগ্ত স্নোতের) প্রবাহ, ঐ স্নোতের নিবারণ কি? উহার সম্বরণ কি? কিসের দ্বারা উহার গতি বুদ্ধ হয়?

১০৪১। যানি সোতানি লোকশ্চিং, (অজিতাতি ভগবা)

সতি তেসং নিবারণং;

সোতানং সংবরং বৃহি, পঞ্চ-এগ্রায়েতে পিধিয়রে। ৪

অনুবাদঃ ভগবান বলিলেনঃ— ‘হে অজিত, জগতে যে স্নোত বিদ্যমান, শৃতি তাহার নিবারণ, উহাই তাহার সম্বরণ, প্রজ্ঞা দ্বারা উহার গতি বুদ্ধ হয়।’

১০৪২। পঞ্চ-এগ্রা চেব সতি যথঃ? (ইচ্ছাযশ্মা অজিতো)

নামূপঞ্চ মারিস;

এতং মে পুট্টো পৰুহি, কথেতং উপরুদ্ধতি। ৫

^১ - পিধিয়রে (সী-স্যা-ই) পিধীয়রে (সী | অঁট) পিধীয়রে (?)

^২ - সতী চেব (সী) সতী চ (স্যা)। সতী চাপি (ই- নিদেস) সতী চাপি (নিদেস)

অনুবাদ ৪ আয়ুধান অজিত বলিলেনঃ “হে মারিস! প্রজ্ঞা এবং শৃতি এতদুভয় এবং নামরূপ ইহাদের বিষয় আমি জিজ্ঞাসা করিতেছি, কিরূপে ইহাদের নাশ হয় ব্যক্ত করুন।”

১০৪৩। যমেতৎ পঞ্চহং অপুচ্ছি, অজিত তৎ বদামি তে,

যথ নামঞ্চ বৃপঞ্চ, অসেসং উপরুদ্ধতি;

বিএংগ্রাগস্ম নিরোধেন, এথেতৎ উপরুদ্ধতি। ৬

অনুবাদ ৫ বুদ্ধঃ— “হে অজিত, তুমি যে প্রশ্ন করিয়াছ, তাহার উত্তর দিতেছি, যাহা দ্বারা নাম-বৃপের নিঃশেষে নাশ হয় তাহা বলিতেছি; বিজ্ঞানের নিরোধে উহার নাশ হয়।”

১০৪৪। যে চ সংজ্ঞাতধন্যাসে, যে চ সেখা পুথু ইধি,

তেসংমে নিপক্ষে ইরিযৎ, পুটঠো পুরুহি মারিস। ৭

অনুবাদ ৫ অজিতঃ— “হে মারিস! আমি জিজ্ঞাসা করিতেছি— যাহারা জ্ঞাতধর্ম, যাহারা শিক্ষার্থী এবং জনসাধারণ, এই সকলের যাত্রার প্রণালী আমার নিকট প্রকাশ করুন।”

১০৪৫। কামেসু নাভিগিজ্ঞেয়, মনসানাবিলো সিয়া,

কুসলো সক্র ধন্মানং, সতো ভিক্খু পরিবরজেতি। ৮

বুদ্ধঃ— ইন্দ্রিয় সুখাহেষী হইবে না, মনকে বিচলিত হইতে দিবে না, ভিক্ষু সর্বধর্মে পারদশী ও চিত্ত শৃতি সম্পন্ন হইয়া বিচরণ করিবেন।”

অজিত মানব প্রশ্ন সমাপ্ত।

— — — O — — —

৩। তিস্সমেত্যে মানব পুছা—তিস্সমেত্যে মানব প্রশ্ন

১০৪৬। কোধ সন্তুস্থিতো লোকে, (ইচ্ছাযশ্চা তিস্সমেত্যেয়ে)

কস্স নো সন্তি ইঞ্জিতা;

কো উভন্তমভিগ্রহ্য, মঞ্জু মন্ত্র ন লিপ্তি^১,

কংবুসি মহাপুরিসোতি, কো ইধ সিরিনিমচগা।

অনুবাদঃ আয়ুশ্মান তিস্সমেত্যে বলিলেনঃ— এই জগতে সন্তুষ্ট কে? কে চপ্পলতাহীন? কে উভয় অন্ত জ্ঞাত হইয়া জ্ঞানানুসারে তাহাতে লিপ্ত হন না? আপনি কাহাকে মহাপুরুষ বলেন? এই জগতে কে লোভাতীত?

১০৪৭। কামেসু ব্ৰহ্মচৰিযবা, (মেত্যাতি ভগবা) বীততণ্হো সদা সতো;

সঞ্চায নিবুতো ভিক্খু তস্স নো সন্তি ইঞ্জিতা। ২

অনুবাদঃ ভগবান মেত্যেয়কে বলিলেনঃ— ‘‘হে মেত্যে যিনি কামত্যাগে ব্ৰহ্মচৰ্যবান, যিনি বীততণ্হ, সদা শৃতিমান, সেই জ্ঞানীশান্ত ভিক্খু চপ্পলতাহীন।

১০৪৮। সো উভন্তমভিগ্রহ্য মঞ্জু মন্ত্র ন লিপ্তি,

তংবুমি মহাপুরিসোতি, সো ইধ সিরিনিমচগাতি। ৩

অনুবাদঃ যিনি উভয় অন্ত জ্ঞাত হইয়া জ্ঞানানুসারে তাহাতে লিপ্ত হন না, তাঁহাকেই আমি মহাপুরুষ বলি। এই জগতে তিনিই লোভাতীত।’’

তিস্সমেত্যে মানব প্রশ্ন সমাপ্ত।

— — — O — — —

^১— লিপ্তি (ক)

৪। পুণক মাগব পুচ্ছা সুসং-পুনক মানব প্রশ্ন

১০৪৯। অনেজৎ মূলদস্মাবিং, (ইচ্চায়ম্বা পুণকো) অথি^১ পঞ্জহেন আগমৎ;
কিং নিস্মিতা ইসযো মনুজা, খত্তিয়া ব্রাহ্মণা দেবতানৎ,
য়েও়েওমকপ্পযিঃসু পুথু'ধ লোকে, পুচ্ছামি তৎ ভগবা বুহি মে তৎ। ১

অনুবাদ ৪ আয়ুশ্মান পুণক বলিলেনঃ— “বীতত্কষ, মূলদশীর নিকট আমি
অর্থী রূপে প্রশ্ন লইয়া আসিয়াছিঃ— ঋষি ও মানবগণ ক্ষত্রিয় ও ব্রাহ্মণগণ কি
নিমিত্ত এই জগতে দেবতাদের উদ্দেশ্যে বহুল পরিমাণে যজ্ঞের অনুষ্ঠান
করিয়াছিলেন? ভগবানকে জিজ্ঞাসা করিতেছি, উহা ব্যক্ত করুন।”

১০৫০। যে কেচি মে ইসযো মনুজা, (পুণকাতি ভগবা)

খত্তিয়া ব্রাহ্মণা দেবতানৎ;

য়েও়েওমকপ্পযিঃসু পুথু'ধ লোকে, আসীসমানা পুণক ইথত্তৎ^২;
জরং সিতা য়েও়েওমকপ্পযিঃসু। ২

অনুবাদ ৫ ভগবান পুণককে বলিলেনঃ— হে পুণক! এই সকল ঋষি ও
মানবগণ, ক্ষত্রিয় ও ব্রাহ্মণগণ, যাহারা এই জগতে দেবতাদের উদ্দেশ্যে বহুল
পরিমাণে যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন— তাঁহারা জরায় উপনীত হইয়া বর্তমান
দশা পাইবার কামনায় যজ্ঞানুষ্ঠান করিয়াছিলেন।

১০৫১। যে কেচি মে ইসযো মনুজা, (ইচ্চায়ম্বা পুণকো)

খত্তিয়া ব্রাহ্মণা দেবতানৎ;

য়েও়েওমকপ্পযিঃসু পুথু'ধ লোকে, কচিস্মু তে ভগবা য়েও়েওপথে অপ্রমত্তা;
অতাৱুং জাতিক্ষণ জরঞ্জ মারিস, পুচ্ছামি তৎ ভগবা বুহি মে' তৎ। ৩

অনুবাদ ৬ আয়ুশ্মান পুণক বলিলেনঃ— ‘হে মারিস, এই সকল ঋষি ও
মানবগণ, ক্ষত্রিয় ও ব্রাহ্মণগণ যাহারা এই জগতে দেবতাদের উদ্দেশ্যে বহুল
পরিমাণে যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন, তাঁহারা কি যজ্ঞপথে অপ্রমত্ত হইয়া
জন্ম ও মৃণ উক্তীর্ণ হইয়াছেন? হে ভগবান, আমি জিজ্ঞাসা করিতেছি, তাহা
প্রকাশ করুন।’

^১— অর্থী (স্যা)

^২— ইথত্তৎ (সী— স্যা)

১০৫২। আসীসন্তি থোমযন্তি অভিজপ্তি জুহন্তি, (পুণ্যকাতি ভগবা)
কামাভিজপ্তি পটিচ লাভঃ;

তে যাজযোগা ভবরাগরত্না, নাতরিংসু জাতিজরন্তি ব্ৰুমি । ৪

অনুবাদ ৪ ভগবান বলিলেনঃ ‘হে পুণ্যক, প্রার্থনা করিয়া, প্রশংসা করিয়া, বাসনা করিয়া, ত্যাগ করিয়া, লাভের নিমিত্ত ইন্দ্রিয়সুখাহেষী হইয়া যজ্ঞানুরক্ত
ও ভবরাগরক্ত হইয়া তাহারা জন্ম ও জরা অতিক্রম করিতে অক্ষম। ইহাই আমি
বলিতেছি।’

১০৫৩। তে চে নাতরিংসু যাজযোগা, (ইচ্ছাযশ্মা পুণ্যকো)
য়েছেহি জাতিক্ষণ জরঞ্জন মারিস;

অথ কেো চৱহি দেবমনুস্সলোকে, অতারি জাতিক্ষণ জরঞ্জন মারিস,
পুচ্ছামি তৎভগবা ব্ৰুহি মে তৎ । ৫

অনুবাদ ৫ আযুশ্মান পুণ্যক বলিলেনঃ—‘যদি এই সকল যজ্ঞানুরক্তগণ যজ্ঞ
দ্বারা জন্মগত জরা উত্তীর্ণ হইতে অক্ষম, তাহা হইলে, হে মারিস, দেব ও
মানবলোকে কে জন্ম ও জরা উত্তীর্ণ হইয়াছেন! হে ভগবান, আপনাকে
জিজ্ঞাসা করিতেছি, প্রকাশ করুন।’

১০৫৪। সংজ্ঞায লোকশ্চিং পরোপরানি^১ (পুণ্যকাতি ভগবা)
যস্সিঙ্গেতৎ নথি কুহিপ্তি লোকে;

সন্তো বিধূমো অনীঘো নিৱাসো, অতারি সো জাতি জরন্তি ব্ৰুমীতি । ৬

অনুবাদ ৫ ভগবান পুণ্যককে বলিলেনঃ—‘জগতে সৰ্ব বস্তুর জ্ঞান লাভ
করিয়া যিনি কুত্রাপি পরাজিত হন না, সেই শাস্তি বিধূম, নির্দুঃখ, বীততৃষ্ণ
পুরুষ জন্ম ও জরা অতিক্রম করিয়াছেন, ইহাই আমার বক্তব্য।’

পুণ্যক মানব প্রশ্ন সমাপ্ত ।

-----o-----

^১ — পরোবৰানি (সী—স্যা)

৫। মেন্তগৃ মানব পুচ্ছা-মেন্তগৃ মানব প্রশ্ন

১০৫৫। পুচ্ছামি তৎভগবা বৃহি মে তৎ, (ইচ্ছাযশ্চা মেন্তগৃ)

মঞ্চেরামি তৎবেদগুৎ ভবিতত্তৎ;

কুতো নু দুর্ক্ষা সমুদাগতা ইমে, যে কেচি লোকশ্চিং' অনেকরূপা। ১

অনুবাদ : আয়ুষ্মান মেন্তগৃ বলিলেনঃ ‘হে ভগবান! আমি জিজ্ঞাসা করিতেছি, তাহা প্রকাশ করুন, আমি আপনাকে সর্বগুণাধার উন্নতচিত্ত জ্ঞান সম্পন্ন বলিয়া মনে করি জগতের বহুবিধ এই সকল প্রাণীগণ কি নিমিত্ত দুঃখের অধীন হয়?’

১০৫৬। দুর্ক্ষস্স বে মৎ পত্তবৎ অপুচ্ছসি, (মেন্তগৃতি ভগবা)

তৎ তে পবক্ষামি যথা পজানং;

উপধিনিদানা পত্তবন্তি দুর্ক্ষা, যে কেচি লোকশ্চিং' অনেকরূপা। ২

অনুবাদ : ভগবান মেন্তগৃকে বলিলেনঃ— ‘হে মেন্তগৃ! তুমি দুঃখের উৎপত্তি বিষয়ে আমাকে জিজ্ঞাসা করিয়াছ। আমি যেইরূপ জ্ঞাত আছি তোমাকে বলিব! উপধি হইতে জগতে সকল প্রকার দুঃখের উৎপত্তি হয়।

১০৫৭। যো বে অবিদ্যা উপধিং করোতি, (মেন্তগৃতি ভগবা)

পুনপুনং দুর্ক্ষ'মুপেতি মন্দো;

তশ্মা পজানং উপধিং ন করিয়া, দুর্ক্ষস্স জাতিপ্রভবানুপস্সী। ৩

অনুবাদ : যে মৃচ্য অজ্ঞানতা বশতঃ উপধির সৃষ্টি করে, সে পুনঃপুন দুঃখাধীন হয়। অতএব যাহা উপধিরূপে জ্ঞাত, দুঃখের জন্ম ও উৎপত্তির উপলব্ধি করিয়া তাহার সৃষ্টি করিবে না।’

১০৫৮। যৎ তৎ অপুচ্ছিম্বত্ত অকিঞ্চিত্যী নো, অঞ্চেরং তৎ পুচ্ছাম^১ তদিঙ্গ বৃহি;

কথৎ নু ধীরা বিতরন্তি ওঘৎ, জাতিং জরং সোকপরিদ্বন্দ্বণ্ড;

তৎ মে মুনি সাধু বিযাকরোহি, তথা হি তে বিদিতো এস ধন্মো। ৪

অনুবাদ : মেন্তগৃঃ— “আপনি জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর দিয়াছেন। অন্য প্রশ্ন করিতেছি, প্রকাশ করুন; জ্ঞানীগণ কি প্রকারে প্রাবন, জন্ম ও জরা, শোক ও বিলাপ অতিরুম করেন? হে মুনি, উহা সম্পূর্ণরূপে প্রকাশ করুন, কারণ এই ধর্ম সম্যক্রূপে আপনার জানা।”

^১ — পুচ্ছামি (সী— ই)

১০৫৯। কিঞ্চিয়স্মামি তে ধম্মং, (মেন্টগৃতি ভগবা) দিট্টে ধম্মে অনীতিহং;
যৎ বিদিত্তা সতো চরং, তরে লোকে বিসন্তিকং। ৫

অনুবাদ ৪ : ভগবান বলিলেনঃ ‘হে মেন্টগু! জগতে যে ধর্ম প্রবাদ বাক্যের উপর প্রতিষ্ঠিত নহে, সেই ধর্ম প্রকাশ করিতেছি; যাহা বিদিত হইয়া জাগ্রত স্মৃতিসহকারে পৃথিবীর তৃষ্ণাকে জয় করিতে পারিবে।

১০৬০। তপ্তাহং অভিনন্দামি, মহেসি ধম্মামুক্তমং,

যৎ বিদিত্তা সতো চরং, তরে লোকে বিসন্তিকং। ৬

অনুবাদ ৫ : মেন্টগৃঃ- ‘হে মহর্ষি! আমি সেই উত্তম ধর্মের অভিনন্দন করিতেছি, যাহা বিদিত হইয়া জাগ্রত স্মৃতিসহকারে পৃথিবীর তৃষ্ণাকে জয় করা সম্ভব।’

১০৬১। যৎ কিঞ্চিৎ সম্পাজানাসি, (মেন্টগৃতি ভগবা)

উদ্ধৰ্ব অধো তিরিয়ত্তাপি মঞ্জে;

এতেসু নন্দিত্ব নিবেসনঞ্চ, পুনজ্জ বিগ্রহণং ভবে ন তিট্টে। ৭

অনুবাদ ৬ : ভগবান বলিলেনঃ- ‘হে মেন্টগু! যাহা কিছু তোমার জ্ঞানগোচরে- উর্ধ্বে, নিম্নে, অনুপ্রম্মে এবং মধ্যে এই সকলে প্রীতিলাভ ও চিন্ত সন্তুষ্টিশূন্য না করিয়া ভবচিন্তায় বিরত হইবে।

১০৬২। এবং বিহারী সতো অশ্পমন্তো, ভিক্খু চরং হিত্তা মমাযিতানি;

জাতিং জরং সোকপরিদ্বঞ্চ, ইধেব বিদ্বা পজহেয দুক্খং। ৮

অনুবাদ ৭ : এবদ্বিধ জীবনসম্পন্ন স্মৃতিমান, অশ্পমন্ত নিঃস্বার্থ বিচরণকারী জ্ঞানবান ভিক্ষু জন্ম ও জরা এবং শোক-বিলাপ পরিহার করিয়া এই জগতে দুঃখের বর্জন করিবেন।

১০৬৩। এতা’ভিনন্দামি বচো মহেসিনো, সুকিত্তিতং গোতমনূপধীকং;

অন্ধা হি ভগবা পহাসি দুক্খং, তথা হি তে বিদিতো এস ধম্মো। ৯

অনুবাদ ৮ : মেন্টগৃঃ- আমি মহর্ষির এই বাক্যের অভিনন্দন করিতেছি। হে গৌতম! উপধি হইতে মুক্তি সুস্পষ্টরূপে বর্ণিত হইয়াছে। ভগবান নিঃসন্দেহে দুঃখমুক্ত হইয়াছেন, এই ধর্ম আপনার সুবিদিত।

১০৬৪। তে চাপি নূন্পজহেযু দুক্খং, যে ত্থং মুনি অট্টিতং ওবদেয়;

তং তং নমস্মামি সমেচ নাগ, অশ্পেব মং ভগবা অট্টিতং ওবদেয়। ১০

অনুবাদ ৯ : হে মুনি, আপনি যাহাদিগকে অনুক্ষণ উপদেশ দিবেন, তাহারাও নিঃসন্দেহ দুঃখ অতিক্রম করিবে। সেই জন্য হে নাগ, আমরা সমাগত হইয়া

আপনাকে নমস্কার করিতেছি। ভগবান অনুক্ষণ আমাকে উপদেশ দান করিবেন- ইহাই প্রার্থনা।

১০৬৫। যং ব্রাহ্মণং বেদগৃ' মাতিজ এও়েগা, অকিঞ্চনং কামভবে অস্ত্রং;

অন্ধা হি সো ওঘমিমৎ অতারি, তিগ্নো চ পারং অথিলো অকঙ্গো । ১১

অনুবাদ : বুদ্ধঃ- যে ব্রাহ্মণকে আমি সর্বোচ্চ জ্ঞানপ্রাপ্ত, অকিঞ্চন, কামভবে অনাস্তু বলিয়া স্বীকার করি, তিনি নিঃসন্দেহ এই প্রাবন অতিক্রম করিয়াছেন এবং অখিল ও সংশয়হীন হইয়া পরপারে উন্নীৰ্ণ হইয়াছেন।

১০৬৬। বিদ্বা চ যো' বেদগৃ' নরো ইধ, ভবাতবে সঙ্গমিমৎ বিসজ্জ;

সো বীততণ্হো অনীঘো নিরাসো, অতারি সো জাতিজরণ্তি ব্ৰূমাতি । ১২

অনুবাদ : জগতে যিনি বিদ্যা ও সর্বজ্ঞানসম্পন্ন নর, জন্ম-জন্মাল্লৱে এই আসন্তি বিসর্জন দিয়া, বীতত্ত্বঃ, দুঃখমুক্ত, তৃষ্ণামুক্ত হইয়া তিনি জাতি ও জরা উন্নীৰ্ণ হইয়াছেন, ইহাই আমার বক্তব্য । ”

মেন্দু মানব প্রশ্ন সমাপ্ত।

— — — o — — —

^১ - সো (সী- স্যা- ই)

৬। ধোতক মাণব পুচ্ছা-ধোতক মানব প্রশ্ন

১০৬৭। পুচ্ছামি তৎ ভগবা বুহি মে তৎ, (ইচ্চাযস্থা ধোতকো)

বাচা ভিকঞ্জামি মহেসি তুয়হং;

তব সুত্তান নিগঘোসং, সিক্খে নির্বানমণ্ডনো । ১

অনুবাদ ৪ আয়ুশ্মান ধোতক বলিলেনঃ— ‘হে ভগবান, আমি জিজ্ঞাসা করিতেছি, প্রকাশ করুন, হে মহর্ষি, আমি আপনার বচনপ্রার্থী, আপনার নির্দোষ শ্রবণ করিয়া মানুষ স্বীয় নির্বাণ শিক্ষা করুক।’

১০৬৮। তেনহা তপ্পং করোহি, (ধোতকাতি ভগবা) ইধেব নিপকো সতো;

ইত্তো সুত্তান নিগঘোসং, সিক্খে নির্বানমণ্ডনো । ২

অনুবাদ ৫ ভগবান, ধোতককে বলিলেনঃ— ‘হে ধোতক! উৎসাহিত হও, ইহলোকে জ্ঞানী ও স্মৃতিমান হইয়া, এই নির্দোষ শ্রবণ করিয়া, মানুষ স্বীয় নির্বাণ শিক্ষা করুক।’

১০৬৯। পস্সামহং দেবমনুস্সলোকে, অকিঞ্চনং ব্রাহ্মণমিরিয়মানং;

তৎ তৎ নমস্সামি সমন্তচক্ষু, পমুঞ্চ মং সক্ত কথংকথাহি । ৩

অনুবাদ ৬ ধোতকঃ— আমি দেব ও মানবলোকে অকিঞ্চন হইয়া বিচরণকারী ব্রাহ্মণকে দর্শন করিতেছি। তজ্জন্য, হে সর্বদশী! আপনাকে নমস্কার। হে শক্র! আমাকে সংশয় হইতে মুক্ত করুন।

১০৭০। নাহং সহিস্সামি^১ পমোচনায, কথংকথিং ধোতক কঞ্চি লোকে;

ধম্মঞ্চ সেট্টং অভিজানমানো^২ এবং তুবং ওঘমিমং তরেনি । ৪

অনুবাদ ৭ বৃদ্ধঃ— হে ধোতক! জগতে যে সংশয়যুক্ত, আমি তাহাকে মুক্তি দিতে অক্ষম। যাহা শ্রেষ্ঠধর্ম ঐ ধর্মের জ্ঞান লাভ করিলে তুমি এই প্রাবন উন্নীণ হইবে।

১০৭১। অনুসাস ব্রহ্মে করুণায়মানো, বিবেকধন্মং যমহং বিজ়এওঝং;

যথাহং আকাশোব অব্যাপজ্জমানো, ইধেব সন্তো অসিতে চরেয়ং । ৫

অনুবাদ ৮ ধোতকঃ— হে ব্রাহ্মণ! করুণাপরবশ হইয়া আমাকে বিবেকধর্ম (নির্বাণ) শিক্ষা দিন, যাহাতে উহা জ্ঞাত হইয়া আমি আকাশের ন্যায় বিক্ষেপভীন হইয়া এই জগতে শান্ত ও মুক্ত হইয়া বিচরণ করিতে পারি।

^১ — সমিস্সামি (স্যা)। সমীহাসি (ই)

^২ — আজানমানো (সী—স্যা—ই)।

১০৭২। কিঞ্চিত্সম্মিতি সন্তিৎ, (ধোতকাতি ভগবা) দিট্টে ধম্মে অনীতিহঃ;
যৎ বিদিত্বা সতো চরং, তরে লোকে বিসন্তিকং। ৬

অনুবাদঃ ভগবান ধোতককে বলিলেনঃ— হে ধোতক! জগতে যে শান্তি
প্রবাদ বাক্যের উপর প্রতিষ্ঠিত নহে সেই শান্তি তোমার নিকট কীর্তন করিব;
যাহা বিদিত হইয়া তুমি জাগ্রতচিত্তে পৃথিবীর তৃষ্ণাকে অতিক্রম করিবে।

১০৭৩। তৎগৃহং অভিনন্দনামি, মহেসি সন্তি'মুণ্ডমং,

যৎ বিদিত্বা সতো চরং, তরে লোকে বিসন্তিকং। ৭

অনুবাদঃ ধোতকঃ— ‘হে মহর্ষি! আমি সেই উত্তম শান্তির অভিনন্দন
করিতেছি, যাহা বিদিত হইয়া মানুষ জাগ্রতচিত্তে এই জগতের তৃষ্ণাকে
অতিক্রম করিবে।’

১০৭৪। যৎ কিঞ্চিৎ সম্পজ্জানামি, (ধোতকাতি ভগবা)

উদ্ধৃৎ অধো তিরিয়ক্ষণাপি মঞ্জু;

এতৎ বিদিত্বা সঙ্গোতি লোকে, ভবাভবায মাকাসি তণ্হন্তি। ৮

অনুবাদঃ ভগবান বলিলেনঃ— ‘হে ধোতক! যাহা কিছু তোমার
জ্ঞানগোচরে— উর্ধ্বে, নিম্নে, অনুপ্রস্থে এবং মধ্যে— ইহাদিগকে জগতের
বন্ধনরূপে জ্ঞাত হইয়া পুনঃপুন জন্মে অভিলাষ করিও না।

ধোতক মানব প্রশ্ন সমাপ্ত।

— — O — —

৭। উপসীব মাণব পুজ্জা-উপসীব মানব প্রশ্ন

১০৭৫। একো অহং সক্ত মহল্লমোঘং, (ইচ্ছাযশ্চা উপসীবো)

অনিস্মিতো নো বিসহামি তারিতৃৎ;

আরম্যণং ব্রুহি সমন্ব চক্খু, যং নিস্মতো ওষমিমৎ তরেয়ং। ১

অনুবাদ ৪ আয়ুশ্যান উপসীব বলিলেনঃ- ‘আমি একাকী সহায়হীন হইয়া এই মহাপ্লাবন অতিক্রম করিতে অসমর্থ। হে সর্বদৰ্শী! যে অবলম্বনের সাহায্যে আমি এই প্লাবন উত্তীর্ণ হইতে পারি, তাহা প্রকাশ করুন।’

১০৭৬। আকিঞ্চন্ত্রঞ্চে পেক্খমানো সতিমা, (উপসীবাতি ভগবা)

নথীতি নিস্মায তরস্সু ওঘং;

কামে পহায বিরতো কথাহি, তণ্হক্খযং নন্তমহাত্তিপস্সং। ২

অনুবাদ ৪ ভগবান উপসীবকে বলিলেনঃ- হে উপসীব! শূন্যতায বদ্ধদৃষ্টি ও স্মৃতিমান হইয়া তৃষ্ণাক্ষয়ের চিন্তা করিয়া তুমি প্লাবন উত্তীর্ণ হইবে। কামসুখ পরিহার করিয়া সংশয়ে বিরত হইয়া দিবারাত্রি তৃষ্ণা ক্ষয়ের চিন্তা করিবে।

১০৭৭। সর্বেসু কামেসু যো বীতরাগো (ইচ্ছাযশ্চা উপসীবো)

আকিঞ্চন্ত্রঞ্চে নিস্মিতো হিত্তা মঞ্চেওঁ;

সঞ্চেওঁবিমোক্খে পরমে বিমুত্তো^১, তিট্টে নু সো তথ অনানুযাযী^২। ৩

অনুবাদ ৪ আয়ুশ্যান উপসীব বলিলেনঃ- ‘যিনি সর্বপ্রকার কামসুখে বীতরাগ, যিনি আকিঞ্চন্যাবলম্বী, সর্বত্যাগী, পরমজ্ঞানমোক্ষ দ্বারা মুক্ত, তিনি কি গতিহীন হইয়া ঐ অবস্থাতেই সংজ্ঞা বিমোক্ষ নির্বাণ প্রাপ্ত হইবেন?’

১০৭৮। সর্বেসু কামেসু যো বীতরাগো (উপসীবতি ভগবা)

আকিকিঞ্চন্ত্রঞ্চে নিস্মিতো হিত্তা মঞ্চেওঁ;

সঞ্চেওঁবিমোক্খে পরমে বিমুত্তো, তিট্টেয্য সো তথ অনানুযাযী। ৪

অনুবাদ ৪ ভগবান উপসীবকে বলিলেনঃ- ‘হে উপসীব, যিনি সর্বপ্রকার কামসুখে বীতরাগ যিনি আকিঞ্চন্যাবলম্বী, সর্বত্যাগী, পরমজ্ঞানমোক্ষ দ্বারা মুক্ত, তিনি গতিহীন হইয়া ঐ অবস্থাতেই মিত হইবেন।’

^১ - রন্তমহাত্তিপস্স (স্যা)। রন্তমহংবিপস্স (ক)

^২ - অধিমুত্তো (ক)

^৩ - অমানুযাযী (স্যা- ক)

১০৭৯। তিটে চে সো তথ অনানুযায়ী, পৃষ্ঠি বস্সানং সমষ্টচক্ষু;

তথেব সো সীতিসিয়া বিমুত্তো, চবেথ বিএওএগণং তথাবিধস্স। ৫

অনুবাদঃ উপসীব ৪- হে সর্বদশী! তিনি যদি শতশত বৎসর ঐ অবস্থাতেই ছিত হন, ঐ স্থানেই শান্ত ও বিমুক্ত হন, তাদৃশ জনের কি বিজ্ঞানের অস্তিত্ব থাকিবে?

১০৮০। অঞ্চল যথা বাতবেগেন খিত্তা^১ (উপসীবাতি ভগবা)

অথং পলেতি ন উপেতি সঙ্গং;

এবং মুনি নামকায়া বিমুত্তো, অথং পলেতি ন উপেতি সঙ্গং। ৬

অনুবাদঃ ভগবান বলিলেনঃ- হে উপসীব, বাযুবেগে নিষ্কিণ্ড অগ্নিশিখা যেইরূপ অদৃশ্য হইয়া যায়, তাহার অস্তিত্ব থাকে না, সেইরূপ নাম ও কায় বিমুক্ত মুনি অদৃশ্য হইয়া যান, তাহার অস্তিত্ব থাকে না।

১০৮১। “অথজ্ঞাতো সো উদ বা সো নথি, উদাহু বে স্সসতিয়া আরোগ্যো;

তৎমে মুনী সাধু বিযাকরোহি, তথা হি তে বিদিতো এস ধম্মো।” ৭

অনুবাদঃ উপসীব ৪- তিনি অদৃশ্য হইয়া যান বা তাহার অস্তিত্ব থাকে না, অথবা তিনি চিরদিনের জন্য আরোগ্য, হে মুনি, আমার নিকট সমাক্রূপে প্রকাশ করুন। কারণ এই ধর্ম আপনার সুবিদিত।

১০৮২। “অথজ্ঞাতস্স ন পমাণমথি, (উপসীবাতি ভগবা)

যেন নং বজ্জুং তৎস্স নথি;

সর্বেসু ধম্মেসু সমোহতেসু, সমূহতা বাদপথাপি সর্বে”তি। ৮

অনুবাদঃ ভগবান বলিলেনঃ- ‘হে উপসীব, যিনি অদৃশ্য হইয়াছেন তিনি অসংজ্ঞেয়, যাহা দ্বারা তাহার অস্তিত্ব কর্তিত হইয়াছিল, তাহা আর তাহার নাই, যখন সর্বধর্ম^২ বিলুপ্ত হইয়া যায়, সর্ব বিতর্কেরও অবসান হয়।’

উপসীব মানব প্রশ্ন সমাপ্ত।

—o—

^১ - খিত্ত (স্যা) খিত্তো (ই)

^২ - ইন্দ্রিয় গোচরীভূত সকল বস্তু

৮। নন্দমাণব পুজ্জা-নন্দ মানব প্রশ্ন

১০৮৩। 'সন্তি লোকে মুনযো', (ইচ্ছাযস্মা নন্দো) জনা বদন্তি তথিদং কথৎসু;

ঝগুপপন্নং নো মুনিং^১ বদন্তি, উদাত্তু বে জীবিতেনৃপপন্নং। ১

অনুবাদঃ আযুশ্মান নন্দ বলিলেনঃ— “জগতে মুনির অস্তিত্ব আছে, লোকে এইরূপ বলিয়া থাকে। আপনার কি মত? যিনি জ্ঞানসম্পন্ন তিনি কি মুনি বলে কথিত হন অথবা যিনি অকিঞ্চন?”

১০৮৪। ন দিট্ঠিয়া ন সুত্তিয়া ন গ্রাণেন, (^২) মুনীধ নন্দ কুসলা বদন্তি;

বিসেনিকচ্ছা অনীধা নিরাসা, চরণ্তি যে তে মুনযোতি বুমি। ২

অনুবাদঃ যাঁহারা বিচক্ষণ তাঁহারা দৃষ্টি, শুতি কিম্বা জ্ঞানের (শীলব্রতের) দ্বারা কাহাকেও মুনি অভিহিত করেন না। যাঁহারা উপশান্তিচিত্ত, নির্দুঃখ, তৃষ্ণামুক্ত, আমি তাঁহাদিগকেই মুনি আখ্যা দিব।

১০৮৫। যে কেচি মে সমণ ব্রাহ্মণাসে, (ইচ্ছাযস্মা নন্দো)

দিট্ঠস্সুতেনাপি^৩ বদন্তি সুন্ধিং;

সীলব্রতেনাপি বদন্তি সুন্ধিং, অনেক রূপেন বদন্তি সুন্ধিং।

কচিস্সুতে ভগবা তথ যতা চরস্তা,

অতারু জাতিধ্ব জরঞ্জ মারিস; পুজ্জামি তৎ ভগবা বুহি মে তৎ। ৩

অনুবাদঃ আযুশ্মান নন্দ বলিলেনঃ— যত শ্রমণ ও ব্রাহ্মণ আছেন, তাঁহারা সকলেই বলিয়া থাকেন— দৃষ্টি ও শুতি দ্বারা শুন্ধি সাধিত হয়; শীলব্রত দ্বারা শুন্ধি সাধিত হয়; অন্য নানাবিধ প্রকারে শুন্ধি সাধিত হয়।

হে ভগবান! ঐরূপ মত পোষণ করিয়া কি তাহারা যথার্থপথে বিচরণ করেন? হে মারিস! তাহারা কি জন্ম ও জরা অতিক্রম করিয়াছেন? হে ভগবান! আপনাকে জিজ্ঞাসা করিতেছি প্রকাশ করুন।

১০৮৬। যে কেচি মে সমণব্রাহ্মণাসে, (নন্দাতি ভগবা)

দিট্ঠস্সুতেনাপি বদন্তি সুন্ধিং;

সীলব্রতেনাপি বদন্তি সুন্ধিং, অনেকরূপেন বদন্তি সুন্ধিং;

কিঞ্চাপি তে তথ যতা চরস্তি, নারিংসু জাতি জরণ্তি বুমি। ৪

^১ - মনিনো (স্যা- ক)

^২ - (ন সীলব্রতেন) কথচি পোথকে।

^৩ - দিট্ঠেন সুতেনাপি (সী)। দিট্ঠে সুতেনাপি (স্যা- ই- ক)

৮। নন্দমাণব পুজ্জা-নন্দ মানব প্রশ্ন

১০৮৩। 'সন্তি লোকে মুনযো', (ইচ্ছাযস্মা নন্দো) জনা বদন্তি তথিদং কথৎসু;

ঝাণ্পপন্নং নো মুনিং^১ বদন্তি, উদাত্তু বে জীবিতেনৃপপন্নং। ১

অনুবাদঃ আযুশ্মান নন্দ বলিলেনঃ— “জগতে মুনির অস্তিত্ব আছে, লোকে এইরূপ বলিয়া থাকে। আপনার কি মত? যিনি জ্ঞানসম্পন্ন তিনি কি মুনি বলে কথিত হন অথবা যিনি অকিঞ্চন?”

১০৮৪। ন দিট্ঠিয়া ন সুত্তিয়া ন গ্রাণেন, (^২) মুনীধ নন্দ কুসলা বদন্তি;

বিসেনিকচ্ছা অনীধা নিরাসা, চরণ্তি যে তে মুনযোতি বুমি। ২

অনুবাদঃ যাঁহারা বিচক্ষণ তাঁহারা দৃষ্টি, শুতি কিম্বা জ্ঞানের (শীলব্রতের) দ্বারা কাহাকেও মুনি অভিহিত করেন না। যাঁহারা উপশান্তিচিত্ত, নির্দুঃখ, তৃষ্ণামুক্ত, আমি তাঁহাদিগকেই মুনি আখ্যা দিব।

১০৮৫। যে কেচি মে সমণ ব্রাহ্মণাসে, (ইচ্ছাযস্মা নন্দো)

দিট্ঠস্সুতেনাপি^৩ বদন্তি সুন্ধিং;

সীলব্রতেনাপি বদন্তি সুন্ধিং, অনেক রূপেন বদন্তি সুন্ধিং।

কচিস্সুতে ভগবা তথ যতা চরস্তা,

অতারু জাতিধ্ব জরঞ্জ মারিস; পুজ্জামি তৎ ভগবা বুহি মে তৎ। ৩

অনুবাদঃ আযুশ্মান নন্দ বলিলেনঃ— যত শ্রমণ ও ব্রাহ্মণ আছেন, তাঁহারা সকলেই বলিয়া থাকেন— দৃষ্টি ও শুতি দ্বারা শুন্ধি সাধিত হয়; শীলব্রত দ্বারা শুন্ধি সাধিত হয়; অন্য নানাবিধ প্রকারে শুন্ধি সাধিত হয়।

হে ভগবান! ঐরূপ মত পোষণ করিয়া কি তাহারা যথার্থপথে বিচরণ করেন? হে মারিস! তাহারা কি জন্ম ও জরা অতিক্রম করিয়াছেন? হে ভগবান! আপনাকে জিজ্ঞাসা করিতেছি প্রকাশ করুন।

১০৮৬। যে কেচি মে সমণব্রাহ্মণাসে, (নন্দাতি ভগবা)

দিট্ঠস্সুতেনাপি বদন্তি সুন্ধিং;

সীলব্রতেনাপি বদন্তি সুন্ধিং, অনেক রূপেন বদন্তি সুন্ধিং;

কিঞ্চাপি তে তথ যতা চরস্তি, নারিংসু জাতি জরণ্তি বুমি। ৪

^১ - মনিনো (স্যা- ক)

^২ - (ন সীলব্রতেন) কথচি পোথকে।

^৩ - দিট্ঠেন সুতেনাপি (সী)। দিট্ঠে সুতেনাপি (স্যা- ই- ক)

অনুবাদ ৪ : নলঃ- আমি মহর্ষির এই বাকেয়ের অভিনন্দন করিতেছি। হে গৌতম! উপধি হইতে মুক্তি উত্তমরূপে কীর্তিত হইয়াছে। যাহারা এই জগতে যাহা দৃষ্ট, শুত অথবা চিন্তিত তাহা এবং শীলব্রত ও অন্য নানাবিধি উপায় পরিহারপূর্বক তৃষ্ণাকে সম্যক্রূপে বিদিত হইয়া অনাস্ত্রব হইয়াছেন, আমিও তাহাদিগকে ‘প্লাবনোভীর্ণ’ বলিব।

নল মানব প্রশ্ন সমাপ্ত।

-----o-----

৯। হেমক- মাণব পুজ্ঞা-হেমক মানব প্রশ্ন

১০৯০। যে মে পুরো বিয়াকংসু, (ইচ্ছাযশ্চা হেমকো) হুরং গোতম সাসনা;

“ইচ্ছাসি ইতি ভবিস্সতি” সবৰং তৎ ইতিহীতিহঃ;

সবৰং তৎ তক্ত বড়চনং, নাহং তথ অভিরমিঃ। ১

অনুবাদঃ আযুধান হেমক বলিলেনঃ— ‘যাহারা পূর্বে লোকান্তরে আমাকে গৌতম শাসন শিক্ষা দিয়াছিলেন, তাহাদের ‘এইরূপ ছিল, এইরূপ হইবে’ এই প্রকার শিক্ষা এগুলো সমষ্টই প্রবাদ বাক্য মাত্র। এই সমস্ত কেবল সংশয় বৃদ্ধিকারী।

১০৯১। তৃঞ্চ মে ধৰ্মমক্খাহি তণ্হানিগঢাতনং মুনি;

যৎ বিদিত্বা সতো চরং, তরে লোকে বিস্তিকৎ। ২

অনুবাদঃ উহাতে আমি আনন্দ লাভ করি নাই। কিন্তু হে মুনি! আপনি আমার নিকট তৃঝানাশী ধর্মের কীর্তন করুন, যাহা বিদিত হইয়া স্মৃতিমান নর জগতের তৃফণ অতিক্রম করিবে।

১০৯২। ইধ দিট্ঠিসুতমুতবিগ্রহাতেসু, পিয়রূপেসু হেমক,

ছন্দরাগ বিনোদনং, নিকানপদমচুতৎ। ৩

অনুবাদঃ বৃদ্ধঃ— এই জগতে দৃষ্ট, শুত ও চিন্তিত বিদ্যমান। হে হেমক! প্রিয়বস্তুতে অত্যাসক্তির নাশই অক্ষয় নির্বাণের অবস্থা।

১০৯৩। এতদঞ্চেত্রায যে সতা, দিট্ঠধমাভিনিবুতা;

উপসন্তা চ তে সদা, তিণ্ডা লোকে বিস্তিকষ্ট। ৪

অনুবাদঃ ইহা জ্ঞাত হইয়া যে সকল স্মৃতিমান ব্যক্তি ধর্মের দৃষ্টি লাভ করিয়া মৈর্য প্রাপ্ত হন, সেই সকল শান্ত, দর্শনসম্পন্ন পুরুষ, জগতের তৃফণকে অতিক্রম করিয়াছেন।

হেমক মানব প্রশ্ন সমাপ্ত।

১০। তোদেয় মাণব পুচ্ছা-তোদেয় মানব প্রশ্ন

১০৯৪। যশ্মিং কামা ন বসন্তি, (ইচ্ছাযস্মা তোদেয়ো) তণ্হা যস্স ন বিজ্ঞতি;
কথৎকথা চ যো তিণ্ণো, বিমোক্খো তস্স কীদিসো । ১

অনুবাদ : আয়ুর্ধান তোদেয় বলিলেনঃ— যিনি কামহীন, যাঁহার তৃষ্ণা
নাই, যিনি সংশয়োভীর্ণ, তাঁহার মুক্তি কীদৃশ ?

১০৯৫। যশ্মিং কামা ন বসন্তি, (তোদেয়োতি ভগবা) তণ্হা যস্স ন বিজ্ঞতি;
কথৎকথা চ যো তিণ্ণো, বিমোক্খো তস্স নাপরো । ২

অনুবাদ : ভগবান তোদেয়কে বলিলেনঃ— হে তোদেয় ! যিনি কামহীন,
যাঁহার তৃষ্ণা নাই, যিনি সংশয়োভীর্ণ, তাঁহার অন্যবিধ মুক্তি নাই ।

১০৯৬। নিরাসসো সো উদ আসসানো,
পঞ্চঞ্চাগবা সো উদ পঞ্চঞ্চকপ্পী;

মুনিং অহং সক্ত যথা বিজঞ্জওঁ, তৎ মে বিযাচিক্থ সমন্ত চক্খু । ৩

অনুবাদ : তোদেয়— যিনি বাসনামুক্ত বা বাসনাযুক্ত তিনি জ্ঞানপ্রাপ্ত বা
জ্ঞানার্থী, হে সর্বদশী, উহা আমার নিকট প্রকাশ করুন, যাহাতে মুনিকে
জানিতে পারি ।

১০৯৭। নিরাসসো সো ন চ আসসানো, পঞ্চঞ্চাগবা সো ন চ পঞ্চঞ্চকপ্পী;
এবম্পি তোদেয় মুনিং বিজান, অংকিঞ্চনং কামভবে অসন্তুষ্টি । ৪

অনুবাদ : বুদ্ধ— তিনি বাসনামুক্ত, বাসনাযুক্ত নহেন; তিনি জ্ঞানপ্রাপ্ত,
জ্ঞানার্থী নহেন; হে তোদেয় ! মুনি এইরূপ, ইহা জানিবে । তিনি অকিঞ্চন,
তোগতৃষ্ণায় ও জীবনে অনাসন্তুষ্ট ।

তোদেয় মাণব প্রশ্ন সমাপ্ত ।

---o---

১১। কপ্প-মানব পুচ্ছা-কপ্প মানব প্রশ্ন

১০৯৮। মঞ্জু সরশ্বিৎিট্ঠতৎ, (ইচ্চাযশ্বা কস্পো) ওঘে জাতে মহব্রতযে;

জরামচুপরেতানৎ, দীপৎ পুরুহি মারিস,

তৃঞ্চ মে দ্বীপমক্খাহি, যথাযিদৎ নাপরং সিয়া। ১

অনুবাদ ৪ : আয়ুশ্মান কপ্প বলিলেনঃ— হে মারিস! ভয়সঙ্কুল প্লাবনে জলমধ্যে দণ্ডায়মান জরামরণাভিভূত প্রাণীগণের মধ্যে কোন দ্বীপ আছে, প্রকাশ করুন, যে দ্বীপের আশ্রয় লইলে আর পুনরাগমন নাই, সেই দ্বীপ আমার নিকট প্রকাশ করুন।

১০৯৯। মঞ্জু সরশ্বিৎিট্ঠতৎ, (কস্পাতি ভগবা) ওঘে জাতে মহব্রতযে;

জরামচুপরেতানৎ, দীপৎ পুরুমি কপ্পতে। ২

অনুবাদ ৫ : ভগবান কপ্পকে বলিলেনঃ— হে কপ্প! ভয়সঙ্কুল প্লাবনে জলমধ্যে দণ্ডায়মান জরামরণাভিভূত প্রাণীগণের জন্য যে দ্বীপ আছে তাহা তোমার নিকট প্রকাশ করিব।

১১০০। অকিঞ্চনং অনাদানৎ, এতৎ দীপৎ অনাপরং,

নির্বানং ইতি^১ নৎ পুরুমি, জরামচু পরিক্খয়ৎ। ৩

অনুবাদ ৬ : ঐ অতুলনীয় দ্বীপ অকিঞ্চন এবং বাসনাবর্জিত, আমি উহাকে নির্বাণ বলি, জন্ম ও মৃত্যুর নাশ ঐ স্থানে।

১১০১। এতদএব্রহ্মায যে সতা, দিট্ঠধ্মাভিনিরুতা,

ন তে মারবসানুগা, ন তে মারস্স পদ্ধগৃতি^২। ৪

অনুবাদ ৭ : ইহা জ্ঞাত হইয়া যাহারা শৃতিমান এবং ধর্মের দৃষ্টি লাভ করিয়া চৈর্য প্রাপ্ত, তাহারা মারের বশানুগ হন না, মারের আদেশবাহী হন না।

কপ্প মানব প্রশ্ন সমাপ্ত।

---o---

^১ — নির্বানমীতি (সী)

^২ — পট্টগৃতি (স্যা— ক)

১২। জতুকণ্ঠি মানব পুচ্ছা-জতুকণ্ঠি মানব পশু

১১০২। সুত্রানহং বীরমকামকামিঃ, (ইচ্চাযশ্চা জতুকণ্ঠি)

ওঘাতিগং পুটুষ্ঠমকামমাগমং;

সন্তিপদং বুহি সহজনেতো, যথাতচ্ছং ভগবা বুহি মে তৎ। ১

অনুবাদ ৪ আযুশ্মান জতুকণ্ঠি বলিলেনঃ— কামনুক্ত, প্রাবন উদ্বীগ বীরের বিষয় শুবণ করিয়া, আমি সেই কামহীনকে জিজ্ঞাসা করিবার জন্য আসিয়াছি। হে ভগবান! সহজ নেত্র! শান্তিপদ প্রকাশ করুন। হে ভগবান! যথাযথরূপে উহার কীর্তন করুন।

১১০৩। ভগবা হি কামে অভিভুব্য ইরিযতি, আদিচোব পথবিং তেজী তেজসা;
পরিস্তপ্রেঞ্জিস্ম মে ভূরিপ্রেঞ্জি,

আচিক্ষ ধম্মং যম্হং বিজ্ঞেঞ্জং জাতি জরায ইধ বিপ্রহানং। ২

অনুবাদ ৪ কারণ, তেজবান সূর্য যেইরূপ তেজ দ্বারা পৃথিবীকে অভিভৃত করে, ভগবানও সেইরূপ কামজয়ী হইয়া বিচরণ করেন। হে ভূরিপ্রাঞ্জ! আমি জ্ঞানহীন, আমার নিকট ধর্ম প্রকাশ করুন, যাহাতে আমি এই জগতে জন্ম ও জরা হইতে মুক্তি লাভ করিতে পারি।

১১০৪। কামেনু বিনয গেধৎ, (জতুকণ্ঠাহি ভগবা) নেক্খমং দুর্তু খেমতো,
উপ্লাহীতং নিরস্তং বা, মা তে বিজ্ঞথ কিঞ্চনং। ৩

অনুবাদ ৪ ভগবান জতুকণ্ঠিকে বলিলেনঃ— হে জতুকণ্ঠ! কাম ও লোভ পরিহার কর। ‘বৈরাগ্যেই সুখ’, ইহা চিন্তা করিয়া তোমার যেন গ্রহণ ও বর্জন কিছুই না থাকে।

১১০৫। যং পুরো তৎ বিসোসেহি, পচ্ছা তে মাতু কিঞ্চনং,
মঞ্জে চে নো গহেস্সসি, উপসন্তো চরিস্সাসি। ৪

অনুবাদ ৪ ভবিষ্যতের চিন্তা পরিত্যাগ কর, তোমার পিছনে যেন কিছুই না থাকে। যদি মধ্যভাগে আসন্ত না হও, তাহা হইলে তুমি শান্ত হইয়া বিচরণ করিবে।

১১০৬। সকরসো নামরূপশ্চিং, বীতগেধস্স ব্রাক্ষণ,
আসবাস্স ন বিজ্ঞতি, যেহি মচুবসং বজেতি। ৫

অনুবাদ ৪ হে ব্রাক্ষণ! সর্বপ্রকার নামরূপে যিনি স্পৃহাহীন, তাঁহার আস্মা নাই, যাহা মানুষকে মৃত্যুর বশানুবৃত্তি করে।

জতুকণ্ঠি মানব পশু সমাঙ্গ।

১৩। ভদ্রাবুধ-মাণব পুচ্ছা-ভদ্রাবুধ মানব প্রশ্ন

১১০৭। ওকঞ্জহং তণ্হচ্ছিদং অনেজং, (ইচ্ছাযস্মা ভদ্রাবুধো)

নন্দিঙ্গহং শযতিণং বিমুক্তঃ;

কপ্পঞ্জহং অভিযাচে সুমেধং, সুত্রান নাগস্স অপনমিস্সন্তি ইতো। ১

অনুবাদঃ আযুষ্মান ভদ্রাবুধো বলিলেনঃ— গৃহত্যাগী, ত্রফাহীন, বাসনাহীন, সর্বসুখ পরিহারী প্লাবনোন্তীর্ণ, বিমুক্ত, কল্পতীত, জ্ঞানবন্তকে অনুনয় করিতেছি, সমাগতগণ নাগের বচন শ্রবণ করিয়া এখান হইতে প্রস্থান করিবে।

১১০৮। নানাজনা জনপদেহি সঙ্গতা, তব বীর বাক্যং অভিকঙ্খমানা;

তেসং তুবৎ সাধু বিধাকরোহি, তথা হিতে বিদিতো এস ধম্মো। ২

অনুবাদঃ হে বীর! জনপদসমূহ হইতে বহুজন আপনার বাক্য শ্রবণ করিবার অভিলাষে একত্রে সমাগত হইয়াছে। তাহাদের নিকট সুস্পষ্ট ব্যাখ্যা করুন, যাহাতে তাহারা এই ধর্ম সুবিদিত হয়।

১১০৯। আদানতণ্হং বিনযেথ সৰ্বং, (ভদ্রাবুধাতি ভগবা)

উদ্ধৰং অধো তিরিয়ত্বাপি মঞ্জে;

যং যঞ্চহি লোকশ্মিমুপাদিযন্তি, তেনেব মারো অষ্টেতি জন্মুঃ। ৩

অনুবাদঃ ভগবান ভদ্রাবুধকে বলিলেনঃ— হে ভদ্রাবুধ! সর্ববস্তুতে আসক্তি দমন করিবে; যেমন— উর্ধ্বে, নিম্নে, অনুপস্থে অথবা মধ্যে। কারণ এই জগতের যে যে বস্তুতে মানুষ আসক্ত হয়, এই সকলের দ্বারাই মার মানুষের অনুসরণ করে।

১১১০। তস্মা পজানং ন উপাদিযেথ, ভিক্খু সতো কিঞ্চনং সরবলোকে;

আদানসন্তে ইতি পেক্খমানো, পজং ইমং মচুধেয়ে বিসন্তন্তি। ৪

অনুবাদঃ অতএব, উহা জ্ঞাত হইয়া জাগ্রতচিত্ত ভিক্ষু, মৃত্যুর অধীন এই প্রাণী জগতকে ত্রঞ্চেতুত চিন্তা করিয়া সর্বলোকে কোন বস্তুতে আসক্ত হইবেন না।

ভদ্রাবুধ মানব প্রশ্ন সমাপ্ত।

—o—

১৪। উদয় মাণব পুচ্ছা-উদয় মানব পশু

১১১১। ঝায়িং বিরজমাসীনং, (ইচ্ছাযশ্চা উদযো) কতকিছৎ অনাসবং;
পারগুং সৰু ধৰ্মানং, অথি পঞ্চেন আগমং;

অঞ্চেণ বিমোক্খং পুরুহি, অবিজ্ঞায পতেদনং। ১

অনুবাদ ৪ আযুশ্মান উদয় বলিলেনঃ— ধ্যানী ও বিরজ হইয়া আসীন,
কৃতকর্তব্য, অনাস্তব, সর্বধর্মে পারদশীর নিকট আমি পশু জিজ্ঞাসার্থী। যাহাতে
অবিদ্যার ধৰ্মস হয়, সেই জ্ঞান বিমোক্ষ প্রকাশ করুন।

১১১২। পহানং কামচ্ছন্দানং, (উদযাতি ভগবা) দোমনস্সান চৃত্যং;
থিনস্ম চ পন্দুনং, কুকুচ্ছানং নিবারণং। ২

অনুবাদ ৫ ভগবান উদয়কে বলিলেনঃ— হে উদয! ভোগবিলাস, বাসনা ও
মানসিক অবসাদ উভয়ের পরিহার, জড়তার দূরীকরণ এবং দুষ্কৃতির নিবারণ
(ইহাই জ্ঞানবিমোক্ষ)।

১১১৩। উপেক্খাসতিসংসুন্ধৎ, ধৰ্মতক্ষপুরেজবং,
অঞ্চেণ বিমোক্খং পুরুণি, অবিজ্ঞায পতেদনং। ৩

অনুবাদ ৬ উপেক্ষা ও চিন্তের জাগৃতি দ্বারা সংশুন্ধ এবং যাহা ধর্মের বিচার
হইতে উত্তৃত হয়, সেই অবিদ্যার ধৰ্মসকারী জ্ঞানবিমোক্ষ তোমার নিকট
প্রকাশ করিলাম।

১১১৪। কিংসু সংযোজনো লোকো, কিংসু তস্স বিচারণং;
কিস্মস্স বিপ্পহানেন, নির্বানং ইতি বুচ্ছতি। ৪

অনুবাদ ৭ উদয়ঃ— পৃথিবীতে সংযোজন কি? কি প্রকারে মূলানুসন্ধান হয়?
কিসের বর্জন নির্বাণ নামে আখ্যাত হয়?

১১১৫। নন্দিসংযোজনো লোকো, বিতক্স্স বিচারণং,
তণ্হায বিপ্পহানেন, নির্বানং ইতি বুচ্ছতি। ৫

অনুবাদ ৮ বুদ্ধঃ— ইন্দ্রিয সুখ জগতের সংযোজন। বিতর্কের দ্বারা
মূলানুসন্ধান হয়। ত্যগার বর্জন নির্বাণ আখ্যাত হয়।

১১১৬। কথং সতস্স চরতো, বিঞ্চেণ ণং উপরুঞ্জতি,
ভগবন্তং পুট্টুমাগম্য, তৎ সুণোম বচো তব। ৬

অনুবাদ ৯ উদয়ঃ— জাগ্রতচিন্তে বিচারণকারীর বিজ্ঞানের নিরোধ কিরূপে হয়?
আপনাকে জিজ্ঞাসা করিবার জন্য আগত হইয়াছি, আপনার বচন শুনিতে বাসনা
করি।

১১১৭। অঞ্জলিপ্রতি বহিন্দা চ, বেদনং নাতিশিল্পতো,
এবৎ সতস্স চরতো, বিগ্রেগণং উপরুচ্ছতীতি । ৭

অনুবাদ ৪ বৃদ্ধঃ— যিনি আধ্যাত্মিক ও বাহির উভয়বিধি বেদনাতে উদাসীন
সেই জাগ্রত চিত্তে বিচরণকারীর বিজ্ঞানের নিরোধ হয় ।

উদয় মানব প্রশ্ন সমাপ্ত ।

— — — O — — —

১৫। পোসাল মাণব পুষ্টি—পোসাল মানব প্রশ্ন

১১১৮। যো অতীতং আদিসতি, (ইচ্ছায়মা পোসালো) অনেজো ছিন্নসংসযো; পারগুং সৰধম্যানং, অথি পঞ্চেন আগমং । ১

অনুবাদ ৪ আযুশ্মান পোসাল বলিলেনঃ— যিনি অতীতদশী, তৃষ্ণাহীন, সংশয়হীন, সর্বধর্মে পারদশী, আমি তাহার নিকট প্রশ্ন জিজ্ঞাসাথী ।

১১১৯। বিভূতরূপসঞ্চিত্রিষ্মস, সৰকাব্যপ্রায়নো,

অঞ্জনুগ্রহ বহিন্দ্বা চ, নথি কিঞ্চিতি পস্মতো;

এণ্ডং সকানুপুষ্টামি, কথং নেয়ো তথাবিধো । ২

অনুবাদ ৪ হে সক! যিনি বৃপ্তবৎসের সংজ্ঞাসম্পন্ন, যিনি সর্বপ্রকার কায় পরিহার করিয়াছেন, যাহার ‘অন্তরে এবং বাহিরে কিছুরই অস্তিত্ব নাই’ ইহা দর্শন করিয়াছেন, তাহার জ্ঞান সহমৈ আমি প্রশ্ন করিতেছি। তাদৃশ ব্যক্তি কিরূপে (অন্য) চালিত হইবেন?

১১২০। বিঞ্চিত্রণাট্ঠিতিযো সৰবা, (পোসালাতি ভগবা) অভিজানং তথাগতো;

তিচ্ছ্রমেনং জানাতি, বিমুক্তং তপ্তরাযণং । ৩

অনুবাদ ৫ ভগবান পোসালকে বলিলেনঃ— হে পোসাল! সব বিজ্ঞানের স্থিতি অবগত হইয়া যিনি বিমুক্ত ও তৎপরায়ণ হইয়া অবস্থান করিতেছেন, তাহাকে তথাগত অবগত আছেন।

১১২১। আকিঞ্চন্ত্রিষ্মসম্ববং এওত্তা, নন্দী সংযোজনং ইতি,

এবমেতৎ অভিঞ্চ্ছায, ততো তথ বিপস্তিতি;

এতৎ এণ্ডং তথং তস্ম, ব্রাহ্মণস্ম বুসীমতোতি । ৪

অনুবাদ ৫ ‘আকিঞ্চন্তো ইন্দ্রিয়সুখরূপ সংযোজনের উৎপত্তি অসম্ভব’; ইহা জ্ঞাত হইয়া তিনি এই বিষয়ে অন্তর্দৃষ্টি লাভ করেন। ইহাই সম্পূর্ণতা প্রাপ্ত ব্রাহ্মণের জ্ঞান।

পোসাল মানব প্রশ্ন সমাপ্ত ।

-----o-----

১৬। মোঘরাজ মাণব পুচ্ছা-মোঘরাজ মানব প্রশ্ন

১১২২। দ্বাহং সক্তং অপুচ্ছিসং, (ইচ্ছাযশ্মা মোঘরাজা)

ন মে ব্যাকাসি চক্খুমা;
যাবতত্ত্বিয়স্ত দেবীসি, ব্যাকরোতীতি মে সুতৎ। ১

অনুবাদ : আয়ুশ্মান মোঘরাজ বলিলেনঃ— আমি দুইবার সক্তকে প্রশ্ন (জিজ্ঞাসা) করিয়াছি, কিন্তু চক্ষুশ্মান উক্তর দেন নাই। আমি শুনিয়াছি তৃতীয়বার প্রশ্ন করিলে দেবৰ্ষি প্রকাশ করেন।

১১২৩। অষৎ লোকো পরোলোকো, ব্রহ্মলোকো সদেবকো;
দিট্টার্থিং তে নাভিজানাতি, গোতমস্স যসস্সিনো। ২

অনুবাদ : ইহলোক, পরলোক, ব্রহ্মলোক, দেবলোক বিদ্যমান; আমি আপনার— যশস্বী গৌতমের অভিমত অবগত নহি।

১১২৪। এবং অভিকৃষ্ণ দস্সাবিং, অথি পঞ্চহেন আগমৎ,
কথৎ লোকৎ অবেক্খন্তৎ, মচুরাজা ন পস্সতি। ৩

অনুবাদ : যিনি সর্বোক্তু জ্ঞানলব্ধ তাঁহার নিকট আমি প্রশ্ন জিজ্ঞাসার্থীঃ জগতকে কিরূপে দর্শন করিলে মৃত্যু হইতে অব্যাহতি হয়?

১১২৫। সুগ্রেডতো লোকৎ অবেক্খস্সু, মোঘরাজ সদা সতো;
অঙ্গানুদিট্টার্থিং উহচ, এবৎ মচুতরো সিয়া,
এবৎ লোকৎ অবেক্খন্তৎ, মচুরাজা ন পস্সতীতি। ৪

অনুবাদ : হে মোঘরাজ! সর্বদা শৃতিমান হইয়া জগতকে শূন্যময় নিরীক্ষণ (দর্শন) কর; শুকৃত কল্পনাকে আগ্রাহ্য করিয়া মৃত্যু উত্তীর্ণ হইবে; যিনি জগতকে এইরূপে নিরীক্ষণ করেন, তিনি মৃত্যুর হাত হইতে অব্যাহতি লাভ করেন।

মোঘরাজ মাণব প্রশ্ন সমাপ্ত।

— — O — —

১৭। পিঙ্গিয় মাগব পুচ্ছা-পিঙ্গিয় মানব প্রশ্ন

১১২৬। জিগ্নেহমস্মি অবলো বীতবগ্নে, (ইচ্চায়ম্বা পিঙ্গিযো)

নেক্তা ন সুদৰ্থা সবনং ন ফাসু;
মাহং নসং মোহুহো অন্তরাব,

আচিক্খ ধন্বং যমহং বিজ়েওঁওঁ; জাতিজরায ইধ বিপ্পহানং। ১

অনুবাদ ৪ আযুশ্মান পিঙ্গিয় বলিলেনঃ— আমি জীর্ণ (বৃদ্ধ), বলহীন ও বির্ণ হইয়াছি। আমার চক্ষু অশ্বচ্ছ, শুরণ শক্তি ক্ষীণ, যাহাতে মৃচ্ছার বশবতী হইয়া আমি পথমধ্যে বিনষ্ট না হই, আমাকে সেইরূপ ধর্মোপদেশ দান করুন; যদ্বারা আমি জগতে জন্ম ও জরার পরিহার অবগত হইতে পারি।

১১২৭। দিষ্মান রূপেসু বিহেওঁওমানে, (পিঙ্গিযাতি ভগবা)

রূপস্তি রূপেসু জন পমতা;

তস্মা তুবৎ পিঙ্গিয় অপ্পমন্তো, জহস্সু রূপং অপুনব্ডবায। ২

অনুবাদ ৫ ভগবান পিঙ্গিয়কে বলিলেনঃ— হে পিঙ্গিয়! যাহার দেহক্রিষ্ট, যে সকল প্রমত্ত ব্যক্তি দেহপীড়িত, তাহাদিগকে দেখিয়া, হে পিঙ্গিয়! তুমি অপ্রমত্ত হইয়া পুনর্জন্মের নিবারণার্থ দেহ পরিত্যাগ কর।

১১২৮। দিসা চতস্সো বিদিসা চতস্সো, উন্ধং অধো দস দিসা ইমাযো;

ন তুবৎ অদিট্ঠং অসুতৎ অমুতৎ^১,

অথো অবিএঁ-এগাতৎ কিঞ্চন^২ মথি^৩ লোকে,

আচিক্খ ধন্বং যমহং বিজ়েওঁওঁ, জাতিজরায ইধ বিপ্পহানং। ৩

অনুবাদ ৬ পিঙ্গিয়ঃ— চারিদিক, চারি বিদিক, উধৰ্ণ ও অধঃঁ এই দশদিক, জগতে আপনার অদৃষ্ট, অশুত, অচিন্তিত এবং অজ্ঞাত কিছুই নাই। আমাকে সেইরূপ ধর্মোপদেশ দান করুন যাহা দ্বারা আমি জগতে জন্ম ও জরার পরিহার অবগত হইতে পারি।

১১২৯। তণ্হাধিপন্নে মনুজে পেক্খমানো, (পিঙ্গিযাতি ভগবা)

সন্তাপজাতে জরসা পরেতে;

তস্মা তুবৎ পিঙ্গিয় অপ্পমন্তো, জহস্সু তণ্হং অপুনব্ডবাযাতি। ৪

অনুবাদ ৭ ভগবান বলিলেনঃ— হে পিঙ্গিয়! তৃষ্ণানিপন্ন, সন্তপ্ত, জরাভিভৃত মানুষকে দেখিয়া তুমি অপ্রমত্ত হইয়া পুনর্জন্মের নিবারণার্থ তৃষ্ণা পরিহার কর।

পিঙ্গিয় মানব প্রশ্ন সমাপ্ত।

^১ - অসুতৎ অমুতৎ বা (সী)। অসুতামুতৎ বা (স্যা)। অসুতৎ'মুতৎ বা (ই)

^২ - কিঞ্চিমথি (স্যা)। কিঞ্চিন্মথি (ক)

পারায়নযুক্তি গাথা

ইদমবোচ ভগবা মগধেসু বিহরন্তো পাসাণকে চেতিয়ে। পরিচারক সোলসান^১ ব্ৰহ্মণান^২ অজ্ঞিট্ঠো পুট্ঠো পুট্ঠো প্ৰহ^৩ ব্যাকাসি। একমেকস্স চেপি প্ৰহস্স অথমও়্যগ্রায ধৰ্মমও়্যগ্রায ধৰ্মানুধন্মং পটিপজ্জেয়। গচ্ছয়েব জৱামৱণস্স পাৰং। পাৰজামনীয়া ইমে ধৰ্মাতি। তস্সা ইমস্স ধৰ্মপৱিযাযস্স পারাযনন্তেব^৪ অধিবচনং।

পারায়ন উৎপত্তি গাথা

অনুবাদ ৪ : মগধের পাষাণ চৈত্যে অবস্থানকালে ভগবান এইরূপ বলিয়াছিলেন। যোলজন পরিচারক ব্ৰাহ্মণ কৃত্ক অনুৰূপ হইয়া, পুনঃপুনঃ জিজ্ঞাসিত হইয়া উত্তর দিয়াছিলেন। যদি কেহ প্ৰতিটি প্ৰশ্নের অৰ্থপৰ্যায় ও ধৰ্মপৰ্যায় অনুধাবন (উপলব্ধি) পূৰ্বক ধৰ্ম-নিৰ্দিষ্ট নিয়মানুসারে স্বীয় (আপন) জীবন চালিত কৱেন, তাহা হইলে তিনি জৰা ও মৱণ উন্নীণ হইবেন। এই ধৰ্ম পৱিপারে উত্তৱণকাৰী। তজন্য এই ধৰ্মপৰ্যায় ‘পারায়ণ’ নামে অভিহিত হয়।

১১৩০। অজিতো তিস্সমেন্তেযো, পুণ্যকো অথ মেষগৃ,

ধোতকো উপসীবো চ, নন্দো চ অথ হেমকো। ১

অজিত, তিস্সমেন্তেয়, পুণ্যক এবং মেষগৃ;

ধোতক, উপসীব, নন্দ এবং হেমক,

১১৩১। তোদেয়া কস্পা দুভযো, জতুকণী চ পত্তিতো,

তদ্বাবুধো উদযো চ, পোসালো চাপি ব্ৰাহ্মণো;

মোঘৱাজা চ মেধাবী, পিঙ্গিযো চ মহাইসি। ২

অনুবাদ ৪ তোদেয়া আৱ কস্প এতদুভয়, পত্তিত জতুকণী, তদ্বাবুধো ও উদয়, তৎসহ ব্ৰাহ্মণ পোসাল, মেধাবী মোঘৱাজা এবং মহার্থি পিঙ্গিয়,

১১৩২। এতে বুদ্ধং উপাগচ্ছুং, সম্পন্নচৱণং ইসিং,

পুচ্ছত্বা নিপুণে প্ৰহে, বুদ্ধসেৰ্চং উপাগমুং। ৩

^১ – পরিচারক সোলসন্নুং (স্যা- ক)

^২ – প্ৰহে (সী- ই)

^৩ – পারাযনন্তেব (সী- অঢ়ট)

অনুবাদ ৪ : এই সকল আদর্শ আচরণসম্পন্ন ঋষি বুদ্ধের নিকট গমন করিলেন; নিপুণ প্রশ়নসমূহ জিজ্ঞাসা করিতে করিতে তাঁহার নিকটে আগত হইলেন।

১১৩৩ । তেসং বুদ্ধে পব্যাকাসি, পঞ্চে পুট্ঠো যথাতথঃ;
পঞ্চাননং বেয্যাকরণেন, তোসেসি ব্রাহ্মণে মুনি । ৪

অনুবাদ ৫ : বুদ্ধ তাহাদের জিজ্ঞাসিত প্রশ্নসমূহের যথাযথ উত্তর দান করিলেন, মুনির উত্তরে ব্রাহ্মণগণ তুষ্ট হইলেন।

১১৩৪ । তে তোসিতা চক্খুমতা, বুদ্ধেনাদিচবন্ধুনা;
ব্রহ্মচরিয়মচরিংসু, বরপঞ্চঞ্চস্স সন্তিকে । ৫

অনুবাদ ৫ : চক্ষুশ্বান আদিত্য বন্ধু বুদ্ধের দ্বারা তুষ্ট হইয়া সেই ব্রাহ্মণগণ বরপঞ্জের নিকট ব্রহ্মচর্য পালন করিতে লাগিলেন।

১১৩৫ । এক মেকস্স পঞ্চহস্স, যথা বুদ্ধেন দেসিতৎ,
তথা যো পটিপঞ্জেয়, গচ্ছে পারং অপারতো । ৫

অনুবাদ ৫ : বুদ্ধ প্রত্যেক প্রশ্নের উত্তরে যেইরূপ উপদেশ দিয়াছিলেন, যিনি সেইরূপভাবে নিজের জীবন চালিত করিলেন, তিনি এইপার হইতে অপর পারে গমন করিলেন।

১১৩৬ । অপারা পারং গচ্ছেয়, ভাবেন্তো মঞ্চমুন্তমং;
মঞ্চ সো পারং গমনায, তস্সা পারায়নং ইতি । ৭

অনুবাদ ৫ : তিনি উত্তম মার্গে প্রবেশ করিয়া এই পার হইতে অপর পারে গমন করিলেন; ঐ মার্গ পরপারে উত্তরণকারী, তজ্জন্য ‘পারায়ণ’ কথিত হয়।

পারায়ন উৎপত্তি গাথা সমাপ্ত ।

— — o — —

পারায়নাগীতি গাথা

১১৩৭। পারায়নমনুগাযিস্সং, (ইচ্ছাযশ্চা পিজিযো)

যথা 'দ্বক্ষি' তথা 'ক্খাসি' বিমলো ভূরিমেধসো,
নিকামো নিরবনো নাগো কি'স্স হেতু মুসা ভণে। ১

অনুবাদ : আযুষ্মান পিজিয় বলিলেনঃ— আমি পারায়ণ কীর্তন করিব-
তিনি যেইরূপ দেখিয়াছেন সেইরূপই প্রকাশ করিয়াছেন— বিমল, প্রভৃত
মেধাসম্পন্ন, নিকাম, বাসনামুক্ত নাগ কি হেতু মিথ্যা বলিবেন?

১১৩৮। পহীনমলমোহস্স, মানমক্খপ্রহাযিনো

হন্দাহং কিন্তুবিস্সামি, গিরং বণ্পপসঞ্চহিতং। ২

অনুবাদ : যিনি অমল, অমোহ, যিনি মান ও শর্ততা বর্জিত, তাঁহার মধুর
বাক্য আমি কীর্তন করিব।

১১৩৯। তমোনুদো বুদ্ধো সমন্তচক্ষু, লোকস্ত্রু সক্ষতবাতিবন্তো;

অনাসবো সক্র দুক্খপ্রহীনো, সচ্চবহযো ব্রক্ষে উপাসিতো মে। ৩

অনুবাদ : তমোহারী, সর্বদশী, লোকজ্ঞ, সর্বজন্ম পরিহারী, অনাস্ত্রব,
সর্বদুঃখ প্রহীন, ব্রাহ্মণ বুদ্ধ স্বীয় নামের উপযুক্ত, আমি তাঁহার উপাসনা করি।

১১৪০। দিজো যথা কুকুনকং পহায, বহুপফলং কাননমাবসেয়;

এবম্পহং অস্পদস্সে পহায, মহোদধিং হংসোরিব অঙ্গপন্তো। ৪

অনুবাদ : পক্ষী যেইরূপ গুল্ম পরিত্যাগ করিয়া বহুফলযুক্ত কানন আশ্রয়
করে, আমিও সেইরূপ অন্নদশীদিগকে পরিত্যাগ করিয়া হংসের ন্যায় মহোদধি
আশ্রয় করিয়াছি।

১১৪১। যে মে পুরৈ বিযাকংসু, (ইচ্ছাসি ইতি ভবিস্সতি),

হুরং গোত্য সাসনা;

সৰ্বং তৎ ইতিহিতিহং, সৰ্বং তৎ তক বড়চনং। ৫

অনুবাদ : যাঁহারা পূর্বে লোকান্তরে আমাকে গৌতম শাসন শিক্ষা
দিয়াছিলেন, তাহাদের 'এইরূপ ছিল, এইরূপ হইবে' এই প্রকার শিক্ষা সমন্ত
প্রবাদ মাত্র। ঐ সমন্ত প্রবাদ সংশয় বৃদ্ধিকারী।

১১৪২। একো তমনুদাসিনো, জুতিমা সো পতঙ্করো,

গোতমো ভূরিপঞ্চাণো, গোতমো ভূরিমেধসো। ৬

অনুবাদ ৪ একমাত্র তমোহারী আছেন। তিনি উচ্চজাতি-সম্পন্ন প্রভাকর, ভূরিপ্রাঞ্জ গৌতম, ভূরিমেধাসম্পন্ন গৌতম।

১১৪৩। যো মে ধন্যমদেসেসি, সন্দিট্টিকমকালিকৎ,

তণ্হক্খয়মনীতিকৎ, যস্স'নথি উপমা কৃচি । ৭

অনুবাদ ৪ যিনি আমাকে ধর্ম শিক্ষা দিয়াছেন— যে ধর্ম সন্দৃষ্টিক, অকালিক ফল প্রদায়ী, যাহা তৃঝাক্ষয়কারী, যাহা উপদ্রবমুক্ত, যাহার কোন তুলনা নাই।

১১৪৪। কিংনু তম্হা বিপ্পবসসি, মুহূর্তম্পি পিঙ্গিয়,

গোতমা ভূরিপঞ্চঞ্চাণা, গোতমা ভূরিমেধসা । ৮

অনুবাদ ৪ বাবরী বলিলেনঃ— হে পিঙ্গিয়, তুমি কি মুহূর্তের জন্যও সেই ভূরিপ্রাঞ্জ, ভূরিমেধাসম্পন্ন গৌতমের নিকট হইতে বিছিন্ন হইয়া অবস্থান করিতে পারিবে?

১১৪৫। যো তে ধন্যমদেসেসি, সন্দিট্টিকমকালিকৎ,

তণ্হক্খয়মনীতিকৎ, যস্স'নথি উপমা কৃচি । ৯

অনুবাদ ৪ যিনি তোমাকে ধর্ম শিক্ষা দিয়াছেন— যে ধর্ম সন্দৃষ্টিক, অকালিক ফল প্রদায়ী যাহা তৃঝাক্ষয়কারী, যাহা উপদ্রবমুক্ত, যাহার কোন তুলনা নাই?

১১৪৬। নাহং তম্হা বিপ্পবসামি, মুহূর্তম্পি ব্রাক্ষণ,

গোতমা ভূরিপঞ্চঞ্চাণা, গোতমা ভূরিমেধসা । ১০

অনুবাদ ৪ পিঙ্গিয়ঃ— হে ব্রাক্ষণ! সেই ভূরিপ্রাঞ্জ, ভূরিমেধাসম্পন্ন গৌতমের নিকট হইতে আমি মুহূর্ত মাত্রও বিছিন্ন হই না।

১১৪৭। যো মে ধন্যমদেসেসি, সন্দিট্টিকমকালিকৎ,

তণ্হক্খয়মনীতিকৎ, যস্স'নথি উপমা কৃচি । ১১

অনুবাদ ৪ যে গৌতম আমাকে ধর্ম শিক্ষা দিয়াছেন— সেই ধর্ম সন্দৃষ্টিক, অকালিক ফল প্রদায়ী, যাহা তৃঝাক্ষয়কারী, যাহা উপদ্রবমুক্ত, যাহার, কোন তুলনা নাই।

১১৪৮। পস্সামি নং মনসা চক্খুনাব, রত্নিন্দিবং ব্রাক্ষণ অপ্পমন্ত্রো;

নমস্সমানো বিবসেমি রত্নিং তেনেব মঞ্চঞ্চামি অবিপ্ববাসং । ১২

অনুবাদ ৪ হে ব্রাক্ষণ! আমি তাঁহাকে দিবারাত্রি অপ্রমত্ত হইয়া মন ও চক্ষু দ্বারা দর্শন করি। তাঁহার পূজায়, রাত্রি অতিবাহিত করি। সেই জন্য আমি তাঁহার কাছ হইতে অবিছিন্ন মনে করি।

১১৪৯। সন্ধা চ পীতি চ মনো সতি চ না'পেল্লি'মে গোতমসাসনমৃহা;

যৎ যৎ দিসং বজতি ভূরিপঞ্চেৱা, স তেন তেনেব নতোহমশ্চি। ১৩

অনুবাদ : শুন্ধা, প্রতিযুক্ত মন ও শূন্তি আমাকে গৌতম শাসনে নথিত করে। ভূরিপ্রাঞ্জ যে দিকেই ভ্রমণ করেন, আমিও সেই দিকেই চালিত হই।

১১৫০। জিগ্নস্ম মে দুর্বলথামকস্ম, তেনেব কায়ো ন পলেতি তথ্য;

সংক্ষেপ্যভাষ্য^১ বজায়ি নিচৎ, মনো হি মে ব্রাহ্মণ তেন যুক্তো। ১৪

অনুবাদ : আমার জীৰ্ণ ও দুর্বল দেহ তথায় যাইতে অক্ষম। কিন্তু মন দ্বারা আমি নিত্য তথায়, গমন করি। কারণ, হে ব্রাহ্মণ! আমার মন তাঁহাতে যুক্ত।

১১৫১। পঞ্জে স্যানো পরিফল্মদমানো, দীপা দীপং উপপুবিঃ^২,

অথদসাসিং সমুদ্ধৎ, ওঘতিগুমনাসবং। ১৫

অনুবাদ : পঞ্জে শায়িত হইয়া, স্পন্দমান হইয়া, আমি দীপ হইতে দ্বিপাল্লৰে ধাবিত হইয়াছিলাম। পরে প্রাবনোভীৰ্ণ অনাস্ত্র সমুদ্ধেৰ দর্শন পাইলাম।

১১৫২। যথা অহু বক্তলি মন্তসন্দৰ্ভ, ভদ্রাবুধো আলবি গোতমো চ,

এবমেবৎ তৃষ্ণি পমুঞ্চস্মসু সন্ধৎ,

গমিস্সসি তৃৎ পিঙ্গিয মচুধেয়স্ম পারং^৩। ১৬

অনুবাদ : “যেইরূপ বক্তলি, ভদ্রাবুধ এবৎ আলবি, গোতমেৰ প্রতি শুন্ধা দ্বারা মুক্ত হইয়াছিলেন; সেইরূপ তুমিও শুন্ধাপূৰ্ণ হও। তাহা হইলে মৃত্যুরাজ্য অতিরুম করিবে।”

১১৫৩। এস ভিয়ো পসীদামি, সুত্তান মুনিনো বচো;

বিবটচ্ছদো সমুদ্ধেৰা, অখিলো পটিভানবা। ১৭

অনুবাদ : পিঙ্গিয়ঃ— “মুনিৰ বচন শুনিয়া আমি অতিশয় প্রীত (আনন্দিত) হইলাম। সমুদ্ধ, আবৱণমুক্ত, খাখিল, প্রতিভাবান বা জ্ঞানবান।

১১৫৪। অধিদেবে অভিএঞ্চায, সৰবৎ বেদি বরোবৱং^৪,

পঞ্চানন্তকরো সখা, কঙ্গীনং পটিজানতং। ১৮

^১ – সংক্ষেপ্যভাষ্য (স্যা)।

^২ – উপবিঃ (স্যা– নিদেস)

^৩ – মচুধেয় পারং (সী)

^৪ – পরোবৱং (সী– স্যা), পরোবৱং (নিদেস)

অনুবাদ ৪ অধিদেবগণকে জ্ঞাত হইয়া, তিনি সর্ববস্তুর জ্ঞানলৰ্খ। তিনি শান্তা, তিনি সংশয়াপন্ন অনুসরণকারীদের প্রশ্নের সমাধান করেন।
১১৫৫। অসংহীরং অসংকুপ্তং, যস্ম নথি উপমা কৃচি;

অনুবাদ ৫ যিনি অজেয়, যিনি আটল, কোথাও যাঁহার কোন তুলনা নাই,
আমি তাঁহার নিকট অবশ্যই গমন করিব; ইহাতে সংশয় নাই। আমি
সংকল্পবদ্ধ, ইহা অবগত হও।”

পারায়নানুগীতি গাথা সমাপ্ত।

পারায়ন বর্ণ সমাপ্ত।

তস্সুদ্ধানৎ

- ১। উরগো^১ ধনিযোপি চ, খঘবিসাগো কসি চ,
চুম্বে ভবো পুনদেব, বসলো চ করণীয়ঃ,
হেমবতো অথ যক্খো, রিজয সুভৎ মুনিসুত্তবরন্তি ।
- ২। পঠম কঠিবরো বরবংশো, দ্বাদস সুত্তধরো সুবিভত্তো;
দেসিতো চক্খুমতা বিমলেন, সুয্যতি বঘবরো উরগোতি ।
- ৩। রতনামগন্ধো হিরিমঙ্গলনামো, সুচিলোমকপিলো চ ব্রাহ্মণধন্মো;
নাবা^২ কিংসীলউট্টহনো চ, রাতুলো চ পুনপি বজীসো ।
- ৪। সম্মাপরিবাজনীযোপি চেথ, ধন্ধিকসুত্তবরো সুবিভত্তো;
চুদসসুত্তধরো দৃতিযম্হি, চুলকবঘবরোতি তমাহু ।
- ৫। পৰবজ্জপধানসুভাসিতনামো, পূরলাসো পুনদেব মাঘো চ;
সভিযং কেণিয়মেব সপ্তনামো, বাসেট্টবরো কালিকোপি চ ।
- ৬। নালকসুত্তবরো সুবিভত্তো, তৎ অনুপস্সী তথা পুনদেব,
দ্বাদসসুত্তধরো ততিযম্হি, সুয্যতি বঘবরো মহানামো ।
- ৭। কামগুহট্টক দুট্টক নামা, সুত্তবরো পরমট্টক নামো;
জরা মেন্ত্যবরো সুবিভত্তো, পসূরমাগাঞ্জ্যা পুরাত্তেদো ।
- ৮। কলহবিবাদো উভো বিযুহা চ, তুবটক অন্তদণ্ড সারিপুত্তা;
সোলস সুত্তধরো চতুর্থম্হি, আট্টকবঘবরোতি তমাহু ।
- ৯। মগধে জনপদে রমণীয়ে, দেসবরে কতপুঞ্জনিবেসে;
পাসাণক চেতিয়বরে সুবিভত্তে, বসি ভগবা গণসেট্টো ।
- ১০। উভয়বাসমাগতিযম্হি^৩ দ্বাদসযোজনিযা পরিসায়;
সোলসব্রাহ্মণানৎ কির পুট্টো,
পুছায সোলসপঞ্জহ কম্বিযা, নিষ্পকাসযি ধম্মমদাসি ।
- ১১। অথপকাসক ব্যঞ্জনপুণং, ধম্মমদেসেসি পরখেমজনিযং^৪,
লোকহিতায জিনো দ্বিপদংশো, সুত্তবরং বহুধম্ম বিচিত্রঃ;

^১ – ইমা উদানগাথাযো (সী- ই) পোথকেসুন সন্তি ।

^২ – নাথ (ক)

^৩ উভয়ৎ বা পুনৰসমাগতং যম্হি (স্যা)

^৪ বরং ধমনীয়ৎ (ক) ।